সংস্কৃত সাহিত্য সম্ভার

৪

ভর্তৃহরি : ভট্টনারায়ণ

প্রধান উপদেষ্টা
ডঃ গৌরীনাথ শাস্ত্রী

সম্পাদকমণ্ডলী :
ডঃ মুরারিমোহন সেন / জ্যোতিভূষণ চাকী /
তারাপদ ভট্টাচার্য / ডঃ রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায় /
শ্রীমতী গৌরী ধর্মপাল।

সংস্কৃত সাহিত্যসম্ভার

নির্বাহী সম্পাদক / প্রসন্ন বসু
সহযোগী / রত্না বসু

নবপত্র প্রকাশন
৮ পটুয়াটোলা লেন / কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ : ২১ অক্টোবর ১৯৫৮

প্রকাশক : প্রসূন বসু
নবপত্র প্রকাশন
৮ পটুয়াটোলা লেন
কলিকাতা-৭০০০০৯

মুদ্রক : নিউ এজ প্রিণ্টার্স
৫৯ পটুয়াটোলা লেন,
কলিকাতা-৭০০০০৯

প্রচ্ছদ : সুবোধ দাশগুপ্ত

বিক্রয় মূল্য : পঞ্চাশ টাকা

SANSKRITA SAHITYASAMBHAR
VOL. IV

প্রধান উপদেষ্টার কথা

বিশ্বের বিখ্যাত ক্লাসিক সাহিত্যের ভাষান্তরীকরণ বর্তমান যুগের একটি উল্লেখযোগ্য দাবী। সেই কারণেই রাশিয়া, জাপান, ফ্রান্স, আমেরিকা প্রভৃতি দেশগুলি একে অন্যের শ্রেষ্ঠ সাহিত্য নিজের ভাষায় রূপান্তরিত করিয়া স্বদেশের সাহিত্যকে সমৃদ্ধ করিবার ব্রত গ্রহণ করিয়াছে।

সংস্কৃত আধুনিক বহু ভারতীয় ভাষারই উৎস—যে বিস্ময়কর সম্পদ সংস্কৃত সাহিত্যে সঞ্চিত রহিয়াছে তাহা মাতৃভাষায় প্রতিফলিত দেখিতে কাহার না সাধ হয়! কেবল আত্মতৃপ্তির কথা বলিতেছি না, আমার মনে হয়, 'নবপত্র প্রকাশন'-এর এই ব্রতপালন বাঙলা ভাষাকেই সমৃদ্ধ ও শ্রীমণ্ডিত করিয়া তুলিবে। আশা ও আনন্দের কথা, হাজার বছরের সংস্কৃত সাহিত্যের ভাষান্তরীকরণের এই ব্যাপক উদ্যম সমগ্র ভারতে এই প্রথম। আমি মনে করি, ইহা এক সুমহৎ জাতীয় কর্তব্যপালন। 'সংস্কৃত সাহিত্যসম্ভার' সেই কর্তব্য-পালনের প্রথম উদ্যোগ—প্রথম প্রচেষ্টা বলিয়াই ত্রুটি-বিচ্যুতি স্বাভাবিক; কিন্তু উদ্দেশ্যের কথা ভাবিয়া সুধীজন ইহাকে অভিনন্দিত করিবেন এবং সুচিন্তিত পরামর্শদানে ইহার ক্রমোৎকর্ষের সম্ভাবনাকে উজ্জ্বলতর করিবেন—ইহাই প্রত্যাশা।

শ্রীগৌরীনাথ শাস্ত্রী

অনুবাদক


ভর্তৃহরি	:	ভট্টিকাব্যম্	:	ডঃ মুরারিমোহন সেন
ভট্টনারায়ণ	:	বেণীসংহারম্	:	শ্রীজগদীশ তর্কতীর্থ

প্রকাশকের নিবেদন

'সংস্কৃত-সাহিত্যসম্ভার'-এর চতুর্থ খণ্ড আজ গ্রাহকবর্গের হাতে তুলে দিলাম। গত তিন খণ্ড প্রকাশনার মধ্য দিয়ে একটি মহৎ অভিজ্ঞতা আমরা সঞ্চয় করেছি, প্রকাশক ও গ্রাহকের মধ্যে যে ব্যবধান রয়েছে বলে বলা হয়ে থাকে—এক গভীর প্রীতির সেতু সেই ব্যবধান লুপ্ত করে দিয়েছে। আজ বিনা দ্বিধায় ঘোষণা করা চলে, নবপত্র গ্রাহকদেরও প্রতিষ্ঠান—প্রকাশক ও গ্রাহক সেখানে একই স্বার্থের এবং একই আত্মীয়তার নিবিড় বন্ধনে বাঁধা ; যেখানে প্রীতির বন্ধন সেখানে বিচ্যুতির প্রশ্ন ওঠে না।

আমরা প্রস্তুত ছিলাম যথানির্দিষ্ট সময়ে কর্তব্য পালন করতে পারব—কিন্তু অপ্রস্তুত হতে হল দৈবদুর্যোগে। পর পর প্রাকৃতিক বিপর্যয়ের ফলে এই অনিচ্ছাকৃত বিলম্ব ঘটেছে। অপ্রাকৃতিক বিঘ্নও ছিল—ঈপ্সিত কাগজ দুর্লভ হওয়ায় সংগ্রহে বেগ পেতে হয়েছে ; প্রকাশনায় কোনো ক্ষেত্রেই আমরা 'জোড়াতাড়ার' পক্ষপাতী নই বলেই বিলম্ব অনিবার্য হয়ে উঠেছে। তৎ মর্ষয়ন্তু ভবন্তঃ !

আমাদের এই অভিযানের কর্ণধার পণ্ডিত গৌরীনাথ শাস্ত্রী—তাঁর উদ্দেশ্যে সকৃতজ্ঞ নমস্কার জানাই। অনুবাদকর্মে, ভূমিকারচনায় অন্যান্য রূপপরিকল্পনায় ঘনিষ্ঠ সহায়করূপে যাঁদের পেয়েছি তাঁদের মধ্যে আছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ডক্টর রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায়, জগদ্বন্ধু ইনস্টিটিউশনের ভাষা-শিক্ষক জ্যোতিভূষণ চাকী, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ও চারুচন্দ্র কলেজের সংস্কৃত বিভাগীয় অধ্যাপক তারাপদ ভট্টাচার্য এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অবসর-প্রাপ্ত রীডার, সংস্কৃত ও বাংলার অধ্যাপক ডক্টর মুরারিমোহন সেন। এঁরা আমার কৃতজ্ঞতাভাজন। এই খণ্ডটির প্রকাশনায় আমাদের নানাভাবে সাহায্য করেছেন শ্রীজগদীশচন্দ্র তর্কতীর্থ, শ্রীসনৎকুমার গুপ্ত, অধ্যাপক রুদ্রপ্রসাদ চক্রবর্তী, অধ্যাপক ব্রতীশ ঘোষ, শ্রীবিশ্বপতি চাকী, শ্রীমতী লক্ষ্মী সাহা, শ্রীমতী মল্লিকা ঘোষ, শ্রীমতী কৃষ্ণকলি ভট্টাচার্য। এঁদের কাছেও আমরা কৃতজ্ঞ।



সূচীপত্র

ভর্তৃহরি

ভট্টিকাব্যম্



ভূমিকা

প্রাক-কথন

কাব্যের আসরে একটু দ্বিধার সঙ্গেই কবি ভট্টির প্রসঙ্গ আনতে হল। ইনি যে কাব্য রচনা করেছেন তার নাম ভট্টিকাব্য—কাব্যের ভিত্তি রামায়ণের কাহিনী। 'দশরথ নামে এক রাজা ছিলেন' বলে কাব্যের সুরু, শেষ হয়েছে রাবণবধের পরে অযোধ্যায় শ্রীরামচন্দ্রের ফিরে আসা পর্যন্ত। আর একটি নামেও এই কাব্য পরিচিত—'রাবণ বধ'।

অবশ্য, রামায়ণের কাহিনী শোনানো কবির উদ্দেশ্য ছিল না—কাহিনী বলতে বলতে তিনি ব্যাকরণ শিখিয়েছেন; শুধু ব্যাকরণ নয়, অলংকারও। কাব্যের শর্করায় তিক্ত ব্যাকরণ-বটিকার এই পরিবেশনরীতি পরবর্তীকালের লেখকদের রীতিমতো প্রভাবিত করেছিল—ভট্টভীম, হেমচন্দ্র, বাসুদেব, হলায়ুধ, নারায়ণভট্ট প্রভৃতি অনেকেই শাস্ত্রতত্ত্ব শেখাবার বিভিন্ন পন্থা অবলম্বন করেছিলেন। এমন কি, কবি শ্রীহর্ষও সুবিধে পেলেই তাঁর কাব্যে শাস্ত্রের প্রসঙ্গ তুলেছেন। ক্ষেমেন্দ্র তাঁর 'সুবৃত্ত-তিলক' গ্রন্থে এদের নামকরণ করেছেন—'শাস্ত্রকবি'। সংস্কৃত সাহিত্যের শাস্ত্র কাব্যগুলির মধ্যে ভট্টিকাব্যের স্থান প্রথমে।

কিন্তু ভট্টি শাস্ত্রকবি—একথা বললে কিন্তু সব কথা বলা হয় না। একথা মনে রাখতে হবে যেখানে উদ্দেশ্য ব্যাকরণ বা অলংকার শেখানো সেখানে কাব্যোৎকর্ষ প্রকাশের অবকাশ কম—কবিকে সেখানে অত্যন্ত সতর্কভাবে চারদিকে দৃষ্টি রেখে পথ চলতে হয়।

ভট্টি রামায়ণের কাহিনী বলতে বলতে ব্যাকরণ আর অলংকার শিখিয়েছেন। কাব্যের প্রধান আবেদন পাঠকের অনুভূতিময় মনের কাছে, অন্ততঃ ভট্টির পূর্ব পর্যন্ত রসিকমহল তা-ই মেনে নিয়েছিলেন—কিন্তু ভট্টির কাব্য নতুন এক আবেদন নিয়ে এল; এই আবেদন পাঠকের মস্তিষ্কের কাছে। সেযুগে ভট্টিকাব্য যেন কাব্যরস আস্বাদনের পথকে একটি নতুন মোড়ে ঘুরিয়ে দিয়েছিল—এই মোড়ে যাঁরা কাব্যের সঙ্গী হবেন তাঁদের হৃদয়ে শুধু রসের যোগান থাকলে চলবে না, শুধু হৃদয় নয়, চিন্তা ও বুদ্ধিকে আশ্রয় করতে হবে। সংস্কৃত রস-সাহিত্যে একে যেন এক নতুন যুগের প্রবর্তন বলে চিহ্নিত করা যেতে পারে। এক কথায় সাহিত্যে কালিদাসীয় 'প্রেরণাবাদে'র পরে যেন এলো 'প্রজ্ঞাবাদ'!

কবি ও তাঁর কাল

ভট্টিকাব্যের রচয়িতা ভট্টি বা ভর্তৃহরি। 'ভর্তৃ' শব্দের প্রাকৃত রূপ ভট্টি। টীকাকার ভরতও বলেছেন—'ভর্তৃহরি নাম কবিঃ শ্রীরামকথাশ্রয়ং মহাকাব্যং চকার'।

কিন্তু এই ভর্তৃহরি—বিখ্যাত তিনটি শতক কাব্য (শৃঙ্গারশতক, নীতিশতক ও বৈরাগ্যশতক) এবং বাক্যপদীয় রচয়িতা ভর্তৃহরি থেকে পৃথক। 'বাক্যপদীয়' (দুইটি অধ্যায়ে নিবন্ধ); 'প্রকীর্ণক' এবং পতঞ্জলির মহাভাষ্যের উপর একটি টীকার রচয়িতারূপে বিখ্যাত এই বৈয়াকরণ ভর্তৃহরি। বৈয়াকরণ-কবি ভর্তৃহরির একমাত্র কাব্য—ভট্টিকাব্য।

ভট্টিকাব্যের বিংশতি সর্গে ভট্টি নিজেই উল্লেখ করেছেন—তিনি বলভীতে শ্রীধরসেনের শাসনকালে বাস করতেন—

কাব্যমিদং বিহিতং ময়া বলভ্যাং
শ্রীধরসেন নরেন্দ্র পালিতায়াম্।

বলভীর ইতিহাসে চারজন ধরসেনের উল্লেখ রয়েছে—প্রথম ধরসেন ৪৯৫ খ্রীষ্টাব্দ; দ্বিতীয় ধরসেন ৫৭১ খ্রীষ্টাব্দ; তৃতীয় ধরসেন ৬২০ খ্রীষ্টাব্দ; চতুর্থ ৬৪১ খ্রীষ্টাব্দ। চতুর্থ ধরসেন যে উপাধি ব্যবহার করেছেন, তাতে মনে হয় তিনি ছিলেন সার্বভৌম সম্রাট—মহারাজাধিরাজ পরমেশ্বর চক্রবর্তী। কিন্তু ভট্টি তাঁর পৃষ্ঠপোষক সম্পর্কে শুধু বলেছেন—'নরেন্দ্র'। দ্বিতীয় ধরসেন স্বকীয় বিশেষণ দিয়েছেন—মহারাজ, সামন্ত, মহাসামন্ত (সামন্ত-মহারাজ শ্রীধরসেন)। তিনি বিদ্যোৎসাহী ছিলেন। তৃতীয় ধরসেন সম্পর্কে আমরা বিশেষ কিছুই জানি না—শুধু জানি, তিনি ৬২১-২৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত নিরাপদে ও শান্তিতে রাজত্ব করেছিলেন। কাব্যালোচনায় মনে হওয়াই স্বাভাবিক যে ভট্টি শৈব ছিলেন (দ্রষ্টব্য ১ম সর্গ শ্লোক ৩, একবিংশতিতম সর্গ শ্লোক ১৬)। দ্বিতীয় ধরসেন নিজেও ছিলেন শৈব-মতাবলম্বী। তার অনুশাসনগুলির অধিকাংশ থেকেই আমরা জানতে পারি—'পরম মাহেশ্বরঃ' এই বিশেষণটি তাঁর সম্পর্কে প্রয়োগ করা হয়েছে।

আর-একটি বিষয়ও লক্ষ্য করা প্রয়োজন। ভট্টিকাব্যের কোথাও বৌদ্ধধর্মের কোনো প্রভাব নেই। ইতিহাস বলে, বলভীতে বৌদ্ধধর্মের প্রতিপত্তি হয়েছিল চতুর্থ ধরসেনের আমলে। আগেই বলেছি, ভট্টিকাব্যে শৈবধর্মের প্রভাবচিহ্ন রয়েছে। দেশে যখন শৈবধর্মের প্রভাব ও প্রচার সেই সময়েই ভট্টিকাব্য রচিত হয়েছিল এমন অনুমান অসঙ্গত হবে না। এই শৈবধর্মের শ্রীবৃদ্ধি ঘটেছিল দ্বিতীয় ধরসেনের সময়ে। সুতরাং দ্বিতীয় ধরসেনই ছিলেন ভট্টি-কবির পৃষ্ঠপোষক।

ভট্টির কাল-নির্ধারক আর একটি যুক্তির কথাও এখানে ভেবে দেখা যেতে পারে।

আলোচ্য বিষয় দুইটি শ্লোক। ভট্টিকাব্যের শেষ অর্থাৎ দ্বাবিংশ সর্গে এই শ্লোকটি রয়েছে—

ব্যাখ্যাযোগ্যমিদং কাব্যমুৎসবঃ সুধিয়ামলম্
হতা দুর্মেধসশ্চাস্মিন্ বিদ্বৎপ্রিয়তয়া ময়া।

অর্থাৎ এই কাব্য ব্যাখ্যাযোগ্য—ব্যাখ্যাত হলেই পণ্ডিতবর্গের আনন্দ সৃষ্টি করবে। আমি এই পণ্ডিতবর্গের প্রিয় হতে গিয়ে বুদ্ধিহীন মূর্খদের মৃত্যুর কারণ হয়েছি।

অনুরূপ একটি শ্লোক ভামহরচিত কাব্যালংকারেও দেখতে পাওয়া যায়—

কাব্যান্যপি যদীমানি ব্যাখ্যাগম্যানি শাস্ত্রবৎ
উৎসবঃ সুধিয়ামলমহো দুর্মেধসো হতাঃ।

অর্থাৎ যেমন শাস্ত্র ব্যাখ্যা করে বুঝতে হয়—এই ধরনের কাব্যও তাই। এই ধরনের কাব্য সুধী ব্যক্তির আনন্দের কারণ মূর্খের পক্ষে মৃত্যুযন্ত্রণা!

এই শ্লোক দুটির ভাবসাম্য কৌতূহলজনক। প্রশ্ন এই কে ঋণী—ভট্টি না ভামহ? প্রসঙ্গটি নিয়ে বহু আলোচনা হয়েছে। বটুকনাথ শর্মা এবং বলদেব উপাধ্যায় এই মত ব্যক্ত করেছেন যে ভামহ খ্রীষ্টীয় চতুর্থ শতকের লেখক—ভট্টি তাঁর পরবর্তী। সুতরাং ভট্টি এই শ্লোকের জন্য ভামহের নিকটে ঋণী। কিন্তু ডক্টর সুশীলকুমার দে এবং পি. ভি কানে বলেছেন ভামহ এসেছিলেন খ্রীষ্টীয় ৭০০ থেকে

৭৫০-এর মধ্যবর্তী কোনো এক সময়ে। ভামহ রচিত শ্লোকে 'ইমানি' পদের দ্বারা ভট্টিকাব্যের মতো জটিল ও ব্যাখ্যাগম্য কাব্যকেই বোঝাতে চেয়েছেন। ভামহ তাঁর গ্রন্থে কতকগুলি নতুন অলংকারের প্রসঙ্গ তুলেছেন যা ভট্টিকাব্যে নেই; এতেও বোঝা যায় ভট্টিকাব্য ভামহ-রচিত অলংকার গ্রন্থের পূর্ববর্তী।

পাণিনি ব্যাকরণের কাশিকাবৃত্তি রচয়িতা জয়াদিত্য ৬৬১ খ্রীষ্টাব্দে পরলোকগমন করেছিলেন, তাঁর রচনা থেকে বোঝা যায় তিনি ভট্টিকাব্যের সংবাদ রাখতেন। সব মিলিয়ে দেখলে অনুমান অসঙ্গত হবে না যে ভট্টি দ্বিতীয় ধরসেনের রাজত্বকালে আবির্ভূত হয়েছিলেন এবং ৫৮৮-৮৯ খ্রীষ্টাব্দের পূর্বেই যখন ধরসেন 'মহারাজ' উপাধি লাভ করলেন সেই সময়ে তাঁর ভট্টিকাব্য রচনা সমাপ্ত করেছিলেন।

ভট্টিকাব্যের টীকাকার

বহু টীকাকার আলোচ্য 'শাস্ত্রকাব্যে'র ব্যাখ্যায় অগ্রসর হয়েছিলেন। এদের মধ্যে খ্যাত ও অখ্যাত দুই দলই আছেন—কেউ কেউ বিস্মৃত। একটি তালিকা এখানে উপস্থিত করা হল ঃ

১. অনিরুদ্ধ—টীকার নাম ভট্টিকাব্যলঘুটীকা। অনিরুদ্ধ সম্পর্কে কিছুই জানা যায় নি।

২. কন্দর্পশর্মন্—বৈজয়ন্তী টীকার রচয়িতা। ইনি 'কন্দর্প চক্রবর্তী' নামেও পরিচিত। কন্দর্প চক্রবর্তী দ্বাদশ শতকেরও পরবর্তী কালের—কেননা ইনি কাব্যপ্রকাশ (একাদশ শতক), দণ্ডী (অষ্টম শতক), ক্ষীরস্বামী (একাদশ শতক) এবং দুর্ঘটবৃত্তি (দ্বাদশ শতক) থেকে উদ্ধৃতি দিয়েছেন। এই টীকাকার তাঁর ব্যাখ্যায় পদ্মনাভ-রচিত 'সুপদ্ম ব্যাকরণ' অনুসরণ করেছেন।

৩. কুমুদানন্দ—ইনি টীকায় পাণিনির সূত্র অনুসরণ করেছেন।

৪ কেশবশর্মন্—এঁর টীকা অসম্পূর্ণ; দশম সর্গ পর্যন্ত এসে টীকা থেমে গেছে, অবশ্য মূল থেমে থাকেনি।

৫. জয়মঙ্গল টীকার নাম জয়মঙ্গলা, ভট্টিকাব্যের প্রাচীনতম ভাষ্য। টীকাকার যতীশ্বর বা জয়দেব নামেও পরিচিত। ইনি ভামহ ও দণ্ডীর উল্লেখ করেছেন—সুতরাং এদের পরবর্তীকালে তিনি আবির্ভূত হয়েছিলেন। বিদগ্ধমহলের অনুমান, ৮০০-১০৫০-এর মধ্যবর্তী কোনো খ্রীষ্টাব্দে তাঁর আবির্ভাব। ভট্টিকাব্যের টীকাগুলির মধ্যে জনপ্রিয়তায় জয়মঙ্গলার স্থান প্রথম, এর পরেই মল্লিনাথের টীকা।

৬ নারায়ণ বিদ্যাবিনোদ—নারায়ণ নামেই পরিচিত; টীকার নাম 'ভট্টিবোধিনী'। ইনি সপ্তম শতকের পরবর্তী, টীকায় পাণিনির সূত্রানুসারী।

৭. পুণ্ডরীকাক্ষ—টীকার নাম 'কলাপদীপিকা', নামেই বোঝা যায় ইনি কলাপ ব্যাকরণের সূত্র অনুসরণ করেছেন।

৮ পেদ্দভট্ট—তেলেগু ভাষায় রচিত এঁর টীকা অসম্পূর্ণ (কিরাতার্জুনীয়, শিশুপালবধ, সূক্তিবারিধি, নৈষধীয় চরিত প্রভৃতির উপরেও ইনি টীকা রচনা করেছিলেন।

৯ বিদ্যাবিনোদ—দ্বাদশ শতকের পরবর্তী ; টীকার নাম 'ভট্টিচন্দ্রিকা'।

১০ বিদ্যাসাগর—ভাষ্যের নাম কলাপদীপিকা। ইনি সপ্তদশ শতকের পূর্ববর্তী।

১১. বৈজয়ন্তী—এটি টীকার নাম, টীকাকারের নাম অজ্ঞাত ; রচয়িতা সুপদ্ম ব্যাকরণ অনুসরণ করেছেন।

১২. ভট্টিকাব্য টীকা টীকাকার অজ্ঞাতনামা।

১৩. ভট্টিকাব্যবিমর্শ—এই টীকারও রচয়িতার নাম অজ্ঞাত।

১৪. ভরত সেন (ভরত মল্লিক)—টীকার নাম মুগ্ধবোধিনী, রচনাকাল ১৭৯০ খৃষ্টাব্দ। কিরাত, কুমারসম্ভব, নলোদয়, নৈষধ, অমরকোষ, মেঘদূত, শিশুপালবধ প্রভৃতির উপরেও ইনি টীকা রচনা করেছেন। ভট্টিকাব্যের টীকায় ইনি মুগ্ধবোধ ব্যাকরণ অনুসরণ করেছেন—অলংকার অংশে ইনি আশ্রয় করেছেন ভামহ-রচিত কাব্যালংকার।

১৫. মল্লিনাথ—চতুর্দশ শতকের দ্বিতীয়ার্ধে এঁর আবির্ভাব। মল্লিনাথ পাণিনির সূত্রানুসারী - টীকার নাম 'সর্বপথীন'।

১৬. রামচন্দ্র বাচস্পতি—টীকার নাম 'সুবোধিনী'।

১৭. শ্রীধর - তেলেগু ভাষায় টীকা রচিত। ইনি নৈষধীয় চরিতের উপরেও টীকা রচনা করেছেন।

১৮. শ্রীনাথ—টীকার নাম ভট্টিরূপ প্রকাশিকা।

১৯. শ্রীনিবাস—টীকা অসম্পূর্ণ। ইনি তার ব্যাখ্যায় কলাপ ব্যাকরণ অনুসরণ করেছেন।

এ ছাড়াও ভট্টিকাব্যের আরও টীকাকার আছেন — উল্লেখের প্রয়োজন নেই।

বিষয়সূচী বিশ্লেষণ

সমগ্র ভট্টিকাব্য বাইশটি সর্গে সমাপ্ত। মল্লিনাথ একে বলেছেন 'উদাহরণ-কাব্য' অর্থাৎ ব্যাকরণের বিভিন্ন সূত্র প্রয়োগের উদাহরণ দেওয়াই কবির একমাত্র উদ্দেশ্য। ব্যাকরণ কাব্য হিসেবে একে চারটি অংশে ভাগ করা যেতে পারে—

(ক) প্রকীর্ণ কাণ্ড (ব্যাকরণের বিবিধ সূত্র) সর্গের নাম
প্রথম সর্গ থেকে পঞ্চম সর্গের
ছিয়ানব্বই সংখ্যক শ্লোক পর্যন্ত।

প্রথম সর্গ	রামসম্ভবঃ (রামের জন্ম)
দ্বিতীয় সর্গ	সীতা পরিণয়ঃ (সীতার বিবাহ)
তৃতীয় সর্গ	রামপ্রবাসঃ (রামের নির্বাসন)
চতুর্থ সর্গ	রামপ্রবাসঃ (রামের নির্বাসন)
পঞ্চম সর্গ	রামপ্রবাস, সীতাহরণঃ (রামের নির্বাসন ও সীতাহরণ)

(খ) অধিকার কাণ্ড (প্রধান সূত্র) সর্গের নাম
পঞ্চম সর্গের সাতানব্বই সংখ্যক
শ্লোক থেকে নবম সর্গ সম্পূর্ণ

দ্বাবিংশ সর্গ
লুট্ অযোধ্যাপ্রত্যাগমনম্

এই হল দ্বাবিংশ সর্গে সমাপ্ত ভট্টিকাব্যের ব্যাকরণ সূচী। সূচীপাঠে মনে হতে পারে এ যেন শুষ্ক ও জটিল ব্যাকরণ-পাণ্ডিত্যের এক ভয়াবহ প্রদর্শনী। একটি কথাই এখানে বলা প্রয়োজন, শাস্ত্রকার শাস্ত্র রচনা করেন, কবি প্রতিভাবলে কাব্য রচনা করেন। প্রকৃত পক্ষে পাণ্ডিত্যের সঙ্গে কবিত্বের এক আশ্চর্য মিশ্রণ ঘটেছে ভট্টিকাব্যে। এদিক দিয়ে ভট্টিকাব্য সংস্কৃত সাহিত্যে অদ্বিতীয়।

ভট্টির পাণ্ডিত্য

কথা প্রসঙ্গে কবির পাণ্ডিত্যের প্রসঙ্গ উঠেছে। মূল প্রশ্নটি এই, ভট্টি কি শুধুই ব্যাকরণে পণ্ডিত ছিলেন?

অলংকার সম্পর্কে কবির ঘনিষ্ঠ পরিচয়ের একটা আভাস মিলবে ভট্টিকাব্যেরই দশম সর্গে—এই সর্গে তিনি প্রধান প্রধান কাব্যালংকারের উদাহরণ দিয়েছেন। ছন্দঃশাস্ত্রেও তিনি গভীর পাণ্ডিত্যের পরিচয় দিয়েছেন তাঁর কাব্যে—কাব্যে ছাব্বিশটি ছন্দের উদাহরণ পাওয়া যাচ্ছে। কাব্যে উপন্যস্ত হনুমান, বিভীষণ, রাবণ, সুগ্রীব ও ইন্দ্রজিতের ভাষণগুলিতে কবি তাঁর রাজনীতি ও সামাজিক জ্ঞানের স্বাক্ষর রেখেছেন।

ভট্টি যে অলংকারের আলোচনা করেছেন—অলঙ্কার সাহিত্যে তার একটি বিশেষ গুরুত্ব রয়েছে। আলংকারিক ভামহের আবির্ভাব হয়েছিল অষ্টম শতকে; তাঁর পূর্ববর্তী অলঙ্কার ভাবনার বিলুপ্ত ইতিহাসে এক তাৎপর্যপূর্ণ দলিল ভট্টিকাব্যের এই দশম সর্গ।

যিনি যথার্থ পণ্ডিত তাঁর সামান্য দু-একটি কথাতেই সেই পাণ্ডিত্য ব্যক্ত হয়—প্রমাণের প্রয়োজন হয় না। যিনি তাঁর কাব্যের শ্রদ্ধান্বিত পাঠক তিনি অনায়াসেই বলতে পারবেন—ভট্টির জ্ঞানের জগৎ ছিল বহুদিকে প্রসারিত: উপনিষদ্ (পঞ্চম সর্গ ৬৩), সাংখ্য (প্রথম সর্গ ১৮), যোগ (প্রথম সর্গ ১৮-১৯), আয়ুর্বেদ (তৃতীয় সর্গ ২৩) প্রভৃতিতেও কবির নিষ্ঠা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই কাব্যের ত্রয়োদশ সর্গ বিশেষ উল্লেখের দাবি করতে পারে। এই সর্গের নাম—'ভাসাসম'; রামচন্দ্রের 'সেতুবন্ধ' বর্ণিত হয়েছে এই সর্গে—যে সব শ্লোক এই সর্গে অন্তর্ভুক্ত হয়েছে সবই সংস্কৃত বা প্রাকৃত ব্যাকরণের সূত্র দিয়ে ব্যাখ্যা করা চলে। মল্লিনাথ এই সর্গের টীকা রচনায় বলেছেন—'অথাস্মিন্ সর্গে ভাষাসঙ্করম্যাপি চমৎকার কবিতয়া কাব্যে অলংকারত্বেন তন্নিবধ্নন্ অপভ্রংশাদীনাং তথা প্রাকৃতভেদেষু চ দেশিতদ্ভয়োশ্চ সংস্কৃতে সমাবেশসম্ভবাৎ'—ইত্যাদি। এই সর্গে ভট্টি শুধু বৈয়াকরণ নন—তিনি ভাষাবিদ্; কিন্তু যা-ই হোন, সর্বোপরি তিনি কবি।

কাব্যের দ্বিতীয় সর্গে (১৬ সংখ্যক শ্লোক দ্রষ্টব্য) কবি নৃত্যের প্রসঙ্গ এনেছেন—কবির মূল বক্তব্য—বনবাসের পথে রামচন্দ্র গোপাঙ্গনাদের নৃত্য দেখে তৃপ্ত হয়েছিলেন; কিন্তু যেভাবে নৃত্যের বর্ণনা করা হয়েছে, মনে হয়—কবি নিজেও প্রসন্ন হয়েছেন এবং তিনি নৃত্যকলায় অনুরাগী। তৃতীয় সর্গেও (৪৩ সংখ্যক শ্লোক দ্রষ্টব্য) কবির এই অনুরাগ সুস্পষ্ট। সেখানে ভরত তার অনুচরদলের সঙ্গে এসেছেন ভরদ্বাজ মুনির আশ্রমে রামকে ফিরিয়ে নিয়ে যেতে। মুনি তাদের অতিথি সৎকার

করতে গিয়ে যোগবলে সব ব্যবস্থাই করলেন—কিন্তু কবি মুনির যোগবলে ঐ আশ্রমেই তিলোত্তমাদের আনিয়ে এবং নাচিয়ে দিলেন। নৃত্যের প্রতি কবির পক্ষপাতই এটি সম্ভব করেছে—নইলে ভরত বা পুরবাসীদের মনে কোনো প্রত্যাশা নিশ্চয় ছিল না।

ভাষা ও কাব্যরীতি

বৈয়াকরণ কবির কাছে ভাষার স্বচ্ছতা বা মাধুর্য আশা করা কঠিন। আলংকারিক ভামহ ভট্টির কাব্য সম্পর্কে মন্তব্য করেছিলেন—'ব্যাখ্যাগম্যানি শাস্ত্রবৎ'। কবি নিজেও স্বীকার করেছেন ব্যাকরণের প্রদীপ হাতে না থাকলে এ কাব্যের সৌন্দর্য দৃষ্টি পথে পড়বে না।

না পড়ুক, সমালোচক বলেছেন ভট্টি বৈদর্ভী রীতির কবি; প্রকাশের সরলতা ভাষার স্বচ্ছতা ও ভাবের সুষমতার জন্য তাঁকে বিনা দ্বিধায় 'বৈদভী' বলে চিহ্নিত করতে পারি। অনর্থক দীর্ঘসমাসের আসক্তি তাঁর নেই. ভারবি বা অন্য কবির ন্যায় অবান্তর বিষয়ের বাহুল্যে কাব্য ভারাক্রান্ত করেন নি। রৌদ্র বা ভয়ানক রসের বর্ণনায় কবি রূঢ় শব্দের সাহায্য নিয়েছেন—কোনো কোনো ক্ষেত্রে চরিত্র অনুযায়ী ভাষাও হয়েছে শুষ্ক ও কর্কশ। কুম্ভকর্ণের ভাষা কর্কশ হলে আপত্তি নেই। বিষয়-বস্তুর প্রকাশ করতে গিয়েও কবিকে অনেক ক্ষেত্রে দুরূহ শব্দের আমদানী করতে হয়েছে। কিন্তু এই জাতীয় ভাষা প্রয়োগ শুধু উদাহরণেই নিঃশেষিত।

ভাবের সঙ্গে সঙ্গতি রেখে শব্দের নির্বাচন, প্রয়োজন বুঝে দুর্লভ শব্দের প্রয়োগ বা নতুন শব্দের সৃষ্টি—এই সব ভেবে দেখলে মনে হবে ভট্টি ছিলেন প্রথম শ্রেণীর ভাষাশিল্পী—ভাষার উপর তাঁর অধিকার ছিল অপ্রতিহত।

পাঠকের পক্ষে সংগ্রহ করা কঠিন হবে না জেনেও ভট্টি প্রযুক্ত কয়েকটি দুর্লভ শব্দ এখানে উদ্ধৃত হল ঃ

হিমাদ্রিটঙ্ক—(১.৮) হিমালয়ের ভিত্তিতট, শীর্ষস্থ সমতলভূমি।
ঘস্মর—(২ ৩৮) ভক্ষক।
অট্টম্—(১৩.৪ শুষ্ক।
ব্রাতীন, ব্যালদীপ্রাস্ত্র, সুত্বণঃ ৪.১২)।
কান্ডীরঃ (৪.১০)।
অমুকা—কামুকী (৪ ১৯);
বাসতেয়ঃ—বসতিযোগ্য (৪.৮)।
অভীকা—কামুকী (৪.১৫)।
অনুপদী—যিনি অনুগমন করেছেন (৫ ৫১)।
পুরুষিকা—পুরুষকার (৫ ২৭)।

আগেই বলেছি শব্দগুলো এসেছে কোথাও বর্ণনার তাগিদে, কোথাও রূপসৃষ্টির দাবিতে কোথাও আবার নিরর্থক ভাবেই। তথাপি ভট্টি বৈদর্ভী রীতির কবি; রচনায় তিনি কালিদাসকেই অনুসরণ করেছেন, ভবভূতিকে নয়।

তিঙন্ত কান্ডে কবিকে বিচিত্র ধাতুর প্রয়োগ শেখাতে হয়েছে, সুতরাং অপ্রচলিত ধাতু অজ্ঞাত রূপ তিনি তুচ্ছ করতে পারেন নি—যেমন জুজুরে (ক্রুদ্ধ হল),

জিহেষিরে (শব্দ করল), আচিচায় (আচ্ছাদিত করল), ফেলুঃ (সফল হল) চতুর্দশ সর্গ।

কিন্তু এইভাবে মক্ষিকাবৃত্তি অনুসরণে কবির প্রতি অবিচারই করা হবে। কেননা যেখানে ব্যাকরণ শিক্ষাই মূল লক্ষ্য সেখানে এই জাতীয় প্রয়োগ অনিবার্য। এদিক দিয়ে কবি ভাগ্যহীন, কেননা ব্যাকরণ শিক্ষাই তাঁর মূল লক্ষ্য—তবু একথা নিশ্চয়ই বলা চলে, এই পথে যারা এগিয়েছেন তাদের তুলনায় ভট্টি কৃতী। যে কবিত্বশক্তি স্বভাবতই তাঁর ছিল পদে পদে তা বাধা পেয়েছে মূল লক্ষ্যের ভ্রূকুটিতে; অবশ্য সমালোচক এই কথা ভুলে গিয়ে উন্নাসিক হয়ে উঠেন—কবির মূল্যায়নে ত্রুটি ঘটে। ডকটর সুশীল কুমার দে বলেছিলেন—

'Few read his worst, but even his best is seriously flawed by his unfortunate outlook, and, unless the delectable pursuit of poetry is regarded as a strenuous intellectual exercise, few can speak of Bhatti's work with positive enthusiasm'

অর্থাৎ তৃপ্তিকর কাব্যানুশীলনের অর্থ যদি পীড়াদায়ক মস্তিষ্কের কসরত বলে ধরে না নেওয়া হয় তবে ভট্টির কাব্যের 'ওকালতি' করতে খুব কম লোকেরই উৎসাহ হবে। ভবভূতি তাঁর কাব্যের উপলব্ধির জন্য উত্তরকালের রসবেত্তাদের উপর নির্ভর করেছিলেন—তিনি বলেছিলেন, 'কালোহয়ং নিরবধিঃ বিপুলা চ পৃথ্বী।' ভবভূতি-বিরোধী এখন আর বোধ হয় নেই—কিন্তু ভট্টি কি মাত্র দু'-একটি সর্গ সম্বল ক'রে শুধু পাঠ্যতালিকার গন্ডীতেই সীমাবদ্ধ থাকবেন? পান্ডিত্যের সঙ্গে কবিত্বের এই মিশ্রণকে আমরা কি কোনোদিনই গ্রহণ করতে পারবো না?

এটা নিশ্চয়ই অবিসংবাদিরূপে সত্য যে ভট্টি তার কাব্যের ভাবপ্রবাহ সম্পর্কে সম্পূর্ণ সচেতন ছিলেন। অনর্থক উদাহরণের বাহুল্যে তিনি কাব্যকে ভারাক্রান্ত করেন নি—খুবই জটিল বা অপ্রচলিত দৃষ্টান্ত তিনি বাদ দিয়ে গেছেন। তিনি সমস্ত ব্যাকরণশাস্ত্র কয়েকটি মাত্র অধিকারে বিভক্ত ক'রে নিয়েছেন—তীক্ষ্ণ দৃষ্টি রেখেছেন কাব্যপ্রকাশের দিকে—মূল লক্ষ্য তার যা-ই থাক।

ভট্টির কাব্যপ্রতিভা প্রধানতঃ প্রকাশিত হয়েছে কাব্যের দ্বিতীয় সর্গে শরৎ বর্ণনায়—ও দশম সর্গে অলংকার ব্যাখ্যানে। তাছাড়া বিভিন্ন সর্গে নগর, ঋতু, আশ্রম, অরণ্যাণী, প্রভাত, সমুদ্র ও যুদ্ধবর্ণনায়। অলংকার শাস্ত্রসম্মত সকল প্রকার রসের বিশ্লেষণেও তিনি প্রতিভার পরিচয় দিয়েছেন।

বিভিন্ন সর্গ থেকে কয়েকটি শ্লোক উদ্ধৃত করা হল।

দত্তাবধানং মধুলেহিগীতৌ
প্রশান্তচেষ্টং হরিণং জিঘাংসুঃ।
আকর্ণয়ন্নুৎসুকহংসনাদান্
লক্ষ্যে সমাধিং ন দধে মৃগাবিৎ। ২৭

শরতের চিত্র। স্বভাব চঞ্চল হরিণ ছুটে যাচ্ছিল—ভ্রমরের মধুর গুঞ্জনে দাঁড়িয়ে আছে নিস্পন্দ হয়ে। ওদিকে হরিণকে বধ করতে এসেছে ব্যাধ; হংসের কলধ্বনিতে সে-ও আকৃষ্ট, তাই লক্ষ্যে মন দিতে পারছে না।

ন ভবতি মহিমা বিনা বিপত্তে
রবগময়ন্নিব পশ্যতঃ পয়োধি।
অবিরত মভবৎ ক্ষণে ক্ষণেহসৌ
শিখরি পৃথুপ্রথিত প্রশান্তবীচি ॥১০.৬২

উন্নতি মাত্রই বিপত্তির সঙ্গে জড়িত এই সত্য দর্শকদের বোঝাবার জন্যই সমুদ্র অনবরত বিশাল তরঙ্গের বিস্তার দেখিয়ে সঙ্গে সঙ্গে উপসংহার করছেন।

দূরন্তরে পংক ইবান্ধকারে
মগ্নং জগৎসন্ততরশ্মিরজ্জুঃ।
প্রনষ্ট মূর্তি প্রবিভাগমুদ্যান্
প্রত্যুজ্জহারের ততো বিবস্বান্ ॥ ১১.২০

গাঢ় পংকরূপ অন্ধকারে এ জগৎ মগ্ন হয়েছিল—লুপ্ত হয়েছিল তার অবয়ব সংস্থান। এখন অরুণোদয়ের সূর্যদেব উদিত হচ্ছেন ; মনে হচ্ছে কিরণের রজ্জু বিস্তার করে তিনি জগৎকে উদ্ধার করছেন।

এটি লংকার প্রভাতবর্ণনার অন্তর্গত। এ রকম সহজ ও মধুর শ্লোকের অভাব ভট্টিকাব্যে নেই কিন্তু এই কাব্যে কবিকে স্তব্ধ করে দিয়েছেন ব্যাকরণ শিক্ষক। তাই তাঁকে 'ইষ্ণুচ্' প্রত্যয়ের প্রয়োগ শেখাতে গিয়ে লিখতে হয়েছে—

নিরাকরিষ্ণু বর্তিষ্ণু বর্দ্ধিষ্ণু পরিতো রণম্
উৎপতিষ্ণু সহিষ্ণু চ চেরতুঃ খরদূষণৌ। ৫. ১

খর ও দূষণ কখনো শত্রুর নিক্ষিপ্ত বাণ প্রতিহত করতে লাগল, কখনো শত্রুর সামনে অটল হয়ে রইল, কখনো মায়াবশে বিরাট দেহ ধারণ করতে লাগল। কখনো আবার তারা ঊর্ধ্বে লম্ফ প্রদান করল - কখনো শত্রুর শরাঘাত সহ্য করতে লাগল।

শ্লোকে জানা গেল এখানে ইষ্ণুচ্ প্রত্যয়ের প্রয়োগ দেখানো হচ্ছে। ব্যাকরণ শিক্ষার্থী তৃপ্ত হলেন। ইষ্ণুচ্ প্রত্যয়ের দাবিতে খর ও দূষণ না হয় শত্রুর শরাঘাত সহ্য করলেন—কাব্যরসিক এই সূত্র-শরাঘাত সহ্য করবেন কি ?

কিন্তু তারা যে সহ্য করেছেন এবং সাগ্রহে প্রায় দেড় হাজার বছর স্বীকৃতি দিয়ে এসেছেন তাতে আর কোনো সন্দেহ থাকতে পারে না। উপাধি পরীক্ষায় এবং বিশ্ববিদ্যালয়গুলিতে ভট্টিকাব্যের কোনো একটি সর্গ এখনো পাঠ্য-তালিকার অন্তর্ভুক্ত হয়– এটি আশার কথা। কিন্তু আক্ষেপের কথা এই সম্পূর্ণ ভট্টিকাব্যের কোন বাংলা সংস্করণ পশ্চিমবঙ্গে দুর্লভ। এ যাবৎ সম্পূর্ণ মূল গ্রন্থটি মুদ্রিত হয় নি।

সংস্কৃতের যুগে সাহিত্যের বিচারে ভট্টিকাব্যকে খুব একটা আমল দেওয়া হয় নি। ভাষ্যকার স্বয়ং মল্লিনাথ এই কাব্যের টীকা রচনা করেছেন কিন্তু সূচনায় একে 'উদাহরণ কাব্য' রূপে উল্লেখ করেছেন। তাঁর উক্তি এই—'রামকথামাশ্রিত পাণিনীয় সূত্রানাম্ 'উদাহরণ কাব্যং' চিকীর্ষুঃ'—ইত্যাদি। আমাদের ধারণা ভট্টিকাব্যকে শুধু 'উদাহরণ কাব্যং' হিসেবে দেখলে এর মর্যাদা ক্ষুণ্ণ হয়। এই কাব্য সম্পর্কে ডক্টর কীথ বলেছিলেন—

'Bhatti whose epic is at once a poem and an illustration of the rules of Grammar and Rhetorics

সুতরাং তাঁর মতে ভট্টির এই রচনা ব্যাকরণের 'উদাহরণ ভান্ডার' হয়েও 'মহাকাব্য'।

কীথের সম্পূর্ণ বক্তব্যটি এইভাবে তুলে ধরা যেতে পারে – ভারতীয় বিচারে ভট্টিকে বিনা দ্বিধায় মহাকবির মর্যাদাই দেওয়া হয়েছে ; তবে একটু ভেবে দেখলে এই মত নিঃসংশয়ে মেনে নেওয়া হয় তো কঠিন হতে পারে। আসল কথা এই যে তাঁর কাব্যের বিষয়বস্তু গতানুগতিক রামায়ণ কথা—তা ছাড়া তার পথে ছড়ানো ব্যাকরণ সূত্রের অজস্র কন্টক—কবির মূল উদ্দেশ্যও তাঁর কাব্যরীতিকে অনেকখানি নিয়ন্ত্রিত করেছে। তা সত্ত্বেও এই কাব্যে কবি তাঁর প্রতিভার স্বাক্ষর রেখেছেন।

কবির লক্ষ্য যে তাঁর রচনারীতিকে প্রভাবিত করেছে তার একটি সুন্দর উদাহরণ ডক্টর কীথ উল্লেখ করেছেন। কাব্যের পঞ্চদশ সর্গে কুম্ভকর্ণকে লক্ষ্য করে রাবণ বলেছেন—

'নাজ্ঞাসী ত্বম্ সুখী রামো যদ অকার্ষীৎ রাক্ষসান্।
উদতারীদ্ উদন্বন্তম্ পুরং নঃ পরিতোহরুধৎ ॥
ব্যজ্যোতিষ্ঠ রণে শস্ত্রৈঃ অনৈষীদ্ রাক্ষসান্ ক্ষয়ম্।
ন প্রাবোচম্ অহং কিঞ্চিৎ প্রিয়ং যাবদ্ অজীবিষম্ ॥
বন্ধুস্তবম্ অর্চিতঃ স্নেহান্ মা দ্বিষো ন বধীর্মম ॥
বীর্যম্ মা ন দদর্শস্ত্বম্ মা ন ত্রাস্থাঃ ক্ষতাং পুরম্।
তবাদ্রাক্ষ্মঃ বয়ং বীর্যং ত্বমজৈষীঃ পুরা সুরান্ ॥

রামচন্দ্র রাক্ষসদের কি করেছে, তোমার সুখের জীবনে তা কি তুমি জানো না? সে সমুদ্র অতিক্রম করে এসে লংকাপুরী সম্পূর্ণ অবরুদ্ধ করেছে। সে বীরের মতো যুদ্ধ ক'রে বহু রাক্ষস সৈন্য নিহত করেছে! সারা জীবনে আমি কারও সম্পর্কেই কখনো স্তুতিবাক্য প্রয়োগ করি নি—স্নেহবশতই তোমাকে আমি সম্মানিত করেছি। আমার শত্রুদের বধ করতে উদ্যত হও, ভুলো না তোমাকে তোমার শক্তি প্রদর্শন করতে হবে, প্রতিহত লংকাপুরীকে রক্ষা করতে হবে। তোমার শক্তি আমরা দেখেছি, তুমি পূর্বে দেবতাদের পরাজিত করেছিলে।'

এখানে আছে বিপন্ন অবস্থায় কুম্ভকর্ণকে শক্তি প্রয়োগ করার জন্য রাবণের অনুরোধ কিন্তু কবিকে সতর্ক থাকতে হয়েছে 'লুঙ্'-এর প্রয়োগটাও দেখিয়ে যেতে হবে। রাবণের ক্ষুদ্র ভাষণের মধ্যেই প্রতি ছত্রে প্রায় দুটো করে লুঙ্ উপস্থিত। কবিকে কাহিনী বলতে হবে, কবিত্ব প্রকাশ করতে হবে—লুট্, লিট, লুঙ্ প্রভৃতিদেরও ভুললে চলবে না। বিপদ এখানেই।

আর একটি কথাও কবিকে মনে রাখতে হয়েছে—কাহিনী বর্ণনার মধ্যে মধ্যে কিছু ভাবগভীর বাণীর আকর্ষণ রেখে যাওয়া। সে তো প্রত্যেক কবিরই স্বভাবধর্ম ভট্টিকাব্য থেকে এ জাতীয় কিছু সুভাষিত এখানে উদ্ধৃত হল।

সূক্তি রত্নাবলী

১. উপায়বিদ্ভিঃ সিধ্যন্তি কার্যানি সুমন্ত্রিতাণি। ১২ ১৪
নীতিজ্ঞ বান্ধবের সঙ্গে মন্ত্রণা ক'রে কাজ করলে তা সফল হয়ে থাকে।

২. প্রজ্ঞা তু মন্ত্রেঽধিকৃতা, ন শৌর্যম্।
মন্ত্রণা ব্যাপারে বুদ্ধিই প্রয়োজনীয়—শক্তি নয়।

৩ বিত্তস্য পূর্ণেন বৃথা বিনাশঃ
পূর্ণস্য ভঙ্গে বহু হীয়তে তু। ১২ ৪৩

যে নিঃস্ব তার বিনাশ ঘটলে ক্ষতি নেই, কিন্তু যে সমৃদ্ধ তার বিনাশ হলে বহু ক্ষতির আশংকা।

৪. মূর্খাতুরঃ পথ্যকটূননশ্নন্
যৎ সাময়োঽস্ৌ ভিষজাং ন দোষঃ। ১২ ৮২

মূর্খ রোগী কটু ঔষধ পান না ক'রে যে চিরদিন রোগ ভোগ করে তা চিকিৎসকের দোষ নয়।

৫. ব্যথয়তি সৎপথাদতিগতাথবেহ সম্পন্নকম্ ? ১০ ৩৬

এ জগতে অত্যধিক সম্পদ্ কাকে না সৎপথ থেকে বিচলিত করে?

৬. পর্যাপ্তা প্রেমিনু কুতো বিরুদ্ধা। ১১.১১

প্রেমাস্পদ বস্তু অতিমাত্রায় ভোগ করলেও তাতে যথেষ্ট তৃপ্তি হয় না।

৭ ভবতি মহান্ হি পরার্থ এব সর্বঃ। ১০.৬৬

মহান্ ব্যক্তিমাত্রেই পরার্থনিষ্ঠ হয়ে থাকেন।

৮ সন্দেহমারোহতি যঃ কৃতার্থো
নূনং রতিং তস্য করোতি ন শ্রীঃ। ১২ ৪৪

পূর্ণকাম হয়েও যিনি সন্দেহজনক ব্যাপারে প্রবৃত্ত হন, লক্ষ্মী তার অনুরাগিনী হন না।

৯ হনিষ্যামি রিপুন্তূর্ণং ন জীবিষ্যামি দুঃখিতঃ। ১৮.১৩

আমি অচিরেই শত্রুবধ করব. ব্যথিতচিত্তে জীবন ধারণ করব না।

১০ দীপতুস্যঃ প্রবন্ধোঽয়ং শব্দলক্ষণ চক্ষুষাম্। ২২.৩৩

যাদের ব্যাকরণের দৃষ্টি আছে, এই রচনা তাদের কাছে দীপতুল্য।

১১. ব্যাখ্যাগম্যমিদং কাব্যমুৎসবঃ সুধিয়ামলম্। ২২.৩৪

এই কাব্য উপযুক্ত ব্যাখ্যা ছাড়া বুঝা কঠিন; বিদ্বান ব্যক্তিদেরই এটি আনন্দজনক।

১২. কো বা হেতুরনার্যানাং ধর্মোর্ত্মানি বর্ত্তিতুম্। ১০.৩৭

অনার্যদের ধর্মসঙ্গত পথে প্রবৃত্ত হবার কি কারণ থাকতে পারে?

কাহিনী

কাব্য রচনায় ভট্টি মোটামুটিভাবে রামায়ণের মূল কাহিনীকেই অনুসরণ করেছেন। এখানে সর্গানুযায়ী কাহিনীবিন্যাস প্রদত্ত হল:

প্রথম সর্গ

অযোধ্যায় দশরথ নামে এক বিখ্যাত রাজা ছিলেন; তাঁর কৌশল্যা, কৈকেয়ী ও সুমিত্রা নামে তিন মহিষী। রাজার কোনো সন্তান ছিল না; তিনি পুত্রেষ্টি যজ্ঞ করলেন—ফলে, কৌশল্যার ছেলে হল রামচন্দ্র, কৈকেয়ীর ভরত আর সুমিত্রার দুই পুত্র শত্রুঘ্ন আর লক্ষ্মণ।

রাজপুত্রগণ ক্রমে বড় হলেন, নানা বিদ্যায় পারদর্শী হয়ে উঠলেন। একদিন

বিশ্বামিত্র মুনি এলেন রাজসভায়। তিনি জানালেন রাক্ষসেরা যজ্ঞের বিঘ্ন সৃষ্টি করছে। রাক্ষসবধের জন্য শ্রীরাম ও লক্ষ্মণকে তাঁর চাই।

অনিচ্ছা থাকলেও রাজাকে শেষ পর্যন্ত মত দিতে হল। দুই রাজপুত্রকে নিয়ে বিশ্বামিত্র অশ্রমের দিকে যাত্রা করলেন।

দ্বিতীয় সর্গ

তখন চারদিকে শরতের শোভা। জলে, তীরে, তীরস্থ বনে, পর্বতে, আকাশে সর্বত্র নিসর্গের চারু সৌন্দর্য। রামচন্দ্র এই অনুপম শোভা দেখতে দেখতে অগ্রসর হলেন '

আশ্রমে যজ্ঞনিরত তপস্বিগণ তাঁদের অভ্যর্থনা করলেন। এদিকে রামচন্দ্রকে তপোবনে যেতে দেখে তাড়কা রাক্ষসী ছুটে এল— রামচন্দ্র তীক্ষ্ন অস্ত্রে তাকে বধ করলেন। রামচন্দ্র তপস্বিগণকে বললেন—আপনারা নির্ভয়ে যজ্ঞকর্ম আরম্ভ করুন।

যজ্ঞ আরম্ভ হল। যজ্ঞীয় হবির লোভের ছুটে এল নিশাচরের দল। তারা নিহত হল লক্ষ্মণের বাণে। রামচন্দ্র দেখতে পেলেন মায়াবী রাক্ষস মারীচকে। তিনি বললেন— এই সব সদাচারী, পরহিতব্রতী ঋষিদের প্রতি তোমার দয়া হয় না কেন? মারীচ বলল— ব্রাহ্মণ আমাদের ভোজ্য, তাই দেখলেই বধ করি। বেদের আচরণ আমি জানি না।

রামচন্দ্র উত্তর দিলেন— আমি ক্ষাত্রিয়, ব্রহ্মদ্বেষী রাক্ষসদের বধ করাই আমার ধর্ম। এই বলে রাম তীর নিক্ষেপ ক'রে মারীচকে যুদ্ধক্ষেত্র থেকে বহু দূরে নিক্ষেপ করলেন।

মারীচ প্রভৃতি রাক্ষসদের বধে যজ্ঞের বাধা দূর হল— নির্বিঘ্নে সমাপ্ত হল মুনিদের যজ্ঞকর্ম। বিশ্বামিত্র তৃপ্ত হয়ে রামচন্দ্রকে নিয়ে গেলেন মিথিলাধিপতি রাজর্ষি জনকের যজ্ঞভূমিতে। সেখানে রামচন্দ্র হরধনু ভঙ্গ করলেন। রাজর্ষি জনক রামের সঙ্গে নিজ কন্যা সীতার বিবাহ প্রস্তাব ববে দূত পাঠালেন অযোধ্যায়। সংবাদ পেয়ে বৃদ্ধ দশরথ অশ্বারোহণে এলেন মিথিলায়।

রামচন্দ্রের সঙ্গে সীতার পরিণয় সমাপ্ত হল। সকলকে নিয়ে অযোধ্যার পথে যাত্রা করলেন দশরথ। পথে ধনুর্বাণ হাতে সামনে এসে দাঁড়ালেন পরশুরাম— রামকে বললেন, 'আমার এই ধনুতে বান আরোপ কর'।

রামচন্দ্র ধনুতে গুণ আরোপ ক'রে বাণ যোজনা করলেন—এবং সেই বাণে পরশুরামের পুণ্যার্জিত লোকের পথ রুদ্ধ ক'রে দিলেন। পরশুরামের দর্প চূর্ণ হল।

দশরথের বাহিনী ফিরে এল অযোধ্যায়।

তৃতীয় সর্গ

বিশ্বামিত্র মুনির যজ্ঞে রাক্ষসদের বধ করেছেন রামচন্দ্র, ক্ষাত্রিয়-শত্রু পরশুরামের দর্প চূর্ণ করেছেন তিনি— সুতরাং তিনি সকলেরই প্রিয়পাত্র হয়ে উঠলেন; তাঁর যশ চারিদিকে ছড়িয়ে পড়ল।

দশরথ ঘোষণা করলেন তিনি জ্যেষ্ঠপুত্র রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করবেন। রাজ্যে সাড়া পড়ে গেল, বিপুল উদ্যমে অভিষেকের আয়োজন চলতে লাগল। কিন্তু রাজ্যের মোহে কৈকেয়ী এই অভিষেকের আয়োজন সহ্য করতে পারলেন না। তিনি দশরথের কাছে বর প্রার্থনা করলেন রামকে বনে নির্বাসিত করতে হবে। ভরত তখন মাতামহের গৃহে ছিলেন—তাকেও তিনি কিছু জানালেন না। তিনি আর একটি বরও প্রার্থনা করলেন—রামের পরিবর্তে ভরতকে রাজ্যে অভিষিক্ত করতে হবে। কৈকেয়ীকে দুটি বর দেবেন বলে পূর্ব থেকেই দশরথ তার কাছে প্রতিশ্রুত ছিলেন।

ঘোর অন্ধকার নেমে এল রাজ্যে। নিরুপায় বৃদ্ধ দশরথ—রামের বনবাস অনুমোদন করলেন। পিতার আদেশ মাথায় তুলে নিলেন রাম। লক্ষ্মণ রামের অনুগামী হলেন। রাম সীতা ও লক্ষ্মণের সঙ্গে বনে যাত্রা করলেন।

অসহ পুত্রবিরহে দশরথের মৃত্যু হল।

ভরতকে আনতে গেল দূতের দল। অযোধ্যায় ফিরে এলেন ভরত। অযোধ্যা শ্রীহীন—অন্ধকার! রাম-সীতা নেই, লক্ষ্মণ নেই—রাজা দশরথও লোকান্তরিত। মাতার কুকীর্তির কথা শুনে ভরত ক্রুদ্ধ হয়ে উঠলেন। শোকাহত চিত্তে তিনি পিতার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করলেন।

ভরত রামকে ফিরিয়ে আনবার জন্য পুরবাসীদের সঙ্গে অরণ্যে রওনা হলেন। তাঁরা ভরদ্বাজ মুনির আশ্রমে গেলেন। মুনি তাদের যথোপযুক্ত অভ্যর্থনা করলেন। সেখান থেকে ওরা গেলেন চিত্রকূট পর্বতে : এইখানেই ভরতের সঙ্গে বনবাসী রামচন্দ্রের মিলন হল। রামচন্দ্র ভরতের মুখে শুনলেন পিতার মৃত্যুর সংবাদ—কিন্তু তিনি অযোধ্যায় ফিরে যেতে সম্মত হলেন না। তিনি ভরতকে বললেন—'আমার বনবাসের জন্য শোক কোরো না, পিতৃদত্ত রাজ্যভার বহন কর'।

চতুর্থ সর্গ

ভরত ফিরে গেলেন অযোধ্যায়—রামচন্দ্র চিত্রকূট ছেড়ে অত্রিমুনির তপোবনে গেলেন, সেখান থেকে দণ্ডকারণ্যে।

দণ্ডকারণ্যে বিরাধ নামে এক ক্ষুধার্ত রাক্ষস দুই বাহুতে তুলে নিয়ে রাম ও লক্ষ্মণকে হরণ করল তাঁরা তার বাহু দুটি ভেঙ্গে দিলেন, রাক্ষসের মৃত্যু হল।

ওরা এলেন শরভঙ্গ মুনির আশ্রমে—অদূরে সুতীক্ষ্ণ মুনির আশ্রম। এই আশ্রমের কাছে পর্ণশালা নির্মাণ ক'রে রামচন্দ্র সীতা ও লক্ষ্মণের সঙ্গে বাস করতে লাগলেন।

একদিন রামচন্দ্র পর্ণকুটিরে বসে আছেন এমন সময় এক কামুকী রাক্ষসী সেখানে এল। লক্ষ্মণের কাছে আসতেই তিনি বললেন--শ্রীরামের কাছে যাও তিনি আমার চেয়ে অনেক বেশি গুণবান্। শূর্পণখা এলো রামের কাছে। রাম বললেন—আমার সুন্দরী স্ত্রী আছে, লক্ষ্মণের স্ত্রী নেই, সে-ই তোমার পতি হবার যোগ্য। ক্ষুণ্ণ হয়ে সে আবার লক্ষ্মণের কাছেই ফিরে এলো। তখন অসির আঘাতে লক্ষ্মণ তার নাসিকা ছেদন করে দিলেন।

নাসিকাহীনা শূর্পণখা লক্ষ্মণকে শাসাতে লাগলো ; তারপর দণ্ডকারণ্যবাসী খর ও দূষণের কাছে গিয়ে বিলাপ করতে লাগল। তারা তাকে আশ্বাস দিয়ে বলল—

'তোমাকে রক্ষা করার জন্যই আমরা দণ্ডকারণ্যে আছি ; তুমি স্বস্থানে যাও আমরা যথাযোগ্য ব্যবস্থা করছি।'

তারপর বিরাট এক রাক্ষসবাহিনী নিয়ে খর ও দূষণ রাম ও লক্ষ্মণকে আক্রমণ করল। ভীষণ যুদ্ধ বাধল।

খর ও দূষণের অন্য এক ভাই—তার নাম ত্রিশিরা ; তিনটি মাথা ছিল বলেই এই নাম। সে এই যুদ্ধে রামচন্দ্রের দিকে এগিয়ে আসতেই তীক্ষ্ণ বাণে তিনি ত্রিশিরার তিনটি মাথাই ছিন্ন করলেন।

পঞ্চম সর্গ

খর ও দূষণ যুদ্ধ ক'রে যেতে লাগল। কিন্তু অচিরে তাদেরও মৃত্যু বরণ করতে হল। ছিন্ননাসিকা মৃতবান্ধবা শূর্পণখা তখন সমুদ্রের পারে লংকাপুরীতে রাবণের কাছে এসে সব সংবাদ জনাল। এটুকুও জানাতে ভুলল না যে রামের প্রিয় পত্নী সুন্দরী নারীদের মধ্যে শ্রেষ্ঠা।

রাক্ষসরাজ রাবণ ক্রুদ্ধ হয়ে উঠলেন—শূর্পণখার এই নিগ্রহের প্রতিশোধ নিতেই হবে। তিনি চলে এলেন সমুদ্রতীরবাসী মারীচের কাছে।

রাবণের মুখে শূর্পণখার বৃত্তান্ত শুনে মারীচ বলল—রামের পরাক্রম তুমি জান না, কিন্তু আমি জানি। তার সঙ্গে কলহ করতে যেয়ো না : বিরোধে কোনো লাভ হবে না। রাবণ ক্রুদ্ধ হয়ে বললেন—তোমাকে আমার একটি কাজ করে দিতে হবে, না করলে আমার হাতে তোমার মৃত্যু অনিবার্য। প্রাণের ভয়ে মারীচ রাজী হয়ে গেল। তারপর স্বর্ণময় মৃগের রূপ ধারণ করে বনবাসিনী সীতার আশ্রমের কাছে এসে ঘুরে বেড়াতে লাগল। সীতা প্রলুব্ধ হলেন—রামকে বললেন - তার সোনার হরিণ চাই! সীতার রক্ষণাবেক্ষণ করবার জন্য লক্ষ্মণকে রেখে রাম চলে গেলেন হরিণের পিছনে।

সন্ধান মিলল। রামচন্দ্র তীরবিদ্ধ করলেন। মায়াবী হরিণ 'রাম রাম! হায় লক্ষ্মণ' বলে আর্তনাদ করে উঠল।

কুটীরে সীতা—আর প্রহরী লক্ষ্মণ। আর্তনাদ এলো কানে। সীতার নির্দেশে লক্ষ্মণ ছুটে গেলেন রামচন্দ্রের সন্ধানে। কুটীরে আবির্ভূত হলেন রাবণ। সীতাকে অপহরণ করে তিনি যাত্রা করলেন লংকায়। পথে বাধা দিলেন পক্ষিরাজ জটায়ু—কিন্তু রাবণের সঙ্গে যুদ্ধে তিনি প্রাণ হারালেন।

ষষ্ঠ সর্গ

লংকায় ফিরে আপন পাপের গুরুত্ব সম্পর্কে যেন অত্যন্ত সচেতন হয়ে উঠলেন রাবণ। রামচন্দ্রের ভয়ে তিনি অভিভূত হলেন। তিনি সীতার প্রতি বলপ্রয়োগ করতে সাহস করলেন না।

এদিকে মারীচবধের পর দূরে থেকে লক্ষ্মণকে দেখেই রামচন্দ্র বুঝতে পারলেন একটা কোনো অমঙ্গল ঘটেছে। কুটীরে ফিরে এসে দেখলেন সীতা নেই। বিলাপ করতে করতে তিনি বহু স্থানে ঘুরেও সীতার কোনো সন্ধান পেলেন না।

সীতার অন্বেষণ করতে করতে তাঁরা দেখতে পেলেন এক বিশাল পক্ষী মৃতপ্রায় অবস্থায় পড়ে আছে। তার মুখেই রাম শুনলেন রাবণের কথা। রাম জানতে পারলেন—ইনি তার পিতৃবন্ধু জটায়ু।—বোধহয় সীতার সংবাদটুকু দেবার জন্যেই জটায়ু বেঁচে ছিলেন। তাঁর মৃত্যুর পর রাম তাঁর সৎকার করলেন।

রামলক্ষ্মণ অস্থির হয়ে বনে বনে ঘুরতে লাগলেন। পথে কবন্ধ নামক এক বিরাট রাক্ষস তাদের গ্রাস করতে এগিয়ে এলো। তাদের অস্ত্রে রাক্ষসের দুই বাহু ছিন্ন হলো। মৃত্যুর আগে কবন্ধ বলল—দেবশত্রু রাবণ সীতাকে হরণ করে লংকায় নিয়ে গেছে। ঋষ্যমূক পর্বতে বিক্রমশালী সুগ্রীব আছেন—সীতা উদ্ধারের জন্য আপনি তাঁকে মিত্ররূপে বরণ করুন।

এর পর বহু নদী অতিক্রম করে রামলক্ষ্মণ এলেন সিদ্ধ শবরীর আশ্রমে। শবরী বললেন—সুগ্রীব আপনার সঙ্গে মিত্রতা স্থাপন করবেন। সীতার সঙ্গে আপনার শীঘ্রই সাক্ষাৎ ঘটবে।

অনেক ঘুরে ঋষ্যমূক পর্বতে এলেন রামলক্ষ্মণ। এই পর্বতে সুগ্রীবের বাস।

সুগ্রীবের দূতরূপে এলেন হনুমান। তার প্রশ্ন উন্নত গিরিতরু ও হিংস্র-জন্তুতে পূর্ণ এই পর্বতে আপনারা এলেন কি করে? এতো মানুষের অগম্য। কেনই বা এখানে এলেন?

রামচন্দ্র নিজের পরিচয় দিয়ে বললেন—এক দুর্দান্ত রাক্ষস আমার স্ত্রীকে অরণ্য থেকে হরণ করেছে। আমরা তারই সন্ধানে এসেছি।

হনুমান বললেন—বানররাজ বালী মহাপরাক্রমশালী, তিনি তাঁর কনিষ্ঠ ভ্রাতা সুগ্রীবকে দেশ থেকে বিতাড়িত করেছেন। বর্তমানে সুগ্রীব এই ঋষ্যমূক পর্বতের অধিবাসী—তাঁর সাহায্যেই আপনি দশাননকে বধ করতে পারবেন।

এরপর রাম ও সুগ্রীবের মিত্রতা স্থাপিত হলো। তাঁরা দু'জনেই পরস্পরের মঙ্গল করে যাবেন এই হলো তাঁদের মিত্রতার শপথ।

নতুন শক্তিতে বলীয়ান হয়ে কিষ্কিন্ধ্যা পর্বতে সুগ্রীব বালীর সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হলেন। রামের বাণে বালিবধ হলো, নিষ্কণ্টক হলেন সুগ্রীব। মৃত্যুকালে অনুতপ্ত বালী নিজপুত্র অঙ্গদকে রামচন্দ্রের হস্তে সমর্পণ করলেন।

সপ্তম সর্গ

বর্ষার প্রারম্ভে রামলক্ষ্মণ এলেন মাল্যবান পর্বতে। গভীর দুঃখের মধ্য দিয়ে তাঁর সীতাবিরহিত দিনগুলি কাটতে লাগল। শরৎ এলো। সুগ্রীবের বানর সেনাদল দিকে দিগন্তরে সীতার অন্বেষণে বহির্গত হলো। বালীপুত্র অঙ্গদের সঙ্গে হনুমান এবং নীলের সঙ্গে জাম্বুবানও প্রেরিত হলো—তারা রাক্ষসগণের গৃহে গৃহে সীতার সন্ধান করবে। এক মাস অতিক্রান্ত হবার আগেই সীতার সন্ধান চাই।

রামচন্দ্র হনুমানের হাতে আংটি দিলেন—এই অভিজ্ঞান দেখে সীতা বুঝতে পারবেন যে এরা তারই প্রেরিত দূত।

কঠোর উদ্যমে সর্বত্র সন্ধান চলেছে এমন সময়ে বানরদলের সঙ্গে একদিন জটায়ুর সহোদর সম্পাতির দেখা। সম্পাতি বলল—তোমরা দক্ষিণ দিক বেষ্টন কর,

সেখানে স্বর্ণময়ী এক পুরী দেখতে পাবে। সেইখানেই সীতার সন্ধান মিলবে। ভীত হয়ো না, বিমর্ষ হবারও কোন কারণ নেই।

বানর সেনার সামনে এবার অন্তহীন সমুদ্র। উপরে আকাশস্পর্শী তরঙ্গরাশি—নিচে হিংস্র প্রাণীর অবাধ বিচরণ।

সমুদ্রের ওপারে কে যাবে? কেমন করে যাবে? অনেক আলোচনার পর কপিশ্রেষ্ঠগণ হনুমানের কাছে সংবাদ পাঠালেন।

অষ্টম সর্গ

সাগরলংঘন করলেন হনুমান।

পথে মৈনাক পর্বত মাথা উচু ক'রে দাঁড়ালেন। তিনি আমন্ত্রণ জানালেন হনুমানকে—খানিকক্ষণ এখানে বিশ্রাম ক'রে যাও। হনুমান উত্তরে জানালেন—নারীর লাঞ্ছনাকারী দশাননকে দেখতে চাই, তার শক্তিনাশ করতে চাই, বিশ্রামের সময় কোথায়? এই ব'লে আবার আকাশপথে যাত্রা—তারপর সমুদ্রতীর। সেখানে ভীষণ রাক্ষসেরা বিচরণ করছে।

সূক্ষ্মদেহে আত্মগোপন ক'রে হনুমান সারাদিন কাটিয়ে দিলেন—ভাবলেন, রাত্রিতে সব সংবাদ সংগ্রহ করা যাবে।

রাত্রিকালে খুব সতর্ক হয়ে হনুমান লংকাপুরীতে প্রবেশ করলেন। নগরীর ঐশ্বর্যে তিনি মুগ্ধ হলেন—লংকাপুরী যেন ইন্দ্রপুরী। কারও সঙ্গে কোন কথা না বলে তিনি এগিয়ে চললেন। তারপর দশাননের প্রাসাদ। দশানন নিদ্রিত, কিন্তু সীতা নেই! হনুমান ফিরে এলেন।

অদূরে পুষ্পশোভিত অশোকবন।

হনুমান সেই বনে প্রবেশ করলেন—সেই বনে সারারাত্রি ভ্রমণ করতে লাগলেন। তারপর দেখতে পেলেন সীতাকে—রুক্ষকেশা ও মলিনা, কিন্তু তেজস্বিনী। কিছুক্ষণ পরে রাক্ষসপতি রাবণও সেইখানে এলেন। তিনি প্রথম সীতাকে অনুনয় করলেন, পরে ব্যর্থ হয়ে তর্জন করে উঠলেন, একমাসের মধ্যে তাঁর কথায় সম্মত না হলে তাঁকে মরতে হবে। ক্রুদ্ধ রাবণ যাবার আগে রাক্ষসীদের আদেশ দিয়ে গেলেন সীতাকে ভয় দেখাতে। রাক্ষসীরা সীতার সামনে এসে নানাভাবে ভয় দেখাতে লাগল। শেষে ত্রিজটা নামে এক রাক্ষসী তাদের তিরস্কার করায় তারা নিবৃত্ত হলো।

ওরা চলে যেতেই হনুমান কাছে এসে দাঁড়ালেন—বললেন, আমি রামের ভৃত্য। রামচন্দ্র এখন মাল্যবান পর্বতে আছেন—বানরাধিপতি সুগ্রীব তাঁর সখা, আমি তাঁদের দূত হয়ে এসেছি। এই বলে হনুমান সীতাকে রামচন্দ্রের দেওয়া আঙটি দিলেন, আর সান্ত্বনা দিলেন, ভাবনার কারণ নেই—তাঁর উদ্ধারের সমস্ত আয়োজনই করা হয়েছে।

সীতা অভিজ্ঞানস্বরূপ হনুমানের হাতে দিলেন নিজের চূড়ামণি; তারপর নানাভাবে রামের কুশল প্রশ্ন করে হনুমানকে বিদায় দিলেন।

যাবার আগে হনুমান অশোকবন বিধ্বস্ত করে দিয়ে গেলেন। রাম যা আদেশ করেছেন তারও বেশী কিছু করে যেতে হবে তো! নইলে তাকে 'উত্তম দূত' বলা হবে কেন?

নবম সর্গ

বৃক্ষের শাখাভঙ্গের শব্দ শুনে রাক্ষসেরা সন্ত্রস্ত হয়ে উঠল—তারা রাবণের কাছে গিয়ে সব কথা নিবেদন করল। ক্রুদ্ধ রাবণের আদেশে আশি সহস্র রাক্ষসসেনা অস্ত্র নিয়ে অশোকবনে উপস্থিত হলো। কিন্তু হনুমানের প্রচণ্ড প্রতাপের কাছে তারা দাঁড়াতে পারল না।

এবার এল রাবণের অন্তরঙ্গ মন্ত্রিদল। আবার যুদ্ধ! মুমূর্ষু রাক্ষসের আর্ত চীৎকারে আকাশ ও দিগন্ত প্রতিধ্বনিত হতে লাগল। সকল রাক্ষসকেই প্রাণ দিতে হলো হনুমানের হাতে। রাবণের পুত্র অক্ষ এলো—হনুমানের প্রহারে প্রহারে সে-ও ধরাশায়ী হলো। তারপর অশোকবন ভঙ্গকারী হনুমানকে শাসন করতে এলেন ইন্দ্রজিৎ।

দুজনেই বীর। তুমুল যুদ্ধ বাধল দুজনের মধ্যে। দীর্ঘস্থায়ী যুদ্ধের অবসানে ইন্দ্রজিতের ব্রহ্মাস্ত্রে বাঁধা পড়লেন হনুমান।

রাক্ষসেরা হৃষ্টচিত্তে হনুমানকে নিয়ে ক্রুদ্ধ রাক্ষসপতির নিকটে উপস্থিত হলো। রাবণ তাকে বধ করতে উদ্যত হলেন। রাজভ্রাতা বিভীষণ বললেন—মহারাজ ক্ষান্ত হোন! অপরাধ করলেও দূত অবধ্য।

রাবণ বিভীষণের পরামর্শ শুনলেন না, তিনি হনুমানকে বধ করবেন—এই তাঁর সংকল্প। তখন হনুমান বললেন—একটা সামান্য বানর দূত হয়ে এসেছে, তার উপর সে ব্রহ্মাস্ত্রে আবদ্ধ, তার প্রতি আপনার এই ক্রোধ কেন? তপস্বী রামের প্রতিই বা আপনি এত বিরূপ কেন? আপনার সমৃদ্ধির জন্যই রাম ও সুগ্রীবের সঙ্গে আপনি মিলিত হোন—মৈথিলীকে মুক্তি দিন। রামের যে শক্তি তা তো বিরাধ, তাড়কা, কবন্ধ, খর, দূষণ ও মারীচই আপনাকে জানিয়ে দিয়েছে।

রাবণ শান্ত হলেন না। তিনি বললেন—নর, বানর ও রাক্ষস স্বভাব, কর্ম ও ধর্মে পৃথক, এদের মধ্যে মৈত্রী হতে পারে না।

হনুমান ধীরকণ্ঠে বললেন—নর-বানরের সঙ্গে সখ্য আপনি চান না, কিন্তু নর-বানরের সঙ্গে শত্রুতাই কি আপনি চান? আপনি বিগ্রহের পথ ত্যাগ করুন—সীতাকে রামের হাতে ফিরিয়ে দিন।

রাবণ হনুমানকে অগ্নিদগ্ধ করবার আদেশ দিলেন।

দশম সর্গ

বল্কল, বস্ত্র ও কুশ প্রভৃতি দ্বারা হনুমান বেষ্টিত হলেন—তাঁর পুচ্ছে অগ্নিসংযোগ করা হলো। সেই অবস্থাতেই হনুমান সহসা লাফিয়ে শূন্যপথে উঠলেন, তারপর গৃহে গৃহে অগ্নিসংযোগের পালা শুরু হলো—কাঞ্চনময় গৃহগুলি গলে পড়তে লাগল। রাক্ষসেরা বিহ্বল হয়ে নানাদিকে ছুটে পালাতে লাগল—বীরের দল বিনা যুদ্ধে মৃত্যু বরণ করতে লাগল। রাবণের স্বর্ণপুরী গলে যাচ্ছে—গলিত স্বর্ণধারা এসে পড়ছে ভূতলে।

অশোক কাননে তরুতলে শায়িতা সীতার কাছ থেকে বিদায় নিয়ে তাঁকে আশ্বাস দিয়ে হনুমান যাত্রা করলেন মাল্যবান পর্বতে রামের কাছে। তারপর সেখানে গিয়ে রামচন্দ্রকে প্রণাম করে তাঁর হাতে সীতার অভিজ্ঞান দিলেন।

সমাদরে রাম তুলে নিলেন সীতার চূড়ামণি। অনেকটা যেন শ্রীহীন এবং ধূলিস্পর্শে মলিন। হনুমান সব কথাই খুলে বললেন—রাবণের ঐশ্বর্য, দর্প ও শক্তি, রাক্ষসের পরাক্রম, বন্দিনী সীতার বিবরণ—কোন কথাই গোপন করলেন না।

এর পর সীতা-উদ্ধারের আয়োজন শুরু হলো। নীল, অঙ্গদ, হনুমান, সুগ্রীব প্রভৃতিদের পরিচালনায় এক বিরাট বানরসেনা উপস্থিত হলো মহেন্দ্রাচলে, তখন রাত্রি; তাদের সামনে তরঙ্গমুখরিত অনন্ত সাগর, ওপারে লঙ্কা—সেখানে অশোক কাননে বন্দিনী সীতা!

একাদশ সর্গ ও দ্বাদশ সর্গ

লঙ্কায় শ্রীমণ্ডিত সুন্দর প্রভাত। প্রভাতে পুরবাসিগণ রাজভবনের দিকে চলেছে।

রাবণ রাজসভায় এলেন। ওদিকে বিভীষণও জেগে উঠেছেন। তিনি যোগ্যমতো প্রসাধন করলেন। মাতা নৈকষী এসে তাকে বললেন—সীতাকে যাতে রাবণ ত্যাগ করে তার ব্যবস্থা কর। সম্প্রতি জনস্থানবাসী রাক্ষসগণ নিহত, বীরগণ পরাজিত, অশোকবন বিধ্বস্ত ও গৃহগুলি দগ্ধ—এখন লঙ্কার যাতে মঙ্গল হয় তাই তুমি কর।

বিভীষণ রাবণমন্দিরে এলেন। সেখানে মন্ত্রণাসভায় রাবণ বলছিলেন—লঙ্কার বিপর্যয় যা-কিছু হবার তা হয়ে গেছে। এখন শত্রুসৈন্য সাগর পার হতে উদ্যত—আমাদের কি করণীয় তাই বলুন! প্রহস্ত প্রভৃতি রাক্ষসেরা বলল—সামান্য একটা মানুষের সঙ্গে যুদ্ধ করতে আপনি ভয় পাচ্ছেন কেন? কিন্তু বিভীষণ অনেক যুক্তি দিয়ে বোঝাতে চেষ্টা করলেন সীতাকে ফিরিয়ে দিয়ে রামচন্দ্রের সঙ্গে সন্ধি করাই বাঞ্ছনীয়। রাবণের মাতামহ মাল্যবান বিভীষণকেই সমর্থন করলেন।

কিন্তু রাবণ কোন হিতবাক্যই গ্রহণ করলেন না। তিনি ক্রোধে বিভীষণকে পাদপ্রহার করলেন।

বিভীষণ লঙ্কাপুরী ত্যাগ ক'রে চলে এলেন রামচন্দ্রের আশ্রয়ে।

রামচন্দ্র হনুমানের মুখে বিভীষণের পরিচয় পেয়ে বিভীষণকে লঙ্কারাজ্যে অভিষিক্ত করলেন।

ত্রয়োদশ সর্গ

রাবণসৈন্যের বিনাশের জন্য প্রস্তুত হলো অগণিত বানরসেনা।

ধীরে ধীরে পর্বত বিন্যস্ত করে সেতুবন্ধের কাজ চলতে লাগল। রামের আদেশে বানরসৈন্যের উত্তরণের জন্য সমুদ্রে সেতু নির্মাণ করলেন নল। রামচন্দ্র প্রসন্ন হলেন, সুগ্রীব হৃষ্ট হলেন, শত্রুদল ত্রস্ত হলো।

যুদ্ধোদ্যত দুই দল সম্মুখীন হতেই গুরুগম্ভীর ভেরী পটহ, ঘণ্টা, বেণু, গুঞ্জা প্রভৃতি ভীষণ রবে বেজে উঠল। তীরভূমি, উচ্চতরু, গিরিকন্দর ও গিরিভিত্তিতে লীন কপিসৈন্যগণ প্রজ্বলিত অগ্নির মতো দীপ্যমান হয়ে উঠল।

চতুর্দশ সর্গ

রাম রাবণের সেই ভীষণ যুদ্ধ শুরু হয়ে গেল। রাবণের আদেশে প্রহস্ত পূর্বদ্বারের প্রহরী; মহাপার্শ্ব ও মহোদর রাক্ষস ভার নিল দক্ষিণদ্বারের।

ইন্দ্রজিৎ গেলেন পশ্চিমদ্বারে, রাবণ স্বয়ং রইলেন উত্তরদ্বারে। পুরমধ্যে রইল বিরূপাক্ষ।

রক্তের নদী প্রবাহিত হলো, রক্তকর্দমে গজগণ মগ্ন হলো, দুই পক্ষের সৈন্যই আহত হলো, বহু সৈন্য মৃত্যুবরণ করল। বানর সম্পাতির নিক্ষিপ্ত বৃক্ষের আঘাতে মৃত্যু হলো প্রজঙ্ঘ নামক রাক্ষসের। প্রতপন নামক রাক্ষসের চক্ষু উৎপাটিত করলেন নল—জম্বুমালী রাক্ষসকে প্রস্তরের আঘাতে নিহত করলেন হনুমান। বিভীষণ গদাঘাতে মিত্রঘ্ন নামক রাক্ষসের অঙ্গ চূর্ণ করলেন, সুগ্রীব প্রঘসের প্রাণনাশ করলেন, রাম বহু রাক্ষসসৈন্য বিনষ্ট করলেন। বিরূপাক্ষের মৃত্যু ঘটল লক্ষ্মণের শরে। অঙ্গদের মুষ্ট্যাঘাতে ইন্দ্রজিতের অশ্ব ও রথ—দুই-ই চূর্ণ হয়ে গেল।

ক্রুদ্ধ ইন্দ্রজিৎ নাগপাশ নিক্ষেপ ক'রে নিজে অন্তরালে থেকে যুদ্ধ করতে লাগলেন—তাঁর শরসমূহ সর্পে পরিণত হলো; রাম-লক্ষ্মণ ব্যাকুল হয়ে মূর্ছিত হয়ে পড়লেন—বানরসেনাপতিগণ হাহাকার ক'রে উঠলেন।

রাবণের আদেশে রামের মূর্ছিত দেহ দেখানো হল সীতাকে—সীতা রথের মধ্যেই মূর্ছিত হয়ে পড়লেন; পরে মূর্ছাভঙ্গে হাহাকার করতে লাগলেন। রাবণের ভগিনী ত্রিজটা সীতাকে আশ্বস্ত ক'রে অন্যত্র নিয়ে গেল।

ক্রমে রাম-লক্ষ্মণ সংজ্ঞালাভ করলেন। আবার যুদ্ধ বাধল। পর পর রাক্ষস সেনাপতিদের মৃত্যু হতে লাগল—একে একে ধূম্রাক্ষ, অকম্পন, প্রহস্ত—সবাই নিহত হলেন। রাবণের বিজয়লাভের আশা আর রইল না।

পঞ্চদশ সর্গ

অগত্যা কুম্ভকর্ণকে ঘুম থেকে জাগানো হলো। ঘুম থেকে উঠে রাবণের মুখ থেকে যুদ্ধের বিবরণ শুনলেন—তারপর মহাদর্পে তিনি যুদ্ধযাত্রা করলেন।

বিভীষণ রামের কাছে কুম্ভকর্ণের অমিত পরাক্রমের কথা বলেছিলেন। কুম্ভকর্ণের প্রচণ্ড আঘাতে সুগ্রীব মূর্ছিত হলেন। সংজ্ঞালাভ ক'রে সুগ্রীব তার কর্ণ ও নাসিকা ছিন্ন ক'রে দিলেন। এর পর বানরসৈন্যের সঙ্গে কুম্ভকর্ণের তুমুল যুদ্ধ বেধে গেল। বানরসৈন্য লাঞ্ছিত হচ্ছে দেখে লক্ষ্মণ কুম্ভকর্ণের মুকুট ও কবচ ছিন্ন করে শরের আঘাতে দেহও ক্ষতবিক্ষত করলেন। তিনি বায়ব্য অস্ত্রে কুম্ভকর্ণের অস্ত্রযুক্ত হাত ছিন্ন করলেন। পরে ঐন্দ্রশরে তার হৃদয় বিদ্ধ করলেন। কুম্ভকর্ণের যখন পতন হল, অসংখ্য সৈন্য তার দেহের চাপে পড়ে মৃত্যুবরণ করল।

ভ্রাতৃবধের সংবাদ পেয়ে রাবণ শোকগ্রস্ত হলেন কিন্তু ভেঙে পড়লেন না। রাবণের চারপুত্র যুদ্ধে প্রেরিত হলো—অতিকায়ের মৃত্যু হলো লক্ষ্মণের ব্রহ্মাস্ত্রে; নরান্তককে নিহত করলেন অঙ্গদ, দেবান্তকের মৃত্যু হলো হনুমানের হাতে। কুম্ভ ও নিকুম্ভ—কুম্ভকর্ণের দুই পুত্রকে বধ করলেন সুগ্রীব। সুগ্রীবের মনে জয়ের আশা দেখা দিল।

ষোড়শ সর্গ

ওদিকে লঙ্কাপুরীতে নেমে এলো শোকের করুণ দৃশ্য! যুদ্ধে হত পুত্র, ভৃত্য, বান্ধব প্রভৃতির জন্য রাবণের শোকের অন্ত নেই। তিনি বড় বড় বীরের কথা

স্মরণ করে বিলাপ করতে লাগলেন। বহুক্ষণ বিলাপের পর এলো ক্রোধ! শপথ করলেন—যারা লঙ্কা অবরোধ করেছে সেই নর-বানরের ধ্বংস না ক'রে তিনি লংকায় ফিরবেন না। তখন কাছে এসে দাঁড়ালেন ইন্দ্রজিৎ—তিনিও নানা বাক্যে পিতাকে উৎসাহিত করলেন।

সপ্তদশ সর্গ

শেষ আশা ইন্দ্রজিৎ!

ইন্দ্রজিৎ অস্ত্রসাজে সজ্জিত হয়ে যুদ্ধযাত্রা করলেন। তিনি অতি দ্রুত শর-নিক্ষেপ করতে লাগলেন—তাতে হতাহত হলো অসংখ্য বানরসৈন্য। নিরুপায় হয়ে লক্ষ্মণ ব্রহ্মাস্ত্র নিক্ষেপের কথা ভাবলেন কিন্তু রামচন্দ্র ব্রহ্মাস্ত্রের প্রয়োগ নিষেধ করলেন—কেননা তাতে অনেক নিরপরাধ রাক্ষসের মৃত্যু ঘটবে। তখন আকাশে সীতাবধের এক মায়াদৃশ্য উদ্ঘাটিত করলেন ইন্দ্রজিৎ—সীতাকে তরবারির আঘাতে বধ করা হচ্ছে। রাম-লক্ষ্মণ শোকাকুল হয়ে পড়লেন। বিভীষণ প্রকৃত তত্ত্ব ব্যাখ্যা করলেন—এইভাবে সকলকে মোহগ্রস্ত রেখে ইন্দ্রজিৎ গেলেন নিকুম্ভিলা যজ্ঞাগারে। যজ্ঞ সমাপ্ত করলে তিনি ব্রহ্মশির নামক অস্ত্রের অধিকারী হবেন, কিন্তু যজ্ঞ অসমাপ্ত রেখে যুদ্ধে প্রবৃত্ত হলে তাঁর মৃত্যু অনিবার্য এইরূপই ব্রহ্মার নির্দেশ।

রামচন্দ্রের আদেশে যজ্ঞে বাধা সৃষ্টির জন্য বানরসেনা যজ্ঞগৃহের দিকে যাত্রা করল। দ্বাররক্ষী সৈন্যদের পরাজিত করে লক্ষ্মণ ও বিভীষণ দ্রুত প্রবেশ করলেন যজ্ঞগৃহে। ইন্দ্রজিৎ তখন একাগ্রচিত্তে মন্ত্র উচ্চারণ করছেন। লক্ষ্মণ গর্জন করে তাঁকে আহ্বান করলেন। ইন্দ্রজিৎ পিতৃব্যকে সঙ্গে দেখে সব বুঝতে পারলেন। তিনি বিভীষণকে এই নিন্দিত কাজের জন্য ভর্ৎসনা করলেন।

কিন্তু বাগ্‌যুদ্ধের পর অস্ত্রযুদ্ধ! ইন্দ্রজিৎ বীরের মতোই যুদ্ধ করলেন—তাঁকে অনায়াসে বধ করলেন লক্ষ্মণ।

শোকার্ত রাবণ এবার শেষ যুদ্ধের আয়োজন করলেন। অমিত পরাক্রমের সঙ্গে যুদ্ধ করলেন রামচন্দ্র—অতি ভয়ঙ্কর রথে আরোহণ ক'রে রাবণ এলেন তাঁর সঙ্গে যুদ্ধ করতে। কিন্তু এ তো অসম-যুদ্ধ—রাবণ রথে আর রাম ভূমিতে দাঁড়িয়ে। তখন ইন্দ্র মাতলিসহ নিজের রথ পাঠালেন রামের কাছে। সেই রথে আরোহণ করলেন রাম। রাবণবধের জন্য প্রজাপতি যে অস্ত্র কল্পনা করেছিলেন তার কথা স্মরণ করিয়ে দিলেন মাতলি। সেই অমোঘ অস্ত্রে রাবণের পতন হলো।

অষ্টাদশ সর্গ

রাবণের মৃত্যুতে বিভীষণ আকুল হয়ে বিলাপ করতে লাগলেন; নীতিজ্ঞান-হীনতার জন্যই তাঁর এই দশা—এই বলে বার বার আক্ষেপ করতে লাগলেন। সব কথা জানতে পেরে পুরললনাগণও [illegible] অংশগ্রহণ করলেন—লংকার পুরবাসীরাও এলেন।

রামচন্দ্র বিভীষণকে আশ্বস্ত করলেন; বর্তমানে তার কি করণীয় সে সম্পর্কেও উপদেশ দিলেন।

ঊনবিংশ সর্গ

রাবণের মৃতদেহ সৎকারের ব্যবস্থা করা হলো। বিভীষণ অগ্রজের পারলৌকিক ক্রিয়া সম্পাদন করলেন।

রামচন্দ্র স্বর্ণকুম্ভের জল তাঁর মস্তকে সিঞ্চন করলেন। লংকার শাসনকার্যে রাজপদে তিনি অভিষিক্ত হলেন।

বিংশ সর্গ

জনকনন্দিনী সীতার কাছে গিয়ে হনুমান যুদ্ধের সমস্ত বৃত্তান্ত বর্ণনা করলেন। হনুমানকে সীতা জানালেন—তিনি রামচন্দ্রের দর্শনাভিলাষিণী। রাম সীতার অভিলাষের কথা জানতে পেরে বিভীষণকে বললেন—সালংকারা সীতাকে আনয়ন কর। বিভীষণ অশোকবনে গিয়ে সীতাকে প্রণাম করে বললেন—'দেবি! স্নান, অলংকরণ, অনুলেপন সমাধা ক'রে স্বর্ণ শিবিকায় রামচন্দ্রের নিকটে আসুন'।

যথানির্দিষ্টরূপে সজ্জিতা হয়ে সীতা এলেন রামের কাছে। কিন্তু রামচন্দ্র তাঁর চরিত্রে সন্দেহ প্রকাশ করে গ্রহণে অনিচ্ছা জানালেন—সীতাকে বললেন, 'তুমি যেখানে ইচ্ছা যেতে পার।'

সীতা লক্ষ্মণকে চিতা রচনা করতে বললেন—রামের সন্দেহের পর তিনি আর বেঁচে থাকতে চান না। চিতা রচিত হলো—সীতা প্রার্থনা করলেন—'অগ্নিদেব! যদি আমি বিশুদ্ধা হই, তুমি আমাকে রক্ষা করো'।

সীতা চিতায় প্রবেশ করলেন।

একবিংশতিতম সর্গ


সীতাকে ক্রোড়ে নিয়ে এসে দাঁড়ালেন বহ্নিদেবতা। তিনি রামকে বললেন—আপনার স্ত্রী রূপেই এঁকে দেখবেন। তখন বিমানে এলেন শিব, ব্রহ্মা, দশরথ। রাম সকলকেই প্রণাম করলেন। সকলেই সীতার অনুপম চরিত্রশুদ্ধির কথা বললেন।

ইন্দ্র এসে জানালেন, তাঁর বরে তাঁরই আনন্দ সম্পাদনের জন্য, যুদ্ধে নিহত বানরদল প্রাণ ফিরে পেয়ে তরু শাখায় বিচরণ করছে।

দ্বাবিংশতিতম সর্গ

সীতা উদ্ধারের পর রাম পুষ্পকবিমানে সকলকে নিয়ে অযোধ্যায় যাত্রা করলেন। রামের অনুরোধে সুগ্রীবও সঙ্গী হলেন। রাম সমস্ত স্থান সীতাকে দেখাতে দেখাতে চললেন—সেতুবন্ধ, মহেন্দ্র, মলয়, বিন্ধ্য, মাল্যবান্, ঋষ্যমূক, দণ্ডকারণ্য, পম্পা। বিচ্ছেদের পর রামের বৃত্তান্ত সীতা শুনলেন হনুমানের মুখে।

আনন্দোৎসবের মধ্যে সকলে অযোধ্যাপুরীতে প্রবেশ করলেন। রামের রাজ্যাভিষেক হলে, যৌবরাজ্যে অভিষিক্ত হলেন ভরত।



প্রথম সর্গ

পূর্ববৃত্তান্ত

পুরাকালে দশরথ নামে এক শাস্ত্রজ্ঞ রাজা ছিলেন। তিনি ছিলেন দেবগণের[১] সখা। তিনি শত্রুদের দমন করেছিলেন; গুণে তিনি শ্রেষ্ঠ ছিলেন বলেই স্বয়ং ভগবান জগতের মঙ্গল সাধনের জন্য তাঁকে পিতৃরূপে গ্রহণ করার ছলে পৃথিবীতে অবতীর্ণ হয়েছিলেন।১ তিনি বেদ অধ্যয়ন করেছিলেন। যজ্ঞ অনুষ্ঠান করে দেবগণের অর্চনা এবং 'শ্রাদ্ধতর্পণ' করে পিতৃপুরুষদের তৃপ্ত করেছিলেন। স্বজনদেরও তিনি দানের দ্বারা সম্মানিত করেছিলেন। তিনি কামাদি ষড়-রিপু দমন করেছিলেন এবং নীতিপ্রয়োগে নিরত থাকতেন। তিনি শত্রুদলকে সমূলে বধ করেছিলেন।২ মেঘ যেমন (জগতের কল্যাণে) বারিবর্ষণ করে তিনিও তেমনি ধনদান করতেন; তিনি ইন্দ্রের সঙ্গে এক আসনে বসতেন। মহেশ্বর ছাড়া অন্য কোন দেবতার উপাসনা তিনি করতেন না। তিনি অন্য সব ধনুর্ধর বীরের কীর্তি ম্লান করে দিয়েছিলেন।৩ তিনি পুণ্যবান, শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ তাঁর সেবা করতেন, যজ্ঞানুষ্ঠানে তিনি স্বর্গের[২] দেবগণের তৃপ্তিবিধান করতেন—তিনি ছিলেন সকলের বরেণ্য। যজ্ঞে যেমন মন্ত্রপূত অগ্নি প্রজ্বলিত হয় তেমনি লোক রক্ষার জন্য তিনিও দীপ্যমান থাকতেন।৪

অযোধ্যার বর্ণনা

পুণ্যকীর্তি ইন্দ্রতুল্য দশরথ সমৃদ্ধিতে অমরাবতীতুল্য অযোধ্যা নগরীতে বাস করতেন। এই অযোধ্যা ছিল সকল ঋতুতে সুখকর এবং প্রদীপ্তজ্ঞান সম্পন্ন ব্রাহ্মণগণের বাসভূমি।৫ বিধাতা তাঁর সংকল্পিত বিষয়ে নির্মাণনিপুণ; কিন্তু মনে হয়, এই অযোধ্যানগরী তাঁরও নৈপুণ্যের শেষ সীমা। এখানে কত মণিরত্ন—তাদের দীপ্তি কিরণরেখার মতো উপরের দিকে ছড়িয়ে পড়ছে—মনে হচ্ছে যেন, এই নগরী অমরাবতীকে লক্ষ্য করে উপহাস করছে।৬ অযোধ্যার গৃহগুলি মেরু শিখরগুলির ন্যায় রমণীয়। মেরু পর্বতের উচ্চ শৃঙ্গের মতো এখানে উচ্চ প্রাসাদ সমূহ. মেরু পর্বতে বিচিত্র ধাতুর ঐশ্বর্য, এখানেও নানারকম মণিমুক্তা হীরকের দীপ্তি; মেরুতে দিব্য উপবন—অযোধ্যাতেও কত সুন্দর কানন! মেরু পর্বতে অপ্সরাদের বাস, অযোধ্যার ঘরে ঘরেও পুরাঙ্গনাগণ অপ্সরাতুল্য।৭ অযোধ্যানগরীর উচ্চ প্রাসাদের মধ্যে শোভিত রয়েছে উজ্জ্বল রত্ন; সেই রত্নের দীপ্তি গবাক্ষপথে বাইরে বেরিয়ে আসছে। এই দীপ্তিপ্রবাহ যেন উচ্চ হিমালয়ের ভিত্তিভূমি[৩] থেকে নির্গত গঙ্গার শুভ্র জলধারা।৮ যে সকল বিদ্যা ধর্মের অবিরোধী, অর্থ কাম ও যশের উপায়স্বরূপ, সকলের সমাদৃত এবং যথাকালে অর্জিত হয়েছে সেইসব বিদ্যায় যেমন বিদ্বান ব্যক্তি অনুরক্ত থাকেন—রাজা দশরথও তেমনি তাঁর তিন উত্তম পত্নীতে বিশেষ অনুরাগ প্রকাশ করতেন; এঁরাও ধর্মপরায়ণা, অর্থ কাম ও যশের সহায়স্বরূপ, সর্বলোক পূজিতা এবং যথাকালে বিবাহিতা।৯ পুত্রকামনায় দশরথ (পুত্রেষ্টি যজ্ঞ করতে

ইচ্ছুক হয়ে) বরাঙ্গনাদের সাহায্যে ঋষ্যশৃঙ্গ[৪] মুনিকে নিজের পুরীতে নিয়ে এলেন। এই মুনি বিদ্বান্, যজ্ঞকর্মে নিপুণ, পরিণত জ্ঞানের অধিকারী, উদারচিত্ত এবং সকলের মাননীয়।১০ রাজা দশরথ সেই মুনিশ্রেষ্ঠকে দিয়ে পুত্রেষ্টি যজ্ঞ করাবার সংকল্প করলেন। কর্মনিপুণ ঋষিও রাজার অভিলাষের কথা জানতে পেরে পুত্রেষ্টি যজ্ঞ আরম্ভ করলেন।১১ বরেণ্য সেই ঋষি বেদীর চারদিকে উপস্থিত যজ্ঞবিঘ্নকারী রাক্ষসদের অপসারিত করলেন। তারপর প্রধান যজ্ঞের আগে এবং পরে অন্যান্য অঙ্গ যাগ সমাপ্ত করলেন। শেষে রাজার পুত্রলাভের জন্য শ্রীবিষ্ণুর নিকট প্রার্থনা জানালেন।১২ সেই যজ্ঞ বিধি অনুযায়ী সমাপ্ত হলো। উপস্থিত সদস্যদের দক্ষিণাদানে তুষ্ট করা হলো। উচ্চকুলজাতা তিন রাজমহিষী চারটি পুত্র প্রসব করবার জন্য যজ্ঞের হুতাবশিষ্ট পরমান্ন ভক্ষণ করলেন।১৩ কৌশল্যা পূর্বে অক্লেশে রামচন্দ্রকে প্রসব করলেন ; তারপর কৈকেয়ীর গর্ভ থেকে জন্ম নিলেন ভরত ; সুমিত্রা একা পরাক্রমশালী শত্রুঘ্ন এবং লক্ষ্মণ এই দুই যমজ সন্তান প্রসব করলেন।১৪ বিদ্বান, সংযমীদের মধ্যে শ্রেষ্ঠ মুনি বশিষ্ঠ তত্ত্বজ্ঞ ব্রাহ্মণদের যথাবিধি অর্চনা করলেন। উদ্বেগজনক ভূতপ্রেতগণকে মন্ত্র উচ্চারণে অপসারিত করলেন এবং যথাসময়ে এই চারজন রাজপুত্রের উপনয়ন করালেন।১৫ তাঁরা ছয়টি অঙ্গের[৫] সঙ্গে সমগ্র বেদ অধ্যয়ন করেছিলেন— জয়শীল সকল শস্ত্রবিদ্যাই আয়ত্ত করেছিলেন। তাঁরা গুণী ছিলেন বলেই প্রজাদের মনোবৃত্তি ভিন্ন ভিন্ন হলেও সবার মনই সমান অধিকার করেছিলেন।১৬

বিশ্বামিত্রের আগমন

তারপর একদিন গাধিনন্দন[৬] এলেন দশরথের নিকটে ; রাক্ষসগণ যজ্ঞের বিঘ্ন ঘটাচ্ছে তাই যজ্ঞ রক্ষার জন্য তিনি রামকে বরণ করতে চান। রাজা দশরথও মধুপর্কের[৭] উপহার হাতে নিয়ে তাঁকে অভ্যর্থনা করলেন।১৭ আপনি পুনর্জন্ম জয়ের জন্য (অর্থাৎ মুক্তির জন্য) যে ধ্যানে মগ্ন আছেন—যে ধ্যান রূপাদিবিষয়ের দর্শন থেকে নিবৃত্ত, যে ধ্যানের সাহায্যে আপনি অতি সূক্ষ্ম মহদাদি তত্ত্ব জানতে পেরেছেন, আপনার সেই ধ্যানের কুশল তো? —এই কথা বলে রাজা মুনিকে ধ্যানের কুশল সংপর্কে প্রশ্ন করলেন।১৮ মুনি তাঁর তপস্যার কুশল রাজাকে জানালেন ; কিন্তু তিনি বললেন—বনে রাক্ষসগণ যজ্ঞের বিঘ্ন সৃষ্টি করছে ; এজন্য আমার প্রার্থনা, শত্রুর শক্তি বিজয়ী শ্রীরামচন্দ্র লক্ষ্মণের সঙ্গে গিয়ে রাক্ষসগণকে সংহার করুক।১৯ রাজা মুনির সেই কথা শুনে পুত্রবিরহের আশংকা সহ্য করতে না পেরে মূর্ছিত হলেন। তখন কল্যাণযুক্ত রাজাকে অহংকারী মুনিশ্রেষ্ঠ বিশ্বামিত্র বললেন, ২০ রাক্ষসের ভয়ে আমি যেমন তোমার শরণ নিয়েছি, তুমিও তেমনি পুণ্যবৃদ্ধির আশায় আমার শরণাগত হবেছ। ক্ষাত্রশক্তি ও দ্বিজশক্তি পরস্পরের জন্যই। কোনরূপ অমঙ্গলের আশংকা করো না—পুত্রকে আমার সঙ্গে প্রেরণ কর।২১

রাক্ষসবধে রামলক্ষ্মণের যাত্রা

যুদ্ধে রামচন্দ্র পুরোভাগে থেকেই মহাশত্রু রাক্ষসকে বধ করবে। আমাকে প্রত্যাখ্যান করে অপমান করবেন না। আমাদের ন্যায় ব্যক্তি কখনও অযোগ্যপাত্রে

গুরুভার অর্পণ করে না।২২ (পুত্রকে প্রেরণ না করলে) এই ক্রুদ্ধ ব্রাহ্মণরূপ অগ্নি রাজকুলকে ভস্মীভূত করবে; কিন্তু পুত্র চলে গেলে শোকে কেবল আমারই কষ্ট হবে। পূর্বে মনে মনে এইরূপ আলোচনা করে রাজা পুত্রগমনের অনুমতি দিলেন।২৩ মুনি প্রীত হয়ে রাজাকে আশীর্বাদের দ্বারা অভ্যর্থনা করলেন, তারপর প্রসন্নচিত্তে আশ্রমের দিকে যাত্রা করলেন। হিংস্র রাক্ষসগণের উদ্দেশ্যে প্রদীপ্ত ও সমর্থ ধনু সঙ্গে নিয়ে নতচিত্তে রাম অগ্রগামী মুনির পিছনে যেতে লাগলেন।২৪ জয়শীল রামচন্দ্র পুণ্য তপোবনের দিকে দীপ্তমুখে যাত্রা করলেন; সকল সময় রামের শুভ চিন্তা করতেন লক্ষ্মণ, তিনিও তাঁর অনুগামী হলেন। তৃতীয় জননীর পুত্র[৮] লক্ষ্মণও ছিলেন সমস্ত অস্ত্রশস্ত্রে সুশিক্ষিত।২৫ হিংস্র রাক্ষসদের[৯] বধ করতে ধনুর্বাণ নিয়েছেন রঘুশ্রেষ্ঠ রাম; শত্রুর পক্ষে অসহ্য সেই ধনু তিনি দৃঢ়মুষ্টিতে ধরে আছেন—হাতে পরা আছে বিচিত্র অঙ্গুলিত্রাণ[১০] (চর্মাবরণ)। তাঁরা যখন যাত্রা করলেন তখন মঙ্গলাকাঙ্ক্ষিণী পুর-নারীগণ ভাবী বিরহে শোকার্ত হলেও অতিকষ্টে অশ্রুসংবরণ করলেন।২৬ তারপর ব্রাহ্মণগণ উচ্চকণ্ঠে রামচন্দ্রকে আশীর্বাদ করতে লাগলেন; বাদকগণ তুমুলশব্দে তূর্যধ্বনি করতে লাগলেন, রামচন্দ্রের দক্ষিণ বাহু স্পন্দিত হতে লাগল—এই স্পন্দন ইষ্টার্থসিদ্ধিসূচক! চারদিকে তরুশাখাগুলিতে শুভসূচক পক্ষিগণ উচ্চস্বরে শব্দ করতে লাগল।২৭

।। ভট্টিকাব্যে রামসম্ভব নামক প্রথম সর্গ সমাপ্ত ।।

দ্বিতীয় সর্গ

শরৎ বর্ণনা

অযোধ্যাপুরী থেকে বাইরে বেরিয়ে এলেন রামচন্দ্র, তিনি চারদিকে উজ্জ্বল ও সৌন্দর্যময় তরুরাজি, সরোবর, নদী ও দিক সমূহের শোভা দেখলেন—বুঝতে পারলেন শরৎ সমাগত।১ তরঙ্গের আঘাতে রক্তপদ্মের দলগুলি চঞ্চল—তাই ভ্রমরের দল তাদের উপর বসতে পারছে না, শুধু উড়ে বেড়াচ্ছে। মনে হচ্ছে, রক্তপদ্মগুলি যেন ধূমাচ্ছন্ন প্রজ্বলিত অগ্নি—পদ্ম-পলাশ যেন অগ্নিশিখা, ভ্রমরপুঞ্জ যেন ধোঁয়া।২ তীরস্থ বনরাজির প্রতিবিম্ব এসে পড়েছে জলে; তীর ভাবল, জল তার শোভা হরণ করছে, অসহিষ্ণু হয়েই যেন সে স্থলপদ্মের শোভা বিস্তার করল।৩ প্রভাতে তীরস্থিত বৃক্ষে পক্ষীরা কলরব করছে, পাতা থেকে হিমবিন্দু ঝরে পড়ছে—ওদিকে চন্দ্রের বিরহে দুঃখার্তা কুমুদিনী! মনে হয়, তীরস্থিত তরু যেন কুমুদিনীর প্রতি সমবেদনায় কাঁদছে, হিমকণা তার অশ্রুবিন্দু!৪ বনরাজি তাদের ভ্রমরযুক্ত নয়নতুল্য পুষ্পের দ্বারা এবং জলরাশি তাদের ভ্রমর শোভিত নয়নতুল্য পদ্মের দ্বারা যেন বিস্মিত হয়েই পরস্পরের শোভা দেখছিল।৫ প্রভাত সমীরণের আঘাতে পদ্মিনী কাঁপছিল; ক্রুদ্ধা পদ্মিনী যেন ভ্রমরকে তার উপরে বসতে নিষেধ করছে—ভ্রমরের দেহ যে কুমুদিনীর পিঙ্গল রেণুতে রঞ্জিত। মানিনী[১] স্ত্রী কখনও পতির অন্য রমণী সংসর্গ সহ্য করতে পারে না।৬ ভ্রমরগুঞ্জনে চিত্ত আকৃষ্ট তাই হরিণ নিস্পন্দ হয়ে দাঁড়িয়ে আছে, ওদিকে হরিণকে বধ করতে অভিলাষী হয়েছে ব্যাধ—কিন্তু হৃষ্ট হংসের ধ্বনি শুনে সে লক্ষ্যের উপরে তার মনে একাগ্রতা স্থির রাখতে পারছে না।৭ কোন পর্বতের মধ্যদেশে

মেঘপুঞ্জ বর্তমান ; তার অবশিষ্ট জলের বর্ষণে নদীমুখ স্ফীত হয়েছে—সে এখন তুষারের মতো শুভ্রবর্ণ। তাকে মনে হচ্ছিল যেন হিমালয়ের সৌন্দর্যের অনুকরণ করছে।৮ জলপূর্ণ পর্বতকুঞ্জে কোন সিংহ নিজেই গর্জন ক'রে তার প্রতিধ্বনি শুনতে পেয়েছে—তার মনে হলো এবুঝি অন্য সিংহের গর্জন, তখন সে ক্রোধে লাফিয়ে পড়তে উদ্যত হলো।৯ রামচন্দ্র নববিকশিত পদ্মে শোভিত জলাশয় দেখতে পেলেন, ভ্রমর দলের গুঞ্জন শুনতে পেলেন এবং পদ্মস্পর্শে সুগন্ধ বহমান বায়ুর ঘ্রাণ নিতে লাগলেন।১০ রামচন্দ্র কৌতূহল বশে প্রত্যেকটি লতা নত করে বার বার পুষ্প চয়ন করতে লাগলেন, প্রত্যেক নদীর নিকটে বার বার গিয়ে মুখ প্রক্ষালন করলেন, প্রত্যেক শিলাতলে বার বার উপবেশন করে হাসিমুখে বসতে লাগলেন।১১ প্রভাতে রামচন্দ্র কিছু দূরে পূর্বদিকে অরুণরাগে রঞ্জিত জলরাশি দেখতে পেলেন ; তাঁর মনে হলো যেন সূর্যের তেজোরাশি গলিত হয়ে কিরণের ধারায় পৃথিবীতে এসে জমে আছে।১২ তিনি পরিষ্কার ও যেন তৈলাক্ত, ঋজু এবং আয়ত শস্যশ্রেণী দেখে তুষ্ট হলেন সেই শস্যশ্রেণী দিগন্ত বিস্তৃত এবং নয়নের লোভনীয় ; তাদের মধ্যে কোন আগাছা নেই।১৩ রামচন্দ্র গোচারণ ভূমিগুলি দেখলেন ; সে সব ভূমি জুড়ে আছে অকপট গোপগণ—তাদের কোন কৃত্রিম বেশভূষার শোভা নেই, স্ত্রী পুত্রের বিচ্ছেদজনিত দুঃখ কি তারা জানে না, তারা যথাসময়ে নির্দিষ্ট রাজস্ব দিয়ে থাকে।১৪ গোপাঙ্গনাদের স্ত্রীজাতির অলংকার স্বরূপ অপ্রগল্ভ চলন, অপাঙ্গদৃষ্টি না হলেও রমণীয় দৃষ্টি, আর সরল ও বিশ্বাসযোগ্য স্বভাব দেখে রামচন্দ্র আনন্দিত হলেন।১৫ দধি মন্থনের সময়ে দেহের দুই পার্শ্ব এদিকে ওদিকে আন্দোলিত হচ্ছে, অঙ্গপ্রত্যঙ্গ মধুরভাবে বিক্ষিপ্ত হচ্ছে, সুন্দর নিতম্ব উপরে ও নীচে উঠছে-নামছে, মন্থনদণ্ডের গম্ভীর শব্দের তালে তালে তাদের দেহ সঞ্চালন হচ্ছে—নৃত্যের মতো এই দৃশ্য দেখে তিনি প্রীতিলাভ করলেন।১৬ রামচন্দ্রের কৌতূহল বর্ধিত হলো বিচিত্র বর্ণে শোভিত মৃগদলকে দেখে : ওরা ভীরু স্বভাব, কাছেই উঁচুতে লাফিয়ে উঠছে, ছুটে যাচ্ছে বাতাসের অনুকূলে। ওরাই বর্ষার শেষে বনের শোভা বর্ধিত করছে।১৭ শ্বেতপদ্মরাজি এবং শ্বেতফেনপুঞ্জে আবৃত তীরভূমিতে শ্বেতকলহংসশ্রেণী মিশে অদৃশ্য হয়ে আছে—তাদের চেনা যাচ্ছে শুধু শ্রুতিসুখকর শব্দে।১৮ এমন জলই ছিল না যেখানে সুন্দর পদ্ম ছিল না। এমন পদ্ম ছিল না যাতে ভ্রমর বসে থাকে নি। এমন ভ্রমর ছিল না যে মধুর গুঞ্জন করে নি, আর এমন গুঞ্জন হয় নি যা লোকের চিত্ত আকর্ষণ করে নি।১৯ তপস্যায় শীর্ণ নিত্যযাজ্ঞিকগণ[৩] ভিক্ষুমুখ্যগণ সহ শান্তিজলপূর্ণ কুম্ভ হাতে, যাযাবরগণ এবং অন্যান্যরা—যাঁরা নিজেরাই অর্চনার যোগ্য তাঁরাই—জগৎ-পূজ্য রামচন্দ্রকে ফুল ও ফল দিয়ে অভ্যর্থনা জানালেন।২০ তারপর রাগদ্বেষাদি বর্জিত বিশ্বামিত্র[৪] যুদ্ধে রাক্ষসদের বিনাশ করবার ইচ্ছায় রামচন্দ্রকে জয়া ও বিজয়া মন্ত্রে যথাবিধি দীক্ষিত করলেন—এই মন্ত্র রাক্ষস বধে সমর্থ।২১ আসন্ন মহাযুদ্ধে রাক্ষসবধের জন্য মুনি তাঁকে যুদ্ধে স্থায়ী এবং অমোঘ অস্ত্রগুলি দান করলেন—তিনি ছিলেন রামের শুভবিষয়ে সচেতন।২২ রাম তপোবনের দিকে যাবেন এমন সময় এক রাক্ষসী তাঁর দিকে ছুটে এলো—ব্রাহ্মণ দেখামাত্র সে তাকে বধ করত। কাউকে জিঘাংসু বলে বুঝতে পারলেই রাম উজ্জ্বল অস্ত্র ধারণ ক'রে উঠতেন। তাড়কা নাম্নী সেই রাক্ষসীকে রাম বধ করলেন।২৩ এরপর রামচন্দ্র তপোবন দেখতে পেলেন ; তপোবনে বৃক্ষের পুষ্পফল

সমৃদ্ধ শাখাগুলি হোমাগ্নি শিখায় স্নিগ্ধ দেখাচ্ছিল—বেদপাঠ ধ্বনিতে চারিদিক থেকে উত্থিত পাখিদের মধুর কূজন সুস্পষ্ট শোনা যাচ্ছিল না।২৪ সেই তপোবনে পশুরাজগণ হরিণদের ভক্ষণ করত না, পাখিরা সর্বত্র বিশ্বস্তভাবে বিচরণ করত—লতাগুলিও যেন ফলদানের ইচ্ছায় অত্যন্ত নত হয়ে শোভা পেত।২৫ অতিথিসেবাকুশল প্রধান তাপসগণ পা ধোবার জল, আসন ও মালা দিয়ে তাদের অভ্যর্থনা করলেন। দুই রাজপুত্রও মধুপর্কের সঙ্গে সেই আসন প্রভৃতি গ্রহণ করলেন।২৬ তপস্বিগণ তাঁদের দুজনকে বললেন—দৈত্যদের দ্বারা পীড়িত হয়ে পৃথিবী যখন জলে মগ্ন হয়েছিল তখন আপনারা দুজনে বাহুবলে তার ভার ধারণ করেছিলেন। এখন আপনারা আমাদের যজ্ঞের হবি[৫] (অর্থাৎ যজ্ঞ) রক্ষা করুন।২৭ তারপর রামচন্দ্রও ঋষিদের বললেন—আপনারা ইচ্ছানুরূপ ধর্মকার্যের অনুষ্ঠান প্রস্তুত করুন। আপনাদের তপস্যারূপ বায়ুতে আমাদের শররূপ অগ্নি প্রজ্বলিত হয়ে শত্রুরূপ ইন্ধনকে দগ্ধকরুক।২৮ তারপর ঋষিগণ পর্যাপ্ত যজ্ঞিয় উপকরণ দিয়ে যথাবিধি যজ্ঞ শুরু করলেন। দক্ষিণার যোগ্য[৬] মহর্ষিদের উপদেশে ঋত্বিকগণ[৭] যখন যজ্ঞকর্ম আরম্ভ করলেন তখন রাক্ষসগণ তা জানতে পারল।২৯

তখন বর্ষাকালীন মেঘের মতো রাক্ষসেরা এসে আকাশ ছেয়ে ফেলল। ঘোর পিঙ্গলবর্ণ, রুক্ষ ও ঊর্ধ্বমুখী তাদের কেশ, জঙ্ঘা শিরাযুক্ত, পর্বতশৃঙ্গের মতো তারা উচ্চ এবং তাদের চক্ষু বৃহৎ ও পিঙ্গলবর্ণ।৩০ লক্ষ্মণ ধনুতে জ্যা আরোপণ ক'রে দৃঢ়-মুষ্টিতে স্থিরভাবে তা ধারণ করলেন। তারপর ঊর্ধ্বে দৃষ্টি নিক্ষেপ ক'রে তীক্ষ্ন শরধারী লক্ষ্মণ দক্ষিণ ঊরু সামান্য কুঞ্চিত করে, বাম জঙ্ঘাকে সম্পূর্ণ নত করে দ্রুত শর নিক্ষেপে সেই রাক্ষসদের বধ করলেন।৩১

মারীচের পরাজয়

গাধিপুত্র বিশ্বামিত্র দেখিয়ে দিলেন মায়াবী মারীচকে, যুদ্ধে যাকে হঠান যায় না—সে তখন উৎকট চীৎকার করছিল। অস্পষ্টু রামচন্দ্রও স্মিতমুখে তার উদ্দেশে এই সারগর্ভ বাণী উচ্চস্বরে উচ্চারণ করলেন।৩২ তুমি নরমাংসে উদর পূরণ কর—এদিকে যাঁরা ফলাহারী তাঁদের হিংসা কর। যাঁদের সম্পদ কাল পর্যন্ত স্থায়ী হয় না[৮] তাঁদের তুমি দয়া কর না কেন?৩৩ আমরা ব্রাহ্মণ বধ ক'রে খাই, যারা যজ্ঞের অনুষ্ঠাতা তাদের হত্যা করি আর নগরকে শ্মশানে পরিণত করি—এই আমাদের স্বধর্ম। বৈদিক ক্রিয়াকলাপে আমাদের অধিকারই নেই।৩৪ হে রাক্ষস! তোমার এই ধর্ম আছে সত্য, কিন্তু আমারও অন্য একটি ধর্ম আছে। (সেই ধর্মানুসারে) আমি ক্ষত্রিয়, ধনুর্বাণ ধারণ করে আমি তোমার মতো ব্রাহ্মণবিদ্বেষীকে বধ করব।৩৫ রাম ও নিশাচর এইভাবে যুদ্ধক্ষেত্রে বাক্‌যুদ্ধ ক'রে পরস্পরকে আঘাত করতে লাগলেন। তারপর রাম রাক্ষসকে তৃণের মতো জ্ঞান করে শরনিক্ষেপ করে যুদ্ধক্ষেত্র থেকে দূরে নিক্ষেপ করলেন[৯]।৩৬ ব্রাহ্মণদের মন প্রসন্ন হল, স্বর্গ থেকে পুষ্পবৃষ্টি শুরু হলো, যজ্ঞ নির্বিঘ্নে সমাপ্ত হলো। তখন বিশ্বামিত্র কুমারকে পুনরায় এই বাক্যে বললেন,৩৭ দেবতাদের জন্য অনুষ্ঠিত যজ্ঞে তুমি রাক্ষসবিজয়ী, তোমার মতো বীরপুরুষকে লাভ ক'রে পৃথিবী ইন্দ্রের দ্বারা অলঙ্কৃত স্বর্গের সম্মুখেও লজ্জিতা হন না।৩৮ যিনি বলিকে বন্ধন করেছিলেন,[১০] সমুদ্র মন্থন করেছিলেন,[১১] অমৃত

হরণ করেছিলেন,[১১] যিনি দানবজয় করেছিলেন এবং যিনি প্রলয় কালে দুর্গত পৃথিবীকে বহন করেছিলেন[১৩] তাঁর পক্ষে এ ভার তত গুরুতর নয়।৩৯

জনক রাজার সভায় রামলক্ষ্মণ : হরধনু ভঙ্গ

এইভাবে যজ্ঞান্তে প্রীতচিত্ত মুনি বিশ্বামিত্র মধুর ও হিতকর বাক্য বলতে বলতে রামচন্দ্রকে নিয়ে মিথিলারাজ জনকের যজ্ঞভূমিতে উপস্থিত হলেন—উদ্দেশ্য তাঁকে দিয়ে রাজাদের কীর্তি লোপ করা।৪০ এঁরা কি মিত্র এবং বরুণ না দুই অশ্বিনী-কুমার যজ্ঞে সোমরস পানের ইচ্ছায় এসেছেন?—সেই দুই নরশ্রেষ্ঠ নিজেদের রূপে জনকাশ্রম স্থিত সকলের মনে সন্দেহ সৃষ্টি করলেন।৪১ রামের বাহুবল পরীক্ষা করবার জন্য, পিনাকধারী শিব যে ধনুর দ্বারা দৈত্যপুরী ধ্বংস করেছিলেন[১৪] রামকে বললেন সেই ধনু গ্রহণ করতে ; রঘুনন্দন রাম হাসতে হাসতে সেই ধনুভঙ্গ[১৫] করলেন।৪২

রামসীতার পরিণয়

তারপর মিথিলারাজ[১৬] জনক রামকে কন্যাদান করবার ইচ্ছায় দক্ষ দূতগণকে পাঠালেন অযোধ্যায়—উদ্দেশ্য দশরথকে আমন্ত্রণ ক'রে আনানো। দূতগণ ছিলেন নদীসন্তরণকুশল, কোথায় কোন্ পর্বত আছে সেই বিষয়ে অভিজ্ঞ এবং অযোধ্যার পথের সঙ্গে পরিচিত। যোদ্ধাবহন করতে পারে এমন অশ্বে তাদের পাঠানো হলো।৪৩ রাজা দশরথ দূতগণের মুখে পুত্রদের কীর্তিকথা শুনে, বৃদ্ধ হলেও যুবাপুরুষদের ন্যায়, দ্রুতগামী অশ্বে যাত্রা করলেন এবং পথে কোনরূপ কষ্ট অনুভব না ক'রে ক্ষিপ্রগতিতে মিথিলায় উপস্থিত হলেন।৪৪ রাজা দশরথ নৃপতিগণের মান্যতম প্রিয়তম, পূজ্যতম ও পুণ্যের আধার ; শ্রেষ্ঠ যশসম্পন্ন মহান সেই দশরথ আজ গৃহে সমাগত। নিজেও বিপুলকীর্তি এবং দশরথের মতোই মহান গুরুজন-সদৃশ জনক তাঁকে অর্চনা করলেন।৪৫ মিথিলাধিপতি জনক দশরথকে বললেন 'আপনি ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের পারগামী। ইন্দ্র আপনাকে তার সঙ্গে একই আসনে বসিয়ে দেবগণের মধ্যে 'বিবেকী'[১৭] বলে পরিচিত হয়েছিলেন।৪৬ সীতা ছিলেন শালবৃক্ষে আশ্রিতা সঞ্চারিণী স্বর্ণলতার মতো, অন্তরীক্ষ থেকে বিচ্যুতা স্থিতিশীলা বিদ্যুতের মতো এবং চন্দ্রকান্তির অধিষ্ঠাত্রী দেবতার[১৮] মতো। এই সীতা তিনি রামচন্দ্রকে[১৯] দান করলেন।৪৭ বিশ্বহিতে ব্রতী রামচন্দ্র তাঁর নিজের পক্ষে হিতপরায়ণা, উত্তম রত্ন, মুক্তা ও সুবর্ণে ভূষিতা এবং রঘুবংশের সৌভাগ্যবর্ধনকারিণী সেই সীতাকে জনকের কাছে থেকে লাভ ক'রে বিবাহ করলেন।৪৮ তারপর এক মঙ্গলসূচক প্রভাতে দীর্ঘ পথযাত্রায় দক্ষ হস্তী, অশ্ব ও রাজন্যবর্গে পুষ্ট, বন্দীদের দ্বারা স্তূয়মান হৃষ্ট সেই বাহিনী রাজা দশরথের সঙ্গে অযোধ্যার দিকে যাত্রা করল।৪৯

পরশুরামের দর্পচূর্ণ

পথে ভীষণ দর্শন জমদগ্নি-পুত্র পরশুরাম রামের সম্মুখে উপস্থিত হলেন—তাঁর বিশাল বক্ষ, তাঁর দেহ পরিণত তালবৃক্ষের ন্যায় উন্নত, দুই বাহু জানু পর্যন্ত লম্বিত, হাতে ধনুর্বাণ।৫০ তিনি স্পর্ধিতকণ্ঠে রামচন্দ্রকে আহ্বান ক'রে বললেন – 'আমার এই

ধনুতে বাণ আরোপ কর, উপেক্ষা করে চলে যেও না'। সন্তানবৎসল রাজা দশরথ — যিনি পরশুরামের পরাক্রমের কথা জানতেন, তাঁকে অনুনয় করতে ইচ্ছুক হয়ে নম্রভাবে বললেন ৫১ হে পরশুরাম! আপনি বহুবার ক্ষত্রিয় রাজগণকে পরাজিত করে তাদের রক্তে পিতৃপুরুষের তর্পণ করেছেন। বর্তমানে আপনার কোন বিপক্ষ নেই; তাই ক্রোধ সংবরণ করুন, এই বালক রাম আপনার ক্রোধের লক্ষ্য এ রকম প্রত্যয় হতে পারে না।৫২ যখন পরশুরাম গর্বশত দশরথের উক্তি গ্রাহ্য করলেন না তখন রামচন্দ্র মহাশক্তিশালী বাণ যোজনা ক'রে ধনু আকর্ষণ করলেন, তারপর যে সমস্ত দিব্যলোক পরশুরাম অর্জন করেছিলেন সেই সমস্ত লোকে তাঁর গতি চিরকালের জন্য বন্ধ ক'রে দিলেন[২০]।৫৩ ক্ষত্রিয়গণের শত্রু পরাজিত হবার পর বৃদ্ধ রাজার আদেশক্রমে সৈন্যগণ প্রসন্ন চিত্তে বিভিন্ন পথে বিভক্ত হয়ে গেল এবং নির্ভয়ে উচ্চকণ্ঠে শব্দ করতে করতে অগ্রসর হলো।৫৪ সেই বাহিনী দ্রুত বেগে যাচ্ছিল। তার ফলে দূরের স্থান নিকটস্থ এবং নিকটস্থ স্থান দূরে রেখে চলতে লাগল—'কতদূর এলাম' এই সম্পর্কে কোন চেতনা তাদের ছিল না, এই ভাবে তারা ক্লান্তিহীন থেকে দ্রুত ধূলিহীন ও শোভাসম্পন্ন অযোধ্যানগরীতে উপস্থিত হলো।৫৫

।। ভট্টিকাব্যে সীতাপরিণয় নামক দ্বিতীয় সর্গ সমাপ্ত ।।

তৃতীয় সর্গ

যুদ্ধে রাক্ষসদের বধ করায় এবং ক্ষত্রিয়শত্রু পরশুরামের পরাজয় সম্পাদনে রামচন্দ্র যশে অত্যন্ত সমৃদ্ধ হয়ে উঠলেন। তিনি যার প্রিয় হন নাই এমন কোন লোকই অযোধ্যায় ছিল না।১

রামচন্দ্রের অভিষেক

পূর্ব থেকেই পুরবাসী প্রজা ও রাজকর্মচারী রাজার সুশাসনে সন্তুষ্ট ছিলেন। রাজা যখন স্পষ্ট ভাষায় ঘোষণা করলেন—'আমি জ্যেষ্ঠপুত্রকে যৌবরাজ্যে অভিষিক্ত করব' তখন তাঁরা আরও অধিক সন্তুষ্ট হলেন।২ মহারাজ তখন একটি সিংহাসন নির্মাণ করতে আদেশ দিলেন; সেই সিংহাসন হবে তপ্ত সোনার মতো সুন্দর কঠিন ধাতু দিয়ে নির্মিত, বিশেষ বিশেষ স্থানে থাকবে মূল্যবান রত্নের শোভা। ঐ সিংহাসন দেখতে হবে প্রজ্বলিত অগ্নির তুল্য, আর তার সঙ্গে থাকবে একটি পাদপীঠ।৩ তিনি তীর্থজল আনাবার জন্য স্বর্ণ কলস সঙ্গে দিয়ে চারদিকে পাঠিয়ে দিলেন দলে দলে পদচারী মানুষের দল; ওরা ছিল মহারাজ দশরথের নিজের অর্থে পুষ্ট, ব্যায়াম করা দৃঢ় দেহবন্ধনের অধিকারী।৪ রাজা কর্তব্যকর্মে নিযুক্ত করলেন স্ব স্ব কর্মে নিপুণ পুরুষদের—তাদের মধ্যে একদল নগরের পথগুলিকে জলসিক্ত করতে লাগল, একদল ধ্বজা উত্তোলন করতে লাগল, কোনদল আকাশে ধূপ[১] নিক্ষেপ করতে লাগল—কোন দল আবার বিচিত্রবর্ণের পুষ্পরাশি চারদিকে ছড়িয়ে দিতে লাগল।৫

কৈকেয়ীর বর প্রার্থনা

কৈকেয়ী রাজ্যমোহে অন্ধ হয়ে রামের অভিষেক সহ্য করতে পারলেন না। ভরত তখন মাতামহগৃহে ছিলেন, তাঁকে কিছু জিজ্ঞাসা না করেই তিনি রাজার নিকটে

রামচন্দ্রের বনবাসের[২] বর প্রার্থনা করলেন।৬ কানে কানে পরামর্শদাতাদের কুমন্ত্রণায় কৈকেয়ী রাজ্যলোভে আকৃষ্টা হলেন, তাছাড়া স্ত্রীসুলভ ক্ষুদ্রচিত্ততায় তাঁর মন এমনই বিকৃত হলো যে রাম বনবাস গেলে দশরথের মৃত্যু হবে, এবং তাতে জনসমাজে তাঁরই কলংক ছড়াবে—এই সব দোষের কথা তিনি বিচারই করলেন না।৭ রামচন্দ্রের বনবাসকে নিবৃত্ত করার জন্য দশরথ বহু ধন ও দেশ দেওয়ার প্রতিশ্রুতি দিলেও কৈকেয়ী তা অবজ্ঞা করলেন এবং তাঁর (রাজার) বুদ্ধিতে ভরতের রাজ্যাভিষেক: আর (সেই সঙ্গে) এক শোক-শল্য বিদ্ধ ক'রে দিলেন।৮

বনবাসযাত্রা

কৈকেয়ী বর প্রার্থনা করার পরে রামকে বনে নির্বাসিত করতে উদ্যোগী হয়ে রাজা শোক করতে করতে বনগমন অনুমোদন করলেন—সীতা ও লক্ষ্মণ এই দুই অনুচরের সঙ্গে সুমন্ত্র পরিচালিত রথে রাম বনে যাবেন।৯ প্রজাদের মধ্যে অনেকে রাজাকে নিষ্ঠুর বলে নিন্দা করতে লাগল, কেউ উচ্চকণ্ঠে রোদন করতে লাগল, কেউ কেউ বলতে লাগল, এটি ভরতের চক্রান্ত[৪]। অন্য সকলে ধিক্কার দিতে লাগল কৈকেয়ীকে।১০ আগামীকাল রাম বনে যাবেন এই কথা ভেবে প্রজাসাধারণ দুঃখে দগ্ধ হতে লাগল। তাদের মধ্যে যারা ধীরচিত্ত তারা শোক সম্বরণ ক'রে স্থির করল রামের সঙ্গে তারাও বনে যাবে।১১ বনে গমনের সময়ে শোকে মুহ্যমান জনতা যখন রাম-লক্ষ্মণের কাছে এলো তখন তাঁরা তাদের বললেন—আমাদের সৌভাগ্যে আপনারা শোক করছেন কেন? আমরা তো পিতার আদেশ পালন করতে পেরে কৃতার্থ।১২ যে পিতা আমাদের এই দেহ সৃষ্টি করেছেন, যিনি আমাদের বিপদে রক্ষা করেছেন এবং যিনি সর্বদা নিজের সম্পদে আমাদের পোষণ করেছেন—সেই পিতার মহোপকারের ঋণশোধ কি তুচ্ছ বনবাস দিয়ে সম্ভব?১৩ বনবাস তো তুচ্ছ, পিতামাতা যদি দুঃসাধ্য কার্যও সাধন করতে বলেন—তাও পুত্রের কর্তব্য। যে তা করে না তার বিদ্যুতের মতো জন্মেই মৃত্যু হওয়া ভালো, কিংবা তৃণের মতো উপর থেকে শুকিয়ে যাওয়া ভালো।১৪ 'হে পুরবাসিগণ! আপনারা ফিরে যান। আমার পিতাকে সান্ত্বনা দিয়ে তাঁর শোক দূর করুন—আমাকে ও ভরতকে ভিন্ন মনে করবেন না: পুরবাসীদের এই কথা বলে রামচন্দ্র সারথিকে বললেন 'তুমি রথ ফিরিয়ে নাও।'১৫ ঐ কথা বলার পরেও রামচন্দ্র ইঙ্গিতে বুঝতে পারলেন তাদের অনুগমনের সংকল্প। তিনি একরাত্রি তাদের সঙ্গে বনে কাটালেন, বনবাসের ভয় থেকে তাদের রক্ষা করলেন—তারপর প্রভাতে ছল ক'রে সেখান থেকে চলে গেলেন।১৬ পুরবাসিগণ করুণকণ্ঠে বিলাপ করতে করতে রোদন করতে লাগল—অশ্রুধারার সঙ্গে তাদের ঘন ঘন ঈষদুষ্ণ নিঃশ্বাস পড়তে লাগল। অবশেষে 'হায় রাম, হায় কি কষ্ট!' বলতে বলতে তারা অনিচ্ছুক চিত্তে ফিরে গেল।১৭ সারথি সুমন্ত্রও অত্যন্ত শোকার্ত হয়ে গঙ্গার জলে অশ্ব ও নিজের দেহ পবিত্র করলেন: তারপর রাম লক্ষ্মণ ও সীতাকে স্মরণ করতে করতে ঈষদুষ্ণ নিঃশ্বাস ফেলতে ফেলতে অযোধ্যা-পুরীতে প্রবেশ করলেন।১৮ ফিরে এসে প্রজাসাধারণ দেখল, অযোধ্যা নগরীর সকল কর্মচাঞ্চল্য শোকান্ধাকারে স্থগিত হয়ে গেছে, রাজন্য-নক্ষত্র যুক্তা হয়েও রামলক্ষ্মণবিরহিতা অযোধ্যানগরী যেন সূর্যচন্দ্রহীন নিস্তব্ধ আকাশের মতো[৫]।১৯ রাম বিনা সুমন্ত্রকে ফিরে আসতে দেখে রাজা দশরথ

হতাশায় সম্পূর্ণ ধৈর্যচ্যুত হলেন। তিনি মধুপান করতেন না, সুগন্ধ দ্রব্য ব্যবহার করতেন না, এমন কি সুন্দর বস্ত্র ও উত্তরীয়ও পরিধান করতেন না।২০ শোকের আধিক্যবশতঃ তিনি একস্থানে থাকতে পারতেন না। তিনি সকল প্রকার রাজকার্যে বীতস্পৃহ হয়ে পড়লেন। জ্বালাশান্তির জন্য চন্দন, উশীর, মৃণাল প্রভৃতি দেহে লেপন করলেও শোকাগ্নিতে দগ্ধ হয়ে দেবত্ব লাভ করলেন।২১ রাজার পত্নীগণ উচ্চকণ্ঠে রোদন করতে লাগলেন, কেশ উৎপাটিত করতে লাগলেন, নিজেদের দেহে আঘাত করতে লাগলেন। তারপর অলংকার খুলে ফেলে ভূমিতলে লুণ্ঠিত হলেন— হাতের কংকণ ভেঙে ফেললেন।২২ রাজার আত্মীয়গণ মহিষীদের সান্ত্বনা দিলেন; ভরতের প্রতীক্ষা ক'রে অবিলম্বে তাঁরা মৃতদেহ তৈলপাত্রে নিক্ষেপ করলেন এবং মন্ত্রীদের মত নিয়ে ভরতকে আনার জন্য সব যুবক দূত পাঠিয়ে দিলেন।২৩

ভরতের আগমন

ভরতও মাতামহের গৃহে অবস্থানকালে নিদ্রার মধ্যে স্বপ্ন দেখলেন, সূর্য আকাশ থেকে মাটিতে পড়ে জ্বলছে, (তার তাৎপর্যে) রাজার অমঙ্গল দেখে বন্ধুদের বললেন।২৪ দূতগণ ভরতের কাছে গিয়ে তাঁর গমনের ইচ্ছা জাগিয়ে তুললেন— মৃত্যুরূপ অমঙ্গলের কথা শোনালেন না। গমনের ইচ্ছার সঙ্গে গুরুজনদের সম্পর্কে উৎকণ্ঠিত হয়েই ভরত অযোধ্যার দিকে যাত্রা করলেন।২৫ দুঃস্বপ্ন দেখে এবং দূতের আগমনে স্নেহবশত বিহ্বল ভরত গুরুজনের মৃত্যু আশংকা করতে লাগলেন। (যাওয়ার পথে) শৃগাল ও হরিণগণ প্রতিকূলে যেতে-যেতে অমঙ্গলসূচক ভয়ানক শব্দ করতে লাগল।২৬ প্রবাসী ভরত অযোধ্যায় এসে পুরীতে প্রবেশ করবার সময়ে জনসমাগমজন্য কোন কোলাহল বা বেদপাঠের ধ্বনি শুনতে পেলেন না; বণিকদের ক্রয়বিক্রয়ের চিহ্নও ভরত দেখলেন না।২৭ ভরতকে উপস্থিত দেখে কৌশল্যা প্রভৃতি মাতৃগণ তাঁর কাছে এসে রাজার উদ্দেশে অশ্রুপূর্ণ নয়নে উচ্চকণ্ঠে রোদন করতে লাগলেন। পুরোহিত ও মন্ত্রীরা তাঁদের পেছনে যোদ্ধারাও—যাদের গলা এবং শিরা শোকের আতিশয্যে ফুলে উঠেছিল তারাও সকলে রোদন করতে লাগল।২৮ সীতার সঙ্গে রাম এবং লক্ষ্মণকে দেখতে ইচ্ছুক হয়ে চারদিকে দৃষ্টিপাত করেও ভরত যখন তাদের দেখতে পেলেন না তখন তিনি কাঁদতে কাঁদতে প্রশ্ন করলেন—তাঁরা তখন কৈকেয়ীর কীর্তিকথা সবই তাঁকে বললেন।২৯ ভরত ক্রোধে ললাটে ভয়ানক ভ্রূকুটি ক'রে শোকবশত স্ফীত, রক্তবর্ণ ও ভীষণ দৃষ্টিতে কৈকেয়ীকে বার বার তিরস্কার করতে লাগলেন। তিনি বার বার শোক-সাগরে নিমগ্ন হতে লাগলেন।৩০ কৈকেয়ীর নীচ কাজ[৭] কতই না অনর্থ ডেকে এনেছে - দুই রাজপুত্র সীতার সঙ্গে দুঃখ ভোগ করছেন, রাজা মৃত্যুবরণ করলেন, আপনারা বিধবা হলেন, আমরা নিন্দনীয় হলাম, পৃথিবী অরাজক হলো।৩১ 'এ মত আমার নয়'—এই বলে ভরত বার বার শপথ করলেন। অত্যধিক রোদন করতে করতে তিনি রাম ও পিতাকে আহ্বান ক'রে ভূমিতলে লুণ্ঠিত হতে লাগলেন।৩২ ব্রাহ্মণগণের সঙ্গে মন্ত্রিগণ এসে তাঁকে সান্ত্বনা দিলেন। নগর-সন্নিহিত শ্মশানে নরপতির মৃতদেহ বহন করে নিয়ে যাওয়া হল এবং পুরোহিত ভরতকে দিয়ে শেষ আহুতি দেবার জন্য যজ্ঞপাত্র সমূহ আহরণ করালেন।৩৩ রাজকর্মচারিগণ পট্টবস্ত্রের ধ্বজা উত্তোলন

করলেন ; বাদ্যকারগণ বেণু, মৃদঙ্গ, প্রভৃতি বাদ্য এবং উচ্চধ্বনিবিশিষ্ট শঙ্খ বাজাতে লাগল—সেখানে রাশি রাশি কুঙ্কুম ও চন্দন কাষ্ঠও তারা নিয়ে এলো।৩৪ ঋত্বিক ভরত রাজার চক্ষু, কর্ণ, নাসিকা ও মুখ সুবর্ণযুক্ত করে মৃগচর্মের উপরে পূর্বদিকে মস্তক রেখে শয়ন করালেন। তারপর তিনি শাস্ত্রানুযায়ী পাত্র আহরণ করে প্রজ্বলিত চিতার অগ্নিতে হোম করলেন।৩৫

ভরতের বনযাত্রা

পিন্ডদান, তর্পণ ও অস্থিসঞ্চয় প্রভৃতি শ্রাদ্ধক্রিয়া শেষ হলো। এর পর প্রজাগণ ভরতের রাজ্যাভিষেকের আয়োজন করল। কিন্তু ভরত সবিনয়ে অভিষেক ত্যাগ করে পুরবাসিগণের সঙ্গে রামচন্দ্রকে ফিরিয়ে আনবার জন্য অরণ্যের অভিমুখে যাত্রা করলেন।৩৬ হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈনাবাহিনীর সঙ্গে পুরবাসিগণ সমস্ত দিক ব্যাপ্ত করে অতি দ্রুত পথ চলতে লাগল, অসংখ্যতা বশতঃ অগম্য পথ ধরেও তারা অগ্রসর হলো। শোকের জন্য তারা বেশভূষা শূন্য হলেও তাদের দ্বারা পৃথিবী অপূর্ব শোভা ধারণ করল।৩৭ সৈন্যগণ বন থেকে পুষ্প ও ফল চয়ন করল, নদীতে স্নান করে পিতৃপুরুষের তর্পণ করল, সৈকত ভূমিতে নির্ভয়ে ক্রীড়া করতে লাগল। এই ভাবে ছায়া আশ্রয় করে বিশ্রাম করতে করতে তারা পথ চলতে লাগল।৩৮ তারা তমসানদীর তীরে উপস্থিত হলো : এই তীরভূমি গঙ্গাজলের সম্পর্কে অতি পবিত্র। তারা শ্রমের কাজ স্থগিত রেখে যমুনার পুণ্য সলিলে অবগাহন করতে গেল।৩৯ তারা ভরদ্বাজ মুনির আশ্রমে গেল : এখানে রামচন্দ্র এসে বিশ্রাম করেছিলেন, বৃক্ষের ফলে ক্ষুধা দূর করেছিলেন এবং নদীর শীতল জলে পিপাসা শান্ত করেছিলেন।৪০ তারা দেখল ভরদ্বাজমুনি শিষ্যদের পড়াচ্ছেন। এই শিষ্যগণ সংযতবাক্, তৃণভূমিশায়ী, সর্বদা যোগাভ্যাসী এবং মুক্তিকামী। তারা বিনয়বশতঃ পদব্রজে গিয়ে তাঁকে প্রণাম করল।৪১ মুনি এদের অতিথি সৎকার করতে ইচ্ছা করলেন ; তেজস্বী তাঁর যোগবলে কল্পবৃক্ষে ফল ফলালেন আর সুকোমল সুদীর্ঘ বস্ত্র নিঃসৃত করলেন।৪২ মুনির যোগবলে তপোবনে তিলোত্তমা প্রভৃতি অপ্সরাগণ আবির্ভূত হলেন[৮] ; তাঁরা মুনির আদেশ নিয়ে রাগসহকারে গান, শৃঙ্গারাদিভাবে নৃত্য, বিভ্রমের সঙ্গে প্রণাম এবং সুরুচিসঙ্গত ভাষায় কথা বলতে লাগলেন।৪৩ মুনি সকলের ইচ্ছানুরূপ অন্ন, পানীয়, বস্ত্র, শয্যা প্রভৃতি প্রস্তুত করিয়ে অবসর সময়ে এসে তাদের বললেন—তোমরা সকলে ইচ্ছানুযায়ী বস্ত্র পরিধান কর। যথেচ্ছ স্থানে উপবেশন কর, যথেচ্ছ পানীয় পান কর এবং যথেচ্ছ শয্যায় শয়ন কর।৪৪ তারা পরমানন্দে ভোজন করল। যথেচ্ছ উত্তম বস্ত্র পরিধান করল—তারপর সুখে রাত্রি কাটিয়ে প্রভাতে পথে এসে মন্দাকিনী নদীর দিকে দ্রুত যাত্রা করল। মন্দাকিনীর দুই তীরে রমণীয় বনের শোভা ; তাদের সঙ্গে রইল রথী, অশ্বারোহী এবং হস্তিপৃষ্ঠে আরূঢ় সৈন্যবাহিনী।৪৫ তারা বানপ্রস্থী মুনিদের কাছে রামের চিত্রকূট গমনের বৃত্তান্ত জেনে চিত্রকূটপর্বতের দিকে যাত্রা করল। এই চিত্রকূটের শিখর ছিল মেঘস্পর্শী ; সেখানে পাখিরা মধুর সুরে গান করে—অতি উচ্চ শিখরের সাহায্যে এই পর্বত সূর্যের ভ্রমণপথকেও রুদ্ধ করে দেয়।৪৬ সুমিত্রা-নন্দন (লক্ষ্মণ) যখন দেখলেন চারদিক আচ্ছাদিত করে সৈন্যদল আসছে তখন তিনি কবচ পরিধান করলেন। ধনুতে জ্যা আরোপ করে তীক্ষ্ণ শর হাতে নিয়ে যুদ্ধ করবার

ইচ্ছায় চক্ষু ও ভ্রূ উন্নত করে অপেক্ষা করতে লাগলো ।৪৭ শস্ত্রবস্ত্রপরিহিত এবং নিরস্ত্র অবস্থায় তাদের ধীরে ধীরে শোকার্ত হয়ে আসতে দেখে রামচন্দ্র বুঝলেন—ওঁরা নিজেরই বংশজাত, কোন দুর্বুদ্ধি নেই তাদের, তাঁকেই বন্দনা করতে তারা আসছে ।৪৮ রামের সমীপবর্তী স্থান তারা শোকাবেগে অস্থির হয়ে দেহ লুণ্ঠিত করে আলোড়িত করতে লাগল আর রামবিচ্ছেদশোকে মৃত রাজা দশরথের নাম উচ্চারণ করে উচ্চকণ্ঠে রোদন করতে লাগল ।৪৯ পিতার মৃত্যু সংবাদ শুনে রাম ও লক্ষ্মণ দুইজনে দীনকণ্ঠে উচ্চস্বরে বহুক্ষণ রোদন করলেন ; পরে নদীতে গিয়ে স্নান করে দুই অঞ্জলি জল নিয়ে পিতার উদ্দেশে তর্পণ করলেন ।৫০ রামচন্দ্র এই কথাগুলি অনুজ ভরতকে বললেন —পিতা অনায়াসসাধ্য বনবাসে আমাকে নিযুক্ত করেছেন, দুষ্কর রাজকার্যে নিযুক্ত করেছেন তোমাকে। সুতরাং হে বীর! তুমি শোক পরিত্যাগ কর এবং পিতৃদত্ত রাজ্যভার বহন কর ।৫১ তুমি জ্ঞানবৃদ্ধগণের উপদেশ শুনেছ—তুমি কৃতী ও বুদ্ধিমান। তা সত্ত্বেও তুমি যদি পিতার আদেশ পালন না কর, তবে অন্য লোকের বংশলোপের উপক্রম হলেও পুত্রলাভের কামনা কেন হবে ?৫২ যদি আমার কথায় শ্রদ্ধা পোষণ কর, যদি জ্যেষ্ঠ আমি থাকতেও প্রভুত্ব করতে না চাও এবং যদি পিতার নির্দেশের অবাধ্য হওয়াকে লজ্জাকর মনে কর তবে শংকা দূর কর। অযোধ্যায় ফিরে যাও এবং রাজ্য পালন কর ।৫৩ যে-রাজ্যভার বহন করবার জন্য উপযুক্ত জ্যেষ্ঠ পুত্র বর্তমান, আমি কনিষ্ঠ হয়ে তার বহনে কেন উৎসাহিত হব ? সুতরাং বংশের কীর্তি-লোপকারী এই কাজে আমাকে নিযুক্ত করবেন না—ভরতও রামচন্দ্রকে এই ধর্মানুমোদিত বাক্য বললেন ।৫৪ এই বলশালী হস্তী ও অশ্ব, এই রাজযোগ্য রত্নরাজি এবং এই ক্ষত্রিয়কুল সবই আপনার। আপনি থাকতে আমি রাজা হব—এই পাপবার্তা শান্ত হোক ।৫৫ ভরত এই কথা বললে রামচন্দ্র বললেন - ভরত! আমার পাদুকা নিয়ে তুমি যাও। সর্বপ্রকার শঙ্কা থেকে মুক্ত হয়ে, জনসাধারণের পূজিত হয়ে, আমার মত অনুযায়ী সমগ্র রাজ্য শাসন কর ।৫৬

॥ ভট্টিকাব্যে রামপ্রবাস নামক তৃতীয় সর্গ সমাপ্ত ॥

চতুর্থ সর্গ

বিরাধ-বধ

ভরত চলে যাবার পর রামচন্দ্র অত্রি মুনির তপোবনে গেলেন। সেখানে মুনিগণ তাঁকে বন্দনা করলেন ; তারপর তিনি গেলেন দণ্ডকারণ্যে ।১ লক্ষ্মণ ও সীতার সঙ্গে রামচন্দ্র যখন মহারণ্যে ইতস্তত ভ্রমণ করছেন এমন সময় এক ভয়ংকর ক্ষুধার্ত রাক্ষস বলপূর্বক রামলক্ষ্মণকে তুলে নিয়ে অপহরণ করল ।২ সেই রাক্ষসের নাম বিরাধ। যমের পক্ষেও দুর্দমনীয় সেই রাক্ষসের দুইটি বাহু ভেঙে ফেলে তাঁরা তারা মাথা নীচে ও পা উপরে রেখে মাটিতে প্রোথিত করলেন ।৩ বিরাধ-বধের পর রঘুশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণ বৈদিকশ্রীমণ্ডিত শরণার্থিগণের আশ্রয়স্থল শরভঙ্গমুনির আশ্রমে উপস্থিত হলেন ।৪ শরভঙ্গমুনি নিকটবর্তী সুতীক্ষ্ণমুনির আশ্রম নির্দেশ ক'রে রামের সামনেই অগ্নিতে নিজের দেহ আহুতি প্রদান করলেন ।৫ আপনারা এখানে আসবেন এই আশায় আমি এতকাল এই বনে আছি। আপনাদের দর্শন পেয়েছি,

আপনাদের মঙ্গল হোক। আমি এখন নিজের পুণ্যে অর্জিত লোকে যাত্রা করছি।৬ শরভঙ্গমুনি অগ্নিতে ভস্মীভূত হবার পর রামচন্দ্র সুতীক্ষ্ণমুনির আশ্রমের নিকটে এক কুটিরে বাস করতে লাগলেন। তিনি সকল সময় মুনিদের আশ্রমে ভ্রমণ করতেন।৭ বাসযোগ্য বনে বনে রামচন্দ্র পর্ণশয্যায় শুয়ে দিন কাটাতে লাগলেন। অতিথি সংকার করবার জন্য তিনি শয্যা ত্যাগ করেই পশু শিকার ক'রে বিচরণ করতেন।৮ ঋক্, যজু ও সামবেদে অভিজ্ঞ মুনিগণকে রামচন্দ্র যথারীতি সম্মান প্রদর্শন করতেন। তিনি নিত্য হোম করতেন এবং কাষ্ঠাগ্রে সংস্কৃত মাংস দেবতাদের নিবেদন ক'রে নিজে আহার করতেন।৯ রাক্ষসশত্রু শ্রীরামচন্দ্র তাঁত থেকে উৎপন্ন নতুন বস্ত্রের ন্যায় বল্কলদ্বয় পরিধান করতেন, বর্ম পরিধান ক'রে তিনি খড়্গ ও ধনুর্বাণে সজ্জিত হয়ে ব্রাহ্মণদের বিপদ থেকে রক্ষা করতেন।১০ যে সকল বনে গাভীসমূহ বিচরণ ক'রে তৃপ্ত হয় এবং যে সকল বনে মুনিগণ ফলাহারে তৃপ্ত হন—এইরূপ বন ত্যাগ ক'রে হিংস্রজন্তুসংহারক তিনি অন্যবনে নির্ভয়ে ভ্রমণ করতেন।১১ নানাদেশে ভ্রমণ ক'রে দৈহিক ক্লেশে জীবিকার্জনে রত লোকদের উপর যারা অত্যাচার করে রামচন্দ্র দীপ্ত অস্ত্র ধারণ ক'রে তাদের শাসন করতেন, সোমযাজীদের[১] পূজা করতেন এবং শ্রেষ্ঠ ব্রাহ্মণ-ভূয়িষ্ঠ নিকটস্থ আশ্রমগুলিতে বিচরণ করতেন।১২ তিনি আজ, গতকাল, আগামীকাল, পরশু—প্রতিদিন মাঠ থেকে গাভীদের আগমন কাল থেকে আরম্ভ ক'রে তাদের স্থিতিকাল পর্যন্ত সন্ধ্যার মন্ত্র জপ করতেন; প্রভাতে পাখিদের আগে শয্যা ত্যাগ করে সূর্য প্রণাম করতেন, প্রাতঃসন্ধ্যা জপ করতেন—তারপর মুনিশ্রেষ্ঠদের ভালোমন্দের তত্ত্বাবধান করতেন। এভাবে তিনি তাঁদের প্রিয়পাত্র হয়ে উঠলেন।১৩-১৪

শূর্পণখা

তারপর একদিন রামচন্দ্র পর্ণকুটিরে বসে আছেন এমন সময় এক লজ্জাহীনা রাক্ষসী[২] তাঁকে দেখতে পেল। কিন্তু তাঁকে বিবাহিত দেখে উপেক্ষা করে লক্ষ্মণের কাছে গিয়ে সেই পাপীরাক্ষসী কামনা প্রকাশ করল।১৫ তার কটিদেশ বলিমণ্ডিত, দু'টি নয়ন আকর্ণবিস্তৃত—তার বাক্যমাধুরী এবং চর্মের মসৃণতা সর্বোৎকৃষ্ট। সে দেখতে প্রতিপদের চন্দ্রের মতো অতি সুন্দরী[৩]।১৬ তার দু'টি চরণ দেখতে সুন্দর, দু'টি উরু হস্তিশুণ্ডের ন্যায়, দুই হাতের তলদেশ ও অঙ্গুলি কোমল এবং নিবিড় জঘনদেশ স্থূল।১৭ উন্নত নাসিকা, শুভ্র দন্ত, কর্ণে দোলায়মান দুই কুণ্ডলযুক্ত মুখ নিয়ে আর গলায় মালা ও মুখে সুমধুর হাসি—তাকে যে দেখবে তাকেই আনন্দিত করবে।১৮ যৌনভঙ্গিতে বিচরণ করতে করতে সেই রাক্ষসী রঘুশ্রেষ্ঠ লক্ষ্মণকে পতিরূপে কামনা করল। তারপর তার কাছে গিয়ে মধুর ভাষায় তাঁকে অনুকূল করবার জন্য নিজের ইচ্ছা ব্যক্ত করল।১৯ হে সুমিত্রা নন্দন! আমি তোমার অভিলাষিণী—তোমার বশবর্তিনী, তোমার ভোগের অনুকূল। আমি আজীবন তোমার সহচরী হয়ে থাকব; তুমি নিশঙ্ক হয়ে কমনীয়া পুরুষজীবনবর্ধিনী আমাকে বিবাহ কর!২০ লক্ষ্মণ তাকে বল্লেন—পূর্বে গোষ্ঠ থাকলেও এখন এই বন হিংস্র জন্তুর বাসভূমি, স্ত্রী-পুরুষের ভয়জনক। তুমি অসূর্যম্পশ্যা, তুমি এখানে কেন এমন বেপরোয়া বিচরণ করে বেড়াচ্ছ?২১ তুমি দীপ্তিময়ী, দেবতার ন্যায় রূপময়ী!—তবে

কেন মানুষকে পতিরূপে কামনা ক'রে এই বনে অপসরাদের মতো স্বৈরিণী হয়ে বিচরণ করছ ?২২ এই বন ভীষণদর্শন জন্তুতে পূর্ণ ; তুমি এখানে শালীনতা ত্যাগ করে কামুক পুরুষের প্রার্থনায় দক্ষতা অর্জন করেছ। তোমার কি পতি নেই ?২৩ কুটিরে রাঘব আছেন, তাঁর আয়ত লোচন। কান্তাসমন্বিত তিনি আমার প্রভু, তুমি নিভৃতে তাঁকে পতিরূপে কামনা কর।২৪ তাঁর স্কন্ধদেশ চন্দনে লিপ্ত, মুখ কুন্ডলে শোভিত, বাহুদ্বয় আজানুলম্বিত এবং যুদ্ধে তিনি সর্ব কর্মসাধনে সমর্থ—তাঁকে তুমি বরণ কর)।২৫ তিনি দুর্বলের রক্ষার জন্যই কটিদেশে অসি এবং অন্যের পক্ষে দুর্বহ শরযুক্ত যেন পাথরের ধনু ধারণ করেন।২৬ তিনি যুদ্ধে যজ্ঞবিঘ্নকারীদের পরাজয়কারী, সর্বদা ধর্মাচরণরত। এই বনে মুনিগণ তাঁকে পেয়ে স্ত্রী ও হোমধেনুদের সকল ভয় থেকে মুক্ত হয়েছেন।২৭ তখন ফিরে গিয়ে সেই রাক্ষসী 'হে রাম, আপনি আমাকে বিবাহ করুন'—আদরের সঙ্গে এই কথা বলতে বলতে রামচন্দ্রের গৃহে প্রবেশ করল।২৮ রামচন্দ্র তাকে বললেন, ঐ লক্ষ্মণের স্ত্রী নেই। আমার স্ত্রী আছে ; সে তোমাকে পতিরূপে অধিক পোষণ করবে তুমি তার কাছেই যাও, ছেড়ে দিও না।২৯ কামার্তা গাভী যেমন বৃষের দিকে ছুটে যায় তেমনি মদন শরাহত কামবেদনাতুর রাক্ষসী পুনরায় লক্ষ্মণের কাছে ছুটে গেল।৩০ তাকে আবার কাছে আসতে দেখে তাকে ছেদন করবার জন্য লক্ষ্মণের আগ্রহ হল। তিনি কটিদেশ থেকে অসি নিষ্কাসিত করে তার মুখ থেকে নাসিকা ছেদন করলেন।৩১ সেই রাক্ষসী বলল—আমি রাক্ষসী, শূর্পণখা। তুমি আমাকে জান না, তাই আমাকে এমন দন্ড দিতে সাহস করলে যার চিকিৎসা একমাত্র পরজন্মেই সম্ভব।৩২ রাক্ষসী আকাশে উঠে গিয়ে ভীষণ মূর্তিতে আত্মপ্রকাশ করল এবং ধ্বংস করতে ইচ্ছুক হয়ে আক্রোশ প্রকাশ করতে লাগল আর জ্ঞাতিবর্গের শক্তির কথা বাড়িয়ে বলতে লাগল।৩৩

খরদূষণ সংবাদ

রামচন্দ্রের সঙ্গে যুদ্ধ বাধিয়ে দেবার জন্য সেই রাক্ষসী দন্ডকারণ্যবাসী তার দুই ভ্রাতা খর ও দূষণের সামনে গিয়ে বিলাপ করতে লাগল।৩৪ রাক্ষসী বলল—ভাগ্যবতী কৈকেয়ীর পুত্র ভরতের জন্য ভাগ্যহীনা কৌশল্যা ও সুমিত্রার যে দুই পুত্র নির্বাসিত হয়েছে তারা আমার কি করেছে একবার দেখ।৩৫ রাবণ আমার প্রভু আর তোমরা আমার দুই ভাই থাকতে এই ক্ষুদ্র তপস্বী আমার নাসিকা ছেদন করেছে। এটি যদি তোমরা ক্ষমার যোগ্য মনে কর তবে ক্ষমা কর।৩৬ যারা অসংস্কৃত বসন (অর্থাৎ বল্কল) পরিধান করে, বন্য ফল আহার করে এবং যারা পরিবার পালন করে না—তারা নীচ হয়েও আমাকে অপমানিত করল।৩৭ খর ও দূষণ—দুই ভাই তখন সেই রাক্ষসীকে বলল—কালই (অর্থাৎ শীঘ্রই) তুমি শ্রেষ্ঠ কল্যাণের অধিকারী হবে। তোমার সম্মান রক্ষার জন্যই আমরা প্রাণ ধারণ করছি।[৪] তুমি স্বস্থানে গমন কর, আশ্বস্ত হও, রোদন করো না।৩৮ হে ভীরু। অপরাধ না করলেও আমরা দিনরাত মানুষ ভক্ষণ ক'রে থাকি। সেই ক্ষেত্রে যারা আমাদের ক্ষতি করে তাদের আমরা ক্ষমা করবো—এ কি ক'রে সম্ভব ?৩৯ তখন খর ও দূষণ চতুর্দশ সহস্র সৈন্যে গঠিত এক বিশাল বাহিনীসহ যুদ্ধযাত্রা করল—এই বাহিনীতে ছিল পারশ্বধিক (পরশু বা

কুঠার নিয়ে যারা যুদ্ধ করে), ধানুষ্ক (ধনু যাদের অস্ত্র), শাক্তিক এবং প্রাসিক (প্রাস অর্থাৎ বর্শা যাদের অস্ত্র)।৪০ রাম ও লক্ষ্মণ দেখলেন অতি ভয়ঙ্কর রাক্ষসদল সামনে এগিয়ে আসছে—তাদের কারও বহু মস্তক, কারও বা দুইটি, কারও তিনটি। তাঁরা তীর নিক্ষেপ ক'রে তাদের সংহার করলেন।৪১ সেই সকল রাক্ষসের মধ্যে কারও অঙ্গ ছিন্ন হল, কারও ভেঙে, কারও বেঁকে, কারও পিষ্ট হয়ে, কারও বা বিদীর্ণ বা বিপন্ন হয়ে গেল। কেউ মরল, কেউ ভয়ে পালাল, অনেকে উদ্বিগ্ন, আবার অনেকে যুদ্ধ করতে না পেরে লজ্জিত হল, অনেকে পুত্রাদির শোকে বিহ্বল হয়ে পড়ল। পৃথিবী আচ্ছন্ন হল এই সব বিচিত্র সৈন্যে।৪২ এদের মধ্যে কেউ কেউ কাঁপতে লাগলো, কেউ গভীর পরিতাপে আচ্ছন্ন হল, কেউ রক্ত বমি করতে লাগলো—কিন্তু কেউ দীপ্তি লাভ করল না।৪৩ তারপর দক্ষিণ দিকে ব্যাধের বাণে বিদ্ধ মৃগ যেমন ব্যাধের দিকেই মরবার জন্য ছুটে আসে, তৃষ্ণার্ত মানুষ যেমন মরুভূমিতে তপ্ত বালুকার দিকেই ধাবিত হয়, ভীত সর্প যেমন উগ্রমুখ পক্ষিরাজ গরুড়ের দিকেই ছুটে চলে, তেমনি খরদূষণের অন্য ভ্রাতা ত্রিশিরা নামক রাক্ষসও রঘুনন্দন রামচন্দ্রের দিকে ধাবিত হল।৪৪ রামচন্দ্রের তীক্ষ্ন বাণে সব মস্তকই ছিন্ন হওয়ায় মনে হল ত্রিশিরা যেন একটি পর্বত—যার শৃঙ্গগুলি ভূমিকম্পে ভিন্ন ও বিদীর্ণ হয়ে গেছে। মনে হল সে যেন সমস্ত রাক্ষসবংশ বিনাশের পূর্ব-চিহ্নস্বরূপ, সুতরাং রাক্ষসগণের ভীতির কারণ।৪৫

॥ ভট্টিকাব্যে রামনির্বাসন নামক চতুর্থ সর্গ সমাপ্ত ॥

পঞ্চম সর্গ

খর ও দূষণ যুদ্ধ ঘিরে কখনও শত্রুর নিক্ষিপ্ত বাণ প্রতিহত করতে লাগল, কখনও শত্রুর সামনে অটলভাবে দাঁড়িয়ে রইল, কখনও বা মায়াবশে দেহ ধারণ করল, কখনও বা ঊর্ধ্বে লাফিয়ে উঠলো আবার কখনও শত্রুর নিক্ষিপ্ত অস্ত্রাঘাত সহ্য ক'রে ফিরতে লাগলো[১]।১ খর ও দূষণ হস্তে খড়্গ, মুসল, বর্শা, চক্র, বাণ ও গদা ধারণ ক'রে ধূলি সমাচ্ছন্ন রণক্ষেত্রে অস্ত্রজালের ছায়া বিস্তার করল।২ তারপর যুদ্ধে অপ্রমত্ত রঘুশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণ তীক্ষ্ন লোহফলকযুক্ত বাণের দ্বারা বার বার মর্মস্থলে বিদ্ধ ক'রে দুই শত্রু খর ও দূষণকে যমালয়ে প্রেরণ করলেন।৩

রাবণ সমীপে শূর্পণখা

বান্ধবহীনা শূর্পণখা[২] তখন সেই বন থেকে সমুদ্রের পারে স্থিত লঙ্কাবাসী প্রভু রাবণের শরণাপন্না হল।৪ সে রাক্ষসগণের সভায় উপস্থিত হয়ে কাঁদতে লাগলো এবং ক্রোধে বিহ্বল হয়ে খর ও দূষণের নাম উচ্চারণ ক'রে ভাইদের জন্য রাবণের নিকটে অশ্রু বিসর্জন করতে লাগলো।৫ হে বীর! যে দুই রাক্ষসশ্রেষ্ঠ দণ্ডকারণ্যে বাস করতো দু'জন মানুষ যুদ্ধে ভৃত্যগণের সঙ্গে তাদের ভূমিশায়ী করেছে[৩]।৬ বৃহস্পতি যাঁর পুরোহিত, কার্তিকেয় যাঁর সেনাপতি সেই ইন্দ্রের সঙ্গে তোমার কলহ অথচ তুমি উদ্যমহীন! এ তোমার কী নীতি?৭ হে প্রভু! যদি আমি বিকৃতনাসিকা[৪]

ও বান্ধবশূন্যা হয়ে না আসতাম তাহলে তুমি এসব কথা জানতেই পারতে না। কারণ তোমার গুপ্তচর ব্যবস্থা অত্যন্ত দুর্বল।৮ শত্রুদল ভবিষ্যতে যা করবে রাজার তা জানা উচিত। যা তারা ক'রে ফেলেছে তা তো অবশ্যই জ্ঞাতব্য। কিন্তু তুমি শত্রুকৃত অপকারের কথাও জানো না। সুতরাং তুমি মোটেই জয়ে আগ্রহী বিজিগীষু নৃপতি নও।৯ তুমি স্থায়ী ঐশ্বর্যলাভ করতে পারবে না। কেননা, অনুরূপ অনুচরপরিবৃত হয়ে তুমি অলস শয্যাশায়ী, প্রমাদযুক্ত, পাননিপুণ, উদ্ভ্রান্তচিত্ত হয়ে পড়েছ।১০ ইন্দ্র এখন সোমযাজী মুনি-অধ্যুষিত আশ্রমগুলিতে আহিতাগ্নি-মুনি-পরিবৃত নিজের যজ্ঞগুলিতে যজ্ঞভাগ গ্রহণ করতে আসছেন। (সেই ভাগ এতকাল রাক্ষসদের জন্যই নির্দিষ্ট ছিল।)১১ রাক্ষসগণ এখন আর ছানা,[৫] যজ্ঞীয় পিষ্টক বা হোমের ঘৃত[৬] কিছুই নষ্ট করে না।১২ রামচন্দ্রের যুবতী ভার্যা আছে। তিনি ধনু ধারণ ক'রে ভূমিতে থেকেও আকাশবিহারী যজ্ঞদ্বেষী রাক্ষসগণকে যমতুল্য শরের দ্বারা নিহত করছেন।১৩ দেবগণ ওষ্ঠের দ্বারা গ্রহণযোগ্য[৭] কোমল যজ্ঞীয় পশুর মাংস আহার করছেন। কিন্তু রাক্ষসগণ রামের ভয়ে ভীত হয়ে দশদিকে পালিয়ে যাচ্ছে।১৪ বুদ্ধিকে কুশাগ্রের ন্যায় তীক্ষ্ন কর, যথেচ্ছ বিচরণ ত্যাগ কর এবং পুরুষ-পরম্পরায় প্রাপ্ত ঐশ্বর্য যাতে পুত্রপৌত্রাদির অধিকারে আসে সেই ব্যবস্থা কর।১৫ সহায়সম্পন্ন, উদ্যোগী ও মন্ত্রকুশল পুরুষগণ যে লক্ষ্মীকে লাভ করেও মনে করেন অলব্ধ—তুমি সেই লক্ষ্মীকে করায়ত্ত করে আশ্বস্ত থেকো না।১৬ পুরুষসঙ্গকামা লক্ষ্মী পতির নিকটে থেকেও কৌতূহলে কুলটা রমণীর ন্যায় ছলে অন্যের দিকে দৃষ্টিপাত করে।১৭ সেই রামচন্দ্রের প্রিয় পত্নী রূপবতী নারীগণের মধ্যে শ্রেষ্ঠ,[৮] এবং হংসগামিনী। তিনি দূর্বাকাণ্ডের ন্যায় ক্ষীণকটি[৯] এবং বটকাণ্ডের ন্যায় বিশালনিতম্বা।১৮ যে তার মুখ দেখে নি, যে তার অধরে চুম্বন করে নি কিংবা যে তার মধুর বাক্য শোনে নি, বৃথাই বিধাতা তাকে ইন্দ্রিয়গুলি দিয়েছেন।১৯ ঐ রমণী ইন্দ্রিয়ের উপভোগ্য রূপরস প্রভৃতি বিষয়গুলির মধ্যে শ্রেষ্ঠ। ঐ রমণী যার অঙ্কশায়িনী তারই আনন্দ, তাকে ত্যাগ ক'রে অন্য রমণীর সঙ্গে শয্যায় শয়ন ধিক্কারের যোগ্য বলেই আমার মনে হয়।২০ ঐ রমণীকে দেখে তাকে পাবার জন্য চিত্তের উদ্বেগ হবে না, এমন লোক তো আমি দেখি না। সুতরাং ত্রৈলোক্যের বিনিময়েও তাকে আয়ত্ত ক'রে তুমি সার্থক হও।২১ ইন্দ্রাণী, রুদ্রাণী, বরুণানী, রোহিণী, অগ্নায়ী, (অগ্নির স্ত্রী) বা মনাবী (মনুর স্ত্রী) কোন সীমন্তিনীই তাঁর তুল্য নয়।২২ রাক্ষসরাজ রাবণ প্রত্যুত্তরে শূর্পনখাকে বললেন - হে নিশাচরি! তুমি আশ্বস্ত হও। তুমি কেন ভয় করছ? ক্ষোভ ত্যাগ কর। হে বহুভাষিণি![১০] আমি রাবণ।২৩ ইন্দ্র আমার উপাসনা করে। আমার দর্শনপ্রার্থী হয়ে এলে আমার দণ্ডধর প্রহরীরা তাকে বাধা দেয়, আমি কুৎসিত কটাক্ষে তার দিকে অনাদরে দৃষ্টিপাত করি—তবু সে আমার আজ্ঞালাভের জন্য উন্মুখ হয়ে থাকে।২৪ ইন্দ্রের কঠিন বজ্র আমার বক্ষে পতিত হওয়ায় তার কোটির অগ্রভাগ চূর্ণ হয়েছিল কিন্তু শতধা বিদীর্ণ হয় নি—এই জন্যই সে নিজেকে বলবান ও দৃঢ় মনে করে।২৫ আমি ঐরাবত হস্তীকে লঙ্কার বৃক্ষে বন্ধন করেছিলাম; কিন্তু বন্ধনের অনুপযোগী বুঝে আমি কি তাকে তৃণের মতো ত্যাগ করি নি?২৬ তুমি আমার পুরুষকার[১১] দেখ। আমার এই লঙ্কাপুরী উৎকৃষ্ট রত্নের আলোকেই অন্ধকারশূন্য; তবু আমার ভয়ে এখানে নিত্য পূর্ণচন্দ্রের উদয় হয়।২৭ আমি দেবরাজ ইন্দ্রের সমস্ত

রত্নহরণ করেছি, রাক্ষসগণের বিরুদ্ধে তার সমস্ত উদ্যোগ নষ্ট করেছি। সে এখন স্বর্গে বাস করেও আমাকে কর দিয়ে থাকে। এইভাবে সর্বপ্রকারে লাঞ্ছিত ইন্দ্র কি নিজ পত্নীর নিকটে সলজ্জভাবে গমন করে না ?২৮ আমার শক্তির কোন তুলনা হয় না। তাই রামচন্দ্রের সঙ্গে আমার কলহ লজ্জাজনক। তবু তোমার প্রার্থনায় আমি তার নিগ্রহের ব্যবস্থা করছি।২৯ এই কথা বলেই মনের তুল্য বেগশালী দশানন তীক্ষ্ণাস্ত্র নিয়ে আকাশে উঠে সমুদ্রতীরবাসী মারীচের উদ্দেশে যাত্রা করলেন।৩০

রাবণ ও মারীচ

মারীচের নিকটে অবতীর্ণ হয়ে দশানন তাকে শূর্পণখা বর্ণিত বৃত্তান্ত শোনালেন। তখন বৃত্তান্ত শুনে ভীত হয়ে মারীচ দশাননকে বলল, ৩১ হে রাক্ষসরাজ ! যুদ্ধে শত্রুগণ যাঁর কাছে যেতে পারে না যিনি দৃঢ়মুষ্টিতে ধনু ধারণ করেন, তাঁর কাছ থেকে তুমি পালিয়ে যাও।৩২ যে কার্তবীর্যার্জুন[১২] তোমাকে হীনজনোচিত সন্ধি করিয়েছিলেন তার যিনি সর্বলোকজয়ী হন্তা সেই পরশুরামকে এই রামচন্দ্র জয় করেছেন।৩৩ তাড়কা যমের মুখ দেখে তাঁর বিক্রম জেনেছে। আমি নিজেকে বীর মনে করতাম কিন্তু সিংহনাদী রামের এক বাণে আমি রণস্থল থেকে দূরে নিক্ষিপ্ত হয়েছি। সুতরাং আমিও তার বিক্রম জানি।৩৪ রামচন্দ্র যেমন তোমার পরাক্রম জানেন না, তুমি তেমন তার পরাক্রম জান না। আমি তাঁকে জেনেছি, তিনিও আমাকে জেনেছেন।৩৫ রামচন্দ্র অস্ত্রধারীদের মধ্যে শ্রেষ্ঠ, তাঁর কাছে আমরা হীনবীর্য। তিনি মিথিলার যজ্ঞান্তে সেই ধনু ভেঙেছেন যার গুণারোপে কন্যা ছিল শুল্করূপে দেয়।৩৬ তাঁর সঙ্গে যুদ্ধ করেছে এমন খর ও দূষণ তাঁর শক্তি বুঝেছে। আর সোমযাজী মুনিগণের সঙ্গে আহিতাগ্নি মুনিগণ যাদের রামচন্দ্র যজ্ঞে রক্ষা করেছিলেন—সবাই তাঁর শক্তি জানেন।৩৭ তুমি সুখী, সুরাপায়ী, নরখাদক ও মাল্যধারী হয়ে নারীগণের সঙ্গে লংকায় বিহার কর। বলবান্ রামচন্দ্রের সঙ্গে বিরোধ করো না।৩৮ রাবণ তখন মারীচকে ভয়ংকর গর্জন করে বললেন, রামচন্দ্র যদি অতিবৃদ্ধ পরশুরামকে জয় করেই থাকেন তাতে তার কি পৌরুষ প্রমাণিত হয়েছে ?৩৯ লজ্জা ও ভয় যার অলংকার রামচন্দ্র সেই তাড়কাকে বধ করেছেন। স্ত্রীলোকের প্রতি এই আচরণ যদি প্রশংসনীয় হয় তবে ক্ষুদ্রচিত্ত মানুষে পূর্ণ এই পৃথিবীকে ধিক্।৪০ তুমি তো ভীরু, গৃহেই তোমার বীরত্ব? তোমাকে যে রামচন্দ্র কুৎসিত ব্রাহ্মণ বিশ্বামিত্রের কুযজ্ঞে শরনিক্ষেপে ভয় দেখিয়েছিলেন এটিকে পৌরুষব্যঞ্জক কাজ বলা চলে না।৪১ হীন ক্ষত্রিয়গণের সম্মুখে একখানা বহু পুরাতন এবং ঘুণক্ষত ধনু যদি ভেঙেই থাকেন তাতে বিস্মিত হবার কি আছে ?৪২ ‘বনবাসী এই ক্ষুদ্র তাপস আমার কি করবে ?’ এই মনে করে অবহেলায় যুদ্ধ করে বীর খরদূষণ যদি মরে থাকে তবে তাতেই বা আশ্চর্য হবার কি আছে ?৪৩ হে দুর্বুদ্ধি মারীচ ! তুমি অত্যন্ত ভীরু তাই নিজের রক্ষক তুমি চাও। তুমি আমাদের গুণগুলি অস্বীকার করে শত্রুদের প্রশংসা করে থাক।৪৪ সুতরাং আমি তোমার শিরচ্ছেদ করে বধ করবো কিংবা বনবাসী রাম ও লক্ষ্মণের নিগ্রহ করতে চাই বলেই

তোমাকে দিয়ে কিছু কাজ করিয়ে নেবো।৪৫ উদ্যত তীক্ষ্ন খড়্গধারী রাবণকে দেখে মারীচ ভীত হল ; সে তো বাঁচতেই চায়। সে রাবণকে মিনতি করে বলল আমি তোমার শত্রুর অভিমুখী হব।৪৬

মৃগরূপী মারীচ

আমি মৃগরূপ ধারণ ক'রে মৃগয়াসক্ত রাম ও লক্ষ্মণকে অন্য স্থানে নিয়ে যাব, তখন তুমি শত্রুর অভিমুখী হয়ে স্বকার্যসাধনে যত্ন নিতে পারবে।৪৭ তখন মারীচ (মায়াবলে) স্বর্ণরত্নময় মৃগরূপ ধারণ করে সীতাকে নানাভাবে প্রলুব্ধ ক'রে তাঁর সামনে লাফিয়ে বেড়াতে লাগল।৪৮ মৃগলোচনা সীতা স্বর্ণরত্নময় মৃগচর্ম পরতে ইচ্ছুক হয়ে বিশালবক্ষ রামচন্দ্রকে সেই মৃগের সঙ্গে ক্রীড়ায় প্রবৃত্ত করালেন।৪৯ তারপর রামচন্দ্র লক্ষ্মণকে সীতার রক্ষণাবেক্ষণের জন্য নিযুক্ত ক'রে গজগতিতে সেই হেমরত্নময় মৃগের সন্ধানে গেলেন।৫০ সেই মৃগ কোথাও থেমে থেমে চলছিল, কোথাও লাফিয়ে চলতে চলতে থামছিল ; তার এই আশ্চর্য চেষ্টা দেখে রামচন্দ্র বিস্মিত হলেন।৫১ মৃগের পশ্চাৎধাবনে বহুক্ষণ ক্লেশ ভোগ করে মর্মভেদে নিপুণ রামচন্দ্র লোভনীয় গতিসম্পন্ন পলায়মান সেই ভয়ংকর নিশাচরের মর্মবিদ্ধ করলেন : সে করুণ আর্তনাদ করে উঠলো[১৩]।৫২ বজ্র নির্ঘোষতুল্য সেই আর্তনাদ শুনে সীতা বিলাপ করতে করতে রামকে বিপন্ন মনে ক'রে লক্ষ্মণকে যেতে অনুরোধ করলেন, ৫৩ হে লক্ষ্মণ! এই তোমার ভ্রাতা বর্ষাকালীন মেঘের ন্যায় গম্ভীর স্বরে আর্তনাদ করছেন ; এই সময় তুমি জ্ঞাতির উপযুক্ত কার্য কর—রাঘবকে ভয় থেকে উদ্ধার কর। ৫৪ লক্ষ্মণ সীতাকে বললেন—এ তো রামচন্দ্রের শব্দ নয়, রামকণ্ঠস্বরের তুল্য প্রবঞ্চনাকারী মৃগের চিৎকার।৫৫ যাঁর স্কন্ধ, কন্ঠ ও অংস অত্যন্ত স্থূল, যিনি ককুৎস্থ বংশের গৌরব, সেই রাম ক্রুদ্ধ হয়ে বাণের দ্বারা দশদিক আচ্ছাদিত করতে থাকলে যুদ্ধে তাঁর সামনে দাঁড়াবে, অয়ি ভীরু, এমন কে আছে?৫৬ নিজের প্রাণ নিয়ে খেলা করতে, না হয় অস্ত্রাগ্নিতে দেহ দগ্ধ করতে ইচ্ছুক হয়েই ঐ মৃগ যাঁর অঙ্গুষ্ঠ জ্যা নিষ্পেষণে কঠিন সেই রামচন্দ্রের নিকট মরিবার ইচ্ছায় এসেছে।৫৭ যাঁকে দেখলে শত্রু ভীত হয় সেই রামকে জয় করে কে বিস্মিত করবে? সুতরাং তুমি ভয় পেয়ো না—এখনই দেখতে পাবে, তোমার স্বামী কৃতকার্য হয়ে ফিরে এসেছেন।৫৮ সীতা লক্ষ্মণকে বললেন—আমার ইচ্ছে, তুমি রামের অন্বেষণে যাও কিন্তু তুমি যেতে ইচ্ছুক নও। নিশ্চয়ই মনে মনে তুমি আমাকে (স্ত্রীরূপে) কামনা করছ।৫৯ 'তুমি শত্রুর করায়ত্ত হবে'—মিথ্যাপবাদদায়িনী সীতাকে অমঙ্গল বাণী শুনিয়ে সত্যবাদী জিতেন্দ্রিয় লক্ষ্মণ সেই স্থান ত্যাগ করলেন।৬০

সীতার কুটীরে রাবণ

লক্ষ্মণ চলে যাবার পর সেখানে এলেন স্নানশুদ্ধ শুভ্রদন্তবিশিষ্ট শিখাধারী রাবণ। তিনি অক্ষমালায় গর্হিতভাবে জপ করছেন,[১৪] গোপীচন্দনের তিলক ধারণ ক'রে হাতে ভিক্ষাপাত্র নিয়ে এসেছেন।৬১ তার ছিল কমণ্ডলু ও ভিক্ষাপাত্র, কেশহীন

স্নিগ্ধ মস্তক, অঙ্গে কাষায়বসন এবং কমণ্ডলু প্রভৃতি বাঁধা দণ্ড। তিনি উপনিষদের মন্ত্র আবৃত্তি করতে করতে এলেন; সন্ন্যাসীর ব্রত ধারণ করেছেন তাই আঙ্গুলের ইঙ্গিতেই বেশী কথা বলছেন, আর ভ্রূ উত্তোলন করে দেখছেন।৬৩ নিজের রাক্ষসভাব গোপন ক'রে শান্তভাবের অভিনয় করতে করতে কুটিলগতিতে সেখানে এসে সীতাকে বললেন—আমার কথার আনুকূল্য করে সুখবিধান কর।৬৪ তোমার নিজের নিত্য সৌন্দর্যে চন্দ্রের[১৫] নৈশ শোভা ও পদ্মের দিবাকালীন শোভাকেও লজ্জিত ক'রে মধুরহাসিনী কে তুমি, অয়ি ভীরু, একাকিনী এই জনশূন্য বনে বাস করছ? হিংস্র জন্তুরা ক্ষুধিত হয়েও তোমাকে অসহায় দেখে কেন ভক্ষণ করে নি?৬৫-৬৬ এই বন অতি ভয়ংকর হলেও তোমার মোহিনী মূর্তি একে রমণীয় ক'রে রেখেছে। কেন তুমি এই ভীষণ বনে এসেছ তাই বল।৬৭ তুমি অনুকূল হয়ে কোন পুণ্যবান্ পুরুষের সঙ্গে নির্জনে সঙ্গম কর? কোন্ পুণ্যবান্ পুরুষ শৃঙ্গারকালে তোমার কাছে ভৃত্যের ন্যায় প্রিয়বাদী হয়ে থাকে?৬৮ তোমার এই রূপ সাগরবেষ্টিত ভূমণ্ডলে এমন কী স্বর্গলোকেও দুর্লভ। এই রূপদর্শনে আমার জীবনও ধন্য হল।৬৯ আমি মনে করি উৎকৃষ্ট পরিমলের সৌভাগ্যেভরা, সুন্দর দিনে ভ্রমর যার প্রাণভ'রে মধুপান করেছে, এমন পদ্মিনীর ন্যায় তুমি ভর্তৃহীনা[১৬] নও।৭০ তুমি লক্ষ্মীর শোভাহরণকারিণী! তোমাকে দেখে আমার মনে হচ্ছে, লক্ষ্মীদেবীর সৌন্দর্যের অভিমান মিথ্যা এবং বিষ্ণুও মিথ্যাই নিজেকে লক্ষ্মীবান বলে অভিমান করেন।৭১ মদন যদি তোমাকে দেখত তাহলে নিশ্চয়ই সে রতির জন্য অধিক উৎকণ্ঠিত হতো না কিংবা তার সঙ্গে সর্বদা ক্রীড়াসক্ত হয়ে থাকতে পারতো না।৭২ তুমি মনোহারিণী, তোমাকে দেখে এমন কোন্ নারী আছে যে ঈর্ষা না করবে? জড় অথবা শিবতুল্য (জিতেন্দ্রিয়) এমন কোন্ ব্যক্তি আছে যে তোমার কান্তি দেখে উৎসুক না হবে?৭৩ যার সঙ্গে তুমি সঙ্গমসুখে উৎসুক হয়ে প্রতিকূল আচরণ করো না, এজগতে সেই একমাত্র সুখী পুরুষ, অন্য সবাই দুঃখী।৭৪ শত্রুর ভয়ে ভীত হয়ে কোন্ দুর্বুদ্ধি ব্যক্তি লোভনীয়-দ্রব্যতুল্য তোমাকে এনে জনশূন্য বনে বসতি স্থাপন করেছে?৭৫ মূর্ততেজঃ স্বরূপা জনকনন্দিনী অর্ঘ্য প্রস্তুত ক'রে সাদরে গদগদ-কণ্ঠে রাবণকে এই কথা বললেন—৭৬ আমার স্বামী মহাকুলীন এবং ইক্ষ্বাকু বংশে জাত। তিনি পিতার প্রিয় কর্মকারী এবং তপস্বিগণের কল্যাণকারী।৭৭ তিনি শত্রুগণের নিহন্তা, সর্বদা সাধুগণের উপকারী এবং যুদ্ধে পরশুরামের গর্বখর্বকারী।৭৮ যিনি যজ্ঞে যাজ্ঞিকগণের রক্ষক, সর্বদা কর্মসমূহের পূরণকারী এবং যিনি পিতার আদেশ পালনের জন্য বনে এসেছেন—তিনিই আমার স্বামী।৭৯ এই ভীষণ বনে তাঁর বাণের দ্বারা ছিন্ন ভিন্ন, পক্ষিশৃগালের দ্বারা ভক্ষিত রাক্ষসগণ রাশীকৃত হয়ে চিরনিদ্রায় নিদ্রিত হয়েছে।৮০ যে রাম তীক্ষ্ণ বাণ নিয়ে ক্রীড়া করেন, বিশাল গদা নিক্ষেপ করেন এবং শত্রুদের বধ করেন তুমি সেই রামকে জান না এ কিরূপ কথা!৮১ মৃগবেধী সেই রামচন্দ্র আমাকে রক্ষার ভার তার কনিষ্ঠ ভ্রাতার উপর ন্যস্ত করে মৃগয়া করতে বনে গিয়েছেন, আমি যাঁর সন্ধানে তাঁর কনিষ্ঠ ভ্রাতাকে প্রেরণ করেছি।৮২ সীতার কথা শুনে ক্রোধে রাবণের দেহ ঘর্মাক্ত এবং নয়ন রক্তবর্ণ হল; সমস্ত অঙ্গ থেকে নিসৃত স্বেদকণায় শরীর ব্যাপ্ত হল। নিজ হৃদয়ের অভিপ্রায় ব্যক্ত করে রাবণ সীতাকে

বললেন—৮৩ কনিষ্ঠা স্ত্রীর গর্ভজাত ভরতের জন্য জ্যেষ্ঠা মহিষীর জ্যেষ্ঠ পুত্র যে রামকে নির্বাসিত করা হয়েছে সে রাম সেই পুরুষের তুল্য যার পরিধেয় বস্ত্র পর্যন্ত চোর অপহরণ ক'রে তাকে নগ্ন করেছে। এই রামকে কে শ্রদ্ধা করবে ?৮৪ হে কূপ-মাণ্ডূকি ![১৭] কু-ব্রাহ্মণের যজ্ঞে ভোজনবীর রাক্ষসদের যদি তিনি মেরেই থাকেন তাতে এত গর্ব বা বিস্ময়ের কি আছে ?৮৫ আমার পরাক্রমে দেবরাজ ইন্দ্রের রাজ্য, ভোগ, পরিচ্ছদ প্রভৃতি অপহৃত হয়েছে ; এতে তার যে দুর্গতি হয়েছে তা কি আমার নিজের মুখে বলা উচিত ?৮৬ যার কারণে ধনাধিপতি কুবের লঙ্কা থেকে বিতাড়িত হয়েছিলেন ; তাঁর দর্প চূর্ণ হয়েছিল, তাঁর পুষ্পক রথও অপহৃত হয়েছিল, তিনি এখন কৈলাসের অধিবাসী—সেই কারণের কথা কে না জানে ?৮৭ জলের মধ্যে ভগ্নতরণী বণিক যেমন চিন্তায় আকুল হন—সেইরূপ আমার ভয়ে ভীত স্বয়ং যম মুখ কালো করে উদ্যোগহীন হয়ে অবস্থান করছেন।৮৮ হে মৈথিলি ! ত্রিকূট পর্বতের উপরে সমুদ্র পরিখার দ্বারা বেষ্টিত, সকল রত্নের উৎস, স্বর্ণময়ী, আমার পুরী আছে—তার নাম লঙ্কা।৮৯ সেই পুরীতে ধৌত ও মার্জিত গৃহে চন্দনাদি গন্ধদ্রব্যে দেহ লিপ্ত কর, সুবাসিত কর ; তারপর সুগন্ধ মালা প'রে আমার সঙ্গে সেখানে বাস কর।৯০ হে সুন্দরী, তুমি পুরুষের হিতকারিণী ; আমি স্ত্রীজনের হিতকারী যুবা পুরুষ—আমাকে পতিরূপে গ্রহণ কর। রামচন্দ্র নির্বাসিত, সুতরাং ভাগ্যহীন ; সে দরিদ্র—দরিদ্র রামচন্দ্রকে ত্যাগ ক'রে, আমার সঙ্গে বাস কর।৯১ ভৃত্যগণকে 'পান কর, ভোজন কর' প্রভৃতি নির্দেশ দানে নিরত থেকে, শৃঙ্গার বিলাসে মগ্ন থেকে দশাননকে আয়ত্ত করে শ্রেষ্ঠ গৃহে তুমি বাস কর।৯২ হে ভীরু, তুমি আমার প্রতিকূল হয়ো না—লঙ্কায় যেতে উৎসাহিনী হও। রত্নালঙ্কারে চারদিক উদ্ভাসিত ক'রে আমাকে আলিঙ্গন কর।৯৩

সীতাহরণ

নিশাচর রাবণ যখন বুঝলেন, সীতা প্রতিকূলভাবাপন্না, তখন তিনি তাকে হরণ করতে ইচ্ছুক হলেন। তারপর তাকে বাহুদ্বারা বলপূর্বক গ্রহণ ক'রে আকাশে উত্থিত হলেন।৯৪ ভীতা সীতাকে নিয়ে যখন রাবণ যাচ্ছিলেন তখন মৃগপক্ষীরাও তাঁর ভয়ে নীরব হয়ে রইল।৯৫

জটায়ু

দীনা অসহায়া সীতা তখন হা রাম ! হা লক্ষ্মণ ! ব'লে উচ্চকণ্ঠে কাঁদতে লাগলেন। তাঁর আর্তনাদ শুনে পক্ষিরাজ জটায়ু রাবণের উদ্দেশে কর্কশ বাক্য বলতে বলতে সীতার নিকটে উপস্থিত হলেন।৯৬ জটায়ু বললেন—তুই মুনিদ্বেষী রাবণ, সীতাকে গ্রহণ করে পালিয়ে যাচ্ছিস্ ! তুই নীচাশয়দের মধ্যে শ্রেষ্ঠ—কিন্তু আমাকে অতিক্রম ক'রে তুই যেতে পারবি না।৯৭ যাঁর আচরণ যশস্কর, যিনি পৃথিবীতে খ্যাত, যিনি দয়ালু এবং পিতার আদেশ পালনকারী—তুই নির্লজ্জ তাই সে রামকে দুঃখ দিয়ে যাচ্ছিস্ ! তোকে ধিক !৯৮ আমি রামচন্দ্রের ভৃত্যতুল্য, আমি তাঁরই অনুগত ! অন্ধকারকে যেমন সূর্য নাশ করেন তেমনি আমিও তোকে নাশ করবো।৯

তখন ঐ কলহকারী পক্ষী জটায়ু সাধুজনের পীড়ক শ্রীরামের শত্রুতাকামী সেই রাক্ষসকে বধ করবার জন্য সশব্দে আকাশে উঠলেন ।১০০ আকাশের সমস্ত দিকে বিস্তৃত পক্ষ দুইটিকে কম্পিত করতে করতে মুখের আঘাতে রাবণের দেহ থেকে মাংস ও রক্ত বার ক'রে যুদ্ধ করতে লাগলেন ।১০১ জটায়ু রাবণকে মুখ ও পক্ষের দ্বারা আঘাত করতে গিয়ে ভীত, লজ্জিত বা ব্যথিত হলেন না। রাবণ তাঁকে বাণবিদ্ধ করলেন, তবু তিনি যুদ্ধ থেকে নিবৃত্ত হলেন না ।১০২ পিশাচের মুখ বিশিষ্ট অশ্বের দ্বারা চালিত রাবণের রথ! ছত্র, কবচ ও ধ্বজযুক্ত সেই ভয়ানক রথকে জটায়ু কুৎসিত রথের মতই ভেঙে ফেললেন ।১০৩ জটায়ু শত্রুর ত্রাস সৃষ্টি করলেন, সেই যুদ্ধ দর্শনরত দেবতাদের প্রসন্ন করলেন—তারপর সেই বিংশতিবাহু রাবণকে সীতা পরিত্যাগে বাধ্য করলেন ।১০৪ রাবণ আকুল হলেন না, অস্ত্র হাতে নিয়ে তিনি কুৎসিত তর্জন করতে লাগলেন। পক্ষী জটায়ুও নখ ও চঞ্চুর অস্ত্রে তাকে বার বার ক্ষতবিক্ষত করতে লাগলেন ।১০৫ ক্রোধের বশে সেই পক্ষী ও রাক্ষস পরস্পরকে বধ করবার জন্য চেষ্টা করতে লাগলেন। পক্ষীও[১৮] যেমন যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করলেন না, রাবণও তেমনি তাকে আঘাত করতে গিয়ে কোনরূপ দয়া প্রদর্শন করলেন না ।১০৬ জটায়ু ও রাবণের যুদ্ধ দেখবার জন্য দেবতা, গন্ধর্ব ও কিন্নরগণ কাছে এসে দাঁড়ালেন। তখন কোন ছলে সেই মাংসাশী রাবণ পক্ষীর দুইটি পক্ষ সম্পূর্ণ ছেদন করলেন ।১০৭ ছিন্নপক্ষ জটায়ু ভূমিতে লুটিয়ে পড়লেন। তা দেখে প্রসন্নচিত্তে রাবণ ভীষণ বেগশালী অশ্বযুক্ত শ্রেষ্ঠ বিমানে (পুষ্পক রথে) রামের পত্নী সীতাকে নিয়ে নিজের বাসভূমি লংকাপুরীতে প্রস্থান করলেন ।১০৮

॥ ভট্টিকাব্যে সীতাহরণ নামক পঞ্চম সর্গ সমাপ্ত ॥

ষষ্ঠ সর্গ

কামাগ্নি রাবণকে রাত্রিদিন দগ্ধ করতে লাগল। রাবণ বুঝতে পারলেন, বিদেহনন্দিনী রামচন্দ্র ভিন্ন অন্য পুরুষে নিরুৎসুক ।১ রাবণ শত্রুর চেষ্টা সম্পর্কে অত্যন্ত সতর্ক হলেন এবং রামচন্দ্রের আশঙ্কায় ভীত হয়ে উঠলেন ।২ তিনি সীতাকে প্রার্থনা ক'রে তিরস্কৃত হলেন কিন্তু তাতেও লজ্জিত হলেন না। সীতার প্রতি একান্ত আসক্ত হয়েও তিনি তাঁর প্রতি বলপ্রয়োগ করলেন না ।৩ তিনি নিজের চরদিগকে বললেন—'রামের বৃত্তান্ত জেনে নাও'; তারপর যত্নবান্ হয়ে রাক্ষসদের আদেশ দিলেন—'তোমরা সীতাকে রক্ষা কর' ।৪ এদিকে রামচন্দ্র মারীচকে নিহত ক'রে যখন ফিরে আসছেন তখন শুনলেন শৃগালের দল উচ্চস্বরে ভীষণ চীৎকার ক'রে অশুভ সূচনা করছে[১] ।৫ হয়তো বিদেহনন্দিনীকে খেয়ে ফেলেছে অথবা নিহত করেছে অথবা নিজেই মরেছে এই রকম আশংকা করতে করতে তিনি দূর হতে দেখলেন, শত্রুঘ্ন-সহোদর লক্ষ্মণ আসছে ।৬ রামচন্দ্র নিজের সহচারিণী সন্ত্রস্তা সীতাকে লক্ষ্মণ একাকিনী রেখে এসেছেন জেনে বুঝলেন—সীতা অসহায়া, গৃহে আর মঙ্গল নেই ।৭ তিনি দেবগণের নিকট সীতার কুশল প্রার্থনা করে লক্ষ্মণকে সীতার সংবাদ জিজ্ঞাসা করলেন। বিহ্বল ভ্রাতা যথাবৎ ঘটনা রামের কাছে নিবেদন করলেন ।৮

রামের বিলাপ

গৃহ শূন্য দেখে রামচন্দ্র বনবাসীর নিকট সীতাকে প্রার্থনা করলেন ; তিনি আত্মা থেকে প্রাণ দোহন করেই যেন চিত্তকে শোকাবরুদ্ধ করলেন ।৯ (তিনি ভাবলেন) যেখানে সুতীক্ষ্ণ ঋষি তাপসগণকে ধর্মোপদেশ দান করেন হয়তো বা সীতা আশ্রমবৃক্ষ থেকে পুষ্পচয়ন করতে করতে সেইখানেই গিয়ে থাকবেন ।১০ রামচন্দ্র এই বলে নানাভাবে বিলাপ করতে লাগলেন—কি কষ্ট! কি অদ্ভুত! হায় মাতঃ![২] দেবগণকে ধিক্! হায় পিতঃ! ওগো সুভ্রূ কোথায় আছ তুমি!১১ এখানে সীতা বসেছিল, এখানে শুয়েছিল, এই পথে লীলাভরে গিয়েছিল—মৈথিলীর এই সকল বিষয় স্মরণ ক'রে রামচন্দ্র গ্লানি অনুভব করতে লাগলেন ।১২ এই তো রাত্রিকালের পুষ্পমালা, এই তো দিবসের পুষ্পমালা যেন সীতা বিনা শোকভারেই শাখায় লম্বিত থেকে ম্লান হয়ে যাচ্ছে ।১৩ যে সীতা অধিকক্ষণ নিদ্রিত থাকলে সে মৃতা এই আশঙ্কায় বার বার পরীক্ষা ক'রে দেখতাম, এখন সেই সীতা বিনা যে আমরা বেঁচে আছি—এতে বুঝলাম অকালে মৃত্যু হবার নয় ।১৪ হে সীতে! তোমার এই পরিহাস কল্যাণকর নয় । তুমি আমাকে পরীক্ষা কোরো না, আমার কাছ থেকে অন্তর্হিত হয়ো না, আমার জীবন নিয়ে খেলা কোরো না ।১৫ আমি অসহ্যবিক্রম ভীষণ রাক্ষসকে (মারীচকে) বধ করেছি । আমি পতি, আমার কাছে তুমি আত্মগোপন করো না । ওগো প্রিয়ে! প্রিয় আমি, আমাকে তুমি আলিঙ্গন কর[৩] ।১৬ তুমি অকারণ আমার দোষদর্শিনী হয়ো না ; ভক্ত আমি, আমাকে অধিক ক্লেশ দিয়ো না । তুমি প্রতিকূল হয়ে কি পর্বত আশ্রয় করেছ, অথবা নদীতে নিমগ্ন হয়েছ ।১৭ ওগো প্রিয়ে—উত্তর দাও ; তোমার জন্য আমাদের ধৈর্যচ্যুতি ঘটেছে ; তুমি অদৃশ্য থাকায় আমাদের বুদ্ধি বিলুপ্ত এবং দেহ নিষ্প্রাণ ।১৮ তোমার জন্য কেঁদে কেঁদে আমার চোখ ফুলেছে, মুখ ফুলেছে ; তুমি যদি আমাকে ত্যাগ কর তবে আমার মৃত্যু হবে আর তুমি কি করতে চাও তা যদি আমাকে না বল ।১৯ লক্ষ্মণ! কোপের কারণ যা কিছু সে বলেছে তা তুমি বল । দোষ না জানলে তার প্রতীকার কিরূপে সম্ভব ?২০ এখানে সীতা গান্ধদ্রব্যে দেহ বিলেপন করেছিল, স্নান করতে গিয়ে এখানে সে জলে অভিষিক্ত হয়েছিল, এখানে আমি তাকে দেখবো ব'লে ডেকেছিলাম । —রামচন্দ্র এসব কথা স্মরণ করতে করতে মোহাবিষ্ট হয়ে পড়েছিলেন ।২১ কাঠের আগুন জ্বলতে লাগলে যেমন কাঠের সরটায় ছড়িয়ে পড়ে তেমনি প্রজ্বলিত শোকাগ্নিও রামের সর্বাঙ্গ দগ্ধ করতে লাগল । বনের শীতল বায়ু যেন তাঁকে স্পর্শই করল না এমনিভাবে তাঁকে তৃপ্ত করতে পারেনি ।২২ রাম প্রিয়াবিরহে রোদন করতে করতে স্নানকালে চোখের জলেই অভিষিক্ত হতে লাগলেন, পিতৃপুরুষদের উদ্দেশ্যেও সে শোকাত অবস্থাতেই অশ্রুর তর্পণ করেছিলেন ।২৩ ঐরকম আর্ত হয়েও রাম কালোচিত ধর্মক্রিয়া কখনই ত্যাগ করেননি । প্রকৃতপক্ষে বিপদ উপস্থিত হলেও মহৎলোকের নিত্যক্রিয়া বাধা পায় না ।২৪ রাম এই বলে বীরদের ও রাক্ষসদের আহ্বান করতে লাগলেন—হে সীতাদ্রোহিগণ এস, রামের সঙ্গে যুদ্ধ কর ।২৫ মৃগপক্ষিশাবকগণ[৪] ! যিনি তোমাদের নিজের ন্যায় পোষণ করতেন, যিনি চন্দ্রের মতো দীপ্তিমতী ছিলেন—তিনি কোথায় গেলেন তার বিবরণ আমাকে বল ।২৬ জনকনন্দিনীকে লাভের আশায় রাম

পর্বতের দিকে অগ্রসর হলেন এবং সেখানে যে একটি মহাযুদ্ধ ঘটেছিল, লক্ষ্মণকে তা জানালেন।২৭ লক্ষ্মণ! নিশ্চয়ই সীতাকে বধ করতে ইচ্ছুক দুই রাক্ষস এখানে এসেছিল; তাদের পরস্পরের প্রহারের ফলেই ক্ষরিত হয়েছে এই অভিনব রক্তধারা।২৮ এখানে কবচ ভ্রষ্ট হয়েছে, এখানে অশ্বসহ রথ চূর্ণ হয়েছে; এস, সীতার অন্বেষণে অবিলম্বে আমরা এই পর্বতের মধ্যে প্রবেশ করি।২৯ শোক আমাকে স্তব্ধ করেছে, বিষাদ আমার উদ্যম নষ্ট করেছে, প্রজ্ঞা যেন জীর্ণ হয়েছে, শোকে আমার শক্তিও ক্ষুণ্ণ হয়েছে।৩০ লক্ষ্মণ, দেখ এখানে সেই পাখীর ছিন্ন পাখা দু'টি ফুলে উঠেছে। সীতাকে খেয়ে ফেলতে চেয়েছিল যে নিশাচর তার থেকেই এই ধ্বংস সম্পাদিত হয়েছে নিশ্চয়।৩১ রঘুব্যাঘ্র রাম ক্রুদ্ধ হয়ে জ্বলে উঠলেন, মুহূর্তের মধ্যে তাঁর নয়ন রক্তাভ হয়ে উঠল। তাঁর মনে হল ত্রিলোকই দুঃস্থ, তিনি সূর্যের মতো তেজঃপুঞ্জের দ্বারা ব্যাপ্ত হলেন।৩২ তাঁর উত্তম মনঃশক্তি জাগ্রত হয়ে যেন কৃতকৃত্যতায় ভরে উঠল। ক্রোধযুক্ত তাঁর সামর্থ্য অত্যন্ত বর্ধিত হয়েছিল।৩৩ আপনা থেকেই তাঁর বিষাদ নির্গলিত হয়ে গেল। তাঁর বিক্রমও যেন আপনা থেকেই একত্র সঞ্চিত হচ্ছিল; তাঁর ক্রোধ ফেঁপে উঠল, তিনি ঘন ঘন দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করছিলেন।৩৪ তারপর গজবিক্রম রাম ধনু হাতে নিয়ে গর্জন ক'রে উঠলেন—আমি সূর্যের পথ রোধ করব, আমি কুলপর্বতগুলিকে বিদীর্ণ করব।৩৫ আমি সাগর জলশূন্য করব, স্বর্গ থেকে দেবগণকে বিতাড়িত করব, পাতালে সর্পকুল চূর্ণ করব এবং রাক্ষসদের ছেদন করব।৩৬ আমি অস্ত্রজালে কৌশল বিস্তার করে যমকেও মৃত্যুর অধীন করব এবং শ্রান্ত না হয়ে নিজের তেজে পৃথিবীকেও শুষ্ক করে চূর্ণ করব।৩৭ আমি রাক্ষসগণের ঐশ্বর্য হেলায় নাশ করব, ইন্দ্রের বিক্রম বিনষ্ট করব, সকল ধর্মমর্যাদা ভেঙে ফেলব এবং আকাশের বিস্তার সংকুচিত করব।৩৮ আমি বিনাশ করতে পারি না—এই মনে ক'রে এই জগতের লোক আমাকে শক্তিহীন মনে করে—এই কথা বলতে বলতে দশরথতনয় ধনুতে শরযোজনা করলেন।৩৯ এইভাবে ক্ষাত্রশক্তি বিস্তারে উদ্যত দহনেচ্ছু অগ্নির ন্যায় উদ্দীপ্ত রামচন্দ্র জগৎক্ষয় করতে ইচ্ছুক হ'লে সুমিত্রানন্দন[৫] লক্ষ্মণ তাঁকে নিবারণ করলেন।৪০

জটায়ু সংবাদ

তারপর তাঁরা আশ্রমের কিছু দূরে পর্বতাকার এক পক্ষী দেখলেন। রাম সীতাঘাতী মনে করে তাকে বধ করবার জন্য অগ্রসর হলেন।৪১ তখন সেই পক্ষী বলে উঠল—হে রাম, আমি জটায়ু[৬]। আমাকে মেরো না, আমি সীতাকে দেখেছি। তখন রামচন্দ্র পিতৃসখা জটায়ুর প্রতি সম্মান দেখালেন এবং তাঁর কাছে সীতার সংবাদ ও যুদ্ধের সংবাদ জানতে চাইলেন।৪২ তারপর সেই পক্ষিশ্রেষ্ঠ রাবণকে শত্রু বলে নির্দেশ করলেন এবং আঘাতের বেদনায় ব্যথিত হয়ে গিরিগুহায় প্রাণত্যাগ করলেন।৪৩ রাম-লক্ষ্মণ তাঁর অগ্নিসংকার করে অস্থি জলাঞ্জলি দিয়ে তর্পণ করলেন; তারপর বিষণ্ণচিত্তে চারদিকে সীতার সন্ধান করতে করতে আবার বনপ্রদেশে উপস্থিত হলেন।৪৪

কবন্ধ কাহিনী

তখন দীর্ঘবাহু কবন্ধ[৭] নামক এক ভয়ঙ্কর রাক্ষস তাঁদের দু'জনকে গ্রহণ

করল, ক্ষুধিত ঐ রাক্ষস বনের প্রাণীদের সবলে আকর্ষণ করে সর্বদা ভক্ষণ করত ।৪৫ রঘুশ্রেষ্ঠ রাম-লক্ষ্মণ অস্ত্রাঘাতে তার দুই বাহু ছেদন করলেন। ছিন্নবাহু ঐ রাক্ষস বিহ্বলভাবে পৃথিবী কাঁপিয়ে ভূপতিত হল ।৪৬ রাক্ষস রামকে নানাবিষয়ে প্রশ্ন করল। রাম তার কাছে নিজের বিবরণ, বনবাসবার্তা এবং জেতব্য শত্রুর বিষয় ব্যক্ত করলেন ।৪৭ কোন্ উপায়ে বৈদেহীকে পাওয়া যাবে ? কিরূপে শত্রুর সাক্ষাৎ মিলবে ? কি উপায়েই বা বিচ্ছেদ সহ্য করবো—তুমি আমাকে ব'লে দাও ।৪৮ রাক্ষস রামচন্দ্রকে বলল— হে রাম ! আমি শ্রীনাম্নী অপ্সরার পুত্র, মদ্যপায়ীর ন্যায় ভ্রমণ করতে করতে অবিবেকবশতঃ অপরাধ করেছিলাম তাই মুনির শাপে এই পাপাত্মা রাক্ষস হয়েছি ।৪৯ এখন তোমার বধ্য এবং তোমার অস্ত্রের আঘাতে পবিত্র হয়েছি। তোমাকে বলছি — দেবশত্রু রাবণ সীতাকে হরণ ক'রে লঙ্কাপুরীতে নিয়ে গেছেন ।৫০ ঋষ্যমূক পর্বতে শক্তিশালী সুগ্রীব নামে বিখ্যাত এক বানর বাস করেন। তিনি সীতার উদ্ধারের বিনিময়ে নিজের ভ্রাতৃবধ করাতে প্রস্তুত ; তা হলেও তা নিন্দনীয় নয়। তাঁকে আপনি মিত্ররূপে গ্রহণ করুন ।৫১ সেই ইন্দ্রদ্বেষী (সুগ্রীবকে) ক্রূরকর্মা রাক্ষসরাজ রাবণ দূর দেশের অধিবাসী ; আপনি তাঁকে সহায় করে নরখাদক শত্রুকে বিনাশ করতে পারবেন ।৫২ যেমন দণ্ডাহত বৃষ কোন ঋতুমতী গাভীকে স্মরণ ক'রে গোষ্ঠে অবস্থান করে তেমনি সেই বানর বালিকর্তৃক অপহৃতা নিজের স্ত্রীকে স্মরণ করে দিন কাটাচ্ছেন ।৫৩ হে রামচন্দ্র, আপনি শীঘ্র সেই সুগ্রীবের সঙ্গে সময়োচিত সখ্য স্থাপন করুন। এর ফলে আপনি লংকায় গিয়ে পাপী রাবণকে বধ করতে পারবেন ।৫৪ আমি সত্য কথাই বলছি। সেই সুগ্রীব মিথ্যা কথা বলেন না। আপনি তাঁর মিত্র হয়ে শত্রুহত্যা করুন ।৫৫ আপনি আদরণীয়, পূজ্য এবং অনুকরণীয় ; সুগ্রীব আদরণীয় এবং সেবার যোগ্য ; গুরুতুল্য আপনি শিষ্যসম সুগ্রীবের সঙ্গে মিলিত হয়ে ঈপ্সিত ফল লাভ করবেন ।৫৬ কার্যক্ষম কর্মচারি-পরিবৃত সেই সুগ্রীব অপর একটি সাগরও খনন করতে সমর্থ। আপনি তাঁর দুঃখ দূর করুন · তিনিও আপনার শোক দূর করবেন ।৫৭ সেই রামপ্রিয় রাক্ষস রাজসূয়যাজীর ন্যায় তেজে সূর্যের মতো দীপ্যমান হয়ে এইরূপ সত্যোক্তি করতে করতে স্বর্গে প্রস্থান করল ।৫৮ বিনা কর্ষণে যেসব লতা আপনা থেকেই ফলে উঠে[৮] তাদের দেখতে দেখতে রাম ও লক্ষ্মণ যেতে লাগলেন; রত্ন, অন্ন, পান ও ধাতু দ্রব্যাদির স্মৃতি[৯] তাঁদের হৃদয়ে আর জেগে রইল না ।৫৯ ব্যথাশূন্য, রাম-লক্ষ্মণ বনমধ্যে ভিদ্য ও উদ্ধ্য নামক নদদ্বয়ের মতো আরও নদ অতিক্রম ক'রে কার্যসিদ্ধিকরী তারকার মতো বিখ্যাত সিদ্ধ শবরীর[১০] নিকটে উপস্থিত হলেন ।৬০

সিদ্ধ শবরীর বর্ণনা

রাম দেখলেন সেই শবরীর পরিধানে বিশুদ্ধ বল্কল ; কটিতে মুঞ্জমেখলা, ব্রতচারণে দেহ ক্ষীণ, অঞ্জনপুঞ্জের মতো আকৃতি, হাতে পলাশদণ্ড এবং চর্মের আস্তরণ ।৬১ ব্যাকরণে প্রগৃহ্যপদের[১১] যেমন সন্ধিপ্রযুক্ত কোন বিকার হয় না তেমনি তিনিও বিকারহীনা। তিনি স্বতন্ত্রা দেবপক্ষপাতিনী এবং অনিন্দিতা ।৬২ তিনি নিরন্তর ধর্মকর্মে রতা, অবীর্যকর ফলেই তাঁর প্রাণধারণ ! রামচন্দ্র এই শবরীকে

দর্শন ক'রে এমন শ্রমের অভাব বোধ করলেন যেন তিনি কোন বাহনে সেখানে এসেছেন (অর্থাৎ তিনি শবরীকে দেখে প্রসন্ন হলেন) ।৬৩

শবরীর প্রতি রামের উক্তি

তারপর রাম তাঁকে প্রশ্ন করলেন—তুমি অমাবস্যায় এমন ফলে পিতৃকর্ম করো তো যে ফল সুস্বাদু এবং অগ্নিতে পক্ক হয় নি ?৬৪ তুমি অবশ্য-শোধনীয় দেবভোগ্য হবি মন্ত্রাদি দ্বারা শোধন করো তো ? তাছাড়া ব্রাহ্মণদের সঙ্গে যজ্ঞে আহরণযোগ্য সোমলতাকে বন্দনা করো তো ?৬৫ প্রভাত ও সন্ধ্যায় তোমার আচমন সুষ্ঠুভাবে নির্বাহ হয় তো ? যথাকালে তুমি দক্ষিণাগ্নির ন্যায় অতিথির সম্মান করো তো ?৬৬ হে মহোদয়া ! দেবকার্যে বিঘ্ন সৃষ্টির জন্য কোন ধর্মদ্রোহী, অপ্রিয় ব্যক্তি তোমার আবাস আক্রমণ করে না তো ?৬৭ কুন্ডপায্য[12], উপচায্য এবং অগ্নিচিত্য[13] প্রভৃতি যজ্ঞ যাঁরা অনুষ্ঠান করেন তাঁদের কথায় তুমি প্রসন্ন হও তো ?৬৮ হে ভীরু ! তোমার তপোবৃদ্ধি হচ্ছে তো ? তপোবিঘ্নকারীদের তুমি জয় করেছ তো ? কাম এবং মোহকেও পরাভূত করেছে তো ? বিনয় তোমাকে আশ্রয় করেছে তো ?৬৯ তুমি তপশ্চর্যায় ক্লান্ত হও নি তো ? আচার্যদের সম্যক্ তুষ্ট করেছ তো ? যম থেকে তোমার কোন উদ্বেগ নেই তো ? নিজের তপস্যায় তুমি তুষ্ট হয়েছ তো ?৭০ তখন শবরী সাদরে মধুপর্কযুক্ত অর্ঘ্য নিয়ে এসে পূজ্য রাম-লক্ষ্মণকে ফল দিয়ে অর্চনা করলেন এবং নিজের সর্বাঙ্গীণ কুশল জানালেন ।৭১ কপিকুলের আনন্দদায়ক সুগ্রীব আপনার সঙ্গে মিত্রতা স্থাপন করবেন, আপনি শীঘ্রই মৈথিলীকে দেখতে পাবেন—এই কথা বলে শবরী অন্তর্হিত হলেন[14] ।৭২ তারপর বীর রাম ও লক্ষ্মণ পম্পার নিকটবর্তী বনে বাস করতে লাগলেন—সেই বনস্থলী মুনিশ্রেষ্ঠদের আনন্দদায়ক ; বনবাসীদের কাছে মনোরম ।৭৩ লক্ষ্মণ, ঐ দেখ আমাদের হৃদয়ভেদী পম্পা-সরোবরের শোভা ; ঐ সরোবর শব্দায়মান ভ্রমরশ্রেণী, কোকিল ও ক্রৌঞ্চের দ্বারা শোভিত ।৭৪ দেখ, দীপ্তিতে তারাকেও পরাজিত করে এমন সব পদ্ম বিকশিত হয়েছে—ঐগুলি উদ্ভাসিত হয়ে প্রিয়াবিরহিত ব্যক্তিকে হৃদয় বিদীর্ণ ক'রে আরও পীড়িত করছে ।৭৫ যা কিছু রমণীয়তা তার সব কিছুই প্রিয়জনের অধীন। কারণ প্রিয়ার অভাবে আজ হংস ও কোকিলের শব্দও কটু ব'লে মনে হচ্ছে ।৭৬ যুবজনের হৃদয়বিদারী বিহঙ্গ এবং পুষ্পবর্ষী বৃক্ষ এই দুটি দ্বারা সেই ব্যক্তিই ব্যথিত হয় না যে অজ্ঞ অথবা যার কোন প্রিয়জন নেই ।৭৭ এই সব বিহঙ্গ কূজন করছে, বার বার মধুপান করছে এবং পুষ্পগন্ধের আঘ্রাণ নিচ্ছে—এতে আমি অত্যন্ত পীড়িত হচ্ছি ।৭৮ এই সকল বৃক্ষ পুষ্পতরঙ্গের ধারক, জনগণের পীড়ক এবং হৃদয়ের মত্ততাজনক – এদের দেখে আমি অত্যন্ত মর্মাহত হচ্ছি ।৭৯ আমার মতো লোকের পক্ষে দুঃখদায়ক এই বায়ু উত্তম সৌরভ বহন করে দেহে যেন লেপন করে দিচ্ছে। এতে কোন্ সচেতন পুরুষ বিরহানলে দগ্ধ না হয়ে থাকতে পারে ?৮০ প্রচলিত পত্রের[15] অগ্রভাগে সঞ্চিত শিশিরবিন্দুগুলি মুক্তাফলের সৌন্দর্য ধারণ করে আমার হৃদয় দ্রবীভূত করছে ।৮১ কবে আমি এই দুঃখের অবসান করতে পারব ? যিনি জীবকে সংহার করেন সেই যম আমাকে সুখী করছেন না ।৮২ প্রচন্ড দাবানল যেমন পর্বত দগ্ধ করে তেমনই

ভ্রমরদল আমাকে দগ্ধ করছে। এখন এমন কি উপায় আছে যাতে আমি সন্তাপশূন্য হতে পারি ?৮৩ সমগ্র বনপ্রদেশই আমার কাছে যেন মদনমন্দির। এই সব দেখে আমার মন যেন সূর্যাদি গ্রহের দ্বারা আবিষ্ট কিংবা সমুদ্রের জলজন্তু দ্বারা আক্রান্ত মনে হচ্ছে।৮৪ এই সকল বৃক্ষের শাখা বায়ুর আঘাতে চঞ্চল। গুঞ্জনরত ভ্রমর গায়কের দ্বারা এরা পরিবৃত। মনে হচ্ছে এরা যেন নর্তক। এই দৃশ্য আমার পক্ষে একান্তই অসহ হয়ে পড়েছে।৮৫ শত্রুশক্তি-হননকারী রাম-লক্ষ্মণকে দেখে মনে হচ্ছিল তাঁরা যেন এক বৎসর বয়স্ক হস্তীর ন্যায় গতিশীল। ক্রমে তাঁরা ঋষ্যমূক পর্বতে উপস্থিত হলেন।৮৬ কপিবর সুগ্রীব আশংকা করলেন—ত'ারা বালীর চর। তিনি ভাবতে লাগলেন —আমি ভ্রাতার সঙ্গে বিরোধ ক'রে কিভাবে জীবনধারণ করব ?৮৭ রঘুনন্দনদ্বয়কে শত্রুঘাতী মনে ক'রে সুগ্রীব সপরিবারে মলয়াচলে চলে গেলেন। ঐ অচল (এত উচ্চ যে মনে হয়) যেন আকাশের পরিমাণ স্থির করতেই উত্থিত হয়েছে।৮৮

দূত হনুমান

কপিবর সুগ্রীব বিপন্ন হয়ে কপিশ্রেষ্ঠ হনুমানকে দূতরূপে প্রেরণ করলেন ; হনুমান অচঞ্চল, হিতকারী এবং দুঃখদূরকারী।৮৯ হনুমান পথ সম্পর্কে অভিজ্ঞ, অভ্রান্তচিত্ত, এবং জিগীষুদের অভিপ্রায় নির্ণয়ে নিপুণ। তিনি বিশ্বাসপ্রদ ভিক্ষুবেশ গ্রহণ করে আকাশে উঠলেন।৯০ হনুমান ঋষ্যমূক পর্বতে উপস্থিত হলেন। ঐ পর্বতে পবনচালিত বৃক্ষগুলি ভ্রমণশীল সুরাপায়ীদের মতো, গুঞ্জনরত ভ্রমরদল যেন সোমপায়ীদের মতো।৯১ সুখাহরণে দক্ষ হনুমান ভিক্ষুবেশে উপস্থিত, তাঁর আকৃতিও ভিক্ষা পাবার যোগ্য। তিনি মনোহর ঋষ্যমূক পর্বতে উপস্থিত হয়ে কবচধারী বীর রঘুনন্দনদ্বয়কে বলতে লাগলেন,৯২ আপনারা মত্ত হস্তীর ন্যায় বলশালী—কিন্তু এই গিরিশ্রেষ্ঠ ভগবান শংকরের পক্ষেও দুর্গম। এখানে আপনারা কি উদ্দেশ্যে এলেন তা বলুন।৯৩ এই পর্বতের অধিবাসী নিষ্ঠুর ও হিংস্র জন্তুগণ—এর গুহায় গুহায় থাকে রাক্ষস, এরা কাঁচা মাংস ভক্ষণ করে। উন্নত গিরিতরুতে আচ্ছন্ন বলেই এই স্থান মানুষের অগম্য।৯৪ এই সকল গিরিপথে সিংহ বিচরণ করে—তারা প্রাণীদের পক্ষে ভয়াবহ ; এই পথ নতোন্নত প্রস্তরস্তূপে আচ্ছন্ন ; এই পথে ভ্রমণকালে নিঃশ্বাসের দ্বারাই নাড়ীর তাপ অক্ষুণ্ণ রাখতে হয়—বালকোচিত দীপ্তি আপনাদের—আপনারা কেন এখানে এলেন ?৯৫ কত কূলপ্লাবিনী ভীষণ নদী এখানে তা-ই বা আপনারা পার হলেন কিভাবে ? বলুন ত, কুলধ্বংসী হস্তিগণই বা কেন আপনাদের বিনাশ করেনি ?৯৬ রাম হনুমানকে বললেন—হে বিজ্ঞ, আমরা স্বল্পসন্তুষ্ট মুনিদের রক্ষা করবার জন্য পিতার ইচ্ছানুসারে এই আকাশস্পর্শী গিরিপথে উপস্থিত হয়েছি।৯৭ জানবে, আমাদের পিতার নাম দশরথ ; তিনি প্রচুর অন্নদাতা ও ঐশ্বর্যশালী। তিনি সর্বজনের ভোগসুখবিধাতা, শ্রেষ্ঠ এবং পৃথিবীতে বিখ্যাত।৯৮ এক মর্মঘাতী রাক্ষস আমার অসূর্যম্পশ্যা ভার্যাকে বন থেকে হরণ করেছে। আমরা তাঁরই সন্ধান করছি।৯৯ হনুমান রামচন্দ্রকে বললেন—বালী নামে এক বানর আছে যে সকলের উপরে স্থিত সূর্যকেও পরাভূত করতে পারে।১০০ সেই পাপদর্শী জ্যেষ্ঠ ভ্রাতা কনিষ্ঠ

সুগ্রীবকে দেশ থেকে বিতাড়িত করেছে। সেই মৈত্রীপ্রার্থী সুগ্রীবের অনুকূল দূতরূপে আমি এখানে উপস্থিত হয়েছি।১০১ আমি প্রিয়ংবদ হলেও কখনও মিথ্যা বলি না। হে পরন্তপ! সখা সুগ্রীবের সাহায্যে আপনি শত্রুতাপন দশাননকে হনন করতে পারবেন।১০২ যা অসত্য তাতেই আমি মৌনী হয়ে থাকি। তাই একথা তোমাকে সত্যই বলছি,—তুমি এস, এসে সর্বকার্যক্ষম সুগ্রীব নামক বানরকে মিত্র করে নাও।১০৩ তারপর হনুমান রামচন্দ্রকে নিয়ে গগনস্পর্শী মলয় পর্বতে প্রস্থান করলেন। রাম হলেন কল্পতরু যশ হল তাঁর শাখা! ইনি হলেন কল্পতরুর মতোই ফলদায়ী।১০৪ ক্লান্ত সুগ্রীব বর্ষাঋতুর মতো রামচন্দ্রকে আসতে দেখে বালিরূপ সূর্যকে আর ভীষণ মনে করলেন না।১০৫

সুগ্রীব-সখ্য

রাম ও সুগ্রীব অগ্নিসমীপে[১৬] সখ্য করলেন, বললেন—এখন থেকে আমরা পরস্পরের প্রিয় কাজ করবো। তারপর তাঁরা দুজনেই দুজনের কল্যাণকর কাজগুলির আলোচনা করতে লাগলেন।১০৬ রামচন্দ্র কপিগণের স্বেচ্ছাকৃত ভোজন, চীৎকার, চলন শয়ন ও অবস্থান সবই প্রশংসার বিষয় ব'লে মনে করতে লাগলেন।১০৭ অতঃপর বানর সুগ্রীব বিষ্ণুপ্রতিম পৃথ্বীপতি রামচন্দ্রের নিকটে যুদ্ধে বালীর বিক্রমের কথা বর্ণনা করতে লাগলেন।১০৮ সমগ্র ভূমণ্ডলে বালীর তুল্য শক্তিশালী কেউ নেই—এই আমার অন্তরের ধারণা; কিন্তু তাই ব'লে বালীর কাছে আপনার পরাভব ঘটবে এমন কথা আপনাকে বলছি না।১০৯ আপনি ক্রুদ্ধ হ'লে দূরগামী অমোঘ বাণের দ্বারা ইন্দ্রেরও ঐশ্বর্য নষ্ট করতে পারেন,—বালীর আর কথা কি!১১০ প্রভাতে উদীয়মান সূর্যের গতি কেউ রোধ করতে পারে না,—তার মত সেই দস্যুঘাতী বালীও মুনির বরপ্রভাবে সমরে এমন বিক্রমের অধিকারী হয়েছে যে তা অদম্য।১১১ হে রাম! বর্তমানে বালিবধ আমার সমস্ত দুঃখ দূর করতে পারে; কিন্তু আমার দুর্বল চিত্ত অতি প্রিয় ব'লে তাতে বিশ্বাস স্থাপন করতে পারছে না।১১২ আপনি শত্রুকুলের শীর্ষচ্ছেদী; আপনাকে আসতে দেখে আমি মনে ভাবছি—যেন বালীর স্ত্রী পতিঘাতী চিহ্নে মণ্ডিত হয়েছে।১১৩ যদিও বালী অমিত শক্তিশালী, সর্ববিধ যুদ্ধোপায়ের অধিকারী এবং যুদ্ধে শত্রুসংহারপটু, পর্বতক্ষেপনে হস্তিবধে সমর্থ, তথাপি আপনি পাণিবাদক[১৭] সুনিপুণ বানরবৃন্দের সাহায্যে বালীকে জয় করতে পারবেন।১১৪ শ্লাঘ্যবিক্রমশালী বালী দেবশত্রু মহিষের (মহিষরূপী দুন্দুভি নামক অসুরের) বধ সাধন করেছে; ঐ বধব্যাপার অন্যের দুষ্কর তাই ইন্দ্রের তুষ্টিকর হয়েছিল।১১৫ বালী সেই মৃত মহিষটিকে এক যোজন দূরে নিক্ষেপ ক'রে সকলেরই প্রিয় হয়েছিল এবং শক্তি সত্ত্বেও সমস্ত লোকের পীড়ন না করায় সে স্বর্গেও প্রীতিভাজন হয়েছিল।১১৬ স্বল্পবুদ্ধি কপি রামের অস্ত্রশক্তি জানতে উৎসুক হলেন; রাম তাঁর প্রত্যয়ের জন্য ব্যোমস্পর্শী সপ্ততালতরু ভেদ করলেন।১১৭

সুগ্রীব-বালীর যুদ্ধ

তারপর বালীরূপ যজ্ঞীয় পশু বধ্য বলে নিশ্চিত হ'লে রামরূপ ঋত্বিকের দ্বারা সুগ্রীবের ভয় দূরীভূত হলো; ধৃষ্ট সুগ্রীব তখন সিংহনাদ করতে করতে ভ্রাতার

বাসস্থানের দিকে ধাবিত হলেন।১১৮ সিংহ যেমন মৃগের দিকে ধাবিত হয় তেমনি যুদ্ধে ভয়ংকর বালী সিংহনাদে দিগদিগন্ত পূর্ণ ক'রে গুহা থেকে নির্গত হয়ে ভ্রাতার দিকে ধাবিত হলো।১১৯ সেই সমরূপ বালী-সুগ্রীব কলহে প্রবৃত্ত হলে ইক্ষ্বাকু-কুল-নন্দন রাম তাদের মধ্যে ভেদ নির্ণয় করতে না পেরে বিমূঢ় হয়ে পড়লেন; উদ্যত বাণ উপসংহৃত হলো।১২০ ক্লান্ত বানর সুগ্রীব কিষ্কিন্ধ্যাবাসী বালী কর্তৃক অত্যন্ত নিষ্পিষ্ট হয়ে ঈষৎ উষ্ণ নিঃশ্বাস ত্যাগ করতে করতে ঋষ্যমূক পর্বতের দিকে হরিণের মত দ্রুত প্রস্থান করলেন।১২১ রামচন্দ্র মালা দ্বারা সুগ্রীবকে চিহ্নিত করে বালীকে নিহত করবার জন্য সুগ্রীবের দ্বারা পুনর্বার তাকে যুদ্ধে প্রবৃত্ত করালেন।১২২

বালীর মৃত্যু

সেই বানর সেনানীদ্বয়ের যুদ্ধকালে রামচন্দ্র দূরে বালীর প্রাণঘাতী বাণ নিক্ষেপ করলেন।১২৩ অর্থিদের প্রার্থনাপূরণকারী, বীরগণের অগ্রণী, সর্ববিধ শত্রুর পরাভবকারী, সুখপরায়ণ, স্থিরবুদ্ধি মহাকপি বালী (রাম নিক্ষিপ্ত) বেগবান বাণে বিদ্ধ হয়ে শকুনি ও শৃগালের ত্রাসজনক ভীষণ শব্দ করতে করতে সহসা ভূতলে পতিত হলেন।১২৪-১২৫ শত্রুঘাতী বালীকে পতিত দেখে অনাথ বানরগণ পুত্র-কলত্রাদির মতোই কাঁদতে কাঁদতে দশদিকে প্রস্থান করল।১২৬ বনবাসী মুনিগণ রামচন্দ্রকে ধিক্কার দিলেন। মধুপায়িণী অর্থাৎ দুঃখে অনভিজ্ঞা কপিকামিনীরা বিলাপ করতে করতে বালীর নিকটে উপস্থিত হলো।১২৭

রামের প্রতি বালী

শূরমানী[১৮] বানররাজ, আঘাতের বেদনায় কাতর হয়ে সাধুমন্য রামচন্দ্রকে অসাধুর ন্যায় উচ্চকণ্ঠে তিরস্কার করতে লাগলেন।১২৮ হে রাঘব! আমি অন্যের সঙ্গে যুদ্ধে ব্যাপৃত ছিলাম এ অবস্থায় আমাকে বধ করায় তুমি ব্রহ্মঘাতীদের পাপে লিপ্ত হয়েছ। কপট তাপস তুমি! মিথ্যা তোমার হবির্যজ্ঞ!১২৯ রে দুরাচার! তুমি পুণ্যকারী রাজা দশরথের পুত্র হলেও বিনা পাপে আমাকে নিহত করে নিজে পাপাচারী হলে। যারা সুকৃতিশালী তাদের কাছে তুমি কি বলবে?১৩০ তোমার পিতা দশরথ আহিতাগ্নি,[১৯] সোমযাজী[২০] এবং রথচক্রচিৎ[২১] প্রভৃতি বিশেষ বিশেষ অগ্নিতে যজ্ঞকার। তুমি কেন তার অনুসরণ করলে না?১৩১ তুমি পাপদর্শী[২২]! আমাকে নিঃশঙ্ক অবস্থায় বধ করে তুমি মাংস বিক্রয়ী ব্যাধ অপেক্ষাও গর্হিত কর্ম করেছে।১৩২ আমি অন্যের সঙ্গে যুদ্ধলিপ্ত এবং নিরপরাধ—তথাপি তুমি আমাকে বধ করলে! সুতরাং তোমার পিতা যে তোমাকে রাজপদে প্রতিষ্ঠিত করেন নি তা তিনি তোমাকে খল জেনে বুদ্ধিপূর্বকই করেছেন!১৩৩ হে কৌশল্যানন্দন! সত্যযুগের ব্রাহ্মণেরা যে পাঁচটি পঞ্চনখ[২৩] জন্তুকে খাদ্যরূপে নির্দেশ করেছেন, আমি কপি—সেই সকল শশকাদির মধ্যে একটিও নই।১৩৪ তুমি নিজেই ধর্মহীন, প্রজাপুঞ্জের পালন করবে কিরূপে? তুমি তোমার কনিষ্ঠ ভ্রাতা লক্ষ্মণের কাছেই বা লজ্জিত হচ্ছ না কেন?১৩৫ রে লক্ষ্মণাগ্রজ দুর্বৃত্ত! অনুজের[২৪] প্রেরণায় তুমি

অক্ষত্রিয়োচিত রণে আমাকে নিহত করেছ—তোমাকে আমি অন্য কোন কুলজাত (নীচ কুলোদ্ভব) ব'লেই মনে করছি ।১৩৬

বালীর প্রতি রাম

রামচন্দ্র বালীর কথার উত্তরে বললেন – হে কপিরাজ, যাজ্ঞিকগণ, সোমযাজিগণ বা প্রাচীন বৃদ্ধ সম্প্রদায় যা করেন নি, আমি এমন কিছুই করি নি ।১৩৭ জালের দ্বারা কিংবা গলায় বন্ধনের দ্বারা নিকটস্থ মৃগপক্ষীদের যারা বধ করে, অথবা যারা পরস্ত্রীর সঙ্গে সহবাস করে[২৫] তাদের নিধন করাই সেই প্রাচীন বৃদ্ধ সম্প্রদায়ের অভিমত ।১৩৮ আমি শুনেছি, কনিষ্ঠ ভ্রাতার উপভুক্ত ভার্যায় তুমি উপগত হয়েছ, সুতরাং হে কপিরাজ,[২৬] তুমি বেদজ্ঞগণের নিন্দিত ।১৩৯ তখন বালী লজ্জিত হয়ে রামচন্দ্রকে অনুনয় করতে লাগল এবং প্রিয়পুত্র অঙ্গদকে সযত্নে রামের হাতে অর্পণ করল ।১৪০ ম্রিয়মাণ বালী সদ্ভাবসম্পন্ন হয়ে সুগ্রীবকে বলল – মনে রেখো, আমরা একই মাতার গর্ভে জন্মগ্রহণ করেছি ।১৪১ আমরা উত্তম পর্বতে বাস করেছি, প্রচুর মধু পান করেছি - সেই সব কথা মনে রেখো । কারণ এই হলো বন্ধুতার সময় ।১৪২ নিশ্চয়ই দৈব আমাদের এককালীন সুখ বিধান করেন নি । তিনি নিশ্চয়ই আমাদের প্রতিকূল হয়েছিলেন । তাই এরকম করেছেন ।১৪৩ বালী ভ্রাতাকে প্রিয়তমা স্ত্রী এবং উত্তম স্বর্ণময়ী মালা দান করলেন । পরের রাজ্য এবং ভোগ্যবস্তু দান ক'রে ব্রণবেদনায় প্রাণত্যাগ করলেন ।১৪৪ সুগ্রীব রামের আদেশে বালীর পারলৌকিক ক্রিয়া সম্পন্ন করলেন । এর পর তিনি অবিলম্বে গুহায় প্রবেশ করতে আগ্রহী হলেন ।১৪৫ চারদিক থেকে কপিগণ সুগ্রীবের নাম উচ্চারণ ক'র স্তব করতে লাগল । বানররাজ সুগ্রীব রঘুশ্রেষ্ঠ রাম-লক্ষ্মণের অনুকূল হয়ে বিরাজ করতে লাগলেন । ক্রমে বর্ষাকাল এলে কিষ্কিন্ধ্যা পর্বতের সানুসকল গাছের পাতায় আচ্ছন্ন হয়ে উঠল । মধুমত্ত ভ্রমরগণ গুঞ্জন করতে লাগল । সুগ্রীব কিষ্কিন্ধ্যা পর্বতে প্রবেশ করলেন ।১৪৬

॥ ভট্টিকাব্যে 'বালিবধ' নামক ষষ্ঠ সর্গ সমাপ্ত ॥

সপ্তম সর্গ

তারপর একদিন বন কাঁপিয়ে বর্ষার বায়ু প্রবাহিত হল এবং মেঘরাশি আকাশ ছেয়ে উত্থিত হল ।১ দীপ্ত মেঘমালা বজ্রের ধ্বনিতে ভরা—সেই মেঘপুঞ্জ ছিন্ন ভিন্ন হয়েই যেন উৎপন্ন শস্যের পক্ষে তৃপ্তিকর নির্মল জল বর্ষণ করতে লাগল ; ঐ মেঘজাল সূর্যকে ঢেকে ফেলল, আকাশের সকল দিক ব্যাপ্ত করে বিদ্যুৎমালায় বেষ্টিত হয়ে শোভা পেতে লাগল ।২-৩

বর্ষাবিরহে রামের বিলাপ

রাম মাল্যবান্ পর্বতে থেকে ঐ মেঘ দেখে, জয়শীল হয়েও, অধৈর্য ব্যক্তির ন্যায় সহিষ্ণু এবং প্লানিযুক্ত হয়ে উন্মাদের ন্যায় বিলাপ করতে লাগলেন ।৪ বাতাস

মেঘখণ্ডের স্পর্শে শীতল, কদম্বপুষ্পের সুগন্ধ। এই প্রবহমান স্নিগ্ধ ও সুগন্ধ বায়ু শান্তপ্রকৃতি ব্যক্তিদের মনেও গ্লানি সৃষ্টি করে[১] ।৫ আমি রোগগ্রস্ত মন নিয়ে যেন ক্লেশ পাচ্ছি, আর এই জোনাকিখচিত, অনিষ্টকর, দৃষ্টিলোপী অন্ধকার আমার দুঃসহ হয়ে উঠেছে।৬ শব্দায়মান চাতকেরা আমাকে আহত করছে ; সর্বত্র সঞ্চরণশীল বিদ্যুৎও তাদের সঙ্গে মিলে আমাকে শোকগ্রস্ত করে তুলেছে।৭ বর্ষার জলকণা শীতল হলেও দেহলগ্ন হয়ে দহনকারীর মতো মনে হচ্ছে ; আর ময়ূরেগণ নৃত্যপরায়ণ হলেও আমার দোষ দিচ্ছে বলে অসহ্য হয়ে উঠেছে।৮ অদৃষ্টবলে প্রবর্তিত এই বর্ষণধারা বিদ্বেষ ক'রে যেন অনপকারী নির্দোষ ব্যক্তিকেও নিপতিত হয়ে পীড়ন করছে।৯ এই বজ্রধ্বনিময় জলবর্ষী ঋতু সুখদুঃখপরিত্যাগী যোগিজনের চিত্তকেও মুগ্ধ করে ফেলবে।১০ ঐ গর্বিত চাতক[২] যেন আমার চিত্তকে পীড়িত করার জন্যই জল পেয়েও অবিশ্বাসীর মতো বার বার মেঘের নিকটে জল প্রার্থনা করছে।১১ এই পাপিষ্ঠ ভেকের দল বৃথাই চীৎকার করে যাচ্ছে, এরা (কর্কশতার জন্য প্রাণিমাত্রেরই পীড়ক—বিরহীদের এরা হিংসা করে। এরা কামনাহীন হবে কবে ?১২ রামচন্দ্র বর্ষাকালীন রাত্রি ও রাত্রিতুল্য[৩] দিনের নিন্দা করতে লাগলেন। তিনি দুঃখ ভোগ করতে লাগলেন, কখনও বা শোক প্রকাশ করতে লাগলেন ; এইভাবে বর্ষায় তিনি অতি কষ্টে রাত্রি ও দিন কাটাতে লাগলেন।১৩

মাল্যবান পর্বতে শরৎ

অনন্তর শরতের অভ্যুদয়ে রামচন্দ্র দেখলেন—বলধ্বনিতে মুখর উড়ন্ত ক্রৌঞ্চশ্রেণীতে শুভ্র আকাশ ব্যাপ্ত হয়েছে ; এদের দর্শনে উৎকণ্ঠা বর্ধিত হচ্ছে।১৪ উদ্ভাসিত চন্দ্র দেখে রামচন্দ্র শোকগ্রস্ত হয়ে লক্ষ্মণকে বললেন—লক্ষ্মণ ! দেখ, কেমন জোর গতিতে হংসগণ পদ্মের উদ্দেশ্যে যাত্রা করেছে।১৫ ঐ কামপরায়ণ কপি আজও যাত্রার কোন উদ্যোগ করছেন না ; তাই বিরহব্যথার উদ্দীপক আকাশের তারা আমাকে (সুগ্রীবের প্রতি) ক্রুদ্ধ ক'রে তুলছে।১৬ অন্ধকার ধ্বংস করে, পদ্মদল বিকশিত করে সূর্য যে দিনের আরম্ভে দীপ্তি পাচ্ছেন একথা কি কপি (সুগ্রীব) জানেন না ? (বর্ষার শেষে শরৎ এলো এ খবরও কি সুগ্রীব রাখেন না ?) ১৭ বর্ষা অতিক্রান্ত, তবু সুগ্রীব প্রমত্ত হয়ে গৃহে অবস্থান করছেন। সুতরাং নিশ্চয়ই তিনি বালীর অবলম্বিত পথেই গমন করবেন !১৮ লক্ষ্মণ ! তুমি জয়শীল, দ্রুত পদক্ষেপে গিয়ে সেই মধুরভাষিণী রমণীদের সঙ্গে আসীন সুগ্রীবকে নিষ্ঠুর বাক্য বলবে।১৯ তুমি সত্বর সেই পাপী, শৈলাশ্রয়ী, আমার প্রতি অনাদর প্রকাশ করতে উদ্যত নিষ্ঠুর কপিকে তিরস্কার করে ন্যায্য কথা শোনাও।২০ তুমি দ্রুত সেই পর্বতে গিয়ে স্ত্রীকামী, নিদ্রাসক্ত, ভ্রমরের ন্যায় মধুপায়ী[৪] বানরকে কাঁপিয়ে দিয়ে নির্দয়বাক্য বলো।২১ লক্ষ্মণ উত্তমগতিসম্পন্ন, স্থিরবুদ্ধি, প্রাজ্ঞ এবং জয়শীল[৫] ; তিনি দীপ্ত ধনু গ্রহণ ক'রে অস্থিরপ্রকৃতি বানরদের নিকট উপস্থিত হলেন।২২ সেই শত্রুঘাতী, তেজস্বী ও অচঞ্চল লক্ষ্মণকে কর্তব্যকার্যে অবহিত পবননন্দন হনুমান বিনীতভাবে গুহার মধ্যে নিয়ে গেলেন।২৩ কামাসক্তা কামিনীগণে পরিবৃত সুগ্রীব নিজের মঙ্গল ব্যক্ত করলেন এবং প্রভুর অনুগ্রহপ্রার্থী হয়ে লক্ষ্মণকে প্রণাম ক'রে বললেন—২৪ প্রভো ! আমি আপনার প্রসাদে

রাজা হয়ে স্তুতিশীলা উজ্জ্বল রমণীদের সঙ্গে যেন স্বপ্ন দেখতে দেখতে নির্ভয়ে এখানে বাস করছি।২৫ আমি রামপ্রদত্ত ভোগে আসক্ত থেকে বিদ্যুতের লয়, সূর্যের দীপ্তি, দীপ্যমান চন্দ্রের আলো—কিছুই জানতে পারিনি।২৬ হে প্রভো! এই আমি সম্প্রতি ভূতল, পর্বত ও সমুদ্রের অন্তগামী বীর বানরসেনাদের পাঠাচ্ছি। তারাই রামের শোক দূর করতে পারবে।২৭ তারপর রামের কায সম্পাদনে উদ্যোগী হয়ে সুগ্রীব সমস্ত বানরসেনাকে দ্রুত উপস্থিত হতে আদেশ দিলেন।২৮ সুগ্রীব আরও বললেন—সীতালাভের উদ্দেশ্যে মিত্রকার্য করবার জন্য আমরা আজই দ্রুত রামদর্শনে যাত্রা করব।২৯ তারপর ভীষণ বানরসংঘ রামের সাহায্যে দশদিক ব্যাপ্ত করে সহর্ষে সেখানে উপস্থিত হলো।৩০ শত্রু সংহার করব—এই বলে সহসা পৃথিবী রাবণহীন করতে উদ্যত হয়েই যেন বানরসেনাদল সুগ্রীবের নিকটে এসেছিল।৩১ আগত এই কপিসেনার সাহায্যেই আমি কার্য সমাপ্ত করব—এই স্থির করে সুগ্রীব এলেন রামের কাছে। রাম যেন শীতলতরু আর সুগ্রীব এলেন তাঁর ছায়ায়।৩২ রামচন্দ্র বানরদের সমাগম দেখে মনে করলেন—এই সমাগম কার্যসাধনের যোগ্য! তিনি ভাবলেন—রাবণের বিনাশ যেন সুসম্পন্নই হয়েছে।৩৩

সীতার অন্বেষণ

তারপর সুগ্রীব এই কার্যসাধনে স্থির নিশ্চয়ে সমাগত কপিদের গুরুর মতোই কোন্ দিকে কতদূর যেতে হবে তার সীমা নির্দেশ ক'রে দিলেন।৩৪ সুগ্রীব সজলজলদনাদী চারুগতি হনুমানকে বললেন—তার সঙ্গে ছিলেন অঙ্গদ জাম্ববান আর নীল।৩৫ তোমরা যমস্থান দক্ষিণ দিকে যাও। নীতি প্রয়োগ ক'রে চলবে। সমুদ্রের জলগর্জনকে নিজেদের গর্জনদ্বারা তর্জন করতে করতে, পর্বতের উচ্চতা ছুটে গিয়ে জেনে নিয়ে নিয়ে, সুন্দর বিক্রম প্রকাশ করে ইচ্ছামতো বন ভাঙার কাজ করে সকল সময় উদ্গার-সুগন্ধি ফলরাশি পর্যাপ্তভাবে ভোজন করতে করতে, আর ধান্যরাশির উপর হস্তক্ষেপ অভীষ্ট না করে চলতে থাকবে।৩৬-৩৮ মহাযজ্ঞে সামবেদিগণের কণ্ঠে উচ্চারিত স্তবের ন্যায় পুষ্পগত ফলশায়ী মধুকরের গুঞ্জন শুনতে শুনতে, দক্ষিণসাগরের জলবিস্তার আলোচনা করে, মুষ্টিবদ্ধ নিপীড়িত ফলরস পান করে তোমরা যাবে।৩৯-৪০ তোমরা একমত হয়ে যেখানে যা ন্যায্য তা পর্যায়ক্রমে করবে; সকলে সমবেত হয়ে ফলসংগ্রহ ও রাত্রিতে শয়ন করবে।৪১ তোমরা ক্ষুদ্রকায় হয়ে আবার ছল করে ও শত্রুদের উপহাসে উপেক্ষা প্রদর্শন করে রাক্ষসের গৃহগুলিতে সীতার সন্ধান করবে।৪২ যে পর্যন্ত বিদেহনন্দিনীকে তোমরা দেখতে না পাবে সেই পর্যন্ত কোন কোলাহল কোরো না। তার দেখা যখন মিলবে তখন তোমাদের শত্রুনিগ্রহ সার্থক হবে।৪৩ তোমরা ভিক্ষাপাত্রধারী ভিক্ষুকের বেশে ধর্মানুমোদিত চেষ্টার দ্বারা পতি মিলনের জন্য ধ্যানমগ্না সীতার সন্ধান করে জানতে চেষ্টা করবে।৪৪ একমাস কাল অতীত হবার আগেই তোমরা যাগনিষ্ঠ দ্বিজগণ কর্তৃক পরিগৃহীত সুসংস্কৃত বেদীর মতো সেই অনিন্দিতবেশধারিণী সীতাকে দেখে আসবে।৪৫ যাঁর অবিচলিত গুণরাশি নীবারফলমূলাহারী ঋষিগণকে অতিক্রম করে থাকে তোমরা তাঁকে গিয়ে দেখে এসো, শীঘ্র যাও।৪৬ উন্নতদেহ মেঘনাদী গজমতি রাম মেঘনাদী দূরগামী হনুমানকে

বললেন।৪৭ বৃষ্টির অভাব ঘটলে কৃষকেরা যেমন বৃষ্টি প্রার্থনা করে তোমরাও তেমনি 'সীতাপ্রাপ্তি' প্রার্থনা করো। সুগ্রীবের নির্দেশে তোমরা তাঁর অন্বেষণে যাও।৪৮ বণিক যেমন তুলাদণ্ডের সূত্র হাতে নিয়ে সিদ্ধির জন্য যোগ্যকালে যোগ্যদেশে গমন করে তেমনি তোমরাও এই অঙ্গুরীয়ক নিয়ে যথাকালে সীতার অধিষ্ঠিত দেশে যাও।৪৯ তারপর বানরগণ অভিজ্ঞান নিয়ে সূর্যের রথবাহী মুক্তরশ্মি অশ্বের ন্যায় দ্রুত আকাশ-পথে লাফিয়ে উঠল।৫০ বানররাজ সুগ্রীব ত্বরান্বিত হয়ে কোটি বানরের সঙ্গে শতবলি নামক বানরসেনানীকে উত্তরদিকে এবং সুষেণ নামক বানরসেনানীকে পশ্চিমদিকে প্রেরণ করলেন।৫১ বিনত নামক অন্য এক বানরসেনানী অব্যাকুল চিত্তে মুক্তরশ্মি দূরগামী অশ্বযুক্ত সূর্যের ন্যায় কোটিসংখ্যক কপিসৈন্য সঙ্গে নিয়ে পূর্বদিকে প্রস্থান করল ৫২ হনুমানপ্রমুখ বানরগণ সীতার দর্শনলাভের জন্য উত্তম আস্তরণতুল্য শারদ মেঘে আচ্ছন্ন বিন্ধ্যাচলে উপস্থিত হলো।৫৩ গিরিশিখরে সিংহগণকে তুচ্ছ করেই যেন সূর্য-পথের বাধাস্বরূপ বিন্ধ্যাচলে বানরগণ বিচরণ করতে লাগল।৫৪ শত্রুর বিনাশ এবং সীতার সন্ধান এই দুটি লক্ষ্যে স্থির থেকে বানরগণ উচ্চ পর্বতগুলিতে ভ্রমণ করতে লাগল এবং দুস্তর নদীগুলি পার হতে লাগল।৫৫ সমস্ত দিক আচ্ছন্ন করে সিংহদের ভোজনে বঞ্চিত ও প্রহারে আক্রান্ত করে বানরগণ নিজেরা অনাহারে থেকেও সমাদরে অত্যন্ত সংকটপূর্ণ স্থানে যেতে লাগল।৫৬ কতকগুলি বানর হাসতে হাসতে যেতে লাগল, কতকগুলি বানর মুনির মতো মৌনীভাবে সংযত হয়ে চলল, অন্য বানরেরা কোলাহল করতে করতে অগ্রসর হল।৫৭ ক্লান্তিবশতঃ বাকস্ফূর্তিহীন এবং ধনের ক্ষতিতে আনন্দহীন মানুষ যেমন একান্তে উপবেশন করে তেমনি সেই বানরেরা সকলে পথশ্রমে ক্লান্ত, নীরব এবং অবসন্ন হয়ে এক গিরিনিতম্বে উপবেশন করল।৫৮ তারপর সেই বানরগণ হৃষ্ট হয়ে উঠল। তারা দেখল পশুপালের ন্যায় বহু পক্ষী দলে দলে গুহাদ্বার দিয়ে বেরিয়ে যাচ্ছে।৫৯ বানরেরা দেখলো পক্ষীগুলি কপট পাশাখেলায় পণকারী ধূর্তের মতো চোরের মতো গিরিগুহা থেকে চলে যাচ্ছে।৬০ পক্ষিকুলের উপসর্পণ দেখে সেখানে জল আছে এ বিষয়ে বানরেরা নিশ্চিন্ত হলো।[৭] তখন রণপণ্ডিত বানরগণ জলাধার লাভের আশায় পরস্পরকে আহ্বান করে অথবা পরস্পর প্রতিযোগিতা করে সেই গুহামধ্যে প্রবেশ করল।৬১ তৃষ্ণা দূর করতে ইচ্ছুক হয়ে বানরেরা অভিজ্ঞদের আহ্বান ক'রে ঘন অন্ধকারতুল্য গুহাদ্বারে দ্রুত উপস্থিত হলো।৬২ লৌহবুটের ন্যায় কঠিনস্কন্ধ বানরেরা সেই গুহাদ্বারের পরবর্তী একটি মুক্ত স্থানে—সৌধগৃহের অলিন্দে এক ললিতাঙ্গী রমণীকে দেখতে পেল ৬৩ সেই বানরদের মুষ্টি লৌহমুদ্গরের মতো দৃঢ়—তাদের মুষ্টির আঘাতে ছিন্ন-ভিন্ন বৃক্ষের অংশ দেখে মনে হতো যে কুঠারের দ্বারা কর্তিত। সেই বানরগণ রমণীকে কুশল প্রশ্ন করল।৬৪ রমণীর চন্দ্রকান্তি যেন অন্ধকারকেও দূর ক'রে দিচ্ছিল। অথবা সেই রমণীর ছিল মেঘমুক্ত চন্দ্রের দ্যুতি)। বানরেরাও পদভরে তৃণগুল্ম মর্দন করতে সমর্থ[৮]; তাদের বাহু লৌহনির্মিত অর্গলের মতো; এই বানরদেরই রমণী মৃদু হেসে কুশল প্রশ্ন করলেন।৬৫ সেই রমণী গিরিগুহাশ্রয়ী, দলবদ্ধভাবে আগত ও প্রশস্ত সেই বানরদের রসেভরা বহুবিচিত্র ফল ও সুস্বাদু শীতল জলের দ্বারা পরিতৃপ্ত করলেন।৬৬ বিভিন্ন ধরণ এবং আকারের তরুরাজিতে সমাচ্ছন্ন সেই সৌধগৃহ; সেই গৃহেরই এক স্থানে বানরের দল প্রচুর ফলভোজনে তৃপ্ত হয়েছিল। তৃপ্ত হয়ে তারা সেই

দীপ্তিময়ী[9] রমণীকে জিজ্ঞাসা করল —এ কার পুরী ?৬৭ হে কল্যাণি ! তুমি কার থেকে এ পুরী সযত্নে রক্ষা করছ —তা বলো। তোমার দর্শনলাভ আমাদের কাছে স্বপ্নে পাওয়া রত্নের মতোই মনে হচ্ছে।৬৮ সমুদ্রবৎ গম্ভীর সেই বানরসংঘকে রমণী বললেন —এটি শিল্পকলার নির্মিত দানবরাজের পুরী।৬৯ দানবরাজ মর্যাদা লঙ্ঘন করেছিল, সেইজন্য বলিদ্রোহী ইন্দ্র তাকে নিহত করেছেন। আমি মেরুসাবর্ণি নামক সেই দানবের কন্যা, আমার নাম স্বয়ংপ্রভা।৭০ তোমরা যদি এখান থেকে দ্রুত বেরিয়ে যেতে ও প্রভুর কার্য ক'রে আত্মকীর্তি রক্ষা করতে চাও তবে নিজের নিজের করতল দিয়ে চক্ষু আবৃত করো —আমি তোমাদের বাইরে পাঠিয়ে দিচ্ছি।৭১ বানরগণ নির্দেশ অনুযায়ী কাজ করল —তারা চক্ষু আচ্ছাদন করল। তখন সেই প্রশস্তগতি রমণী মন্ত্রবিদ্যার মতোই কুটিলগতি বানরদের বাইরে পাঠালেন।৭২ তার উপদেশে বানরগণ রসাতল থেকে নিষ্ক্রান্ত হয়ে এসে জানতে পারল নির্দিষ্ট কাল অতিক্রান্ত হয়েছে; তখন তারা লজ্জিত ও ব্যথিত হলো।৭৩ বানরগণ (রাজজগতের) পরীক্ষাভঙ্গভয়ে ভীত হলো এবং রাজকার্য সমাধা না ক'রে কিরূপে আমরা সমাদর লাভ করব এইরূপ চিন্তান্বিত হয়ে আলোচনা শুরু করল।৭৪ বালিপুত্র অঙ্গদ ভাবলেন প্রায়োপবেশনের দ্বারা কল্যাণ হবে, এই ভেবে হৃদয়-বেদনা প্রকাশ করে তিনি সেই পর্বতের উপরে যোগে অধিষ্ঠিত হলেন।৭৫ জাম্ববান যেন ক্ষয়রোগগ্রস্ত ব্যক্তির ন্যায় চিন্তা করে বললেন কাল্পনিক শোভা করে শালভঞ্জিকাতুল্য[11] বিষয়সমূহকে ধিক্।৭৬ এই রাজপুত্র অঙ্গদ যে কাজ করছেন, আমিও সেই কাজ করব এই ব'লে জাম্ববানও প্রায়োপবেশন করলেন।৭৭ হনুমান বানরদের বললেন—'এই বৃদ্ধ জাম্ববান যখন সন্ন্যাসী হলেন, আমিও পর্যায়প্রাপ্ত প্রায়োপবেশন করব'।৭৮ 'আপনাদের অভাবে যে বেঁচে থাকবে তার জীবনে ধিক্' —এই বলে সমস্ত বানরই যোগাসনে বসলো।৭৯ বানরগণ বলতে লাগল —কবন্ধের মৃত্যুই প্রকৃষ্ট হয়েছিল; অসি দ্বারা বধ করায় তা ক্লেশকর হয়নি তার অগ্নিসংস্কারও হয়েছিল। কিন্তু আমাদের এই অনাথবৎ মৃত্যু ধিক্কারের যোগ্য।৮০ তারপর বানরগণের সেই প্রায়োপবেশন তার ভোজ্যরূপে মনে করিয়ে এক বিরাট কদাকার পক্ষী[12] মন্দগতিতে সেখানে এল।৮১ দেহভেদনক্ষম চঞ্চুবিশিষ্ট সেই অশুভকর পক্ষীকে দেখে বানরগণ নিজেদের পাপাশ্রিত আত্মার জন্য বার বার শোক করতে লাগল।৮২ দণ্ডকারণ্যবিহারী পক্ষী জটায়ুই পুণ্যবান্; সে রামের কার্য সম্পাদন ক'রে অগ্নিসংস্কৃত হয়ে স্বর্গে আরোহণ করেছে।৮৩ এই নরকের অবতার আমাদের কাছে প্রত্যক্ষ হয়ে আগত হয়েছে। আমরা নিশ্চেষ্ট, তাই এ আমাদের অন্যায়ভাবে ভক্ষণ করবে।৮৪ এই পক্ষী যেন কৃতান্তের জাল; এর আকৃতি আমাদের প্রাণ বয়ে নিয়ে যাবার ভাজন; এর চঞ্চুর অগ্রভাগ আমাদের দেহখননে সমর্থ। একে পেয়ে আমাদের সুখ দুর্লভ হয়ে গেল।৮৫ এই পক্ষী আমাদের একটুও সমৃদ্ধি করবে না কেননা ও জন্মান্তরেও শুভকর্ম করেনি, তাই ক্ষুধায় আর্ত হয়ে আমাদের ভোজন করতে এদিকে আসছে।৮৬ পক্ষী বানরদের কাছে এসে মধুরকণ্ঠে বলল —এই পর্বতশিখর মনেরও অগম্য; এখানে কে তোমরা রামকথা কীর্তন করে বিলাপ করছ এবং সাদরে আমার সহোদর জটায়ুর প্রশংসা করছ ?৮৭-৮৮ পক্ষীর শঙ্কানিরসন বাক্য শুনে বানরগণ তাকে বলল —আমরা শত্রুদমনেচ্ছুক রাজা রামচন্দ্রের দূত।৮৯ কোন এক দুষ্কুলজাত ব্যক্তি সেই মহাকুলীন

রামের কুলোচিতা উচ্চ বংশজাতা প্রিয়া পত্নীকে হরণ করেছে— আমরা যাঁর সন্ধান করতে চাই।৯০ আমাদের ফিরে যাবার সীমারূপে নির্দিষ্ট ছিল ত্রিংশতম দিন। সেই দিন অতীত হয়েছে জেনে প্রয়োজনসাধনে অক্ষম আমরা পরলোকগমনে ইচ্ছুক হয়েছি।৯১ হে পক্ষিশ্রেষ্ঠ! আমরা সেই স্তবযোগ্যা লক্ষ্মীরূপা রামপ্রিয়াকে না দেখে মৃত্যু বরণ করব, তবু ফিরে যাব না।৯২

সম্পাতির কথা

পক্ষী বানরদের বললেন— নিশ্চয়ই ধর্মশাস্ত্রে তোমাদের কিছুমাত্র জ্ঞান নেই, তাই তোমরা এই সময়ে মৃত্যুর সংকল্প গ্রহণ করেছ।৯৩ রাম রাজ্যচ্যুত হয়েছেন, তাঁর ভার্যা হৃত হয়েছে, তিনি ভার্যার জন্য অত্যন্ত উদ্বিগ্ন। প্রভুর কার্য ত্যাগ করবার এটা উপযুক্ত সময় নয়।৯৪ তোমরা সত্বর দক্ষিণদিক বেষ্টন করবার জন্য চেষ্টা করো; সেখানে নভঃস্পর্শী স্বর্ণনির্মিত পুরী দেখতে পাবে।৯৫ গিরিশিখরস্থিত লঙ্কানাম্নী নগরী রাক্ষসরাজ রাবণ কর্তৃক পালিত; ইন্দ্রবিজয়ান্তে আনীত সুর-নারীগণ ঐ পুরী দর্শন করে থাকেন।৯৬ ঐ লংকানগরী সুমেরু পর্বতে স্থিত ইন্দ্রপুরীকে অভিভূত করেই যেন বিরাজমান। মনে হয়, জগতের সমস্ত সারভাগ সংগ্রহ করেই ঐ একমাত্র পুরী ভূতলে নির্মিত হয়েছে।৯৭ ইন্দ্রকে অসুখী ক'রে এবং স্বকৌশলে দীর্ঘদিন পরিশ্রম ক'রে আমি 'এই এই করব' একথা ব'লে বিধাতা সযত্নে সেই একমাত্র পুরী নির্মাণ করেছেন, এও আমার ধারণা।৯৮ পাপাত্মা রাবণ কুবেরকে প্রতারণাপূর্বক ঐ লঙ্কা অধিকার করে সেখানে বাস করছেন। অসাধ্য বলেই সাশ্রুনেত্রে ইন্দ্র এই উপেক্ষা সহ্য করছেন, সেখানে যাও।৯৯ নিজের শক্তির কথা জেনে তোমরা যদি রাবণের সঙ্গে বিরোধ করতে উৎসুক হও তবে আর আলস্য কোরো না। তোমাদের প্রশ্নের উদ্দেশ্য বুঝেই আমি এই সব কথা তোমাদের বললাম। ১০০ অবিবেকী এবং রোদনপরায়ণ (নিশ্চেষ্ট) ব্যক্তির নিকটে সম্পদ কখনও উপস্থিত হয় না। শত্রুর অপকারকামনায় তোমরা কি চোরের মতো ছিদ্রান্বেষণে তৎপর হয়ে সেখানে যাবে না?১০১ তোমরা নিশ্চয়ই সীতার সংবাদ জানতে উৎসুক হয়েছে। সুতরাং তাঁর অন্বেষণে উদ্যোগী হও, এই কথাই আমি বলছি। আমার কথা মিথ্যা ভেবো না— প্রভুর মঙ্গলসাধন করো।১০২ তোমরা রাবণের সম্মুখে যাও, রঘুরাজকে প্রসন্ন করো। ভীত হয়ো না, রাবণ সীতাকে বিবাহবন্ধনে স্বীকৃত করতে পারেনি।১০৩ তারপর বানরগণ কলরব করতে করতে দ্রুত প্রস্থান করল— তাদের লক্ষ্য মহেন্দ্রনামক গিরীন্দ্র। তারা গভীর ধৈর্য ধারণ ক'রে রইল।১০৪ সেই পর্বতের রমণীয় কুঞ্জে থেকে অদূরে মণিরত্নাধিষ্ঠিত সমুদ্র দেখে তারা সিংহনাদ করতে শুরু করল।১০৫

সমুদ্র দর্শন

ঐ সমুদ্র যেন ক্রুদ্ধ হয়েই জলতরঙ্গে তটশৈলগুলিকে আঘাত করছে। নিজের পূর্ণশোভায় সজ্জিত হয়ে যেন মদাবেশে ঘূর্ণিত হচ্ছে। শীতল বায়ুপ্রবাহে যেন পবিত্র হচ্ছে— যেন (সকল সময়) দীপ্তিতে মণ্ডিত হয়েই রয়েছে যেন তরঙ্গরাশি একত্র ক'রে আবার চারদিকে তাদের ছড়িয়ে দিচ্ছে, অম্বর অতিক্রম করেও সমুদ্র নিজের

স্বরূপে অবস্থিত ; তৃষ্ণার্ত হয়েই যেন দিনরাত্রি নদীসমূহের জল পান করছে : রাত্রিতে উদিত চন্দ্রের কিরণে যেন বর্ধিত হচ্ছে ; মনে হচ্ছে মেরু পর্বতের উচ্চতা জয় করবার জন্য ঊর্ধ্বে নিজেকে বিস্তৃত করবার জন্য উৎসুক ।১০৬-১০৯ কপিশ্রেষ্ঠগণ সমুদ্রের উপরে নভঃস্পর্শী তরঙ্গরাশি দেখলেন ; বুঝলেন যে নীচের জলরাশি ভ্রাম্যমাণ মকর থাকায় সংকটপূর্ণ । তারা বানরশ্রেষ্ঠ পবননন্দন হনুমানকে সত্বর প্রেরণ করলেন । হনুমান ঐরাবতের মতো গুরুবিক্রম এবং যাতায়াতে সমর্থ ।

॥ ভট্টিকাব্যে 'সীতান্বেষণ' নামক সপ্তম সর্গ সমাপ্ত ॥

অষ্টম সর্গ

তারপর বিপুলদেহ হনুমান সাগর লংঘনের জন্য আকাশপথে প্রস্থান করলেন ; গরুড় সূর্য বা পবনও তার বেগ অতিক্রম করতে পারলেন না ।১ শরতের সুপ্রভাতে সূর্য যেমন দীপ্তি পেয়ে থাকেন তেমনি দীপ্যমান হলেন হনুমান। সূর্য আগে আগে যে পথ অতিক্রম করলেন হনুমানও সেই সমস্ত পথ পার হয়ে গেলেন ।২ হনুমান এবং সমুদ্র নিজের নিজের দেহ আকাশে বিস্তার ক'রে সূর্য চন্দ্র ও ইন্দ্রসেবিত উত্তম পথে যেতে লাগলেন ।৩ গতিমান হনুমানের ধৈর্য সমুদ্রও জয় করতে পারলেন না এবং পবন প্রবলবেগে প্রবাহিত হয়েও তার গতির সমকক্ষতা লাভ করতে অক্ষম হলেন ।৪ পথের মধ্যে পবননন্দন একটা রাক্ষসীর মুখের মধ্যে দিয়ে ঢুকে তার উদর বিদীর্ণ ক'রে বেরিয়ে এলেন । এইভাবে তিনি রাক্ষসীকে বধ করলেন—ঐ রাক্ষসী ঘাতক ব্যক্তির প্রাণনাশ করত ।৫ বায়ুবিক্ষুব্ধ সাগর এবং ম্রিয়মাণা রাক্ষসী উভয়ের ভীষণ শব্দ পরস্পরের সঙ্গে মিশে গেল ।৬ সেই রাক্ষসী একাই অসংখ্য জলজন্তুর ভোজনের তৃপ্তি বিধান ক'রে জলজন্তুসমন্বিত সাগরগর্ভে প্রবেশ করল ।৭ পবননন্দন দেখলেন, তার পিতা ইন্দ্রের হাত থেকে যাকে রক্ষা করেছিলেন সেই মৈনাক পর্বত সাগর থেকে উত্থিত হয়ে অপেক্ষা করছেন । বিশ্রাম-দানরূপ প্রত্যুপকারের দ্বারা তিনি ঋণশোধ করবেন এই তাঁর ইচ্ছে ।৮

হনুমানের প্রতি মৈনাক

মৈনাক তাঁর উচ্চতায় আকাশেকও যেন পরাজিত করতে উদ্যত হয়ে পবননন্দনকে বললেন—তুমি আমার উপরে বিশ্রাম করে, পরে শত্রু জয় করতে যাও ।৯ তুমি এখানে বিচিত্র ফল গ্রহণ করো ; ক্রীড়ামত্ত পাখীদের দেখতে দেখতে সানুদেশে ইচ্ছেমতো ঘুরে বেড়াও ।১০ হে ভদ্র ! তুমি এখানে কিছুকাল বিশ্রাম করো, পরে আবার চলে যেয়ো । তুমি কার্যনিপুণ, যে কাজ করতে সংকল্প করেছ তা অসম্পন্ন থাকবে না ।১১ তোমার প্রতি আমাদের প্রীতি রয়েছে - তাই তোমার কাছে নিজের ইচ্ছা প্রকাশ ক'রে বললাম । তুমি মিত্রের কার্য সাধনে উদ্যোগী হয়েছ, কে না তোমার যথেষ্ট সম্মান করবে ?১২ যে সব ব্রাহ্মণ মন্ত্রোচ্চারণ করে ত্রিসন্ধ্যায় সূর্যের উপাসা করেন তাঁরাও এখন রাক্ষসপীড়িত হয়ে তোমার সিদ্ধি কামনা করছেন ।১৩

হে বীর! তুমি অচঞ্চল চিত্তে আমার কাছে এসো। আমি (তোমার পিতা) পবনের সখা। সূর্য অধিক তাপ বিতরণ করছেন, আমার কাছে বিশ্রাম নিয়ে তুমি যাও।১৪ এখন সূর্যের তীব্র উত্তাপ; এই তাপ যেন দীপ্ত অঙ্গারে সর্বাঙ্গ পড়িন করেই সকলের অসহ্য হয়েছে।১৫ হে কপি, আমার কথা শোনো, আমার এই সুন্দর বনগুলিতে তুমি বিহার করো। তোমার আগমনে আমার ঈপ্সিত সংকল্পগুলি সত্য ব'লে মনে হচ্ছে।১৬ মৈনাক পর্বত বায়ুর সখা—একথা কে জানে জানে? তাই আমি প্রীতির সঙ্গে সযত্নে তোমাকে আহ্বান করছি; তুমি আমার নিকটে নিজের বক্তব্য বলো।১৭

মৈনাকের প্রতি হনুমান

মৈনাকের আহ্বান ছিল যেন আকাশের আহ্বান। সেই অত্যন্ত উপকারী পর্বতকে হনুমান্ ভূত্যবৎ সম্মানে ক'রে বললে।১৮ হে গিরীন্দ্র! আমি কুলনারীর লাঞ্ছনাকারী রাবণকে দেখতে দ্রুত ছুটে যাচ্ছি—সুতরাং আপনার কোন উপকার করবার প্রয়োজন নেই।১৯ যে রাবণ সীতাকে বন থেকে অপহরণ করেছে, ইন্দ্রও যাকে পরাজিত করতে পারেন নি, আমি আজ বিবিধ স্বরবিকার ক'রে তার শক্তি নাশ করব।২০ রামের শত্রু সেই পাপী রাবণের নগরে আজ আমি নানাভাবে বিক্রম প্রকাশ করব। হয় আমার প্রিয় প্রাণ বিসর্জন করব, না-হয় তাকে জয় করে যশ অর্জন করব।২১ এখন আমি শত্রু সভায় উপস্থিত হয়ে আমার ক্রোধ শান্ত করব—পবননন্দন হনুমান এই কথা বলে আকাশপথে দ্রুত প্রস্থান করলেন।২২ (তখন) কেতু তারার ন্যায়[৩] ভয়ংকর এক রাক্ষসী আকাশপথ জুড়ে হনুমানের শক্তি পরীক্ষার জন্য আক্রমণ করতে এল।২৩ জলের উপরে পদক্ষেপ করে সেই রাক্ষসী এগিয়ে আসছে—তার শতযোজনবিস্তৃত মুখ। হনুমান সেই মুখে প্রবেশ করে সূক্ষ্মদেহে রাক্ষসীর অজ্ঞাতসারেই উদর বিদীর্ণ করে বেরিয়ে এলেন।২৪

হনুমানের লঙ্কাপ্রবেশ

তারপর হনুমান সীতাদর্শনে আগ্রহী হয়ে সমুদ্রতীরে উপস্থিত হলেন—সেখানে ভীষণ রাক্ষসেরা ইতস্ততঃ বিচরণ করছিল।২৫ প্রাজ্ঞ এবং কর্মনিপুণ হনুমান শশকের ন্যায় ক্ষুদ্র আকার ধারণ করে সকলের অজ্ঞাতে দিনটা কাটিয়ে দিলেন; শপথ করলেন—'রাত্রিতে আমি সমস্ত তথ্য জানবো।'২৬ হনুমান রাত্রিতে রাবণের বহুসংখ্যক সতর্ক অনুচর পরিহার ক'রে হুংকার সহকারে শত্রুর পক্ষে দুরধিগম্য সেই লংকাপুরীতে প্রবেশ করলেন।২৭ লংকায় প্রবেশ ক'রে হনুমান শুনতে পেলেন—পরস্পর আলাপেরত জনগণ রাবণের গুণগান করছে। তিনি কারও সঙ্গে কোন কথা বললেন না—কারও সঙ্গে বিবাদ করলেন না।২৮ বাক্যালাপ, আহ্বান, সঙ্গীত, নৃত্য, অট্টহাসি[৪] এবং মত্তবচনের দ্বারা সেই লংকাপুরী যেন ইন্দ্রপুরী অমরাবতীরই শব্দানুকরণ করছিল।২৯ পরস্পর বিবাদকারী ব্রহ্মরাক্ষসগণ এবং মাংসশোণিত ভক্ষক পিশাচগণে পরিবৃত লংকানগরীতে হনুমান উপস্থিত হলেন।৩০ ঐসকল পানাসক্ত ব্রহ্মরাক্ষস

ও পিশাচ সভায় প্রভু রাবণের গুণকীর্তন করছে এবং দলে দলে অপথে ভ্রমণ করছে।৩১ অন্যেরা হস্তী, অশ্ব ও রথে ভ্রমণ করছে আবার কেউ কেউ বন্দিনী নারীদের দিয়ে সুন্দর সুন্দর পুষ্প ও ফল দিচ্ছে।৩২ কোন কোন কামিনী ক্রোধে প্রিয়জনপ্রদত্ত মদ্য প্রত্যাখ্যান করছে—কামী প্রিয়জন প্রেমজিজ্ঞাসু রমণীদের কাছে শপথবাক্য উচ্চারণ করছে।৩৩ বিরহদুঃখিত রামচন্দ্রকে সবদা স্মরণ করতে উৎসুক ছিলেন বলে হনুমান লংকায় কোন নৃত্যদর্শনে ইচ্ছুক হলেন না বা কোন গান শুনতেও আগ্রহ বোধ করলেন না।৩৪ হনুমানের লংকাদর্শন অনুমোদন করতে আগ্রহী হয়েই যেন পূর্বদিকে চন্দ্র উদিত হয়ে তাঁর অন্ধকারনাশী কিরণমালা পাঠিয়ে দিলেন।৩৫ চন্দ্রোদয়ে রাক্ষসদের বাসগৃহগুলিতে অন্ধকার দূরীভূত হয়েছিল। হনুমান চারদিক থেকে সীতার সংবাদ শুনতে ইচ্ছুক হয়ে সেই সকল গৃহে নির্ভীক-ভাবে বিচরণ করতে লাগলেন।৩৬ লংকাপুরীর মধ্যে হনুমান শতসহস্র নগররক্ষক রাক্ষস দেখলেন; সেই ভয়ংকর রাক্ষসের সঙ্গে সংঘর্ষ বাধলে অন্যের তো কথাই নেই, স্বয়ং কৃতান্তেরও মৃত্যু হবে।৩৭ তারপর চন্দ্র মধ্যগগনে উদিত হল; লংকাপুরী দীপ্ত ও শুভ্র সৌধসমূহে অপূর্ব শোভা ধারণ করল।৩৮ পানগোষ্ঠীরত জনগণ চাটুবাক্য বলতে বলতে মদ্য পান করছে—মদ্যপাত্রে প্রতিবিম্বিত হয়েছে চন্দ্রমা। সেই প্রতিবিম্বিত চন্দ্রমাকে তারা অমৃতের মতোই উপভোগ করতে লাগল[৫]।৩৯ জ্যোৎস্না-লোকে যুবক রাক্ষসদের মান দূর হলো; তারা প্রিয়জনের প্রেমতৃষ্ণা উত্তেজিত ক'রে যেন অধিক মাত্রায় সুরা পান করতে লাগল।৪০ রাক্ষসেরা নিজের নিজের প্রণয়িনীর কাছে পদ্ম সংযুক্ত সুরা বার বার পান করতে লাগল - ফলে তাদের সুরতসম্ভোগে বিশ্বাস সৃষ্টি হলো।৪১ যে সকল রণকুশল রাক্ষস ইন্দ্রকেও ভীতিগ্রস্ত করে তুলতো হনুমান তাদের বিস্মিত না করে (অর্থাৎ তাদের অজ্ঞাতসারেই) গৃহ থেকে গৃহান্তরে যেতে লাগলেন।৪২ হনুমান সীতাদর্শনাভিলাষী; তিনি প্রচ্ছন্ন থেকে রাক্ষসদের বিমোহিত করলেন, নিজের মায়া দ্বারা রাক্ষস-মায়া ব্যর্থ করে দিলেন।৪৩ শত্রুদের বঞ্চিত করবার পর হনুমানের ধারণা হল, রাক্ষসপতি রাবণ যে চরের দ্বারা ঘোষণা করিয়েছেন[৬] তা নিষ্ফল।৪৪ নিজের পরাক্রম গোপন রেখে হনুমান (রাবণের) মন্ত্রিমন্ডলীর গৃহে গৃহে ঘুরে বেড়ালেন; তারপর গেলেন নর সমাজের অসূয়াকারী রাবণের গৃহে।৪৫ হনুমান দেখলেন দিব্য রমণী সমাজের দ্বারা রাবণের গৃহ সর্বদা ব্যাপ্ত।—তারা ছিল চারদিক আলো-করা, উৎকৃষ্ট সৌন্দর্যের অধিকারিণী উত্তম সব রমণী। তারা সম্ভোগশৃঙ্গারকর্মে নিত্যই পুরুষদের তাদের কামকলা দ্বারা উত্তেজিত ক'রে তুলেছিল। মকরধ্বজ[৭] তাদের দ্বারা নিজের কর্ম করিয়ে নিয়ে নিশ্চিন্ত, তারা মদমুগ্ধ যুবজনের দ্বারা নিজের প্রয়োজন সাধন করিয়ে নিচ্ছিল। তারা দর্শকদের চিত্ত শুধু দৃষ্টি দিয়েই পান করে থাকে—তারা মনোজ্ঞ-কান্তিধারিণী এবং কামিজনে দেহদায়িনী।৪৬-৪৯ হনুমান সেই গৃহ ত্যাগ ক'রে পুষ্পক নামক বিমানের[৮] (দেবযান) নিকটে উপস্থিত হলেন সেই বিমান যেন মন্দরপর্বতের শোভা অনুকরণ করছে।৫০ হনুমান সেখানে দেখলেন (কৈলাস পর্বতের মতো শোভমান রাবণ অন্যান্য পর্বতের শোভা অতিক্রম করে বিরাজিত। তার দুই বাহু বৃক্ষতুল্য এবং তার মস্তক যেন পর্বতের শৃঙ্গ।৫১ হনুমান দেখলেন, ইন্দ্রের প্রতি অত্যন্ত ঈর্ষাপরায়ণ এবং কামদেবের প্রতি একান্ত অনুরাগী রাবণ পরিবার-বর্গের সঙ্গে শয়ান রয়েছেন—

চারিদিকে কস্তুরী, পরিমল প্রভৃতি সুগন্ধ দ্রব্য বিক্ষিপ্ত।৫২ ইন্দ্র যে রাবণের নিকট ভয় পেয়ে যুদ্ধ থেকে নিবৃত্ত হয়েছিলেন, পবননন্দন তাকে দেখতে পেয়ে ক্ষণকালের জন্য তুষ্ট হলেন।৫৩ শ্বাসতরঙ্গে রাবণের মুখ ও মস্তক কম্পিত হচ্ছিল। হনুমান তাকে সেই অবস্থায় দেখে নিজের কর্তব্য 'সীতান্বেষণ' থেকে ক্ষণেকের জন্য বিরত হলেন। তাঁর মনে হল, রাবণ পবনান্দোলিত বনযুক্ত রম্য মেরুপর্বতের মতো।৫৪ হনুমানের হৃদয় সীতাদর্শনের জন্য ব্যাকুল। কান্তার সঙ্গে রাবণকে নিজনে আশ্লিষ্ট দেখে তিনি বুঝলেন, সীতা এখানে নেই। তখন পবননন্দন দুঃখিত চিত্ত (সীতাকে না পেয়ে) হলেও মনে মনে খুশি (সীতা রাবণের কামনার বলি হয় নি দেখে)।৫৫ তারপর হনুমান সীতাদর্শনের আকাঙ্ক্ষায় রাক্ষসদের জাগিয়ে না দিয়ে প্রাকারের উপরে উঠলেন; শক্তি থাকলেও তিনি যুদ্ধ থেকে নিবৃত্ত হলেন।৫৬ কীভাবে আমি রামচন্দ্রের শোক দূর করব কীভাবেই বা বিদেহনন্দিনী সীতার পরম আনন্দ সৃষ্টি করব? হনুমান এইসব চিন্তা করতে লাগলেন।৫৭ আগে আমি রাঘবপ্রিয় সীতাকে দেখবো—পরে রাক্ষসদের বিতাড়িত করব! কেননা তাঁকে দেখার আগে বিক্রম প্রকাশে উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে।৫৮

অশোকবনে হনুমান

এইরূপ চিন্তা করতে করতে হনুমান অদূরে অশোকবন দেখতে পেলেন। তার উন্নত বনরাজি আকাশে ব্যাপ্ত—পুষ্পস্তবকে সেই বন শোভিত।৫৯ বানরশ্রেষ্ঠ হনুমান বনবাসী শাখাসুপ্ত পক্ষীদিগকে ভীত না করে—তরুরাজি কম্পিত না করে ধীরে ধীরে সেই অশোকবনে প্রবেশ করলেন।৬০ সেখানে বায়ু ধীরে ধীরে প্রবাহিত হচ্ছে শুধু লতাগুলিকে একটু নাচিয়ে দেওয়াই তার কাজ; সেখানে রাবণের ভয়ে ভীত হয়েই ঋতুগণ পরস্পরের সমৃদ্ধিতে বাধা দিচ্ছে না; সেখানে রাবণের আদেশে সর্বদা পূর্ণচন্দ্র পদ্মযুক্ত সরোবরগুলিকে জোৎস্নামৃত পান করাচ্ছে। সেখানে বন্দী স্ত্রীগণ সমাহৃত হয়ে মায়াবিনী রাক্ষসীদের দ্বারা সমাবৃত থেকে অতি দুঃখে মনের শৃঙ্গার ভাব দমন করছে; সেখানে দশানন কেবল কামবশেই সীতাকে অশোক-বনবাসের ব্যবস্থাও করেছে—কিন্তু চতুর এবং বুদ্ধিমান হয়েও সীতার প্রীতিপাত্র হতে পারেনি।৬১—৬৪ তারপর মন্দগতি হনুমান সেই হরিদ্বর্ণ তরুরাজিপূর্ণ অশোকবনের সর্বত্র বিচরণ করতে লাগলেন। বায়ুর ঘর্ষণে বনের তরু শক্‌শক্ শব্দ করতে লাগল।৬৫ যে বনে চন্দ্রকান্ত মণিগুলি ক্ষরিত হচ্ছে—সরোবরগুলি শোভিত এবং যেখানে পবনান্দোলিত পুষ্পস্তবকগুলি লুণ্ঠিত হচ্ছে হনুমান সেই বনে ভ্রমণ করতে লাগলেন।৬৬ হনুমানের সীতাদর্শনরূপ সিদ্ধি আসন্ন হয়েছিল। তিনি সীতার নিকট যেতে উদ্যত হয়েছিলেন—সেই সময়ে শুভসূচক পক্ষীরাও গম্ভীর শব্দ ক'রে তাঁকে আনন্দিত করতে লাগল।৬৭ সেই সময়ে ইষ্টদর্শনের 'নিমিত্ত'-সূচক ঘটনাবলী লক্ষ্য করে সীতা দেখতে পেলেন তিনি অদূর ভবিষ্যতে যেন পতির নিকটে থাকবেন। ৬৮ সীতার সংবাদ যদি না পাওয়া যায় তবে আমাদের সমুদ্রলঙ্ঘন প্রভৃতি সমস্ত উদ্যম ব্যর্থ হয়ে যাবে—হনুমান এই সব কথা ভাবতে লাগলেন।৬৯ রামচন্দ্রের বার্তবহ কপিশ্রেষ্ঠ পবননন্দন হনুমান বৃক্ষ থেকে বৃক্ষান্তরে গিয়ে নিজে

অদৃশ্য থেকে জনকনন্দিনী সীতাকে দেখতে পেলেন। তিনি দেখলেন—জনকনন্দিনী রাবণের ভয়ে অত্যন্ত ভীতা, শত্রুর হাত থেকে মুক্তির কোন উপায় দেখতে পাচ্ছেন না। রাবণের প্রীতিপ্রকাশ তাঁর সহ্য হচ্ছে না ; তাঁর মনে হল, রাবণের কবল থেকে সবরকমে তাঁকে রক্ষা করা প্রয়োজন। রাক্ষসদের দৃষ্টির অন্তরালে থাকার জন্যই তিনি চেষ্টা করছেন। তিনি মলিনা এবং রুক্ষকেশা। তাঁর মুখে একটুও হাস্যরেখা নেই ; অথচ তিনি এতই তেজস্বিনী - দেখে মনে হয় যে, সূর্য থেকেই আবির্ভূতা হয়েছেন।৭০-৭২

অশোকবনে রাবণ ও সীতা

(তারপর) কুৎসিতদর্শন দুরাত্মাদের প্রীতিবিধায়ক, রাক্ষসদের সম্পদবর্ধক, পরনারীদের নিকট আত্মশ্লাঘী রাক্ষসপতি রাবণ সেই অশোকবনে উপস্থিত হলেন।৭৩ রাবণ কামমোহিত হয়ে সীতার কাছে শপথ করতে লাগলেন। তিনি কপট সৌজন্যের অভিনয় করলেন - নিজের অভিপ্রায় জানাতে ইচ্ছুক হয়েই যেন অধমর্ণের মতো তাঁকে ধন দেবারে অঙ্গীকার করতে লাগলেন।৭৪ রাবণ সীতার প্রতি স্পৃহা প্রকাশ ক'রে অনুনয় সহাকারে অনেক প্রিয়বাক্য বলতে লাগলেন—ক্রুদ্ধও হলেন না বা অসূয়াও প্রকাশ করলেন না।৭৫ ওগো মৃগনয়নে, আমি তোমাকে দেখতে চাই, তুমি বৃথা আমার প্রতি ক্রোধ প্রকাশ কর কেন ? দেখো, পরনারীদের দেখতে হবে, এই হলো রাক্ষসদের স্বধর্ম।৭৬ হে ভীরু ! মাধ্যম শ্রেণীর প্রভুরাই অধীন ব্যক্তির কথা অনুযায়ী কাজ করে উত্তমরা নয়। এবং তারাই স্তাবকদের ধনদান করে—কিন্তু আমাদের মতো কৃতকৃত্য কার্যজ্ঞ প্রভু তা করেন না।৭৭ আমি ভুবনাধিপতি : বিষয়-সুখে বিলাস করতে ইচ্ছুক হয়ে সপ্রেমে আমাকে বরণ করো : সম্ভোগের জন্য যদি দাস-রূপে আমাকে ক্রয় কর, তাহলে আমিও তোমার অপ্রিয় আচরণ করবো না।৭৮ আমার সঙ্গে প্রাসাদে বাস করবে, চলো ; নির্জন বনে থেকো না : ভূতলে শয়ন কোরো না, কামাসক্তা হয়ে শয্যা আশ্রয় করো।৭৯ তুমি যেমন অব্যাহতভাবে আমার মনে প্রবেশ করেছ, তেমনি আমিও তোমার হৃদয়ে বাস করতে ইচ্ছুক,—আমাকে তুমি বাধা দিও না।৮০ হে কর্তব্যজ্ঞানহীনে ! আমি জগতের পতি, তোমার কাছে নত, আমাকে তুমি অবমানিত কোরো না ; আমাকে দেখলে কোন্ নারীই বা সেই ভাগ্যহীন রামকে কামনা করবে ?৮১ যে পাষাণ থেকে দুগ্ধ দোহনের প্রত্যাশী সে রাম থেকে ঐশ্বর্য লাভ করুক। তুমি হিতাহিতবক্তা রাবণেরই প্রীতি উৎপাদন করো।৮২ আমি প্রীত হয়ে তোমাকে ত্রিভুবনের সুখভোগ করাবো। কেন আমাকে বেশি কথা বলাচ্ছ - রাবণকে নিজের পার্শ্বে শয়ন করাও।৮৩ তুমি রাক্ষসগণকে তোমার আজ্ঞাবহ করো ; আমাকে প্রিয় উপহার দাও। ইন্দ্র মস্তকে অঞ্জলি বন্ধন ক'রে থাকবেন এটি কে না চায় ?৮৪ পতিপরায়ণা সীতা রাক্ষসপতির বচনের পর ক্রুদ্ধ হলেন এবং পাপিষ্ঠ রাবণকে বলতে লাগলেন - ৮৫

রাবণের প্রতি সীতা

ওহে দুষ্ট, তুমি যদি রামচন্দ্র থেকে হীন না হবে, অথবা যদি তুমি বীরসমাজে শ্রেষ্ঠই হবে তবে সে দুই রঘুবীরকে ছলনা করে অন্যত্র নিয়ে আমাকে এখানে হরণ করে

আনলে কেন ?৮৬ হে রাক্ষসাধম ! তুমি সমস্ত লোক ত্যাগ করে ভয়ে লংকায় বাস করছ। সুতরাং তোমার চরিত্র বীরের সমাজ থেকে হীন হবে না কেন ?৮৭ রে পাপাচারী ! তুমি সাধুদের পীড়ন করে এবং পরনারীর প্রতি কামাসক্ত হয়ে—যে পর্যন্ত না রামের দর্শন হয় সেই পর্যন্তই লক্ষ্মীযুক্ত হয়ে শোভা পেতে থাকো, রামের দর্শন হলে তোমার বিনাশ অনিবার্য ।৮৮ যিনি সংগ্রামে শরযোজনা করলে নারায়ণের মতো প্রতিভাত হন সেই রাম অচিরেই এখানে আসবেন ; তাঁর তেজ তোমার অসহ্য হয়ে উঠবে ।৮৯ রে নৃশংস ! তুমি যুদ্ধে রামের শরে প্রহৃত হয়ে কোথায় পালাবে ? রে মদদর্পিত ! তুমি রামকে তুচ্ছ করে তীব্র বাক্য প্রয়োগ ক'রে ভাল কাজ কর নি ।৯০ প্রভু রাম তোমার নামেরও শেষ রাখবেন না। তিনি মহাদেবকেও পরাজিত করতে পারেন - তোমার নিগ্রহ তো সামান্য কথা !৯১ হে রাক্ষস, তুমি আমার স্তুতিই কর বা নিন্দাই কর—আমি ঠিক কথাই বলেছি। তুমি আমার প্রতি কামুক হয়েছ ; তোমার এ বীর্য অনলে নিক্ষেপ করো ।৯২ প্রভু রামচন্দ্র পরাক্রম প্রদর্শন করে তোমার ধ্বংসসাধন করবেন রাবণকে এই কথা বলে মৈথিলী নীরব হলেন ।৯৩ সীতার কথা শেষ হলে ক্রুদ্ধ এবং ভয়স্কর মূর্তি রাবণ সীতার উদ্দেশ্যে খড়্গ উদ্যত ক'রে দীর্ঘ-নিঃশ্বাস ফেলে বলতে লাগলেন, ৯৪ হে মৈথিলি ! আমি বহুদিন ধ'রে তোমায় অনুকূল কথা বলা সত্ত্বেও তুমি প্রতিকূল হয়েই আছ। যাই হোক, যদি একমাসের মধ্যে আমাকে স্বীকার করে না নাও তবে তোমার মৃত্যু অবধারিত ।৯৫ রাবণ গৃহে ফিরে যাবার সময় ভীষণা রাক্ষসীদের এই ব'লে নিযোগ করলেন - 'তোমরা সকলে আমার উদ্দেশ্যসিদ্ধির জন্য সীতাকে ভয় প্রদর্শন করো ।'৯৬ রাবণ চলে গেলে তাঁর প্রীতিবিধানের জন্য রাক্ষসীরা সীতার কাছে এল এবং তাকে ভয় দেখাতে বার বার অত্যন্ত ক্রূর বাক্য প্রয়োগ করতে লাগল ।৯৭ 'হে সীতে। তুমি রাবণকে নমস্কার করো, তাতে নিশ্চয়ই তোমার মঙ্গল হবে। যদি না কর, তোমাকে আমরা প্রাতর্ভোজন রূপে নির্দেশ করব ।'৯৮ এমন সময় ত্রিজটানাম্নী রাক্ষসী তাদের সকলকেই তৃণের মতো অবজ্ঞা করে বলল—ওরে দুর্বৃত্তাগণ ! তোরা নিজেদেরই হনন কর্,—নিজেদের মাংসই ভোজন কর্ !৯৯ আজ আমি স্বপ্ন দেখেছি, ক্ষীণমধ্যা নবযৌবনা সুদর্শনা সীতা চন্দ্রসহ সূর্যকে স্পর্শ করছে[১০] ।১০০ ভীষণবদনা, ক্রূরকর্মা, কঠোরভাষিণী রাক্ষসীরা মাননীয়া ত্রিজটা কর্তৃক যথাযথ তিরস্কৃত হয়ে নিজের নিজের শয্যায় চলে গেল ;১০১ সেই রাক্ষসীরা চলে গেল। পবননন্দন সীতাকে চিনতে পারলেন। তিনি রাবণের আগমনে দীর্ঘকাল অন্তর্হিত হয়ে ছিলেন। এখন ঋণী যেমন ঋণ থেকে মুক্ত হয় তেমনি যজ্ঞদ্বেষী রাবণের প্রস্থানের পর স্বচ্ছন্দচিত্তে সীতাকে জানাবার জন্য রাম-বিষয়ক কথা শুরু করলেন ।১০২-১০৩ তাকে দেখে সীতা ভাবলেন—রাবণ বানরমূর্তি গ্রহণ করে বৃক্ষ থেকে নেমে তাঁর কাছে কেন আসছে ?১০৪ এই ব্যক্তি ভাবাবেশে রামের স্তব করতে করতে আসছে, পূর্বাগত রাবণ ভিন্ন অন্য কেউ হবে বলে দেখাচ্ছে ; তবে কি ক্রূরতা ত্যাগ ক'রে রাবণই আমার বিশ্বাস জন্মাবার জন্য ফিরে এল ?১০৫ এ যদি রাবণ না হয়ে রামের অনুচর হয় তাহলে রাত্রি প্রভাতের আগে দেখা আমার স্বপ্নের শুভ লক্ষণগুলি সবই সফল হল ।১০৬ কিন্তু সমুদ্রের উত্তর তীরে থেকে রাম লবণসমুদ্রের দক্ষিণ তীরবর্তী রাক্ষসপুরীর কথা কী করে জানতে পারলেন ?১০৭ দণ্ডকারণ্যের দক্ষিণে স্থিত নদী, পর্বত, বন ও সাগর অতিক্রম ক'রে

মানুষের অগম্য স্থানে রাক্ষস আমাকে নিয়ে এসেছে।১০৮ প্রচণ্ড পবন অথবা বিনতাপুত্র গরুড় ছাড়া অন্য কেউ সাহস করে এখানে আসতে পারে না—সামান্য বানরের কথা কী বলব ?১০৯

সীতার প্রতি হনুমান

সীতা এই সব কথা ভাবছেন, রাক্ষসেরা তাঁকে অল্প সময়ের জন্য ছেড়ে গেছে। এই সময়ে কপিশ্রেষ্ঠ হনুমান অতিকষ্টে তাঁর কাছে এসে বললেন—'আমি শ্রীরামের ভৃত্য!১১০ মহেন্দ্র পর্বত থেকে দূরে ও বিন্ধ্য পর্বতের অদূরে সমুদ্রের নিকটেই মাল্যবান্ পর্বতে আপনার প্রিয় রামচন্দ্র আছেন।১১১ রাবণ এই স্থানে উপস্থিত হবার আগেই আমি এ বনে প্রবেশ করেছি ; পরে রাবণ চলে গেলে আপনাকে দেখতে উদ্যত হয়েছি—আমাকে কেউ জানতে পারে নি।১১২ দেবি! রাবণ যখন কথা বলছিল, আমি রুষ্ট হয়েও কার্যে বিঘ্ন হবার আশঙ্কায় চিন্তা করেই কোন বিক্রম প্রকাশ করিনি।১১৩ বানরাধিপতি কপিশ্রেষ্ঠ সুগ্রীব এখন নরাধিপতি রামের সখা। আমি তাঁদের দূত হয়ে এখানে এসেছি।১১৪ আমি অন্বেষণে দক্ষ ; দৌত্যকার্যে নিযুক্ত হয়ে রাক্ষসাধিপতির সমস্ত পুরী এবং দিব্যনারীগণের মধ্যে যারা সর্বাপেক্ষা দর্শনীয় তাদের দেখে ভুজঙ্গ অপেক্ষা হিংস্র রাক্ষসদের তুচ্ছ করে আপনার কাছে উপস্থিত হয়েছি।১১৫-১১৬ রামচন্দ্র আপনার জন্য উদ্বিগ্ন ; তিনি আপনার সঙ্গে মিলনের জন্য উৎকণ্ঠিত ; মঘানক্ষত্রযুক্ত কালে[১১] তিনি পিতৃগণের পিণ্ডোদক প্রভৃতি দান করে আমাকে (দূতরূপে) প্রেরণ করেছেন।১১৭ দেবি মৈথিলি! রামচন্দ্র তাঁর এই অঙ্গুরীয়ক অভিজ্ঞান রূপে আপনাকে গভীরভাবে স্মরণ করতে করতে সাদরে আমাকে অর্পণ করেছেন।১১৮ দেবি, আমি আপনার প্রভু রামচন্দ্রের প্রিয় দূত—এই অভিজ্ঞান দেখে বিশ্বাস করুন তিনি কুশলে আছেন। আপনিও তাঁর প্রত্যয়ের জন্য কোন অভিজ্ঞান দিন।১১৯ লক্ষ্মণ রামের শোক দূর করবার জন্য নানাভাবে প্রবোধ দিতে দিতে আপনাকে স্মরণ করছেন। সেই দুই ক্ষত্রিয় বীর এখানে আসবার জন্য সংকল্প করেছেন—আপনি ভীত হবেন না।১২০ বৈদেহি, ভীমবিক্রমশালী বানরসেনা এখানে এসে রাবণকে ধ্বংস করবে। আপনি ধৈর্যধারণ করুন, মনোব্যথা দূর করুন।১২১ আমি গেলে রামচন্দ্র এসে রাক্ষসদের বিনাশ করবেন। কেননা আপনাকে এখানে এনে রাবণ তাদের সকলের প্রাণই বিক্রয় করেছেন।১২২ রাবণ তার বন্ধু ও ভোগের উপকরণ এমনকি নিজের সমস্ত সম্পদই বিক্রয় করেছেন। রঘুশ্রেষ্ঠ দিনে শতবার এক আপনাকেই স্মরণ করছে।১২৩ মৈথিলি! আপনার সহচারিণীরা যতক্ষণ না জাগরিত হয় ততক্ষণ আপনি সেই ধনুর্ধর প্রভুর প্রতি বক্তব্য সংবাদ বলুন।১২৪ হনুমানের লঙ্কা প্রবেশ আশ্চর্য ব্যাপার মনে ক'রে সীতা তার কাছে রামচন্দ্রের সর্বদা পরিচিত নিজের চূড়ামণি অভিজ্ঞানরূপে অর্পণ করলেন।১২৫ তারপর রামচন্দ্রের শয়ন, ভোজন, বচন, হাস্য, স্থিতি ও চলাফেরা সম্পর্কে বার বার প্রশ্ন ক'রে হনুমানকে বিদায় দিলেন।১২৬ হনুমান অভিজ্ঞান গ্রহণ করে প্রভুর নিকট যেতে উৎসুক হয়েও বনভঙ্গ প্রভৃতি দারুণ কর্ম করতে উদ্যত হয়ে ক্ষণকাল মনে মনে চিন্তা করলেন।১২৭ যে ব্যক্তি প্রভুর পূর্বকার্যের বিরোধ না ঘটিয়ে আদেশ অনুযায়ী কার্য সমাপ্ত ক'রেও আরও অধিক কার্য সম্পাদন করে পণ্ডিতগণ বলেছেন তিনিই 'উত্তম দূত'।১২৮

অশোককানন ধ্বংস

আমি বিদেহনন্দিনীকে দেখেছি ; এখন আরও কিছু দুঃসাধ্য কর্ম সম্পাদন ক'রে যশোলাভের অধিকারী হয়ে প্রভুর নিকটে সংবাদ দিতে যাব।১২৯ আমি রাক্ষসরাজের সংরক্ষিত এই বন ছিন্নভিন্ন করব—হনুমান এই ভেবে সেই নন্দনকাননতুল্য বন ধ্বংস করলেন।১৩০ রাঘবযুগলের মঙ্গল হোক ! আমি তাঁদের দূত ; রামের হিতকারী দূত আমি এই বন ধ্বংস করছি। কোন্ রাক্ষস আমাকে বাধা দিতে পারে?১৩১ তখন পবননন্দন হরিণনয়না সীতার বাসভূমি সেই শত্রুবন ধ্বংস করলেন। ফলে, বনফুলের পরাগে বন পিঙ্গলবর্ণ হয়ে উঠল ; পত্র, কলি ও পুষ্প ছিন্নভিন্ন হলো, পুষ্পের পতনে বনতল বিচিত্র শোভা ধারণ করল। বৃক্ষরাজি সশব্দে ধূলিসাৎ হতে লাগল—বৃক্ষস্থ পক্ষীরা উড়ে গেল। তাদের কলরবে সমস্ত দিক আচ্ছন্ন হলো—হরিণদল ব্যাকুলভাবে ছুটে যেতে লাগল।১৩২

॥ ভট্টিকাব্যে 'অশোকবনিকাভঙ্গ'[১১] নামক অষ্টম সর্গ সমাপ্ত ॥

নবম সর্গ

বৃক্ষশাখা ভঙ্গের শব্দে সন্ত্রস্ত হয়ে উঠল রাক্ষসীরা ; তাদের মত পক্ষীর কূজনে চঞ্চল হয়ে উঠল—তারা রাবণের নিকটে গিয়ে সব কথা নিবেদন করল।১ সূর্য যেখানে অল্প তাপ বিতরণ করতেন, বায়ু যেখানে মন্দ মন্দ প্রবাহিত হত, চন্দ্রের কিরণে যা বর্ধিত হচ্ছিল একটা বানর এসে সেই উপবন ভেঙে ফেলছে।২ তখন ইন্দ্রজিতের পিতা রাবণ[১] ক্রোধান্ধ হয়ে পবননন্দনের বিনাশের জন্য আশি হাজার অনুচরকে আদেশ করলেন।৩ এই সকল অনুচর দৃষ্টিমাত্রেই প্রাণান্তকারী ; এরা হাতে শক্তি, ঋষ্টি, পরিঘ, প্রাস, গদা, ও মুদ্গর[২] নিয়ে দিগ্দিগন্ত ব্যাপ্ত করে অশোক বনে প্রবেশ করল।৪ হনুমান ভীষণ পরিঘ নিয়ে মেঘের ন্যায় ধ্বনি করলেন। দীপ্ত অস্ত্রধারী সেই অনুচরেরাও বিদ্যুদ্গর্ভ মেঘের মতোই শব্দ করতে লাগল।৫ বর্ষাকালীন উদ্বেল জলরাশিপূর্ণ নদীর ধারাগুলি যেমন সমুদ্রের সঙ্গে মিলিত হয়, রাক্ষসসেনার দলও তেমনি হনুমানের সামনে উপস্থিত হলো। হনুমানও সাগরতুল্য ধীর।৬ হনুমান সেই ভারী পরিঘ উচ্চ ক'রে ধরে উদ্ধত লাঙ্গুল নাড়াতে নাড়াতে তোরণে আরোহণ করে অপেক্ষা করতে লাগলেন। তিনি প্রথমে রাক্ষসদের প্রহার করলেন না।৭ রাক্ষসরূপী মেঘেরা বাণরূপে জলরাশি হনুমানের উপর বর্ষণ করতে লাগল, কিন্তু হনুমানরূপী পর্বত তাতে বিচলিত হলেন না, ভয় পেলেন না।৮ হনুমান উচ্চৈঃস্বরে বললেন 'দাঁড়াও', আর পরিঘ দিয়ে এমনভাবে প্রহার করতে লাগলেন যে সেই যুদ্ধে বহু শত্রুর প্রাণ গেল।৯ আহত রাক্ষসদের ক্ষতস্থান দিয়ে রক্তধারা গড়াতে লাগল, মৃত রাক্ষসেরা নিজেদের দেহ দিয়ে ভূতল আচ্ছাদিত করল—এবং অন্য অনেকে ভীত হয়ে নানাদিকে পালিয়ে যেতে লাগল।১০ প্রাণ যাদের কাছে প্রিয় তাদের দেহ বিদীর্ণ হওয়ায় যুদ্ধের উৎসাহ তাদের রইল না—তারা কেবল চীৎকার করতে লাগল ; সিংহধ্বনি শ্রবণে হস্তী যেমন ত্রস্ত হয়—বানরের গর্জনে ওরা

সেইরূপ ভীত হয়ে উঠল।১১ এরপর পবননন্দনের হাতে মার খাবে বলে মায়াধর শস্ত্রধারী রাক্ষসেরা রথারোহণে সেখানে ফিরে এল।১২ হনুমান তোরণের উপরেই ছিলেন—যুদ্ধে উৎসাহী উপস্থিত সেই-সব রাক্ষসদের ভূতলে পুঞ্জীভূত করবেন ব'লে 'পরিঘ' ঘুরিয়েই বধ করলেন।১৩ তারপর হতাবশিষ্ট রাক্ষসগণ নিজেদের প্রাণরক্ষার আশায় এবং সব ঘটনা বলার অভিপ্রায়ে রাবণের নিকটে এল।১৪ 'আমরা বহুবীর গর্বিতভাবে অগ্রসর হয়েছিলাম কিন্তু একমাত্র বানরের প্রভাবে প্রমত্তের মতো আমাদের পৃষ্ঠ প্রদর্শন করতে হয়েছে'—এই কথা তারা উচ্চকণ্ঠে রাবণের কাছে বলল।১৫ রাবণ সেই সব রাক্ষসকে ভীত মনে করে রোষঘূর্ণিতনয়নে নিজের অন্তরঙ্গ মন্ত্রীদের প্রেরণ করলেন—মাংসভোজনে মন্ত্রীদের দেহ বেশ স্থূল।১৬ সেই মন্ত্রিগণ নিজের নিজের নিজের পুত্রের সঙ্গে যুদ্ধের জন্য নির্গত হলো; তারা সকলেই স্নিগ্ধগাত্র, সুশান্তচিত্ত, অত্যন্ত পরাক্রমশালী এবং নিঃশব্দধ্বনিকারী রঙ্গকদ্রব্য-বিশেষে তাদের হাতের অস্ত্র বিচিত্রিত।১৭ হনুমান দেখলেন, কতকগুলি দুর্বৃত্ত রাক্ষস তাদের প্রভুর আজ্ঞায় যুদ্ধ করতে এসেছে—তারা কর্কশনাদী হিংস্র ও শস্ত্রপাণি, তাদের আকৃতি গিরিশৃঙ্গের মতো, এক-একজন মহাকর্মী, অস্ত্রবিদ্যায় দক্ষ এবং দেবগণেরও অদম্য। হনুমান নিজে অপীড়িত থেকে তাদের ক্ষিপ্রতার সঙ্গে প্রহার করতে লাগলেন। ১৮-১৯ শত্রুদমনকারী প্রশান্তবীর্য (হনুমান) ক্রোধিত হলেন, চারিদিক গর্জনে মুখরিত করে ছুটে আসা ক্রুদ্ধ (রাক্ষসগুলিকে) অবিলম্বে বধ করলেন। ২০ হনুমান যখন রাক্ষস-নিধন করছিলেন তখন তাদের কর্ণভেদী চীৎকারে জগৎ ত্রস্ত হয়ে উঠল, সকল দিঙ্মণ্ডল প্রতিধ্বনিত হলো।২১ তারপর হনুমান ভীতি-রোমাঞ্চিতদেহ, ক্ষীণবিক্রম সে-সব শক্তিহীন রাক্ষসকে ক্ষণমধ্যেই বিনাশ করলেন।২২ রাক্ষসদের নিহত ক'রে হনুমান শত্রুর শাসন-ব্যবস্থার উচ্ছেদ করলেন—তারপর পুনরায় অশোকবন বিধ্বস্ত করতে উদ্যত হলেন।২৩ সেই অশোকবন যেন আকাশ আবৃত করার জন্য কিম্বা পক্ষীদের অভ্যর্থনা জানাবার জন্যই নির্মিত হয়েছিল। [illegible] সেই [illegible] বিধ্বস্ত করতে লাগলেন তাঁর মনে কিছুমাত্র দয়ার উদয় হলো না।২৪ যে-সব কল্পবৃক্ষ স্বর্গ থেকে আনিয়ে অশোকবনে রোপিত হয়েছিল হনুমান তাদের যথাস্থানে বিন্যাস করে সীতার কল্যাণ কামনা করলেন অন্য অনেক বৃক্ষ তিনি ইতস্ততঃ বিন্যস্ত করলেন, সেইগুলি যেন পৃথিবীকে ঢেকে ফেলার উপক্রম করল।২৫ দশানন রাবণ নিজের মনোভাব গোপন করে আদেশ প্রচারে আগ্রহী হলেন এবং এই অসহ্য বানরকে হনন করতে (নিজের পুত্র) অক্ষকে দ্রুত প্রেরণ করলেন।২৬ রাবণ বললেন—'তুমি যাও, শত্রুর পরাক্রম প্রতিহত করো। শত্রুকে পীড়িত ক'রে যুদ্ধে মায়া বিস্তার ক'রে তার সামনে কুটিল নীতির আশ্রয় নাও। প্রবল যুদ্ধে বিজয়ী হয়ে শত্রু নাশ করো।'—রাবণ এই কথা বলার পর সেই মায়াময় অক্ষ হনুমানের প্রতাপ ধ্বংস করার জন্য যাত্রা করল।২৭-২৮ হনুমান দ্রুত অশোকবন আলোড়িত ক'রে তুলেছেন। তিনি শত্রুবিনাশ করেছেন—লঙ্কার রাক্ষসদের তিনি সংহারক; এখন তিনি অক্ষকে বিনাশ করতে উদ্যত হলেন।২৯ বন থেকে বৃক্ষ উন্মূলিত ক'রে রাবণপুত্র অক্ষের দেহ থেকে আকর্ষণযোগ্য প্রাণ বিচ্ছিন্ন করার জন্য হনুমান পরিঘ হাতে নিয়ে অপেক্ষা করতে লাগলেন।৩০ যুদ্ধোৎসাহী, সহিষ্ণু, ক্রুরস্বভাব অক্ষ যুদ্ধেচ্ছু প্রহারসহিষ্ণু রোষপরবশ হনুমানকে হনন করবার জন্য অস্ত্রসমূহ নিক্ষেপ করতে লাগলেন।৩১ যশোবৃদ্ধিলিপ্সু

হনুমান পরিঘ দ্বারা ক্রীড়া করতে ইচ্ছুক, যুদ্ধে শস্ত্রের ক্রীড়ায় আগ্রহী কীর্তিবৃদ্ধি-প্রয়াসী অক্ষকে বৃক্ষদ্বারা তাড়িত করলেন।৩২ রাজপুত্র অক্ষ বঞ্চনা করতে ইচ্ছুক হলে হনুমানও তাকে বঞ্চনা করতে উদ্যত হয়ে তাকে যুদ্ধে আহবান করলেন। তারপর তিনি তাকে আহত করলেন। অক্ষ মূর্ছাপন্ন হয়ে পতাকাদণ্ড আশ্রয় করতে চাইল।৩৩ ক্ষণকালের মধ্যেই অক্ষ সুস্থ হয়ে উঠল—তারপর নিজের তেজে জগৎ দগ্ধ করতে ইচ্ছুক হয়েই অক্ষ অগ্নিতুল্য হনুমানের প্রতি ক্রোধে বাণের দ্বারা আচ্ছাদিত করল।৩৪ অক্ষ শর নিক্ষেপ করে দিঙ্মণ্ডল আচ্ছাদিত করতে উদ্যত হলো – হনুমানও তাকে বৃক্ষদ্বারা প্রতিহত করতে উদ্যোগী হলেন। যুদ্ধে বিক্রমের প্রকাশে তিনি যেন ইন্দ্রজাল বিস্তার করলেন।৩৫ অক্ষ অস্ত্রের দ্বারা হনুমানকে আচ্ছন্ন করতে উদ্যত হয়ে আপন মহিমায় দীপ্ত পেতে লাগল – হনুমানও বৃক্ষ আর প্রস্তরখণ্ড নিক্ষেপ ক'রে অক্ষকে দমন করতে ইচ্ছুক, তিনিও আপন বীর্যে দীপ্যমান হলেন।৩৬ সেই বানর ও রাক্ষস নিজের নিজের শক্তি ঘোষণার জন্যই কি শস্ত্রের দ্বারা জগৎ আচ্ছাদিত করতে উদ্যত? - দর্শকদের মনে তাঁরা যুদ্ধে এই ধারণাই সৃষ্টি ক'রে দিলেন।৩৭ রাক্ষস মায়াবলে দীর্ঘকাল ক্লেশ স্বীকার করে অপ্রতিহতকর্মা সেই বানরের নিকটে উপস্থিত হলো এবং পরিঘের আঘাতে ভূপাতিত হলো।৩৮ হনুমান সাগরজলে স্নান ক'রে অনুকূল শীতল পবনে পবিত্র হলেন; তাঁর লাঙুল ঊর্ধ্বে উঠল – তিনি উন্নত মস্তকে শোভিত হলেন। তার কেশর বায়ুকম্পিত অগ্নিশিখার মতো পিঙ্গলবর্ণ ধারণ করল। তিনি ক্ষুধার্ত হয়ে পুনরায় পক্ষিগণাধিষ্ঠিত বন ধ্বংস করলেন।৩৯-৪০ অন্য অনেক তরু পবননন্দনের বেগে যেন শুকিয়ে গিয়েই ধূলিসাৎ হলো, অন্য বিবশ অনেক তরু তিনি বলপূর্বক ছেদন করে তাদের শাখাপল্লব ইতস্ততঃ নিক্ষিপ্ত করে নিপাতিত করলেন।৪১ বানরশ্রেষ্ঠ হনুমান শত্রু সমূহ দমন করেও ক্লান্ত হলেন না। তিনি নৃত্যের অভিলাষেই যেন বন ছেদন করে অপ্রতিহতগতিতে বিচরণ করতে লাগলেন।৪২ তারপর লংকাবাসী শত্রুদল ফিরে আসতে পারে এই আশায় হনুমান তাদের পরাভূত করবার ইচ্ছায় মত্তহস্তীর ন্যায় বনের মধ্যে বিচরণ করতে লাগলেন।৪৩ যদি স্বয়ং রাক্ষসপতি রাবণেরও এ যুদ্ধের অভিলাষ হয় তাহলে আজ আমি তাকেও পরাজিত করব – এই কথা বলে হনুমান বনে বিচরণ করতে লাগলেন।৪৪ রাক্ষসপতি রাবণ নিহত হলে সেই প্রিয় সংবাদ শুনে প্রভু রামচন্দ্র পরম আনন্দ প্রকাশ করবেন আর সীতার অন্তরেও আজই গভীর সন্তোষ সৃষ্টি হবে।৪৫

ইন্দ্রজিতের যুদ্ধযাত্রা

এদিকে রাবণ ইন্দ্রজিৎকে নিকটে ডেকে বললেন – তুমি বনচারী মত্ত ও ক্রুদ্ধ গজেন্দ্রের ন্যায় সমরে বিচরণ ক'রে শত্রুকে ধ্বংস করেছ। আবার তুমি বহুবার তাই করবে। তুমি দেবগণকেও জয় করতে সমর্থ। যুদ্ধক্ষেত্রে তুমি বহু মায়ার উদ্ভাবন করতে পার।৪৬-৪৭ তুমি বহু শস্ত্র সৃষ্টি করেছ – বহু দুঃসহ শত্রুর সঙ্গে যুদ্ধে তোমার সাক্ষাৎকারও ঘটেছে। প্রধান প্রধান যোদ্ধার (ইন্দ্র প্রভৃতির) নিক্ষিপ্ত অস্ত্র তুমিই নিজের অস্ত্রদ্বারা গ্রাস করেছ।৪৮ সেই তুমি আমার আদেশে দুর্বৃদ্ধি বানরকে বিনাশ করতে যাও; কিন্তু রাক্ষসী মায়া ত্যাগ কোরো না, নিজের শক্তি প্রকাশেও

ত্রুটি করো না।৪৯ তুমি শঙ্কাহীন হয়ে শীঘ্র যুদ্ধযাত্রা করো। যুদ্ধে মহাস্ত্রগুলির সন্ধান করো; শত্রুদের সন্ত্রস্ত করো এবং বানরকে বধ করো।৫০ রাবণ এই কথা বললে ইন্দ্রজিৎ স্বগৃহ থেকে যাত্রা করতে উদ্যত হলেন। তিনি পিতার চরণ বন্দনা করলেন এবং পিতার আশীষ পেয়ে পরম প্রীতিলাভ করলেন।৫১ ইন্দ্রজিৎ যাত্রা করার পর রাক্ষসপতি ক্রোধ সংবরণ করলেন। তিনি ইন্দ্রজিতের বিক্রম জানতেন, তাই তিনি বানরকে বিজিত বলেই মনে করলেন।৫২ প্রলয়কালে লোকনাশে উদ্যত কৃতান্তের তুল্য, কল্পান্ত-বায়ুর মতো জগদ্‌গ্রাসে উদ্যত দুর্বার ইন্দ্রজিৎ, বনে বৃক্ষনিক্ষেপে প্রয়াসী বানরের সামর্থ্যনাশে উদ্যত ইন্দ্রজিৎ মায়াযুদ্ধ করতে ইচ্ছুক হয়ে, বিপক্ষকে পরিহাস করতে আগ্রহী হয়েই যেন বনের দিকে প্রস্থান করলেন।৫৩-৫৪ সেই ইন্দ্রজিৎ এলে পাখীরা বন্ধুর আগমনে বন্ধুজনের মতোই বিধ্বস্ত বৃক্ষগুলির জন্য শোকে মুক্তকণ্ঠে ক্রন্দন করতে লাগল।৫৫ ইন্দ্রজিৎ এলে তার বায়ুবেগে আহত হয়েই যেন বনস্থলী আশ্বস্ত হলো, কারণ সেই বন বিচিত্র স্তবকে উদ্ভাসিত হয়ে উঠল এবং মনোহর পল্লবে শোভিত হলো।৫৬ হনুমান ইন্দ্রজিৎকে বললেন, রে দুরাচার, তুমি যদি রামচন্দ্রের পূজা না কর, তবে প্রাণে মরবে। তোমার মায়াও আমার উপর কোনই প্রভাব বিস্তার করতে পারবে না।৫৭ সসৈন্য ইন্দ্রজিৎ হনুমানকে আচ্ছাদিত করতে প্রবৃত্ত হলেন—সব দিক থেকে মুহুর্মুহু শত শত শর, অর্ধচন্দ্র অস্ত্র এবং মায়াব প্রভাবে।৫৮ কুলপর্বততুল্য হনুমান অজস্র শরবর্ষণ সহ্য করলেন এবং যশোলাভের ইচ্ছায় রাক্ষসদের আক্রমণ করলেন—এরা অন্ধকারের মতো কুৎসিত।[৫]৫৯ এই সকল রাক্ষস ছিল ইন্দ্রজিতের অগ্রবর্তী; এরা দুর্বিনীত এবং এদের হাতের ধনও কুৎসিত। অগ্নিবর্ণের বৃহৎ কেশরশালী হনুমান যুদ্ধে এদের কাঁপিয়ে তুললেন।৬০ হনুমান নিজের বিক্রম প্রকাশ করে প্রভু সুগ্রীবের ঋণ শোধের কামনায় শত্রুদের বধ করে সমরে বিরাজ করতে লাগলেন—পলায়নের পাপ তাঁকে স্পর্শ করল না[৬]।৬১ হনুমান চারদিকে বৃক্ষ নিক্ষেপ ক'রে শত্রুদের অভিভূত করতে লাগলেন; নিজের দেহ ও বৃক্ষে সমস্ত দিক যেন আচ্ছাদিত হলো—অর্থাৎ একা বিচরণ করলেও সমস্ত দিকেই তাঁকে বহুরূপে দেখা যেতে লাগল।৬২ যুদ্ধক্ষেত্রে হনুমানের অগ্নির মতো পিঙ্গল দীপ্তি! শত্রু দুবার আঘাত করলে তিনি বৃক্ষের দ্বারা তাদের চারবার আঘাত করতে লাগলেন; সংগ্রাম থেকে তাদের বিতাড়িত করবার জন্য তিনি ঘুরে বেড়াতে লাগলেন।৬৩ হনুমান এক হয়েও চারদিকে নিজের প্রভা বিকিরণ করে যেন অসংখ্য পুরুষের মতোই[৭] সমরে পরিক্রমা করতে লাগলেন। ইন্দ্রজিৎ[৮] ধনু হাতে নিয়ে সেই প্রাণান্তকর হনুমানের সামনে উপস্থিত হলেন।৬৪ সূর্যসদৃশ প্রভাশালী ইন্দ্রজিৎ দেহভেদী বহুবাণ নিক্ষেপ করলেন; বাণের প্রহারে যশস্কর (ইন্দ্রজিৎ) যশোলিপ্সু হনুমানকে আকীর্ণ (আচ্ছন্ন) করলেন।৬৫ হনুমান শূন্যপথে যেতে যেতে অন্ধকারের মতো কৃষ্ণবর্ণ লৌহময় ও মর্মভেদী বাণে বহুবার বিদ্ধ হয়েও ভূতলে অবতরণ করলেন না।৬৬ হনুমান ইন্দ্রদ্বেষী[৯] ইন্দ্রজিতের রথবাহী অশ্বগুলির চর্ম বিদীর্ণ করে তাদের প্রাণনাশ করলেন।৬৭ সেই অশ্বগণ যখন ভূপতিত হলো তখন নির্ভীক ও কর্কশপ্রকৃতি ইন্দ্রজিৎ সারথিকে অন্য অশ্ব যোজনা করবার জন্য আদেশ দিলেন।৬৮ ইন্দ্রজিৎ আবার যুদ্ধ করতে উৎসুক হয়ে হনুমানকে ভীত করবার উদ্দেশ্যে যোদ্ধাদের যুদ্ধের জন্য উৎসাহিত করতে আগ্রহী হলেন এবং এই

উদ্দেশ্যে তিনি রথে আরোহণ করলেন।৬৯ হনুমান তখন বৃক্ষ নিক্ষেপ করে রাক্ষসদের আচ্ছাদন করে রেখেছেন—তাঁকে মনে হচ্ছিল মেঘের মতো। ইন্দ্রজিৎ তাঁকে জয় করতে ইচ্ছুক হয়ে আবার এক দুর্জয় ব্যূহ রচনা করলেন।৭০ কপির প্রহারে ইন্দ্রজিতের দেহের ক্ষত থেকে ক্ষরিত হচ্ছে ঈষদুষ্ণ রক্তধারা। এই রক্তধারা যেন ক্রোধবশতঃ হনুমানকে অভিষিক্ত করছিল।৭১ তোরণে অবস্থিত থেকেই অক্লান্ত হনুমান যুদ্ধে অদুরস্থ নরভোজী রাক্ষসদের আয়ত্ত ক'রে পুরতোরণ আক্রমণ করলেন।৭২ রাক্ষসেরা হনুমানের অস্ত্রাঘাত সহ্য ক'রে ক্রুদ্ধ হয়ে অস্ত্রসমূহ নিক্ষেপ করতে লাগল। যা ইন্দ্রেরও অসহ্য হনুমান তা সহ্য করলেন।৭৩ হনুমানের দেহ থেকে রক্ত ক্ষরিত হতে লাগল তথাপি তিনি অবিচলিত থেকে শোণিতধারায় রক্তবর্ণ ইতস্ততঃ ধাবমান শত্রুদের পরিঘপ্রহারে আহত করতে লাগলেন।৭৪ মেঘনাদ ইতস্ততঃ বিচরণ করতে করতে বিচরণরত শত্রু হনুমানকে শীঘ্রই ব্রহ্মাস্ত্রে[১০] বন্ধন করে থামিয়ে দিলেন।৭৫ হনুমান হর্ষোদ্বেলিত নরভোজী রাক্ষসগণ কর্তৃক গৃহীত হলেন। তিনি চলে যেতে পারতেন কিন্তু ব্রহ্মাস্ত্রের প্রতি গৌরব প্রদর্শনের জন্য নিশ্চেষ্ট হয়ে রইলেন।৭৬ ইন্দ্রজিৎ স্বপক্ষীয় সৈন্যদের উচ্চকণ্ঠে আদেশ জানালেন—'তোমরা প্রভুর জয় ঘোষণা করো, বানরকে সত্বর নিয়ে যাবার জন্য আকাশ পথে উত্থিত হও'।৭৭ পবননন্দনকে নিয়ে যেতে যেতে রাক্ষসেরা বলতে লাগল—'তুই আমাদের হস্তগত হয়েছিস, তুই ভীরু মানুষের বাসস্থান থেকে এখানে এসেছিস—তোকে আমরা খেয়ে ফেলব।'৭৮ যে ব্যক্তি অগ্নিষ্টোমাদি[১১] তুল্য জ্যোতিষ্টোমাদি[১২] যজ্ঞে ব্রাহ্মণদিগকে রক্ষা ক'রে থাকেন সেই মানুষ রামের এই দূত তারা এই কথাও বলল।৭৯ যে কিনা রাবণের মাতৃষ্বসার কন্যা শূর্পণখার নাসিকা ছেদন করেছে; মাতৃষ্বসার পুত্র খরদূষণ প্রভৃতিকে বধ করেছে; রাক্ষস-সংঘর্ষে যে ভীত হয়নি সেই ক্ষত্রিয়কুলাধম রামের চর এখানে আগত হয়েছে। ৮০-৮১ এই চারকর্মকুশল দুরাত্মা পাপিষ্ঠ হনুমান রাজেন্দ্র রাবণকে গাঢ় নিদ্রায় মগ্ন দেখে প্রমদা বনে প্রবেশ করেছিল।৮২ যিনি সূত্রপ্রণেতা কপিলাদি দ্বিজশ্রেষ্ঠগণের সমকক্ষ আচারে প্রতিষ্ঠিতা; যিনি গুণে সকল নারীর অগ্রণী; যিনি আসনস্থা সত্যভাষণা, ভূতলশায়িনী; যিনি আকাশস্থ তারার ন্যায় নির্মলা, সুভাষিণী, তন্বী, কল্যাণী, সর্বতেজোমধ্যে তেজোময়ী, নিজের তেজে যিনি নিজেকে উজ্জ্বল ক'রে রেখেছেন এবং বনপ্রদেশকেও জ্যোতির্ময় ক'রে রেখেছেন; যিনি পুষ্পকেশরে বন্দীকৃত ভ্রমরে আকুল পুষ্পশোভিত স্বর্ণময়ী রত্নলতার ন্যায় বিরাজিতা, যিনি পুণ্যদেহা এবং যিনি অশ্রুমোচন করে শোকসন্তপ্ত হৃদয়েরই তাপ দূর করছেন—এই হনুমান রাত্রিকালে সেই মৈথিলীকেই দেখেছিল।৮৩-৮৭ হনুমান তাকে দেখে ক্রুদ্ধ হয়ে ইতস্ততঃ পলায়নরত শত্রুদের সংহার করেছিল এবং সাক্ষাৎ পবনের মতো বহু বৃক্ষ উৎপাটন করে চারদিকে নিক্ষেপ করেছিল।৮৮ অপ্রতিহতবীর্য মেঘনাদ মহাসমরে অস্ত্রাঘাত-সহিষ্ণু, অজেয়প্রভাব সেই হনুমানকে বন্দী করেছেন।৮৯ হনুমান রক্ত দিয়ে তাদের অভিষেক করতে উদ্যত এই কথা জানতে পেরে রাক্ষসগণ ভীতচিত্তে দীর্ঘ চর্মরজ্জু ও শৃঙ্খল প্রভৃতি দিয়ে তার দেহ বেঁধে নিল।৯০ যেহেতু দিব্যবন্ধন (ব্রহ্মাস্ত্রের বন্ধন) অন্য বন্ধন সহ্য করে না সেইজন্য ইন্দ্রজিৎ অন্য বন্ধনের কথা বুঝতে পেরে বিষণ্ণ হলেন।৯১

রাবণসকাশে হনুমান

পুরোভাগে হনুমানকে নিয়ে রাক্ষসেরা দশাননের সম্মুখে উপস্থিত হলো। বিশালবক্ষসম্পন্ন দশানন যেন সূর্যপ্রভৃতি সকলের তেজঃপুঞ্জ হরণ করছিলেন।৯২ বানরদ্বেষী রাক্ষসের মর্মস্থল নানাস্থলে বিদীর্ণ—তাদের নাসিকা গর্দভের নাসিকার মতো কুৎসিত। তারা রাবণের কাছে গিয়ে বলল—পশ্চিমদিগন্থ বনাগ্রভাগে যখন চন্দ্রমণ্ডল অবস্থিত তখন এই বানর আপনার দেবদারু ও আম্রবনশোভিত উদ্যান বৃক্ষহীন করেছিল।৯৩-৯৪ রাক্ষসেরা অত্যন্ত আনন্দিত হয়ে হনুমানকে নিয়ে পূর্বাহ্নে ক্রোধাবিষ্ট রাক্ষসপতির নিকটে উপস্থিত হলো [১৩]।৯৫ সুরাপায়ী রাক্ষসেরা সুরাপানমত্ত শত্রুদর্পহরণকারী পরস্ত্রীভোগী প্রকাশ্য স্থানে অবস্থিত রাবণের নিকটে উপস্থিত হলো।৯৬ স্পর্ধাশালী রাক্ষসেরা শত্রুপক্ষের বুদ্ধিলোপকারী হনুমানকে এনে দেবদ্বেষী রাবণের পাদবন্দনা করল।৯৭ রাক্ষসপতি রাবণ অত্যন্ত ক্রুদ্ধ হয়ে সভামধ্যে বললেন—'আমি এই বনধ্বংসকারী বানরের মস্তক ছেদন ক'রে ভূমিতে পাতিত করব।'৯৮

তারপর রাক্ষসপতির স্বার্থসাধনে অবহিতচিত্ত বিভীষণ যেন মেঘের মতো গর্জ্জন করেই হনুমানের হননে উদ্যত রাবণকে বলতে লাগলেন।৯৯ হে দশানন শান্ত হোন; ক্রোধপ্রকাশ অর্থহীন। মনে রাখবেন, দোষ সত্ত্বেও দূতগণকে বধ করতে নেই।১০০ রাবণ হনুমানের জীবন-রক্ষক বিভীষণকে বললেন—যে পাপিষ্ঠ আমার প্রমদবন ভেঙেছে, সে কখনই বেঁচে থাকতে ইচ্ছুক নয়।১০১ যে ব্যক্তি বনমধ্যে আমার বিশ্বস্ত রাক্ষসগণকে বধ করেছে—সে পূর্বেই আমার অপকার করেছে; সেই পাপিষ্ঠকে কেন বধ করব না, বলো।১০২ আমি ক্রোধের বশে গৃহের মধ্যেই শত্রুর বধসাধন করব। তুমি বাধা দিও না; একে তুমি 'মহাপ্রস্থানের' [১৪] যোগ্য বলেই মনে করো।১০৩ শত্রুকে হাতে পেয়েও যারা তার বিনাশ না ক'রে তারা কুলক্রমাগত লক্ষ্মীকেও বিসর্জ্জন দিয়ে থাকে।১০৪ কোন মন্দবুদ্ধি ব্যক্তি, এমন কি ইন্দ্রও রাবণের ক্রোধ উদ্দীপিত ক'রে তার জীবন রক্ষায় সমর্থ হতে পারে না।১০৫ বনে বিচরণকারী 'ফলভোজী' এই বানর আমাদের উপেক্ষা করে আবার যেন মধুপান করতে না পারে।১০৬ আমার রক্ষিত বনমধ্যে ইন্দ্রের বিচরণ করবার শক্তি নেই, সূর্যেরও অধিক তাপ বিকিরণের অধিকার নেই, এমনকি বায়ুরও অতি-প্রবাহ সেখানে রুদ্ধ।১০৭ এই দুর্বিনীত বানর পুনরায় অশোকবনের ভৃঙ্গসঞ্চিত, স্বাদু, উৎকৃষ্ট পুষ্পমধু পান করতে পারবে না।১০৮

রাবণের প্রতি হনুমান

ক্রোধে তখন রাবণের মুখ ভয়ঙ্কর হয়ে উঠেছে। ক্রুদ্ধ রাবণ এই কথা বলার পর হনুমান স্বার্থসিদ্ধির জন্য রাবণকে সানুনয়ে বলতে লাগলেন,১০৯ আপনি ত্রিভুবনের পতি, একটিমাত্র দূতরূপী বানর—তাকেও আবার বদ্ধ অবস্থায় গৃহে আনা হয়েছে, তাকে দেখে আপনার এই তৃণতুল্য অসার ক্রোধের কারণ কি?১১০ তাপস রাম যাজ্ঞিক জনের প্রতি বিনীত, কোন বিজয়লাভের আগ্রহ তাঁর নেই; আপনি নীতিজ্ঞ হয়েও তাঁর প্রতি ক্রুদ্ধ হচ্ছেন কেন?১১১ যাকে জয় করে সর্বরাত্রিবিনোদিনী রমণী, রত্ন

বা ভূমি লাভ করা না যায় কে তার সঙ্গে বিরোধ করে ?১১২ হিমালয় যেমন রত্নপূর্ণ পূর্ব ও পশ্চিম সাগরের সঙ্গে মিলিত হয়েছেন আপনি ত্রিভুবনের সমৃদ্ধির জন্য রাম ও সুগ্রীবের সঙ্গে যুক্ত হোন।১১৩ আপনি পরস্ত্রী ফিরিয়ে দিলেই রামকে এবং সুগ্রীবকে বন্ধুরূপে এবং বানরদলকে সেবকরূপে লাভ করতে পারেন; সুতরাং মৈথিলীকে ত্যাগ করুন।১১৪ সীতাকে অর্পণ করে ধর্ম, রামের সঙ্গে মিত্রতারূপ অর্থ এবং বিশ্বস্ততার সঙ্গে বাস ক'রে কামভোগ এই ত্রিবর্গ আপনি সীতাকে দিয়ে লাভ করুন।১১৫ রামচন্দ্র কিরকম শত্রু তা-তো বিরাধ, তাড়কা, বালী, কবন্ধ, খর, দূষণ ও মারীচই আপনাকে জানিয়েছেন।১১৬ রামচন্দ্র খর দূষণ প্রভৃতিকে যে বধ করেছেন তা আপনি শত্রুতার কারণ বলে ভাববেন না। কারণ, আত্মরক্ষার জন্যই তিনি তা করেছেন, জয়লাভের ইচ্ছায় করেন নি।১১৭

রাবণের মুখপদ্ম[১৫] ক্রোধপবনে কম্পিত হ'তে লাগল। মহাদ্রুমের মতো ক্ষুব্ধ হয়ে তিনি হনুমানকে বলতে লাগলেন—।১১৮ তুমি রাক্ষসসৈন্য সংহার করেছ, উদ্যানের বৃক্ষগুলি বিধ্বস্ত করেছ অথচ দূত বলে আত্মপরিচয় দিচ্ছ; এই সব কাজ কি দূতের মতো হয়েছে ?১১৯ পঙ্গু কবন্ধকে, বালক খর এবং নারী তাড়কাকে নিধন ক'রে রাম যদি তপস্বী ব'লে গণ্য হয়, তবে বলো পাতকী কে ?১২০ অভিমানই মহত্ত্বের ফল একথা জেনেও রত্নাদি লাভ হবে না ব'লে রামের সঙ্গে বিরোধ নিষ্ফল—একথা তুমি কেমন ক'রে বললে ?১২১ পরনারী ভোগ এবং হরণ—এতো রাক্ষসদেরই ধর্ম; রাম থেকে আমার আশঙ্কার কথা তোমার মুখ আছে বলেই তুমি বলতে পারলে। কিন্তু তোমার রামে আমার আশঙ্কার কী আছে ?১২২ রে হনুমান! নর, বানর ও রাক্ষস—এরা সমৃদ্ধি, আচরণনীতি, কর্ম এবং বংশধারায় পরস্পরের থেকে অনেক পৃথক। তুমিই বলো, এদের মধ্যে সখ্যস্থাপন কিভাবে হবে ?১২৩ মূর্খ বিরাধ ছিল শৌর্যে অখ্যাত একা সে প্রথমে জয়ী হয়েও বিজিত রামলক্ষ্মণ কর্তৃক ছলে নিহত হয়েছে—এতেই বা তোমার গর্বের কী আছে ?১২৪ মারীচের যুদ্ধের ইচ্ছা ছিল না, আমার আদেশে সে রামকে বনে স্থানান্তরিত করতে গিয়েছিল, তারপর পালাতে গিয়ে মৃত্যুবরণ করেছে।১২৫ অন্যের সঙ্গে যুদ্ধে লিপ্ত বালীকে রাম নিধন করেছে বটে, কিন্তু তুমি বিবেচনা ক'রে বলো, সেই কাজ কি মহৎ ব্যক্তির যোগ্য ?১২৬ একটা ভক্ষণ-যোগ্য মানুষ আমার বন্ধুদের (খরদূষণ প্রভৃতিদের) নিহত করেছে আর রাবণ আত্মরক্ষার জন্য তা ক্ষমা করবে এমন দুর্বুদ্ধি কোথা থেকে হল ?১২৭

হনুমান বললেন—আমি দূত; আপনার সঙ্গে সাক্ষাৎকারের এই হলো শ্রেষ্ঠ উপায়—এটি বুঝে ইচ্ছে করেই আমি বৃক্ষ বিধ্বস্ত করেছি এবং রাক্ষসদের নিহত করেছি।১২৮ হে দশানন, আপনার যে সব আত্মীয় ত্রিকূট থেকে আরম্ভ ক'রে সমস্ত জগৎ প্রাণিহীন করেছে তারা মহাপতি রামচন্দ্রের অবধ্য, একথা আপনি কেমন ক'রে বললেন ?১২৯ আপনি রামের সঙ্গে বিরোধ সম্পর্কে অভিমানফলরূপ মহত্ত্বের কথা বলেছেন, (কিন্তু জানবেন), তাতেই অকারণ যুদ্ধে অসুর ও রাক্ষসদের শত শত বংশ বিনষ্ট হয়েছে।১৩০ আপনি যে অসার অধর্মকেই ধর্মরূপে গ্রহণ করেছেন এবং রামচন্দ্রের ন্যায় শত্রু সম্পর্কেও আপনার যে নির্ভীকতা—তা চিরদিন আপনার পক্ষে মঙ্গলজনক হবে না।১৩১ নর-বানর বংশধারা প্রভৃতিতে পৃথক বলে আপনি যেমন তাদের সঙ্গে সখ্য স্থাপন অনিষ্ট ভেবে নিলেন না, তেমনি নর-বানরের সঙ্গে বিরোধও

কিন্তু আপনার তেমনিই।১৩২ ধনুর্ধরদের মধ্যে শ্রেষ্ঠ রাম বিজিত হয়েও যদি তপোবিঘ্নকারী বিরাধকে বধ ক'রে থাকেন তবে কিরূপে সে নিজের শৌর্য সম্পর্কে অবিদিত ছিল?১৩৩ বহু-মায়াভিজ্ঞ মারীচ পালাতে গিয়েও রামচন্দ্রের[১৬] বাণপথ অতিক্রম করতে পারেনি একথা আপনি নিজেই ব্যক্ত করেছেন।১৩৪ সন্ধ্যোপাসনারত অন্যকার্যাসক্ত বালীর কী শক্তি আপনি তার বাহুপীড়িত হয়ে মূর্ছিত হয়েছিলেন[১৭] বলে নিশ্চয়ই মনে করতে পারছেন না।১৩৫ আপনি বলবান রামের সঙ্গে বিরোধ ত্যাগ করুন। সেই বিরোধের পরিণাম কী তা আপনার অসাধু বন্ধুদের বিনাশে প্রথমেই বুঝতে পেরেছেন। সুতরাং কোষ, দন্ড, আত্মা ও ভূমিসহ সেই প্রণম্য রামচন্দ্রকে সীতা অর্পণ করুন।১৩৬

এইভাবে পবন-নন্দন কর্তৃক সভামধ্যে উচ্চকন্ঠে অসহ্য স্পষ্ট এবং পরুষবাক্যে তিরস্কৃত হয়ে রাবণ পরিজনদের প্রতি দৃষ্টিপাত করলেন এবং বানরকে অগ্নিদগ্ধ করবার আদেশ দিলেন।১৩৭

ভট্টিকাব্যে 'মারুতিসংযমন' নামক নবম সর্গ সমাপ্ত।

দশম সর্গ

তারপর বল্কল, বস্ত্র ও কুশ প্রভৃতির দ্বারা হনুমান পরিবেষ্টিত হলেন; তার উত্তোলিত পুচ্ছ জ্বলতে লাগল। সেই অবস্থায় হনুমান শূন্যপথে উত্থিত হলেন। রাক্ষসেরা ভয়ব্যাকুল দৃষ্টিতে তাঁকে দেখতে লাগল।১ রামপ্রিয়, রণপন্ডিত, রাক্ষস-বিরোধী, কৃতী হনুমানশ্রেষ্ঠ রাবণপুরী লংকায় কলহ বাধিয়ে দিলেন এবং রাবণের কলহংসাভিরাম গৃহ অগ্নিযোগে প্রজ্বলিত করলেন।২ উৎপন্ন অগ্নি ক্রমশঃ বৃদ্ধি পেল; সমগ্র পুরী সহসা আনন্দহীন হলো; পুরবাসিনী রাক্ষসবনিতাগণ ভয়ে শূন্যপথে ইতস্ততঃ ছুটতে লাগল—এবং ত্রিকূটপর্বতাশ্রিতা ঐ নগরী দহ্যমান ত্রিপুর-পুরীর দশা প্রাপ্ত হলো।৩ পক্ষীদল সরোবরের সরস আশ্রয় ত্যাগ করে বার বার নানাদিকে উড়ে যেতে লাগল। তাদের মধুর ও করুণ কূজন যেন ক্রন্দনের মতোই চারদিকে আকাশে ব্যাপ্ত হয়ে গেল।৪ শিখাময় অগ্নির সঙ্গে হনুমান সমস্ত কাঞ্চনময় গৃহেরই সংযোগ ঘটিয়ে দিলেন। হিমনাশকারী অগ্নিশিখা সর্বত্র বিসর্পিত হয়ে সমস্ত কাঞ্চন-গৃহেরই দ্রবত্ব বিধান করলেন অর্থাৎ অগ্নিশিখার স্পর্শে স্বর্ণগৃহগুলি গলে পড়তে লাগল।৫ হাসি থেমে গেল, আনন্দ-বিলাস চলে গেল, প্রণয়কথা কমে গেল; প্রমদাগণ মত্ত হলেও তাদের দর্প রইল না। পুরীর যা হিতকর হত তার অনুষ্ঠান সেই সময়ে কিছুই চিন্তা করা হলো না।৬ যে শোভাময়ী লংকাপুরীর গৃহগুলি সর্বদাই উজ্জ্বল, যেখানে একমাত্র শিবতত্ত্বই আলোচিত হয়ে থাকে, সমিধ্যুক্ত মুনিদের বিনাশকারী রাক্ষসের উৎসাহদাতা রাবণকর্তৃক যে নগরী প্রতিপালিতা, পর্যাপ্ত ইচ্ছাপূরণ সমর্থা সেই লংকা দগ্ধ হলো।৭ নানাদিকে পলায়মান মাংসভোজী রাক্ষসদের বিহ্বলতা ব্যক্ত হলো। অন্য মহাজনেরাও পলায়নে উদ্যোগী হয়ে মহত্ত্বহীন নানারকম কাজ করলেন।৮ সেই সময়ে প্রিয় পার্বত্য হস্তীও রেহাই পেল না। যা-কিছু প্রিয়

কন্তু সবই নষ্ট হয়ে গেল। নারীগণ রোগপীড়িতার ন্যায় হর্ষহীন হলেন। কালবশে বিনাযুদ্ধে বীরগণের মৃত্যু ঘটতে লাগল।৯ ভীম বিক্রমশালী নর বা বালী প্রভৃতি শ্রেষ্ঠ বানর কর্তৃক পূর্বে অবরুদ্ধ হয় নি (অথবা মানুষ বা অতিমানুষ কাহারও দ্বারা যা পূর্বে জিত হয় নি)—সেই নগরী একা হনুমান দগ্ধ করলেন।১০ সেই পুরী অগ্নিসংযোগে অতি দ্রুত গলিত হয়ে ভূতলে পড়ে প্রভূত আলোকোদ্ভাসে সজ্জিত হল এমন করা হল; যা কি না শ্রেষ্ঠ শত্রুরাও পূর্বে অভিভূত করতে পারেনি আজ তা সর্বদিকেই সমতল করা হল, পুনর্বার আর রইল না।১১ বানরশ্রেষ্ঠ হনুমান দেখলেন—হারশোভিতা অবলা রমণীরা দলে দলে পালিয়ে অদৃশ্য হচ্ছে।১২ গলিত সুবর্ণ-জাত নির্মল জল, সেই জলে পূর্ণ স্বর্ণস্থলীনিখাত দীর্ঘিগুলি নারীদের দেহের ক্লান্তি দূর করতে পারল না। পত্রপুষ্প অরিদের অগ্নিতে দগ্ধ হয়ে গেছে, সেই দগ্ধ তরুর নিচে অবস্থান করে নারীদের শান্তি হলো না।১৩ তারপর হনুমান সীতাকে দেখবার জন্য অতি দ্রুত অশোকবনে গেলেন। ঐ বনে পাখীরা বিচলিত হয়েছিল, অসন, বাণ, নাগকেশর ও তমাল প্রভৃতি বৃক্ষ ভগ্ন হয়েছিল এবং পবিত্র পুষ্পমালাগুলি ঝুলে পড়েছিল।১৪ মহাশৈললঙ্ঘী হনুমান[১] দেখলেন—জনগণ-পূজিতা কমললোচনা সীতা বনমধ্যে তরুতলে শয়ন করে আছেন।১৫ হনুমান দেখলেন, কমনীয়কান্তি রামের কান্তা বিচ্ছেদ-দুঃখ সহ্য ক'রে, অলঙ্কার ত্যাগ ক'রে কিন্তু মানযুক্তা হয়ে বিরাজিতা।১৬ হনুমান হর্ষভরে সীতাকে এই উদারবাক্য বললেন—দেবি! আমি আপনার বিষাদভাব জেনেছি, লঙ্কারও সমস্ত রাক্ষস দেখেছি; এখন আমি শীঘ্র সতত শোভাময় মাল্যবান পর্বতে রঘুশ্রেষ্ঠ সমীপে প্রকাশ্যভাবে যাত্রা করব।১৭ আত্মীয়জনের প্রীতিভাজন শত্রুর অপরাজেয় হনুমান সীতার চরণে প্রণত হলেন, শত্রুগণের ভয়াবহ বিশাল মহাশক্তিশালী সুন্দর দেহ ধারণ করে শ্রেষ্ঠ সিদ্ধজন-তেজোদীপ্ত উন্নত প্রাণিপূর্ণ আকাশে উত্থিত হলেন।১৮ পবননন্দন হনুমান নানারূপে বনভঙ্গ, নগরদহন প্রভৃতি সম্পন্ন করে সীতাপ্রদত্ত অভিজ্ঞান সহ আকাশে বিরাজিত হলেন; এতে রাবণ পরাজিত, হনুমান মারুতিরূপ মিত্রলাভে হৃষ্ট হলেন[২]; বাত্যাহত সমুদ্র উদ্বেল হয়ে আনন্দ প্রকাশ করলেন; এবং বায়ু (অপত্য স্নেহে অধীর হয়ে উঠলেন।১৯

হনুমান সর্বলোকপ্রিয় গুণোন্নত, বক্ষে রোমযুক্ত, তেজোময়, কমললোচন, রাজেন্দ্র রামচন্দ্রের অভিমুখে যাত্রা করলেন। (অথবা সর্বশ্রেষ্ঠ, উন্নতশৃঙ্গ, মনোহর, সানুশোভিত, অতিবিস্তৃত, সিদ্ধবিদ্যাধর প্রভৃতির বিশ্রামস্থান এবং বহুপ্রাণীর বাসভূমি মহেন্দ্রপর্বতের উদ্দেশ্যে প্রস্থান করলেন)।২০ নানাবর্ণময়, চিত্রপটের ন্যায় স্থিত পর্বতের অভিমুখে আগত হনুমানের গতিবেগে ভীত হয়ে বানরগণ বার বার মূর্ছিত হতে লাগল।২১

হনুমান যেতে যেতে সাগরের জলরাশি বিক্ষিপ্ত করলেন; সেই জল তীরস্থ বৃক্ষগুলিকে কম্পিত করল; তরুগণ কম্পিত হয়ে অঙ্গসুখাবহ পুষ্পাস্তরণ ছড়িয়ে দিল; কামী কিন্নরগণ সেই পুষ্পাস্তরণে উপবেশন করতে লাগল।২২ হনুমান ত্বরায় তরুরাজি-শোভিত মহেন্দ্রাচলে উপস্থিত হলেন। তার মৃদুহাসিতেই কৃতকার্যতার কথা জানিয়ে দিয়ে হৃষ্ট বানরবাহিনীতে অলঙ্কৃত হলেন।২৩ বেগগামীদের মধ্যে বেগবিষয়ে যদিও গরুড়, পবন এবং সূর্যই প্রসিদ্ধ, তবু বানরেরা হনুমানকেই তাদের

অপেক্ষা বেগবান বলে মনে করতে লাগল—কেননা, তিনি অল্প সময়ের মধ্যে কৃতকার্য হয়ে ফিরে এসেছেন।২৪ যার ব্রণরূপ কন্দরে (গুহায়) অস্ত্ররূপ সর্প বিলীন রয়েছে; যার বিশাল বক্ষ এবং কর্কশ উরুই ভিত্তিস্বরূপ; ক্ষরিত রক্তধারা ঘনীভূত ধাতুরাগের মতো সেই বানররূপী পর্বত তখন সুশোভিত হলেন।২৫ তারপর পবননন্দন ফিরে এলে পর চঞ্চল ও পিঙ্গলবর্ণ কেশররূপ স্বর্ণলতাশালী, উন্মীলিত নেত্রপঙ্‌ক্তিরূপ মণিময় বানরগণ যেন কপিভূধর হনুমানের সানুদেশের ন্যায় বিরাজ করতে লাগল।২৬ হনুমান যেন চন্দ্র, বানরগণ যেন সমুদ্র; হনুমানচন্দ্র তাঁর মধুর দর্শনদানে এই বানর সমুদ্রকে আনন্দে উদ্বেলিত ক'রে বচনামৃত কিরণ বিস্তার ক'রে আনন্দাশ্রুজলে প্লাবিত করলেন।২৭ তারপর শ্রেষ্ঠ বানরগণ বিন্ধ্যপর্বতের লতা মর্দন ক'রে নির্ঝরের নির্মল জল পান করতে লাগল; হৃষ্টচিত্ত অঙ্গদের আজ্ঞায় তারা 'মধুবন' নামক সুগ্রীবের উদ্যানে ইচ্ছাবিহার করতে লাগল।২৮ হনুমান যেন সূর্য; তিনি বানরগণের বিষাদের অন্ধকার দূর করেছেন, প্রিয়সংবাদরূপ কিরণের বিস্তারে অর্থ (কার্যসিদ্ধি) রূপ পদ্মের উদ্বোধন ঘটিয়েছেন। এইবার তিনি উদয়গিরিরূপ মহেন্দ্র-পর্বতকে ত্যাগ ক'রে আকাশে উঠলেন—তাঁকে রামহৃদয়ের গুহাগত মোহরূপ অন্ধকার দূর করতে হবে।২৯

রামসকাশে হনুমান

তপোবনে জটাজিনবল্কলধারী, সমান শমগুণসম্পন্ন, সমান বেশধারী ও সমান সমাধিশালী অনুজ লক্ষ্মণের সঙ্গে বিরাজিত রয়েছেন রামচন্দ্র—যেন নরের সঙ্গে স্বয়ং নারায়ণ। হনুমান এই রামচন্দ্রের কাছে এসে দাঁড়ালেন।৩০ হনুমানের করপুটে অভিজ্ঞানরত্ন—তার বিরল অঙ্গুলিদল থেকে অল্প অল্প দীপ্তি নির্গত হচ্ছে। তিনি জানু এবং মস্তক নত ক'রে রামচন্দ্রকে প্রণাম করলেন—রামচন্দ্র যেন অল্প কপিলবর্ণ মেঘের মধ্যস্থিত চন্দ্র!৩১ মহারত্ন থেকেও অধিক গৌরবশালী পূর্ণচন্দ্রমণ্ডলবৎ সীতার শিরোমণি দেখে রামচন্দ্র ভাবলেন—'এতদিনে জীবিত হলাম'!৩২ রামচন্দ্র দেখলেন—সীতাবিরহিত বনাগত সেই মণি কতটা শ্রীহীন, পরিমাজন না করায় ধূলিস্পর্শে মলিন; এবং ঐ মণি যেন ক্ষীণকান্তি, বনবাসী, ধূলিধূসর সীতাবিরহিত নিজের ন্যায় কেবল গৌরবমাত্র বহন করছে।৩৩ সেই সময়ে রাম-লক্ষ্মণ ও বানর-সেনাপতি সুগ্রীব মনে মনে ভাবলেন—নিজের শক্তিতে অভীষ্ট সম্পাদন করায় হনুমান কি নিজেই চিন্তামণি নয়?৩৪

হনুমানের বিবরণ

হনুমান বললেন, সেই শত্রু রাবণ মূর্খ এবং অদূরদর্শী; সে আপনাদের প্রলয়-বায়ুতুল্য বুঝতে না পেরে সীতারূপ স্ফুলিঙ্গ গ্রহণ করে মরবার জন্য লংকারূপ বনে সিংহসম শয়ান রয়েছে।৩৫ যে মায়াবী রাবণ যুদ্ধে কুবেরের ধন হরণ করেছে, দেবগণের সঙ্গে প্রবল যুদ্ধকারী সেই রাবণকে দেখে আমি এখানে এসেছি। যে সম্পদগর্ব মানুষকে নির্লজ্জ করে তোলে তারই গর্বে সে উদ্ধত। জগতে সম্পদ

অধিগত হলে কাকে না সৎপথ থেকে বিচলিত করে ?৩৬ ঐ সমৃদ্ধ অথচ মূর্খ রাক্ষস যে স্বভাবতই উদ্ধত হবে তাতে বিচিত্র কিছু নেই। তাছাড়া অনার্যদের ধর্মসঙ্গত পথে থাকার হেতুই বা কী আছে ?৩৭ সীতাদেবী সেই রাবণের লঙ্কাপুরীতে রয়েছেন —আমি তাঁকে দেখে এসেছি। তিনি কৃশ হয়েছেন—একমাত্র রামই তাঁর পতি, পতির সঙ্গে মিলনে তিনি উৎসুক, বিচ্ছেদে তিনি একান্তই শোকগ্রস্তা ; আমার কৃতকার্যের এইটুকু সারাংশ আপনাদের কাছে বললাম, অবশিষ্ট উদ্ধত কার্যের বিবরণ দিয়ে আর কী হবে ?৩৮ যদি কলঙ্ক চন্দ্রলেখা থেকে অপক্রান্ত হয়, আবার আবির্ভূত হয়ে তাকে হীন না করে—তবে সেই শুদ্ধা শোককৃশা সীতা চন্দ্রলেখার সঙ্গে উপমিত হতে পারেন।৩৯ অবিমৃশ্যকারী রাবণ জ্ঞানবৃদ্ধ পণ্ডিতগণের সেবা করেন না, কেউ অপকার না করলেও নিষ্ঠুর ব্যবহার করেন। এই রাবণ কর্তৃক অপহৃতা আপনার সাধ্বী পত্নীকে উদ্ধার করার জন্য আপনি বিশেষভাবে উদ্যোগী হোন, হে রাজন্।৪০ রামচন্দ্রের অবস্থা হলো এক শুকিয়ে যাওয়া মহাহ্রদের মতো ; জল শুকিয়ে গেলে হ্রদস্থ জন্তুসকল বিহ্বল হয়ে ওঠে ; এখন বিনা মেঘেই ইষ্ট জলবর্ষণ হয়েছে অর্থাৎ আকস্মিভাবে ইষ্ট সীতার সংবাদ শ্রবণরূপ জলবর্ষণ হয়েছে।৪১ হনুমানের কথা শুনে বানরগণ মিলিত হয়ে রামচন্দ্রের অনুবর্তী হলো। রামলক্ষ্মণের তুল্যরূপ ও তুল্যবেশ। গমনাদেশ দেওয়ার জন্য তাঁর দক্ষিণহস্ত প্রসারিত ; সুগ্রীব নত হয়ে তাঁর আদেশ গ্রহণে উদ্যত।৪২ তারপর হনুমান ও অঙ্গদের পৃষ্ঠারূঢ় রাম-লক্ষ্মণ এবং প্রজ্বলিত অগ্নিবৎ পিঙ্গলাঙ্গ অন্যান্য বানরগণ ভূতল ত্যাগ করলেন, আকাশ-পথে যেতে লাগলেন এবং দ্রুত মহেন্দ্রপর্বতে উপস্থিত হলেন।৪৩ ঐ মহেন্দ্রপর্বত সাগরের জলপ্লাবন থেকে ধরিত্রীকে সর্বদা রক্ষা করার জন্যই যেন ভূতল ও আকাশের মধ্যভাগে সমুদ্রজলবেগ সহনক্ষম নিজের দেহ প্রসারিত করে দাঁড়িয়ে আছে।৪৪ ঐ পর্বতের মূলভাগ পাতালে প্রবেশ করেছে, শত শত শিখরের দ্বারা পর্বত সুরলোক স্পর্শ করছে। তার নিবিড় ও বিপুল নিতম্বে সকল দিক ব্যাপ্ত এবং তাতে ফলকুসুমযুক্ত বৃক্ষের অনেক কুঞ্জ বর্তমান।৪৫ ঐ পর্বত ভ্রমরগুঞ্জনে প্রিয়ার আলাপ এবং প্রফুল্ল কমলে প্রিয়ামুখের হাস্যশ্রীর স্পষ্ট অনুকরণ করে সেখানে আসামাত্র পুরুষোত্তম রামচন্দ্রের আনন্দ বিধান করছে।৪৬ আকাশের বিপুল নিতম্ব—গ্রহপুঞ্জে নির্মিত তার মণিময় মেখলা—সর্বোত্তম তার সৌন্দর্য ! সেই নিতম্ব থেকে মেঘের বসনচ্যুত হয়ে পড়েছে, প্রেমাবেশে এ পর্বত তার শিখরহস্ত প্রসারিত করে নিতম্ব স্পর্শ করছে।৪৭ চঞ্চল, লঘু, ভারবহনে অক্ষম এবং দুর্বল মানহীন লোকের সংসর্গ ত্যাগ করে ঐ অত্যুন্নত, স্থির, তুঙ্গমেঘস্পর্শী মহেন্দ্র পর্বত যেন স্বসদৃশ সমুদ্রের তীরেই বাস স্থাপন করেছে।৪৮ কল্পবৃক্ষবহুল দুঃখ-সম্পর্কহীন ঐ পর্বত রত্নদীপময় স্ফটিকের মণিগৃহে এবং নবযৌবনশালী কিন্নরগণের গীতনিস্বনে সুরাঙ্গনাদের মনে স্বর্গের ভ্রান্তি সৃষ্টি করছে।৪৯

তারপর রামলক্ষ্মণের সঙ্গে বানর সৈন্যগণ হনুমানের অঙ্গুলিনির্দিষ্ট দিকে ঊর্ধ্বে দৃষ্টিপাত করল যে দিকে সমুদ্রের পারে সীতাদেবী অধিষ্ঠিতা—যে দিক ব্যাপক ধূমজালে আচ্ছন্ন।৫০ মহেন্দ্রকুঞ্জ উচ্চতায় সূর্যকিরণের আচ্ছাদনে সক্ষম; বানর সেনাগণ সেই কুঞ্জ ত্যাগ করে সমুদ্রতীরে উপস্থিত হলো—মহাতরঙ্গময় জল-

রাশিদ্বারা ভুবনভরণে সমর্থ হয়েও যে সমুদ্র বেলাভূমি অতিক্রম করে না। ৫১ ঐ সমুদ্রের বিপুল ভারশালী মণিযুক্ত শুক্তিসমূহের আভ্যন্তরীণ দীপ্তিতে রসাতল-সঞ্চিত অন্ধকার দূরীভূত হচ্ছে এবং উপরিস্থ অল্প স্পন্দমান হীরকসমূহে সূর্যকর বাধাগ্রস্ত হচ্ছে।৫২ রাত্রিকালে বৃদ্ধিপ্রাপ্ত বিমল নদীজলে ঐ সমুদ্রের জল বর্ধিত হয়; সুতরাং মহেন্দ্রপর্বতের চন্দ্রকান্তমণিময় সানুভাগ যেন জলমগ্ন হয়ে আছে তা স্পষ্ট বোঝা যায়।৫৩ বসুধাকে ধারণ করে তার পর্বত ও সর্প সকল ও ধারণ করে আছে ঐ সমুদ্র—এরা ভুবনভার সহনে সমর্থ; ঐ সকল পর্বত ও সর্প অজেয় প্রভাবশালী, মহাদ্যুতিময়, রত্নশালী বিশালকায় এবং শ্রমক্লান্ত কচ্ছপ ও কুমীরের আশ্রয়।৫৪ সমুদ্রের বিশাল তরঙ্গগুলি অসংখ্য জলকণা নিক্ষেপ করছে, তাতে নির্মল মণির কান্তি সৃষ্টি করেছে ইন্দ্রধনুর শোভা, সেই তরঙ্গ থেকে একটা ধীর গম্ভীর ধ্বনি উঠছে, সেই ধ্বনিতে পৃথিবীর সন্তাপ দূর হয়ে যাচ্ছে। বানরেরা দেখল, সেই মহা-তরঙ্গগুলি যেন মেঘের মতোই বিরাজমান।৫৫ ঐ সমুদ্রের তীরভূমি ও তীরস্থিত পর্বতের সানুপ্রদেশ প্রবালের দীপ্তিতে ভূষিত, মুক্তা সমুদ্রের আলোয় রঞ্জিত ;—জল-হস্তীরা[৩] সেই সানু ভেঙে দিচ্ছে, এমনি ভাবে তারা শোভা ধারণ করেছিল।৫৬ সমুদ্র জলরাশিতে নিখিল রসাতল পূর্ণ করছে, নানারত্নে ভূষিত হয়ে বিরাজ করছে এবং পর্বতপ্রমাণ তরঙ্গে অন্তরীক্ষ ঢেকে ফেলছে। এত জল এখানে প্রকৃতপক্ষে কোথায় আছে? এই ভেবে সমবেত বানরগণ সমুদ্রকে মনে করল—'মায়া'।৫৭ ঐ সমুদ্র চন্দ্রহীন হয়েও অশেষ সৌন্দর্যের অধিকারী, দেবগণ কর্তৃক হৃতশ্রী হয়েও তার অক্ষুণ্ণ শোভা, দেবগণ কর্তৃক মথিত হয়েও জলরাশি দ্বারা আকাশ অতিক্রম করতে উৎসুক—সমুদ্রের মহিমা অন্তহীন।৫৮ ঐ তুঙ্গতরঙ্গশালী সমুদ্র জলস্থিত নৌকার মতো পৃথিবী, কুলপর্বত, নাগরাজ বাসুকি ও শ্রেষ্ঠ দিগ্গজদের ধারণ ক'রে যে নিজের শক্তিতে দুর্গত ধরণীধারণকারী পর্বতের তুল্য বিশাল বদনযুক্ত মহাবরাহকেও জয় করছে।৫৯ সমুদ্র গিরিসম্পর্কিত চঞ্চল নদীরূপা জলরাশি ধারণ করছে। জলরাশিকে দেখে মনে হচ্ছিল, নিজের মনোভিরাম স্বামিদর্শনে পুলকিতা পৃথিবীর শৈলরূপ স্তনযুগল থেকে স্খলিত শুভ্র পটাঞ্চল।৬০ অপরিমিত বৃহৎ অদ্ভুত ঘটনা দ্বারা বিচিত্র, নির্মল ও মহান্ সমুদ্র অপরাজেয়, শুদ্ধস্বভাব রাম লক্ষ্মণ ও সুগ্রীবের[৪] সঙ্গে মিলিত হয়ে অত্যধিক শোভাশালী হয়ে উঠেছে।৬১ বিপত্তি ছাড়া উন্নতি হয় না একথা দর্শক রামলক্ষ্মণ প্রভৃতিকে বোঝাবার জন্যই যেন সমুদ্র অনবরত ক্ষণে ক্ষণে বিশাল তরঙ্গ প্রসারিত করে আবার উপসংহার ক'রে নিচ্ছেন।৬২

অনর্থকুশল মদন কোমল পুষ্পশরেই রামচন্দ্রকে প্রহার করতে লাগলেন, কিন্তু ক্ষত উৎপাদন করলেন না; শিশিরসিক্ত বায়ুর দ্বারাই দহন করতে লাগলেন, কিন্তু জ্বালা উৎপাদন করলেন না।৬৩ তারপর দিনের অবসানে সূর্য ও রঘুনন্দন রাম সমুদ্রের নিকটে উপস্থিত হয়ে পরস্পর পরস্পরের আকৃতির অনুকরণ করতে লাগলেন দুয়েরই মৃদু ও মলিন দীপ্তি, দুইজনই লোকাতীত! (সূর্য পূর্বাচল থেকে অস্তাচলগামী, রাম লোকালয় ত্যাগ করে সমুদ্রসমীপবর্তী)।৬৪ গাঢ় অন্ধকার রামের পক্ষে দিনের যা-কিছু চিত্তবিনোদনের উপায় সব অপহরণ করে নিল, প্রিয়াভাবনাকে একমুখী করে তুলল। তাই অন্ধকার বৃদ্ধির সঙ্গে সঙ্গে রামের হৃদয়ে মন্মথচিন্তারও বৃদ্ধি ঘটল।৬৫

তারপর চন্দ্রমা সমুদ্রের মধ্যে অন্ধকাররাশি নিক্ষেপ করে উদিত হল—সকলের দৃষ্টির অবকাশ ঘটল, অন্ধকারের আড়ালে অদৃশ্য জগৎকে পুনরায় আবির্ভূত করেই চন্দ্র দেখা দিল। বস্তুতঃ মহান্ ব্যক্তিমাত্রই পরার্থপর হয়ে থাকেন।৬৬ এ যে বজ্র! মেঘবিহীন আকাশে বজ্রই বা কোথায়? তবে কি তীক্ষ্ন শরবর্ষণ? কিন্তু সেও তো ধনু বিনা অসম্ভব! কামাভিভূত রামচন্দ্র এই ভাবেই বার বার সন্দিহান হতে লাগলেন—চন্দ্রকে তিনি চন্দ্র বলে বুঝতে পারলেন না।৬৭ কুমুদবনে, দিগবধূগণের মুখমণ্ডলে ও আকাশে কিরণ বিকিরণ ক'রে, তাদের অন্ধকার দূর ক'রে চন্দ্র এমনভাবে শোভিত হতে লাগলেন যে অন্য কেউ সেভাবে শোভা পেতে পারেন না।৬৮ বিশালশিলার অন্তরালে স্থিত সজল মেঘের মতো শ্যামবর্ণ অন্ধকার বৃক্ষ-বেষ্টিত নিকুঞ্জে ভীমবৎ শরণাপন্ন হয়েই যেন আশ্রয় নিল। নিকুঞ্জের এই বৃক্ষগুলি চন্দ্রের কিরণরূপ শত্রুকে অপসারিত করেছিল।৬৯ যিনি নয়নমনোহর সুন্দর মদনের মতো হৃদয়স্থ হয়েও সর্বদা অনুকূল—অতঃপর সেই অনুজ লক্ষ্মণ সজল মেঘবৎ গম্ভীর স্বরে রামচন্দ্রকে বললেন - ৭০ আপনি শোক ত্যাগ করুন; শত্রু রমণীদের সম্পর্কে এমন ব্যবস্থা করুন যাতে তাদের পতির মৃত্যুর জন্য কেশরাশি হয় বিক্ষিপ্ত ও আলুলায়িত; যাতে চোখের জলে তাদের কাজল ও ওষ্ঠরাগ হয়ে যায় লুপ্ত। কোথায় জগতের আশ্রয়স্বরূপ আপনার তুল্য ব্যক্তি, আর কোথায় সামান্যজনোচিত এই মোহ!৭১ জগতে মহিমান্বিত ব্যক্তি প্রমাদে পড়লে একান্ত অবসন্ন হয়ে পড়ে। বিশাল শৈলশৃঙ্গের মতো দেহধারী গরিষ্ঠ গজরাজ পঙ্কে অবসন্ন হয়—লঘু কাষ্ঠখণ্ড হয় না।৭২ এমন কী আছে যা আপনার বুদ্ধির আয়ত্ত নয়? আপনার চক্ষুর নিমীলনও বুদ্ধির বাইরে নয়। তবুও আপনার প্রতি আমার স্নেহরাশি আমাকে এইরকম বলতে উৎসাহিত করছে। স্নেহ স্বাভাবতঃই ইষ্টজনের অনিষ্ট শঙ্কা করে; আপনার প্রতি আমার এই স্নেহও আপনারই পুণ্যফলে জন্মেছে।৭৩

রামচন্দ্র লক্ষ্মণের এই কথা শুনে রক্ষার জন্য দিকে দিকে বানরদের নিযুক্ত হতে আদেশ দিলেন; তারপর দুইবাহু বাঁকাভাবে ছড়িয়ে দিয়ে হাই তুললেন এবং ঘুমের আশায় প্রবালের শয্যা আশ্রয় করলেন।৭৪

ভট্টিকাব্যে 'সীতাভিজ্ঞানদর্শন' নামক দশম সর্গ সমাপ্ত।

একাদশ সর্গ

তারপর চন্দ্রের প্রভা ক্ষীণ হয়ে এল, যেন পুণ্যক্ষয়ের ফলেই তিনি অস্তাচলে গেলেন। তার মিত্রকল্প কুমুদ বিষণ্ণ হলো, শত্রুকল্প পদ্ম বিকশিত হলো।১ আকাশের দূর অংশে আরোহণ ক'রে পর্বত থেকে পতনের মতো অন্তরীক্ষ থেকে চন্দ্র পতিত হলে তার অনুরক্ত তারাদল অমল কীর্তির অধিকারী হয়েই উপকারী বন্ধুর অনুগমন করল।২ আমার সেই বিলাসময় কটাক্ষ কোথায়? কোথায় আমার মধুর বচন-বিন্যাস'—এই ভেবে চন্দ্র যেন লঙ্কার অঙ্গনাদের জাগরণকালে তাদের মুখসাম্য না দেখিয়ে (অভিমানে) অস্ত গমন করলেন।৩ অনেক চেষ্টাতেও স্ত্রীদের

প্রসন্ন করতে না পেরে তাদের পতিগণ পরাঙ্মুখ হয়ে শয্যায় কপট নিদ্রায় রাত্রি যাপন করেছে। এখন রাত্রির অবসানে বিহ্বল স্ত্রীগণ দোষী জেনেও পতিদের অনুনয় করছে।৪ প্রিয়াদের প্রেমতরু দৃঢ়মূল হলেও তা ছিল ঈর্ষ্যায় রুগ্ণ; মানের কুঠারে তা ছিন্ন হওয়ায় সুখের শাখা লুপ্ত হয়েছিল। এখন চোখের জলের সেচনে আবার সেই তরু পল্লবিত হয়ে উঠল।৫ তারপর ভাবী বিরহের আশংকায় কামিজনের অনুরাগ আবার আগের মতোই নতুন হয়ে উঠল; তাই তাদের তৃষ্ণার উপশম হলো না—পূর্বানুবর্তী অনুরাগেরই যে নবোদয় ঘটেছে তা-ও তারা বুঝতে পারল না।৬

সমস্ত ইন্দ্রিয়জনিত সুখ যখন ব্যক্তরূপে অন্তরেই অনুভূত হতে লাগল তখন চক্ষু নিজেকে বঞ্চিত মনে ক'রে যেন সহ্য করতে না পেরেই অক্ষমের মতো সঙ্কুচিত হয়ে রইল।৭ কোন কৃশোদরী কামিনী তার সুরত-বীর প্রিয়ের পীন বক্ষে নিজের কোমল নখর ভগ্ন হল দেখে ইচ্ছাভঙ্গে ব্যাকুল চিত্তে নিজের অঙ্গে নখরক্ষতকারী ভর্তার প্রতি এবং তুচ্ছ নখররাজির প্রতি ক্রুদ্ধ হয়ে উঠল।৮ প্রিয়জন কর্তৃক গাঢ়ভাবে আলিঙ্গিত হওয়ায় কামিনীর অন্য চেষ্টা লুপ্ত হল, নয়ন নিমীলিত হয়ে এল এবং তার সমস্ত জ্ঞানশক্তি বিলুপ্ত হল—সে যে জীবিত আছে তা কেবলমাত্র দেহজাত স্বেদজল এবং রোমাঞ্চ থেকেই বোঝা গেল।৯ কামুকেরা চৈতন্যলাভ ক'রে—এ কি সুষুপ্তি না মরণ বা সুখ কিংবা মূর্ছা না মনোভবের মায়া—ইত্যাদি বহু বিতর্ক ক'রেও এটি কী বা কী রকম—কিছুই বুঝতে পারল না।১০ কামিজন কামিনীর স্তনযুগলে বক্ষ, মুখে মুখ ও দেহে দেহ অবিরাম সংশ্লিষ্ট করেও তৃপ্ত হল না। বস্তুতঃ প্রেমে পর্যাপ্ততা-বোধ অর্থাৎ যথেষ্ট হয়েছে আর নয় এই রকম বিরুদ্ধ জ্ঞান কখনও হয় না।১১ নবোঢ়া নায়িকা প্রিয়কর্তৃক আলিঙ্গিত হয়ে নিজ দেহ শিথিল ক'রে দিল—তার দিকে দৃষ্টিপাত করলেও সে চক্ষু নিমীলিত করে রইল; শয্যায় শুয়ে সে পরোপকাররূপ রসেই তন্ময় হয়ে রইল (অর্থাৎ প্রতিকূল হয়েও সে প্রিয়তমের মনোহরণ করল)।১২ সুরতারম্ভে সহসা প্রিয়কর্তৃক আলিঙ্গিতা রমণীর কাম লজ্জা-বিজড়িত এবং ভয় ও বাসনার অনুগত হল। তারপর যখন রমণী বিশ্বস্ত হয়ে উঠল তখন বিশ্রস্তরমণে সেই কাম উপভোগ্য মনে হল।১৩ কোন কোন কুপিতা কামিনীকে তার প্রিয় সান্ত্বনাপূর্বক নখ দিয়ে সাদরে দেহ সংবাহন করে দিল, তখন পুলকে তার দেহে রোমাঞ্চ দেখা দিল—মনের কোপও দূরীভূত হয়ে গেল: তার ধৈর্যচ্যুতি ঘটায় সবলে গ্রহণের দ্বারাই সেই সময়ে প্রিয়ের বশীভূত হয়ে পড়ল।১৪ গুরুনিতম্বিনী কোন কামিনী তার কান্তরূপী চন্দ্রের কিরণের (কান্তপক্ষে হস্তের) দ্বারা অভিমৃষ্ট হয়ে ক্ষোভবশে চন্দ্রকান্তশিলার মতো সত্বর স্বেদজল মোচন করতে লাগল। (কান্ত = চন্দ্র; কর = কিরণ, হস্ত; চন্দ্রশিলা – চন্দ্রকান্তমণি, রমণী)।১৫ তারপর কান্তবিরহে মূর্ছিতা, মলিনা, বিবেকরহিতা রমণীকে স্নেহশীলা সখী যেমন প্রবোধিত করে, সেইরূপ চন্দ্র অস্তমিত হওয়ায় রমণীয় অরুণোদয় শোভা ধূসর মলিন ও বিবর্ণ আকাশকে রঞ্জিত করে তুলল।১৬ স্ত্রী-পুরুষের পরস্পর মিলনাভিলাষ পূর্ণ না হতেই অরুণোদয় হলো। তাদের মনে হলো ক্ষণকালের মধ্যেই যেন রাত্রি শেষ হয়ে গেল। সুতরাং তারা উৎসুক হয়েও যেন পরাধীনের মতো দুঃখের সঙ্গে নিদ্রাগৃহ থেকে নিষ্ক্রান্ত হলো।১৭ কোন কামী শয্যা থেকে অর্ধোত্থিত হতেই প্রিয়া এসে তাকে আলিঙ্গন করল। এই আলিঙ্গনে সে সুখমগ্ন হলেও

গমনোদ্যত হলো। কিন্তু প্রিয়াকর্তৃক এবারও গতিরুদ্ধ হওয়ায় সে যেতে অনিচ্ছুক হয়েও চলে গেল – আবার কোন ছলে[১] ফিরে এসে আজ যা করবার না করে অবস্থান করতে লাগল।১৮

তরুণী মঙ্গলগায়িকাগণ প্রভাতে রাজমন্দিরসমূহে গভীর একাগ্রতার সঙ্গে মঙ্গলগীত গান করতে লাগল; ঐ সকল গীতের সাম্যশোভা তালের দ্বারা সম্পাদিত ছিল, রাগ ষড়্‌জাদি স্বরে নিবন্ধ এবং পদবিন্যাসে তার অর্থও পরিব্যক্ত।১৯ গাঢ় পঙ্কবৎ অন্ধকারে এ জগৎ মগ্ন হয়েছিল, লুপ্ত হয়েছিল তার অবয়বসংস্থান। এখন অরুণোদয়ের পর সূর্যদেব উদিত হয়ে যেন কিরণরূপ রজ্জু বিস্তার করে জগৎকে উদ্ধার করছেন।২০ বধূদের অধররাগ নেই, নয়নে অঞ্জন নেই; তবু ইতস্ততঃ বিক্ষিপ্ত অলকগুচ্ছে কান্তিযুক্ত মুখমণ্ডলগুলি প্রিয়সঙ্গমে কৃতার্থ হয়ে প্রভাতে যেমন শোভা পেতে লাগল, আগের দিন সন্ধ্যায় অলংকৃত হয়েও তেমন শোভা পায় নি।২১ বিপ্রলব্ধা নায়িকা এবং পতিসঙ্গতা নায়িকা দুয়েরই যেন সমান অবস্থা। উভয় নায়িকারই রাত্রি জাগরণ হেতু নয়নপ্রান্ত রক্তবর্ণ, নয়ন অঞ্জনহীন, দেহে অঞ্জন অলক্তক, পত্রলেখা প্রভৃতি মণ্ডনচিহ্নও নেই। উভয় নায়িকাই খেদ-খিন্না।২২ পতির সঙ্গে সহবাস করেছে যে সব রমণী তাদের অধর (স্বভাবতঃ) সুন্দর এবং প্রচুর তাম্বূলরাগ ধারণ ক'রেও দুর্ভাগ্যের সূচনা করছে - যেমন (রতিভঙ্গ-দুঃখজনিত অশ্রুনিপতনে) চোখের কাজলকালি সেখানে লেগে গিয়েছে।২৩ রমণীরা স্বভাবসুন্দর চক্ষু অঞ্জনযুক্ত করেছে; স্বভাবরক্তিম দুই ওষ্ঠ তাম্বূলে রাঙিয়েছে এবং স্বভাবসুগন্ধি মুখ অন্য গন্ধে সুবাসিত করেছে; এতে কতকগুলি তুচ্ছ প্রসাধন দ্রব্যে রমণীদের পক্ষপাতই সূচিত হচ্ছে।২৪ কামী ও রমণী মিলিত হয়ে অতিস্নেহবশতঃ সম্ভোগকালে পরস্পরের কৃত দন্তক্ষতাদির কথা বুঝতে পারে নি, প্রভাতে দেখতে পেয়ে একে অন্যের অপরাধ সম্পর্কে নানারকম আশংকা করছে[২]।২৫ রমণীরূপী শ্রেষ্ঠ যোদ্ধার দল বিজয়ীরূপে বিচরণ করছিল অর্থাৎ তারা যেন সুরতসমরবিজয়িনী বীরাঙ্গনা, নানাভাবে তাই প্রকাশ করছিল; তাদের দীর্ঘ কেশপাশ যেন শূল, স্তনযুগল দুই চক্র, আয়ত কর্ণদ্বয় যেন পাশ, রোমরূপ পক্ষ্মযুক্ত আয়ত নয়ন যেন শর।২৬

সঙ্গমসুখ লাভ করে নি এমন রমণীদের চন্দনলিপ্ত পয়োধর তেমনিই আছে, শুদ্ধ বসনও বিপর্যস্ত হয় নি—তাদের এই বেশ দেখে তাদের সপত্নীরা প্রভাতে দুঃখ-কমে-যাওয়া মনে হৃষ্ট হয়ে উঠল। (সপত্নীর প্রসাধন ব্যর্থ হয়েছে, তাই আনন্দ)।২৭ কামিজনের চিত্তে উৎপন্ন অনুরাগ চঞ্চল হলেও গুণযুক্ত বিষয়ে স্থির। সেই অনুরাগ নয়নরূপ গবাক্ষপথে কৌতূহলের বশবর্তী হয়ে পরস্পরের মুখশ্রী দেখেই যেন বিরাজ করতে লাগল।২৮ কামার্তজন অতিমাত্র প্রণয়ের বশে চেতনার লুপ্তি ঘটায় বুদ্ধিহীন যে উপচারকর্ম (দন্তনখক্ষতাদি) নিজেই করেছিলেন এখন আর তা স্মরণ করতে পারছেন না।২৯ সৌম্যসুন্দর বর্ণযুক্ত বস্ত্র, সুগন্ধি বিলেপনদ্রব্য এবং (সুরতসম্ভোগে) কৃতার্থতাজনিত আনন্দে কমনীয় মুখশ্রী দ্বারা কামিজন গোপনীয় সুরতসার্থকতার তত্ত্ব যেন প্রকাশ করে দিচ্ছে।৩০ যুবকদের দেহ চন্দনচর্চিত—প্রভাতে হস্তদ্বারা অধর আচ্ছাদিত করে নিমেষহীন দৃষ্টিতে কথা বলতে গিয়ে নখক্ষতাদি ও রাত্রিজাগরণ প্রভৃতি গোপনীয় বিষয়ও অত্যন্ত প্রকাশ করে ফেলছে।৩১ হে কুটিলে! মধুর ব্যবহারেই যখন কামিজনকে জয় করা যায় তখন কেন আর

অসহনীয় ভ্রূধনু উদ্যত কর ; নয়নবাণ দিয়েই যখন বধ করা চলে তখন কেন আর বিষতুল্য কাজলে তাকে লিপ্ত কর ?৩২ রসিক যুবকেরা বিনোদনসভায় তরুণী নারীদের সঙ্গে এই বলে আলাপ করতে লাগল তোমাদের প্রজ্বলিত অগ্নিতুল্য অধরে তৃণভারতুল্য তাম্বুলরাগ কেন বিন্যস্ত করেছ বলো।৩৩ প্রভাতে সুখপ্রবেশ, শ্রীসম্পন্ন, শুচি, তাপহারী লোহিতাভ গৃহগুলি প্রভাতের সরোবরের মতো বিরাজ করতে লাগল— সেই গৃহগুলির মধ্যে নারীমুখগুলি যেন সদ্যঃপ্রবুদ্ধ পদ্ম।৩৪ প্রভাতে এই সব গৃহের শোভা যেন দেবগণের ভোগ্য নন্দনের শোভাকেও জয় করেছিল। গৃহগুলিতে আগে সব ধুলো ঝেড়ে নেওয়া হয়েছে, পরে জল দিয়ে মোছা হয়েছে। সবত্র সুন্দর ফুল আর কস্তুরী প্রভৃতি গন্ধদ্রব্যে আমোদিত আর (গন্ধে আকৃষ্ট) ভ্রমরের দল ! নন্দনেও এইরকম।৩৫ একটি ভ্রমর নীলপদ্ম মনে ক'রে মুগ্ধাঙ্গনার নয়নে এসে পড়ল —সে তাকে হাত নেড়ে তাড়িয়ে দিল ; কিন্তু তৃষ্ণার্ত ঐ ধৃষ্ট ভ্রমর রক্তপদ্ম ভেবে তার হাতেই দংশন করল।৩৬ নাট্যগুরু যেন নৃত্য-শিক্ষায় নৃত্যকারিণীর নয়ন-চাঞ্চল্য, কর-কম্পন, ভ্রূভঙ্গী, স্তনসঞ্চালন ও অলংকারের শিঞ্জন প্রভৃতি সম্পাদন করেন, ঐ ভৃঙ্গও সেই অঙ্গনার যাবতীয় অঙ্গক্রিয়া সমাধান ক'রে দিল ঃ।৩৭

রাবণের রাজসভা

তারপর প্রভাতে—প্রতিদিন যাদের মঙ্গলের মধ্যে কাটে এমন পুরবাসিগণ আপন বংশ ও সমৃদ্ধির অনুরূপ বেশবিন্যাস ক'রে ইন্দ্রদ্বেষী রাবণের নিদ্রাভঙ্গের সময়ে রাজভবনের দিকে যেতে আরম্ভ করল।৩৮ শৈলেন্দ্রশৃঙ্গ থেকে নিঃসৃত জলরাশি যেমন নদীসমূহ পূর্ণ করে সাগরের পুষ্টিসাধন করে, তেমনি পুরগৃহ থেকে নির্গত জনস্রোত রাজপথগুলি পূর্ণ করে রাজাঙ্গন পূর্ণ করল।৩৯ ইন্দ্রশত্রু রাবণের জাগরণের পূর্বে উচ্চ-নীচ সকল সম্প্রদায়ই সমানভাবে অবস্থান করতে লাগল—ত্রাসে তাদের মুখ, কণ্ঠ ও তালু শুষ্ক (রাবণ কী করবেন এই তাদের ভয়)। দৌবারিকগণ তাদের সকলের দিকেই অবজ্ঞাকর্কশ চোখে চেয়ে দেখছিল।৪০ রাক্ষসগণ অনায়াসে আনীত মদস্রাবী গজেন্দ্রের সাহায্যে রাবণের সেবা করতে লাগল ; সেই হস্তীদের গুরু ও মহৎ শুণ্ড, কর্ণ ও জিহবা চঞ্চল হচ্ছিল, তারা অবজ্ঞার সঙ্গে অঙ্গুলির সাহায্যে সংযত হচ্ছিল এবং তাদের কপোলস্থলে লীন ছিল ভ্রমরের দল।৪১ অন্য রাক্ষসেরা নিয়ে এল শ্রেণীবদ্ধ বহু সিংহ ; তাদের চরণের অগ্রভাগে মত্ত হস্তীর ছিন্ন কুম্ভমাংস ও মুক্তাফল লগ্ন রয়েছে তারা পরস্পর পরস্পরের পুচ্ছে বাঁধা আছে।৪২ সেখানে দেখা গেল, পারিজাত প্রভৃতি দেবতরুর পুষ্পস্তবক ইতস্ততঃ বিক্ষিপ্ত। ত্রস্ত দেবগণ ঐসব ফেলে গিয়েছেন ; নির্ভীক রাক্ষসেরা কলিকাসহ ছিন্ন ক'রে এনেছে।৪৩ অশেষগুণের অবমাননাকারী দশানন গভীর অজ্ঞানহেতু দ্বিজশ্রেষ্ঠ-গণের পূজা বিসর্জন দিয়ে প্রথমে নিজের অভ্যুদয়ের জন্য প্রধান প্রধান পাপাত্মা ব্রহ্মরাক্ষসদের অর্চনা করলেন।৪৪ তারপর রাবণ ভূভাগ কম্পিত ক'রে সভায় প্রবেশ করলেন—তার সঙ্গে ছিল সেইসব বিশ্বস্ত রাক্ষসেরা, সাধুদের বিনাশ করাই যাদের একমাত্র স্বভাব, যারা মায়াবী সকলের ত্রাসকারী এবং প্রভুকার্য নিষ্পাদক।৪৫ তীক্ষ্ন অস্ত্রধারী নিশাচরগণ, দীর্ঘোদর ও দীর্ঘমুখী নিশাচরীগণ এবং ভীতচকিত

দেববন্দিগণে সমাকীর্ণ সভা গৃহে রাবণ প্রবেশ করলেন ; তখন ঐ সভাগৃহ শত শত কুক্কুর সহ ব্যাধগণে বেষ্টিত, মৃগবন্ধনরজ্জুতে সমাচ্ছন্ন এবং ভীত মৃগীসমূহে ব্যাপ্ত বনের মতো মনে হচ্ছিল ;৪৬ প্রভূত রত্নপ্রভায় উদ্ভাসিত হয়ে, বিদ্যুদ্‌গর্ভ মেঘের মতো প্রতিদিকে ধীর ও গম্ভীর ধ্বনি ক্ষেপণ ক'রে তিনি সুমেরুশিখরতুল্য বিচিত্র মণিখচিত স্বর্ণাসনে উপবেশন করলেন ।৪৭

ভট্টিকাব্যে 'প্রভাতবর্ণন' নামক একাদশ সর্গ সমাপ্ত ॥

দ্বাদশ সর্গ

রাবণের সভায় বিভীষণ

বিভীষণ জেগে উঠে ইষ্টদেবতার অর্চনা করলেন ; তার চিত্তের প্রশান্তি দৃষ্টিতেই প্রকাশিত হচ্ছিল । অঙ্গের প্রসাধন করায় তিনি রম্যদর্শন হলেন । তখন তাঁর মাতা নৈকষী[১] তাঁকে বললেন—১ দেবগণের আনন্দবিধায়ক অমৃত জগদ্বিনাশক সহোত্থিত বিষকে যেমন প্রশমিত করেছিল তেমনি দেবতাদের আনন্দবিধায়ক তুমিও জগৎপীড়ক অতিবলদৃপ্ত সহোদর দশাননকে সত্বর প্রশমিত করো ।২ সীতার মূর্তি বিষাদরূপ হিমে আচ্ছন্ন ; অনুজ্জ্বল কেশরবিস্তার নিয়ে তিনি ভূতলে লুণ্ঠিত—তিনি জনত্রাসকারী তারার মতো বিরাজিতা, যে তারা তার প্রশমিত শিখা বিস্তার নিয়ে মাটিতে পড়ে আছে । এই সীতাকে রাবণ যাতে ত্যাগ করে তুমি তারই ব্যবস্থা করো ।৩ হে কুলনন্দন ! মহেশ্বর যেমন দেবগণের ভীতিকর কালকূট বিষের পিণ্ড গ্রাস করেছিলেন সেইরূপ ঐ ভীষণ রাবণকে যাতে রামচন্দ্র নিহত না করেন তুমি সে বিষয়ে সচেষ্ট হও ।৪ জনস্থানবাসী রাক্ষসগণ নিহত হয়েছে, লংকাপুরীর বীরগণ পরাজিত ও বৃক্ষরাজি বিধ্বস্ত হয়েছে, গৃহগুলি ভস্মীভূত—এই সময় বন্ধুর যা কর্তব্য, তুমি তাই করো ।৫

সুবুদ্ধি বিভীষণ আগেই সেই কল্যাণকর কার্য করতে উৎসুক হয়েছিলেন, এখন এই শুভকার্যে মাতার উপদেশে বার বার প্রণোদিত হয়ে তিনি কর্তব্য সম্পর্কে সংকল্প দৃঢ়তর করলেন ।৬ সেখানে দৌবারিকেরা ইন্দ্রদূতকে বাধা দিচ্ছে, লোকপালগণ উপহার নিয়ে দাঁড়িয়ে আছেন এবং ভীমাকৃতি আত্মীয় নিশাচরগণ ভয়ে ভয়ে প্রবেশ করছে, বিভীষণ সেই রাবণমন্দিরের দ্বারদেশে উপস্থিত হলেন ।৭ দ্বারী দূর থেকে তাকে প্রণাম করল । বিভীষণ 'মহারাজের অবসর আছে তো ?'—এই প্রশ্ন করে রাজার অনুমতি না নিয়েই প্রবেশ করলেন—নিশাচরেরা সসম্ভ্রমে তাঁকে পথ ছেড়ে দিল । তিনি প্রবেশ করে শৈলশৃঙ্গতুল্য ইন্দ্রশত্রু রাবণকে দেখলেন ।৮ বিভীষণ দেখলেন, রাবণ অগ্নিতুল্য দীপ্তিশালী উচ্চ সিংহাসনে অধিষ্ঠিত । তিনি প্রলয়মেঘের মতো ভীষণাকায় । স্বভাবতঃই-ক্রূর তাঁর নয়ন যেন স্ফুলিঙ্গ । তিনি প্রলয়বহ্নির ধূমরাশির মতো বিরাজমান ।৯ রাবণ প্রীতিবেশে দৃষ্টিপাত করলেও ভুজঙ্গরাজের মতো ভয় উৎপাদন করছেন ; তাঁর আকৃতি তমোরাশির মতো হলেও নিজের প্রভাবে যেন দীপ্তিময় সূর্য প্রভৃতিকেও অভিভূত করছেন ।১০

মৃত্যুলোকজয়ী তেজস্বী রাক্ষসেরা সেই বিভীষণকে রক্ষাদাতা মনে ক'রে তাকে অনুসরণ করল ; মনে হলো, যেন শ্রেষ্ঠ দেবগণ তৃষ্ণার্ত হয়ে মুক্তাফলবর্ষী জলধরের অনুগমন করলেন।১১ বিভীষণ রাবণকে প্রণাম করলেন। ইঙ্গিতজ্ঞ ভৃত্যেরা তাঁর জন্য আসন নিয়ে এল—সেই আসন প্রথম সমাগত মন্ত্রীদের সঙ্কোচকারক[২]। বিভীষণ রাজসিংহাসনে নিজের সুন্দর বাহু স্থাপন ক'রে উপবেশন করলেন।১২ তারপর দশানন ক্রুদ্ধ সর্পসদৃশ নিজের হস্ত প্রসারিত করে সভাসদগণকে বলতে লাগলেন! তার হস্তের অঙ্গুরীয়সমূহের উপলখণ্ডগুলি সর্পের মণির মতোই প্রদীপ্ত হচ্ছিল এবং বিচিত্র চঞ্চল নখপঙ্‌ক্তিই জিহ্বারূপে বিরাজ করছিল।১৩ রাবণ বললেন, আপনারা কর্মক্ষম, কার্যদর্শী, নীতিজ্ঞ, উপায়শালী এবং বুদ্ধিমান; আপনাদের মতো বন্ধুজনের সঙ্গে যথাযথ মন্ত্রণা ক'রে কাজ করলে তা নিশ্চয়ই সফল হবে।১৪ (আমার পক্ষভুক্ত) বালী ও খর-দূষণাদির বিনাশ উপেক্ষিত, লঙ্কাপুরী দগ্ধ এবং সভৃত্য অক্ষকুমার নিহত হয়েছে। এখন শত্রুসৈন্য সাগরলঙ্ঘনে উদ্যত ; সুতরাং এর পর আমাদের কর্তব্য কী তা তোমরা বলো।১৫

প্রহস্ত প্রভৃতি রাক্ষসগণের বীরাভিমান প্রখ্যাত ; তারা বাহু, স্কন্ধ, বক্ষ এবং ধনু, অসি, গদা ও শূল স্পর্শ করে দশাননকে বলতে লাগলেন,১৬ হে প্রভো! আপনি মহাশক্তিশালী এবং নরভোজী রাক্ষসদের মধ্যে প্রধান। ইন্দ্র ছিলেন পণ্ডিতাভিমানী, তাঁর মানও ছিল অখণ্ডিত ; সেই ইন্দ্রকেও আপনি দমন করেছেন। আপনি বিচারপ্রবণ হয়েও সামান্য একটা মানুষের সঙ্গে যুদ্ধকে কেন গুরুত্ব দিচ্ছেন?১৭ আমরা বিচ্ছুরিত স্ফুলিঙ্গ পরিব্যাপ্ত ধূমরাশিময় সূর্যকে ভূতলে টেনে এনে চূর্ণ করব কি? অথবা দন্তনিষ্পীড়িত পীত, শুষ্ক ইক্ষুদণ্ড তুল্য চন্দ্রকে নিঃসার ক'রে উদ্গিরণ করব?১৮ সেই রাঘব ও বানরদের শক্তি কত? তারা তো আমাদের মধ্যে যে-কোন একজনের প্রাতরাশেরও যোগ্য নয়! হে শিবাধিষ্ঠিত কৈলাসপর্বতধারিন্! আপনি বলুন, আকাশকে কি নিচে আকর্ষণ করে আনব, না ভূমিতলকে আকাশে স্থাপিত করব? আমরা কী করব?১৯ হে রাজন্! চঞ্চল বানর তো শস্ত্রের দ্বারা বধ্য, সেই বানরের পুচ্ছে আপনার মূঢ় জনগণ অগ্নিসংযোগ করেছিল ; সেই আগুনে আমাদের দোষেই স্বর্ণলঙ্কা দগ্ধ হয়ে গলিত হয়েছে।২০

বিভীষণ কিছু বলবার ইচ্ছায় নিজের শোভিত বক্ষ ও দেহের উত্তরার্ধ অভিমুখী ক'রে (রাক্ষসদের দিকে) দৃষ্টিপাত করলেন : তারপর হস্ত বিরত ক'রে যথাযথ উত্তর দেবার জন্য রাক্ষসদের বলতে লাগলেন—২১

বিভীষণের ভাষণ

যুদ্ধের জন্যই রাজা আপনাদের পোষণ করছেন। সুতরাং প্রভুকৃত সম্মানের অনুরূপ যা বক্তব্য তা-ই আপনারা বলেছেন। প্রভুর কাজে আপনারা প্রাণ বিক্রয় করেছেন, আপনাদের কথা আপনাদেরই যোগ্য—কিন্তু মন্ত্রণার ব্যাপারে বুদ্ধিই প্রয়োজন, বীরত্ব নয়!২২ ইন্দ্রবিজয়ী রাজার পক্ষে নরশত্রুতা যে যত্নপূর্বক মন্ত্রণার বিষয় হয়ে গুরুত্ব লাভ করেছে তার কৈফিয়ৎ দিয়ে গেছে লঙ্কাপুরধ্বংসী হনুমান।২৩ সেই বধ্য বানরের দেহে আমাদের প্রদত্ত অগ্নি আমাদেরই ভুলে লঙ্কা দগ্ধ করেছে—

এই যদি সত্য হয় তাহলে মধ্যস্থ বুদ্ধিতে বিচার করে বলুন—সেই বানরের যে ব্রহ্মাস্ত্রের বন্ধন থেকে মুক্তিলাভ—তা-ও কি আমাদের ভুলেই হয়েছিল ?২৪ এই জগৎ বিচিত্রভাবে পূর্ণ ; এখানে বিচিত্র শক্তিশালী নিরভিমান বহু বিজেতাও আছেন। সুতরাং নিজের কর্তব্য সম্পর্কে তোমরা আরও যত্নশীল হও—নীতি-পথাশ্রয়ী ধীর ব্যক্তিদের উপেক্ষা কোরো না।২৫ যে জয়কামী ব্যক্তি নিজের ও শত্রুপক্ষের বৃদ্ধি ক্ষয় ও সাম্য অবস্থা সকল সময় বিবেচনা করে সন্ধি বিগ্রহ প্রভৃতি গুণ প্রয়োগ করেন—লক্ষ্মী চঞ্চলা হলেও তাঁকে কখনও পরিত্যাগ করেন না।২৬ নীতিজ্ঞানহীন, ইন্দ্রিয়পরতন্ত্র, পানাদি ব্যসনাসক্ত শত্রুর বৃদ্ধি উপেক্ষা করা যেতে পারে—যা কিনা জনবিরাগের হেতু হয়ে পরিণামে সমূলে বিনষ্ট করে।২৭ যিনি ষড়্‌বর্গরূপ শত্রু জয় করেছেন তেমন নীতিজ্ঞ বুদ্ধিমান ও জিগীষু রাজা জনানুরাগসম্পন্ন হলে ভাবী ফলের দিকে দৃষ্টি রেখে নিজের ক্ষয়াবস্থাকেও সন্ধির মাধ্যমে উপেক্ষা করতে পারেন।২৮ বিজিগীষু রাজা শত্রুর সঙ্গে সন্ধি বা বিগ্রহে যখন নিজ স্বার্থের অনুকূল নিজের বৃদ্ধি বা শত্রুর ক্ষয় দেখতে পারেন না তখন তাঁকে অবসরের প্রতীক্ষা করতে হবে ; সেই সময়ে তিনি ফলহীন ব্যর্থ প্রয়াস করবেন না।২৯ অথবা সন্ধির অবস্থায় থেকে তিনি নিজের বৃদ্ধির ব্যবস্থা করবেন। গোপনীয় উপায় প্রয়োগে তিনি শত্রুর বিনাশসাধন করবেন কিংবা গূঢ় পুরুষ প্রেরণে শত্রুর অমাত্য প্রভৃতিকে প্রলুব্ধ ক'রে আনবেন অথবা অন্যের সঙ্গে প্রবল বিগ্রহ ঘটিয়ে সেই অবস্থাতে শত্রুকে সন্ধিভঙ্গ করতে বাধ্য করবেন ; ৩০ অথবা, প্রীতির অভিনয় ক'রে কপট উপায়ে-অমাত্যদের মধ্যে বিদ্বেষ সৃষ্টি করে শত্রুর রাজ্যে ভেদনীতি প্রয়োগ করবেন। এইভাবে সন্ধির পথেই নানাভাবে বৃদ্ধিলাভের উপায় সন্ধান করবেন।৩১ জিগীষু নরপতি যুদ্ধ করেও নিজের অভ্যুদয় আনতে পারেন ; সেই ক্ষেত্রে তাঁকে জানতে হবে স্বপক্ষীয়গণ সহিষ্ণু কিনা এবং শত্রুর অবরোধ থেকে নিজেকে সামলাতে পারে কি না : তাকে থাকতে হবে গিরিতরু জলের দ্বারা বেষ্টিত দুর্গে।৩২ যিনি নিজে শত্রুকে বিনাশ করতে অক্ষম, আবার যাঁকে দুর্বল শত্রুও বিনাশ করতে পারে না—সেই জিগীষু ব্যক্তি নিজের শত্রুর সঙ্গে অন্যের 'শ্বাবরাহী' কলহ[১] বাধিয়ে দেবেন এবং সেই অবকাশে নিজের দুর্গ, রাষ্ট্র প্রভৃতি সুদৃঢ় ক'রে তুলবেন।৩৩ নিজে অগ্রসর হয়ে শত্রুকে আক্রমণ করলেই শত্রু বশীভূত হতে পারে এমন অবস্থায় নিজের দুর্গাদি দৃঢ়ভাবে সুরক্ষিত ক'রে শত্রুর বিরুদ্ধে অভিযান করতে হবে। শত্রুনাশ বা আরব্ধ কর্ম সমাপ্ত করতে না পারলে তিনি অন্য কোন শক্তিমান ব্যক্তির আশ্রয় গ্রহণ করবেন।৩৪ অথবা বৃদ্ধির সম্ভাবনা দেখলে এক শত্রুর সঙ্গে সন্ধি অন্য শত্রুর সঙ্গে বিগ্রহ করা যেতে পারে ; — (একই কালে উভয়ের সঙ্গে বিগ্রহে লিপ্ত হওয়া অনুচিত)। এইভাবে জিগীষু ব্যক্তি শত্রুর এবং নিজের সামর্থ্য বুঝে পূর্বোক্ত নীতিগুলি প্রয়োগ করবেন।৩৫

রাবণের প্রতি বিভীষণ

তুমি কিন্তু লোকের বিরাগ উৎপাদন করেছ—ইন্দ্র প্রভৃতি সমগ্র রাজমণ্ডলকে ক্ষুব্ধ ক'রে তুলেছ। হে রাজন্! রাম সম্পর্কে এই সব কিছু বিপরীত - এই

কারণে আমি তোমার চেয়ে তোমার শত্রুকেই প্রবল মনে করি।৩৬ শত্রু রামচন্দ্র যখন একটি শরে তোমার শ্রেষ্ঠ বন্ধু বালীকে নিহত ক'রে সুগ্রীব নামক বানরকে রাজা করেছেন[৫] তখনই বুঝে নেবে তোমার কার্য নষ্ট হয়েছে।৩৭ তোমার ত্রিভুবনব্যাপী প্রতাপ খর-দূষণাদি নিহত হওয়ায় লংকার প্রাকারের মধ্যেই সীমাবদ্ধ ছিল। এখন লংকাদহন, অক্ষ-কুমারাদির নিধন, অশোকবনের বৃক্ষভঞ্জন প্রভৃতির দ্বারা সেই প্রতাপও অত্যন্ত সংকুচিত হয়ে গিয়েছে।৩৮ তুমি ষড়-রিপুর[৬] বশীভূত, মূর্খ অমাত্যের দ্বারা বেষ্টিত এবং বন্ধুহীন ; এই অবস্থায় তুমি শত্রুর সম্মুখীন। তুমি হস্তীর সঙ্গে পাদযুদ্ধ কোরো না। রামচন্দ্রের নিকটে প্রণত হও—তিনি প্রণতজনের উপভোগ্য।৩৯ তাছাড়া রামচন্দ্র ভার্যাহরণে পরিতপ্ত, আমরাও আত্মপ্রতিম বন্ধুজনের বিনাশে পরিতপ্ত। সুতরাং তপ্ত লৌহের সঙ্গে তপ্ত লৌহের সংযোগের মতো শত্রু রামচন্দ্রের সঙ্গে আমাদের সন্ধি হোক। তুমি সীতাকে মুক্ত করো।৪০ হে রাজন্! রাজা রামচন্দ্রের যে প্রতাপাগ্নি ইন্দ্রাদি রাজমণ্ডলের প্রচণ্ড পবনে সন্দীপিত এবং ক্রোধের অগ্নিতে তীক্ষ্ন হয়েছে, শান্তির জলে তা শান্ত হোক। তুমি প্রসন্ন হও, আমরা ভৃত্য-বন্ধুদের সঙ্গে জীবিত থাকি।৪১ হে রাজন্! শত্রু এবং জিগীষু যদি সমান হয় তাহ'লে অপক্ব ঘটের মতো উভয়ের সংযোগে উভয়েই নষ্ট হয় কিন্তু রাম সকলের অনুরাগভাজন এবং বীর্যবান্, আর তুমি প্রবল শত্রুবেষ্টিত।৪২ দণ্ডবলে[৭] ও ধনবলে শত্রু অপেক্ষা তুমি যদি নিজেকে শ্রেষ্ঠ মনে কর তা হলেও তুমি তো পূর্ণ, তোমার দ্বারা রিক্ত রামের বিনাশ নিরর্থক। কিন্তু তুমি সমৃদ্ধ তোমার যদি নাশ হয় তবে সর্বনাশ।৪৩ যার দেহ এবং ভৃত্য ক্লিষ্ট হচ্ছে এবং যিনি সম্পদের সন্ধান ক'রে বেড়াচ্ছেন সেই অভিমানী ব্যক্তি সন্দেহজনক বিষয়ে যত্ন করতে পারেন ; কিন্তু যিনি পূর্ণকাম ও কৃতার্থ তিনি সন্দিগ্ধ বিষয়ে প্রবৃত্ত হলে লক্ষ্মী নিশ্চয়ই তার অনুরাগিনী হন না। ৪৪ যে কাজ শক্তির অনুযায়ী, যা বর্তমানে বা ভবিষ্যতে নির্দোষ, যাতে মহৎ ফল হবার সম্ভাবনা—সেই জাতীয় কাজ সমাপ্ত করার লক্ষ্য নিয়ে রাজা সকলের অনুরাগ সম্বল ক'রে যত্নশীল হবেন। এর বিপরীত ঘটলে তাঁর যত্ন নিষ্ফল হবে।৪৫

সুনীতিমান নরপতিকে জয় করা অসম্ভব - তার সঙ্গে বিগ্রহে মৃত্যু প্রভৃতি দোষ অবশ্যম্ভাবী। এই জাতীয় বিগ্রহ নিষ্ফল—কর্মসমাপ্তিও কল্যাণকর হয় না। সুতরাং সেই জনানুরাগভাজ। শত্রু রামচন্দ্রকে ভজনা করো।৪৬ একটি শরাঘাতে বালীবধের ফলে শত্রু রামের কোন্ প্রয়োজন না সিদ্ধ হয়েছে ? তোমার মিত্রনাশ, তাঁর মিত্রলাভ : তাঁর সঙ্গে বহু সৈন্য, তিনি মিত্রের বিপদে যথার্থ সহায় এবং একান্ত বশীভূত।৪৭ বানররাজ সুগ্রীব লোভে বা ভয়ে রামচন্দ্রের আশ্রয় গ্রহণ করেন নি : সুতরাং ভেদ সৃষ্টি করে তাঁকে আয়ত্ত করতে পারবে না। রামের সাহায্যেই সে রাজ্যলাভ করেছে, তাই ধর্মপথে থেকে প্রত্যুপকার করার ইচ্ছাতেই সে রামের সঙ্গে এখানে এসেছে।৪৮ বানরদের মধ্যে যারা প্রধান তাদের মধ্যেও ভেদ জন্মাতে পারবে না ; কেননা, তারা হলো ফলভোজী, (পানার্থ) নির্ঝর ও (বাসার্থ) কুঞ্জই তাদের অবলম্বন। তারা দিব্যাঙ্গনাদের প্রেমরসে অনভিজ্ঞ। তারা নীচ জাতি—সুতরাং শ্রেষ্ঠ রত্নদ্বারাও অলোভনীয়।৪৯ তারার চিত্তানুসারী সুগ্রীবরাজ তারার পুত্র অঙ্গদকে পুত্রনির্বিশেষে যৌবরাজ্যে অভিষিক্ত করেছেন। সুতরাং সে কেন রাক্ষসের স্বার্থে ভেদের যোগ্য হবে ?৫০

রাম অপেক্ষা বড় বা রামের সমান কোন পুরুষ দেখি না যাকে বিরোধকালে আশ্রয় করব। ব্রহ্মা তোমাকে বর দিয়ে পরে অনুতপ্ত হয়েছেল—আর ইন্দ্রাদি দেবগণ তো তার আগে থেকেই তোমার বিরোধী।৫১ হে রাজন্! আমরা দুর্গাশ্রিত, শত্রু অবরোধ করলে বহু কালেও আমাদের পার্ষ্ণি গ্রহণাদির[৮] সম্ভাবনা নেই। কিন্তু হে দশানন ওদিকে দুর্গাবরোধকারী শত্রুপক্ষের চিরকালেও অপচয় ঘটবে না।৫২ আমাদের শত্রুপক্ষের কি দুরবস্থা হবে বল? বৃক্ষ, পর্বত তাদের অস্ত্র, জল পানীয়, ফল জীবিকা; তাদের হস্তী অশ্ব বা নারী নেই, পরবর্তীকালে রাষ্ট্ররক্ষার প্রয়োজন নেই, রক্ষণীয় লোকও নেই।৫৩ সুতরাং শত্রুর সঙ্গে তোমার সন্ধিবন্ধনই হোক—এ ছাড়া অন্য কোনই উপায় নিরূপণ করা যায় না। তুমি সন্ধি না করলে বানরদল অচিরে নিশ্চয়ই এই সব বিনাশ করবে।৫৪

রাবণের মাতামহ মাল্যবান বিভীষণের উক্তি যুক্তিযুক্ত মনে করলেন। তিনি তাঁর জরাবনত দেহ ঊর্ধ্বে তুলে রাবণকে বলতে লাগলেন—তখন শিথিল চর্ম স্খলিত হলো, বার্ধক্যবশে তার মস্তক কম্পিত হতে লাগল।৫৫ যে রাম একাকী পাদাচারী হয়ে ধনু নিয়ে আকাশস্থ চতুর্দশ সহস্র মায়াবী রাক্ষসকে বধ করল তাকে মানুষমাত্র মনে করবে কেন?৫৬ রাক্ষসপীড়িত দেবব্রহ্মর্ষিগণ রাক্ষস বধের জন্য এই বানরসৈন্যশালী জগতে অজেয় নরাকার উপায় প্রস্তুত করেছেন।৫৭ নমুচি অসুরের দেহ বজ্রাঘাতেও অক্ষত ছিল, শেষে মহেন্দ্র জলের ফেনায় তার মস্তক দ্বিধা করেছিলেন। এটিও তেমনি কোন দৈববস্তু বলেই জানবে।৫৮ স্ত্রীলোকের পক্ষে সুসহ নখর কোথায় আর পর্বতশিলার ন্যায় কঠিন হিরণ্যকশিপুর বক্ষই বা কোথায়? কিন্তু নৃসিংহমূর্তি ভগবান সেই নখরেই অর বক্ষ বিদীর্ণ করলেন। সুতরাং দেবগণের সুনীতি লক্ষ্য করো।৫৯ হে রাজেন্দ্র, তুমি প্রমোদগ্রস্ত হয়ে ধর্মপথ নষ্ট করেছ এবং মুনিদেরও শত্রু হয়েছ। যদি নিজের কুলের শান্তিবিধানই শ্রেষ্ঠ মনে কর তবে বিভীষণের উক্তিরই অনুসরণ করো।৬০

কুম্ভকর্ণের উক্তি

বিভীষণ প্রভৃতির কন্ঠরবে কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ হলো। তার নয়ন তখনও নিদ্রায় আচ্ছন্ন; মাল্যবান প্রভৃতির মুখে কার্যতত্ত্ব জানতে পেরে সে অন্তরীক্ষগত জলপূর্ণ মেঘের মতো গর্জন করে বলতে লাগল।৬১ কর্মারম্ভের উপায়, পুরুষদ্রব্যসম্পত্তি, দেশকালনির্ণয়, বিপৎপ্রতীকার এবং অর্থসিদ্ধি—পন্ডিতগণ এই পাঁচটিকেই মন্ত্রাঙ্গ নামে অভিহিত ক'রে থাকেন।৬২ যে রাজা যথাযোগ্য দেশকাল অতিক্রম না ক'রে কর্মারম্ভ করেন তিনিই সিদ্ধিলাভ করে থাকেন। কিন্তু হে রাক্ষসরাজ, যিনি অহঙ্কারী, কাল অতিক্রম করে কর্মারম্ভ করেন তিনি সফল হন না।৬৩ মধ্যাহ্নের সূর্য তাপ ত্যাগ করতে পারেন, চন্দ্র রাত্রিতে শীতলতা ত্যাগ করতে পারেন—কিন্তু হে রাক্ষসনাথ! আমি মনে করি মান অনর্থমূলক হলেও ভুবনাভিমানী ব্যক্তি তা ত্যাগ করতে পরেন না।৬৪ এ জেনেও আমার মতো ব্যক্তি মূর্খের উপহাসযোগ্য হয়েও উন্মার্গগামী আপনাকে হিতোপদেশ দিতে যত্নবান হয়েছি তা কেবল স্নেহময় তমোজালে আচ্ছন্ন রয়েছি বলেই।৬৫ হিংসাত্মক চেষ্টা, পরদারাদিভোগে আসক্তি—এসব পুণ্যক্ষয়ের হেতু বলে শাস্ত্রে নির্দিষ্ট। হে রাজন্, পুণ্যক্ষয়ের ব্যাপারগুলি

আপনি অধিকমাত্রায় সম্পাদন করেছেন—এতে অনর্থই উৎপন্ন হবে।৬৬ আপনার প্রসাদে আমি প্রার্থীদের কি না দিয়েছি? কোন্ বিষয় ভোগ না করেছি? আর কাকেই বা পরাজিত না ক'রে উচ্চপদে আসীন হয়েছি? আপনার জন্য আমি এইভাবে কৃতার্থ, আপনার জন্য যদি আমার মৃত্যুও ঘটে তাতেই বা আমার কোন্ বস্তু লাভ না হবে?৬৭ অন্যেরা (প্রহস্ত প্রভৃতি) আপনার কাছে যে মিথ্যা, নিরর্থক এবং নীতিহীন বাক্য উচ্চারণ করেছে সেই সব বীরবাক্য বলে আর কি হবে। আমি বীর্যের দ্বারাই আমার বক্তব্য প্রকাশ করব।—এই বলে কুম্ভকর্ণ নিদ্রিত হলেন। বিভীষণ পুনরায় রাক্ষসরাজকে বলতে লাগলেন—৬৮ দিক্‌সমূহ অকারণ ধূলিজালে আচ্ছন্ন এবং ক্ষুব্ধ বায়ুপ্রবাহে বিকৃত; অস্বাভাবিক মৃগপক্ষিরবে ভয়ংকর দিক্‌সমূহ যেন বিপন্ন ভর্তার জন্যই রোদন করছে।৬৯ ঐ সূর্য মুখের আকৃতিযুক্ত উৎপাতজনিত ভয়ংকরদর্শন ছিদ্র বিবৃত ক'রে ধূসরবর্ণ রশ্মিরাশি ক'রে কেশরফোলা সিংহের মতো সর্বলোক গ্রাস করতে আসছে।৭০ অগস্ত্য যে বিন্ধ্যশৃঙ্গ আশ্রয় ক'রে আছেন, ভৃগু-বংশীয়গণের গোত্রগুরু সেই দক্ষিণাপথে গিয়েছেন; ইন্দ্রপুরোহিত বৃহস্পতিকে দিনেও দেখা যাচ্ছে, উল্কাপতন হচ্ছে—তাতে ভূমিকম্পের সৃষ্টি হচ্ছে (এ সবই অমঙ্গল-জনক)।৭১ মাংসাশী শৃগাল প্রভৃতি জন্তুগণ ভীষণ শব্দ করতে করতে আমাদের পুরীর চারদিকে নির্ভয়ে বিচরণ করছে। ঐ সব উল্কামুখ শৃগালাদি জন্তুগণ যেন নিহত রাক্ষসদের মাংসলিপ্সুর মতো মনে হচ্ছে।৭২ গোপগণ 'স্থূলস্তনী' গাভী থেকেও অল্প, বিবর্ণ, বিরস দুগ্ধ দোহন করছে, ঘৃত প্রভৃতিতে কেশ ও কীট দেখা যাচ্ছে আর প্রচুর ইন্ধনযোগেও অগ্নি প্রজ্বলিত হচ্ছে না।৭৩ তাই বলছি, হে রাবণ! আমি স্নেহবশতঃ যা বললাম সে বিষয়ে তুমি প্রতিকারের ব্যবস্থা কর। প্রকৃতপক্ষে সেবক প্রভুকে আপাততঃ দুঃখজনক হলেও পরিণামরমণীয় বাক্য বলে থাকেন। হে রাবণ! ভগ্ন, সংশ্লিষ্ট, বিপন্ন, ভিন্ন ও চূর্ণিত রাক্ষসগণের দ্বারা শত্রুপক্ষ শবভোজী জন্তুদের ভোজনে তৃপ্তিবিধানের আগে তুমি তার কাছে নত হও।৭৫

তখন দশানন ধৈর্য ত্যাগ করে ভ্রূভঙ্গ সহকারে দেহ উন্নমিত করলেন এবং নিজের প্রভাব আরও অধিক প্রকটিত ক'রে বিভীষণের দিকে ভীষণ রক্ত নয়নে দৃষ্টিপাত করলেন। এইভাবে রাবণ বিভীষণকে কঠোর বাক্যে বললেন—৭৬ হে পুলস্ত্য পৌত্র[১০]! জলে শিলা ভাসবে কিন্তু পত্র ভাসবে না; সূর্য থেকে অন্ধকার আর চন্দ্র থেকে স্ফুলিঙ্গ নির্গত হবে; যুদ্ধে শত্রুর জয় হবে আর আমার পরাজয় ঘটবে—এসব কথা তুমি সমান বলেই ভাবতে পার।৭৭ সম্পদে অসন্তুষ্ট, বাইরে প্রসন্ন থেকেও অন্তরে ঈর্ষাসম্পন্ন, সমাদরকালেও দোষদৃষ্টিপরায়ণ এবং কর্ম, অভিপ্রায় ও বাক্য যার ভিন্ন—কুলের পাপস্বরূপ এমন গর্হিত জ্ঞাতি যেন পৃথিবীতে কারও না হয়।৭৮ জ্ঞাতিগণ বার বার নিজের ক্ষয় কামনা করে তবু সগোত্রীয়ের শ্রীবৃদ্ধি কামনা করে না। শত্রুর নিকট প্রণত হবে তবু ঈর্ষাদগ্ধ হৃদয়ে বন্ধুর কল্যাণ কিছুতেই সহ্য করবে না।৭৯ লংকায় এখন সংকট উপস্থিত; এ সময়ে মনের আনন্দে তুমি তোমার দুষ্ট হৃদয়ের কথা অতিমাত্রায় ব্যক্ত করেছ। আমার সম্পর্কে তোমার এই দুঃখের ভাবনা মিথ্যা—অতএব ধিক্ তোমাকে,—এই বলে রাবণ বিভীষণকে পাদপ্রহার করলেন।৮০

অতঃপর বিভীষণ ক্ষমা দ্বারা কোপ, ধৈর্যের দ্বারা দৈন্য, বিনয়ের দ্বারা গর্ব, বুদ্ধির দ্বারা মান এবং উৎসাহ দ্বারা অশক্তি দমন করে নিজের চারজন মন্ত্রী সহ আসন ত্যাগ করলেন।৮১ বিভীষণ রাক্ষসরাজকে বললেন—মহারাজ! আমাকে ছাড়া তুমি সুখে বাস করো। মূর্খ রোগী কটু ঔষধ পান না করে চিরকাল রোগ ভোগ করে তা চিকিৎসকের দোষ নয়।৮২ যে প্রভু স্পষ্ট কথা শুনলে রেগে যায়, মিষ্ট কথায় অনিষ্ট হলেও ভুলে যায় তার মতো বিবেকশূন্য আত্মাভিমানী প্রভু আশ্রিত বন্ধুজনের বিশেষ অমঙ্গলের কারণ।৮৩ কোনো সাপুড়ে যেমন সাপ নিয়ে গৃহে গৃহে খেলা দেখিয়ে প্রাণ সংশয়কর কাজে লিপ্ত থেকে জীবন ধারণ করে তেমনি মূর্খ নৃপতিকে সেবা করে যতকাল জীবিত থাকে সেইটুকুই সেবকের লাভ।৮৪ আমি ধর্মপথে ছিলাম, নিজের দোষে তুমি আমাকে পদাঘাত করলে। কিন্তু তুমি তোমার প্রধান প্রধান মন্ত্রীদের সঙ্গে বিচার ক'রে দেখ, ঐ পাদপ্রহার আমাদের মধ্যেকার লঘুত্ব প্রতিপন্ন করল।৮৫ এইভাবে বিভীষণ রাক্ষসরাজকে বার বার মূল্যবান্ শুভবাক্য বলে নরপতি রামচন্দ্রের শত্রুবন্দিত চরণে প্রণত হবার জন্য রাক্ষসপুরী থেকে নির্ভয়ে নির্গত হলেন।৮৬

অনন্তর পর্বতবৎ অচলহৃদয় নৃপতি রামচন্দ্র পবননন্দনের কথায় সমাগত বিভীষণের সুচরিত কথা জানতে পারলেন। তিনি অভিষেকবারিতে বিভীষণকে লংকার আধিপত্যে অভিষিক্ত করলেন তাঁর সঙ্গের লোকজন (চার অমাত্য) আনন্দিত হলো।৮৭

।। ভট্টিকাব্যে 'বিভীষণাগম' নামক দ্বাদশ সর্গ সমাপ্ত ।।

ত্রয়োদশ সর্গ

শীতল সমীরণে মনোরম সমুদ্রতীর[১]! সেখানে চন্দ্রের কিরণে শোভমানা রাত্রি রামচন্দ্রের মোহ সৃষ্টি ক'রে প্রভাত হলো।১ প্রভাতে রাম চপল দিনের লবণ-সমুদ্রের প্রতি সহসা ভীষণ ক্রুদ্ধ হলেন। তাঁর সেই ক্রোধ যেন মধ্যাহ্ন সূর্যের ন্যায় প্রচণ্ড।২ রামচন্দ্র অঙ্গুলি দ্বারা গাঢ়ভাবে পীড়িত করে গুরুমূল, সধূম আগ্নেয়াস্ত্র সমুদ্রের দিকে নিয়োজিত করলেন; তখন নাগলোক এবং পর্বতসহ ধরণী নিজের জীবনাশের আশঙ্কা করলেন।৩

রামের নিক্ষিপ্ত বাণে লবণাক্ত জল সবদিকে শুষ্ক হয়ে গেল, ভয়ংকরদর্শন জলহস্তী বিশাল মৎস্য প্রভৃতি জলজন্তুগণ বর্মে আবৃত, প্রজ্বলিত বাণের অগ্রভাগে মহা-সর্পগুলি বিদ্ধ দেখা গেল, সঞ্চরণশীল মহাসর্পগুলির মস্তকস্থিত মণির দীপ্তিতে উজ্জ্বল এমন জলরাশি অপসারিত করে মূর্তিমান সমুদ্র সভয়ে তীরে উঠে এলেন। (সেই-খানেই রাম বাস করছিলেন।) তখন বানর সৈন্যের আগমনে তীরবর্তী পর্বতের গুহাগুলি আলোড়িত হয়ে উঠেছিল।৪-৫ সেই সমুদ্রতীরে হরিণের দল চপল হয়ে ঘুরে বেড়াত, সেখানে বহু পুষ্পতরু সংবদ্ধ করে রামের বাসস্থান রচিত হয়েছিল, সেখানে নতুন কিশলয়গুলে তরুশ্রেণীতে শোভা পেত আর উজ্জ্বল ও উচ্চ তরুগণ শীতল ছায়া বিস্তার করত।৬ সেখানে বহু উৎকৃষ্ট হস্তী বিচরণ করত, পর্বত পৃথিবী আচ্ছাদনকারী সমুদ্রজল তীরভূমি অতিক্রম করত না; সেই তীরভূমি বহু ধন ধারণ করত এবং সমুদ্রের তরঙ্গ তুঙ্গ হলেও তীরভূমির নীচেই থাকত।৭

তারপর (বাণাঘাতব্যথিত) আয়তাকৃতি সমুদ্র বাহুদ্বারা পত্নী গঙ্গাকে অবলম্বন করে তীরে এলেন। নিবিড় নীল তমালতরুর ছায়ার ন্যায় কান্তি সমন্বিত রাম—সেই রামের চরণে প্রণাম করে উভয়ের পক্ষে ভবিষ্যতে যা হিতকর সেই বাক্য বললেন।৮ তুমিই পর্বতকে দুরারোহ, সাগরকে দুরবগাহ, সমীরণকে রসহারী এবং সূর্যকিরণকে হিমহীন করেছ। তুমি সংসারের কারণ, এ তোমারই মহতী মায়া।৯ দুঃখজনিত ক্রোধে তোমার দেহ অরুণ! প্রলয়কালের সূর্যের তুল্য এই বাণ তুমি সংহরণ করো। তুমি পুরাণ পুরুষ, তোমার ত্রিলোক-সুন্দর দেহাধার—এই জলরাশিকে তুমি রক্ষা করো।১০ এই যে বাণনিক্ষেপে সাগরের তলদেশ পর্যন্ত শুষ্ক করেছ, বল, এতে কি বানরগণের সাগর লঙ্ঘন সহজ হয়েছে? এতে কোমল কর্দমে বিস্তীর্ণ পথ রুদ্ধ হয়েছে এবং তিমি, শঙ্খ ও জলহস্তী থাকায় পথ ভীষণই রয়েছে।১১ বানরগণ গুরুভার বহনে সমর্থ; তারা অসংখ্য বিশাল প্রস্তরখণ্ড এনে জলে ভাসিয়ে দিয়ে সেতু নির্মাণ করুক—সেই সেতুপথে হেলায় লংকায় উপস্থিত হোক।১২ আমার অগাধ জল পর্বতের দ্বারা বন্ধ হলে যে মহাযুদ্ধ ঘটবে তাতে রামের শর শিরপ্রসাদে ছিন্ন হলেও পুনরায় জাত রাবণের মস্তকসমূহ ছিন্ন করুক।১৩ বানর-প্রধানগণ শ্রমের অভাবেই এখন সকৌতুক; তারা বিপুল বলশালী পর্বততুল্যদেহধারী নির্ভীক রাবণের সৈন্যসমূহ বিনাশের জন্য সহসা ঝাঁপিয়ে পড়ুক।১৪

সেতুবন্ধন

রাম সমুদ্রের বাক্য অনুমোদন করলেন। বানরবাহিনী সমুদ্রের অভিপ্রায় জানতে পেরে গমনের ইচ্ছায় একত্র মিলিত হলো এবং পর্বত আহরণের কাজে চঞ্চল হয়ে উঠল।১৫ বিশাল পর্বতের আহরণে সমর্থ কালাগ্নিতুল্য পিঙ্গলবর্ণ রামসেনা সমুদ্রের নির্মল জলরাশির ন্যায় গম্ভীর আকাশে সহসা উত্থিত হলো।১৬ বানরেরা গিরিসমূহ উৎপাটিত করবার জন্য সেখানে নেমে এল; ঐ সকল পর্বতের বিশাল ভিত্তিভূমি সুদৃঢ়, সেখানে দেবগণ সর্বদা বিচরণ করেন; তাদের তটভূমি নির্ভীক সিংহের গর্জনে ভয়ঙ্কর এবং গুহামধ্যস্থ জল হস্তীর মদগন্ধে মনোহর।১৭ সেখানে কুসুমরাশি ভ্রমরের দ্বারা আলোড়িত; কমলযুক্ত জল কুরর ও জলকুক্কুটগণের ক্রীড়াস্থল, সর্পসংকুল বলে গুহাগুলি ভয়ংকর এবং হস্তীর দন্তাঘাতে সিক্ত মৃত্তিকারাশি ঊর্ধ্বে উৎক্ষিপ্ত।১৮ সেখানকার সরোবরের বিমল, মনোহর এবং অগাধ জলে সারসগণ বিচরণ করে, পদ্মপরাগে তাদের দেহ পিঙ্গলবর্ণ হয় ও তাদের কণ্ঠস্বর মনোহরণ ক'রে থাকে; আবার সূর্যকান্ত মণি থেকে উদ্ভিন্ন অগ্নি দেবদারুতরুতে মিলিত হওয়ায় সুরভরু ধূপ উত্থিত হয়।১৯ সিংহগণের ভীষণ গর্জনে সেখানকার হস্তিগণ ত্রস্ত হয়ে মধুর ও গম্ভীর ধ্বনি করতে থাকে এবং মুখাগ্রে উত্থিত মলিন মৃত্তিকায় ভারসহনক্ষম প্রবল বরাহের দেহ লিপ্ত হয়।২০

তারপর বানরশ্রেষ্ঠগণ বাহুদ্বারা আলিঙ্গন ক'রে পর্বতসমূহ উৎপাটিত করল—ঐ সকল পর্বতের মূল পাতাল পর্যন্ত প্রসারিত; তাই উৎপাটন কালে তলদেশের ঘর্ষণে বাসুকির শীর্ষ নিষ্পিষ্ট ও শৃঙ্গাঘাতে সূর্য-নক্ষত্রাদি বিক্ষিপ্ত হয়ে গেল।২১ বানরেরা চেয়েছিল নানাভাবে লবণজলধির বন্ধন, তারা বাহুদ্বারা তুঙ্গ মহাগিরিসমূহ তটভিত্তিসহ বিদীর্ণ ক'রে অনায়াসে ধারণ করল এবং আকাশে উঠে

গেল। তখন ধবল বিপুল মেঘের অন্তরালে শ্রেণীবদ্ধ পক্ষি-পঙ্‌ক্তির বিমল খড়্গতুল্য শ্যামচ্ছায়া এসে পড়ল আকাশতলে ; আকাশ তখন মুখরিত হলো কুরব পাখির রবে ; মনে হলো সেই আকাশতল হিমগিরির শোভা ধারণ করেছে।২২-২৩ আকাশতল মনোহর কলহংসে সমাকুল, মৃদুমন্দ সঞ্চারী সারসের রবে ব্যাপ্ত। সেখানে আছে পুষ্পপরাগসহ প্রবহমান সমীরণ এবং বর্ষাকালীন জলবর্ষণের নির্মল বিশালতা।২৪ বানরগণ পর্বতধারণপূর্বক লবণসাগর বন্ধনে প্রবৃত্ত হয়ে সহসা তীরপর্বতে এসে পড়ল। সেখানে রামাগমনে শঙ্কিত শত্রু রাক্ষসদের বিচরণ রুদ্ধ হয়ে গেল।২৫

তারপর বানরপ্রধানগণ কর্তৃক প্রস্তুত পর্বতখণ্ডগুলি অগ্নিপুত্র নীল মহাসমুদ্রের মধ্যে এমনভাবে ন্যস্ত করলেন যে তাদের ঊর্ধ্ব, মধ্য ও অধোভাগ নিশ্চল হয়ে রইল।২৬ তখন সেতুবন্ধন বিস্তৃত হলো, সমুদ্রজল বর্ধিত হলো। রামচন্দ্র তুষ্ট হলেন, বানররাজ সুগ্রীব আনন্দিত হলেন, শত্রু ত্রস্ত হলো, সুবেলপর্বত দেখা গেল ; বানরগণ পরপারে উত্তীর্ণ হলো— তারা হৃষ্ট হলো।২৭

তখন বানরগণের মধ্যে কেউ ঘুরে বেড়াতে লাগল, কেউ নানাদিকে যেতে শুরু করল, কেউ বা নাচতে লাগল ; কেউ খেতে চাইল, কেউ গান গাইল ; কেউ লাফিয়ে লাফিয়ে যেতে লাগল, কেউ বসে রইল, কেউ বা গর্জন ক'রে উঠল ; কেউ সুন্দর শব্দ করতে লাগল, কেউ নানা সাজে শোভিত হলো, কেউ নানা দলে ছড়িয়ে পড়ল, কেউ কেউ বা একত্র মিলিত হলো।২৮ সেতুবন্ধনের ফলে নিরুদ্ধ সাগরজল পর্বতনিঃসৃত গৈরিকাদি ধাতুপঙ্কে রঞ্জিত হয়ে আর বকুল, লবঙ্গ প্রভৃতি দ্বারা সুরভিত হয়ে তীরভূমি প্লাবিত করল। তটভাগে চপল, মধ্যভাগে নির্মল ও তুঙ্গ তরঙ্গশালী, সুরগঙ্গা পূরণ করতে সমর্থ বিশাল বিস্তৃতিসম্পন্ন লবণসমুদ্র পর্বতের সেতুদ্বারা অবরুদ্ধ হলো।৩০

সুবেলপর্বত

রাবণের হৃদয়ে ভয়োৎপাদক ঈষৎ পিঙ্গলবর্ণ লোলকেশরশালী বানরের দল সুবেলপর্বতে আরোহণ করল। ঐ পর্বত তরুমালার বেষ্টনে মনোহারী এবং বিভিন্ন ক্ষুদ্র পর্বতে শোভিত।৩১ লংকাবাসী রাক্ষসদের তুমুল শব্দে ঐ সুবেলপর্বতের বিশাল ও গভীর গুহাগুলি পূর্ণ থাকত ; উত্তুঙ্গ তমালতরুর ছায়াময় ঐ পর্বত বীণাধ্বনির রসাস্বাদের জন্য সমাগত দেবগণে মুখরিত থাকত।৩২ সেই পর্বত বহু সরস পল্লবযুক্ত কেসর ও হিন্তালতরুর ঘনচ্ছায়ায় অন্ধকারাচ্ছন্ন হয়ে থাকত এবং ঐরাবতমদগন্ধি বায়ু প্রবাহিত হয়ে অন্য হস্তিগণের ক্রোধের সম্ভাবনা সৃষ্টি করত।৩৩ উঁচু তরুর ছায়ায় হরিতবর্ণ কোমল মনোহর চঞ্চলপল্লবযুক্ত দাড়িম্বতরু বিরাজিত। ঐসব দাড়িম্বকুঞ্জের কুসুমগুচ্ছ দেখতে দাবানলের মতো, তাই হরিণীদের উদ্বেগের কারণ হয়েছিল।৩৪ সেখানে সিংহের কণ্ঠ মনোরঞ্জন করত। সেতুবন্ধে বিশাল শালবৃক্ষগুলি যোজিত ছিল, চপল পল্লবে জলবিন্দু পতিত হওয়ায় মনে হতো তারা এক একটি মণি ধারণ ক'রে আছে।৩৫ সেই স্থান তুঙ্গ মণিসমূহের কিরণজালে উদ্ভাসিত ছিল এবং গিরিনির্ঝর জলের পরস্পরের আঘাতজনিত গম্ভীর শব্দে মুখরিত ছিল ; সুন্দর গুহাকন্দরে মধুর কণ্ঠবিশিষ্ট দেব-চারণগণের সঙ্গ জাত— তাই সুবেলকে মনে হত সুরপুরী।৩৬

সেই সুবেলপর্বতের মহামণিময় বিমল ভিত্তিভূমি সিন্দুররেখায় পীত ও রক্তবর্ণ ধারণ করেছিল। বীর সিংহ ও হস্তিগণের বিচরণ হেতু সেখানে নৈশবিহারচেষ্টা নিবারিত হয়েছিল।৩৭ সেখানে ভয়ংকর বিবরে মহাসর্পদল বাস করত ; প্রচুর বিহঙ্গদের তুমুল কলরব উত্থিত হতো এবং হস্তী, বরাহ, সিংহ, গাভী ও সারঙ্গদের গাত্রঘর্ষণে শালবৃক্ষগুলি শীর্ণ হতো।৩৮ সেই সুবেল যেন চঞ্চল কিশলয়রূপে হস্তের দ্বারা বিলাস-বিন্যাস করত ; মনোহর স্থলপদ্মের পরাগে বসুধা পীত ও রক্তবর্ণে রঞ্জিত হতো ; কেশরের সঙ্গে কুসুম শররূপে গণ্য হতো এবং হাস্যরূপে প্রতিভাত হতো লবঙ্গতরুর নতুন পল্লববিকাশ।৩৯ নির্মল মণি ও স্বর্ণে নিবদ্ধ ছিল ; তার তটদেশ অতি উচ্চ এবং বিস্তৃত ছিল, তাই 'রুরু' নামক মৃগদের পক্ষে পংকপ্রাপ্তি রুদ্ধ হয়েছিল। অবিরল মন্দারতরু বিরাজিত তটভূমিতে দেবগণ বিচরণ করতেন—তাই তাকে মনে হতো সুমেরুপর্বত।৪০ সেখানে শ্রেষ্ঠ তরুগণ ফলভারে নত ; তাদের সুন্দর পুষ্পগুচ্ছ এত নিকটে যে হস্তে তাদের চয়ন চলতে পারে। তাছাড়া, চন্দ্রকান্তমণি থেকে এত প্রচুর বারি নির্গত হতো যে তাতে গভীর গুহাগুলি সর্বদা পূর্ণ থাকত।৪১ সেখানে স্বর্ণপারদলিপ্ত সুন্দর ও শ্বেত গুহাগাত্রে জলার্থী হস্তিগণ জলভ্রমে আকুল হয়ে পড়ত ; ভূমিলগ্ন মরকতমণির চঞ্চল কিরণকে নবাংকুর তৃণ মনে ক'রে হরিণগণ লেহন করত।৪২ সেখানে স্থির বায়ু প্রবাহিত—তাই সুখসেব্য। উত্তুঙ্গ গর্জনশীল মেঘের ঘাত-প্রতিঘাতে এবং শ্বেতমেঘের শোভায় সুবেল যেন হিমালয়ের লীলা অনুকরণ করত।৪৩

যুদ্ধের ভূমিকা

লবণসমুদ্রে সেতু বন্ধনের জন্য রামসেনা আনন্দিত। সেখানকার বৃক্ষফল-ভোজনে তারা ক্ষুধাতৃষ্ণাহীন। উৎসাহী এবং যুদ্ধকামনায় চঞ্চল এই রামসৈন্য লংকার তোরণদ্বারে উপস্থিত হলো।৪৪ যুদ্ধের ক্লেশ সহনে সমর্থ শত্রুসেনা রামসৈন্য দর্শনে যুদ্ধোদ্যত হলো, গুরুগম্ভীর পণব[৫], বেণু, গুঞ্জে[৬], পেল[৭], ঝল্লরী[৮], ঢাক ও ঘণ্টা প্রভৃতি যুদ্ধোবাদ্য তুমুল ও ভীষণ রবে বেজে উঠল।৪৫ শত্রুসৈন্য ধনুকে বাণ আরোপিত করে ভয়ংকর হলো, তাদের স্থূলদেহ বিমল লৌহবর্মে আবৃত হলো ; চঞ্চল অশ্ব ও হস্তিগণের পরস্পর সংঘর্ষে তারা রণনৈপুণ্য বিস্তার করল।৪৬ অসি, তোমর, কুন্ড, মহাপট্টিশ[৯], ভল্ল, বাণ ও প্রচুর মুষলাস্ত্র নিয়ে শত্রুসেনা প্রস্তুত হলো—পৌরুষ তাদের ভূষণ ; উচ্চশব্দকারী অশ্ব ও হস্তী দ্বারা তারা মেদিনী কম্পিত করে তুলল।৪৭ যুদ্ধের সূচনায় বানরসেনা রাক্ষসভয়ে ভীত হয়ে লংকার সমীপে তরুবনভঙ্গের জন্য চঞ্চল হয়ে উঠল ; কিন্তু তারা পলায়ন না করে এজন্য রামচন্দ্র তাদের ধীরকণ্ঠে নিবারিত করলেন।৪৮ জলতীর, উচ্চতরু, গিরিকন্দর, গিরিভিত্তি ও গুহাবিবরে লীন হয়ে কপিসেনা রামের উৎসাহবাক্যে প্রজ্বলিত অগ্নির কিরণ-মালার ন্যায় প্রদীপ্ত হয়ে উঠল।৪৯ জলভারগুরু মেঘের ন্যায় শ্যামবর্ণ রাবণ-সেনা, বানরসেনা কিরূপ তা জানবার জন্য প্রাকার, তরু, মঞ্চ, মন্দির, তোরণশ্রেণী ও উচ্চ গৃহ প্রভৃতিতে আরোহণ করল।৫০

॥ ভট্টিকাব্যে 'সেতুবন্ধ' নামক ত্রয়োদশ সর্গ সমাপ্ত ॥

চতুর্দশ সর্গ

যুদ্ধপর্ব

চরের মুখে রামের শক্তির কথা প্রকাশিত হওয়া সত্ত্বেও কামবিহ্বল দশানন রামের মায়া-মুণ্ড সীতার কাছে পাঠিয়ে তাঁকে আয়ত্ত করার চেষ্টা করলেন—তারপর যুদ্ধের জন্য পাঠিয়ে দিলেন সেনাবাহিনী।১ তখন কেউ কেউ শঙ্খধ্বনি করল, কেউ বানদণ্ড দ্বারা ভেরীতে আঘাত করল ; কেউ কেউ বংশীধ্বনি করল, আবার কেউ কেউ হাত দিয়ে গুঞ্জনাবাদ্য বাজাল।২ ঢাক বেজে উঠল, করাঘাতে পণব প্রতিধ্বনিত হলো, মুখমারুতে পূর্ণ কাহলে শব্দ জেগে উঠল, 'পের' নামক বাদ্যও[১] ধ্বনিত হলো।৩ গম্ভীর রবে মৃদঙ্গ ধ্বনিত হলো, করাঘাতে 'গোমুখ' বেজে উঠল, দীর্ঘনাদে ঘণ্টা নিনাদিত হলো, উচ্চনাদে শব্দিত হলো পটহ।৪ অশ্বগণ আনন্দে হ্রেষাধ্বনি করল, হস্তিগণ গম্ভীর স্বরে গর্জন করে উঠল ; উষ্ট্রসকল (নানা বাদ্য শ্রবণে) ভীত হয়ে ক্রন্দন করতে লাগল, পক্ষীর শ্রেণীও শব্দ করতে লাগল।৫ মৃগগণ ভীত হয়ে দলভ্রষ্ট হলো, বৃষভদল হৃষ্ট হয়ে নিনাদ করল, রমণীগণ প্রিয়বিয়োগভয়ে ম্লান ও মূর্ছিত হয়ে পতির জন্য শোক করতে লাগল।৬ যুদ্ধের সম্ভাবনায় হৃষ্ট বীরগণ সিংহনাদ করলেন। বন্দিগণ তাদের স্তুতি করলেন ; তারা অঙ্গুলিত্রাণ ও বর্ম ধারণ ক'রে চারদিক থেকে যুদ্ধের জন্য বেরিয়ে এলেন।৭ তারা ধনুকে গুণারোপণ করলেন এবং রথাশ্বগজাদি বাহনে আরোহণ ক'রে দীপ্ত অসি উদ্যত এবং গুরুভার গদা নিক্ষেপ করলেন।৮ পদাতিগণ যুদ্ধাস্ত্র ঘুরিয়ে এ ং উপযুক্ত বাণ গ্রহণ ক'রে যুদ্ধভূমিতে পাক খেতে লাগল, কুর্দন, চিৎকার ও উল্লম্ফন করতে লাগল।৯ তারপর অশ্বসমূহ কশাঘাতে লাফিয়ে উঠল, বল্গা আকর্ষণে নাসিকা কুঞ্চিত হওয়ায় সুশোভিত হলো, বল্গা মোচনে ধাবিত হলো এবং শ্রমবশতঃ রক্ত বমন করতে লাগল।১০ হস্তিগণের পৃষ্ঠে যুদ্ধযোগ্য উপকরণ স্থাপিত হলো, কম্বল বিলম্বিত হলো, মধ্যবন্ধন বিছিয়ে দেওয়া হলো, এবং উন্নত ধ্বজানাম উৎক্ষিপ্ত হলো।১১ যাত্রাকালে (যুদ্ধজয়ের পর আবার ফিরে আসব এই) বিশ্বাস জন্মাতে আগ্রহী হয়ে বীরগণ তাদের কান্তাদের আলিঙ্গন করলেন। পুত্রপ্রিয় বীরেরা বালকদের মস্তকঘ্রাণ ও মুখচুম্বন করলেন।১২ মদান্ধ হস্তিগণ অংকুশাঘাত ছাড়াই সংকেত বুঝতে পারল—সঙ্গে সঙ্গে তাদের মত্ততা বেড়ে গেল এবং (এই অবস্থায়) তারা শোভিত হলো। তারপর হৃষ্টচিত্তে লাফিয়ে ছুটে গেল।১৩ মৃগগণ বীরদিগকে দক্ষিণে রেখে ছুটে গেল, বামভাগে শৃগাল শব্দ করতে লাগল। রাক্ষসদের দক্ষিণ অঙ্গ স্ফুরিত এবং চিত্তবৃত্তি প্রসন্ন হলো[২]।১৪ রাবণের আদেশে প্রহস্ত পূর্বদ্বারে যেতে ইচ্ছুক হলো, মহাপার্শ্ব ও মহোদর নামক (দুই) রাক্ষস গেল দক্ষিণদ্বারে।১৫ ইন্দ্রজিৎ পশ্চিমদ্বারে গেলেন, রাবণ স্বয়ং উপস্থিত হলেন উত্তরদ্বারে। বিরূপাক্ষ রইলেন পুরীর মধ্যে।১৬

রামচন্দ্র সবই শুনতে পেলেন ; তিনি সৈনিকসহ প্রস্থান করলেন। তারপর ধনুকে জ্যা আরোপণ ও পৃষ্ঠে তূণীর বন্ধন করলেন।১৭ তারপর তিনি দৃষ্টিপাতের দ্বারাই লক্ষ্মণকে যুদ্ধার্থে আদেশ দিলেন এবং সেনাবাহিনীকেও যুদ্ধের অনুমতি দিলেন। এরপর তিনি দেবগণকে প্রণাম করে পর্ণশয্যা ত্যাগ করে সেখান থেকে চলে গেলেন।১৮ বানরসৈন্যগণ রণরাগে উদ্দীপ্ত হয়ে উঠল—তারা উত্থিত হয়ে

দশদিক ব্যাপ্ত ক'রে নাদ করতে লাগল ; তারপর তারা পর্বতগুলি উন্মূলিত এবং তরুগুলি ভঙ্গ করল ।১৯ (তখন) পৃথিবী বিদীর্ণ হলো, আকাশ গোষ্পদ পূরণ ক'রে রক্ত বর্ষণ করল ; মৃগগণ বামভাগে বিচরণ করতে এবং পেচক প্রভৃতি প্রতিকূল পক্ষী কূজন করতে লাগল ৩ ।২০ দীপ্ত উল্কাজাল দেখা গেল, শৃগালদল অমঙ্গল শব্দ করল, পৃথিবী কম্পিত হলো। রাম অমঙ্গল আশংকা করতে লাগলেন ।২১ রাবণ শুনলেন, শত্রুরা যুদ্ধের জন্য রাক্ষসগণের সম্মুখীন হয়েছে। তিনি প্রাকারে থেকে তাদের উৎসাহ দিতে অভিলাষী হলেন ।২২

তারপর রাক্ষসেরা শরবর্ষণ শুরু করল। শূল, পাট্টিস নিক্ষেপ করতে লাগল, অসি চালনা করতে লাগল এবং পাশ বিস্তার করে বিপক্ষীয়গণকে আকর্ষণ করতে লাগল ।২৩ তারা তীক্ষ্ন ভল্লের দ্বারা (শত্রুকে) বিদ্ধ করতে লাগল, তোমরের দ্বারা বিদীর্ণ করতে লাগল, গদার আঘাতে চূর্ণ করতে লাগল এবং শাণিত চক্রের দ্বারা ছেদন করতে লাগল ।২৪ বানরসেনা রাক্ষসদিগকে মুষ্টি দ্বারা আঘাত ও দন্ত দ্বারা দংশন করতে লাগল ; তাছাড়া উচ্চ পর্বত ও বৃক্ষ নিক্ষেপ করতে লাগল ।২৫ ক্রুদ্ধ বানরসেনা রাক্ষসদিগকে পুচ্ছ দিয়ে জড়িয়ে ধরে মথিত করতে লাগল, করতলের আঘাতে বধ, নখের আঘাতে ছেদন এবং বলপূর্বক ভূমিতে পেষণ করতে লাগল। ২৬ রাক্ষসেরা মস্তকহীন হলো, রক্তের নদী প্রবাহিত হলো—সেই রক্তের নদীতে সৈন্যদের মুখপদ্ম১ ভাসতে লাগল, ভূপতিত ধ্বজসমূহ দেখে মনে হলো যেন ফেনার স্রোত ।২৭ রক্তের কর্দমে হস্তী মগ্ন হলো, রথের গতি রুদ্ধ হলো, অশ্ব মগ্ন হলো, সেনাদল অগ্রসর হতে পারল না ।২৮ শত্রুদলের এক-একটি পুরুষবার কোটি কোটি বানরসেনা অবরুদ্ধ করল আর ছত্রিশ কোটি বানর সুগ্রীবকে বেষ্টন ক'রে রাখল ।২৯ দুই পক্ষের সৈন্যই আহত হয়ে বেদনায় চীৎকার করতে লাগল ; তারা ক্রোধে জ্বলে উঠল, অনেকে অবসন্ন দেহে বিহ্বল এবং ভূমিতে লুণ্ঠিত হয়েছিল। তারা মূর্ছিত হয়ে রক্তবমন করতে লাগল এবং পিপাসার্ত হয়ে উঠল ।৩০

তারপর প্রজঙ্ঘ নামক রাক্ষস বানর সম্পাতির সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হলো ; বৃক্ষের আঘাতে তার দেহ কাঁপতে লাগল—সে আর্তনাদ ক'রে মৃত্যুবরণ করল ।৩১ যুদ্ধে নল প্রতপন নামক রাক্ষসের দুই চক্ষু উৎপাটিত করলেন ; হনুমানের নিক্ষিপ্ত পাথরের আঘাতে জম্বুমালী নামক রাক্ষস আহত হয়ে প্রাণত্যাগ করল ।৩২ বিভীষণ গদার আঘাতে মিত্রঘ্ন নামক রাক্ষসের দেহ চূর্ণ করলেন, সুগ্রীব প্রঘসের প্রাণনাশ করলেন এবং রামচন্দ্র বহু রাক্ষসসৈন্য বিনষ্ট করলেন ।৩৩ মৈন্দ নামক এক বানরের আঘাতে বজ্রমুষ্টি নামক রাক্ষসের মস্তক বিচ্ছিন্ন হলো—আর নিকুম্ভের চঞ্চল মস্তক চক্রের দ্বারা ছেদন করলেন নল ।৩৪ বিরূপাক্ষ নামক রাক্ষস লক্ষ্মণের বাণে আহত হয়ে প্রাণত্যাগ করল আর দ্বিবিদ নামক বানর যে রাক্ষসকে বধ করল—তার নাম অশনিপ্রভ ।৩৫ ইন্দ্রজিৎ গদাপ্রহার করলেন, বালীপুত্র অঙ্গদ তা ধরে ফেললেন। তারপর অঙ্গদ বৃক্ষের আঘাতে ঐ ইন্দ্রজিতের রথ অশ্বের সঙ্গে চূর্ণ ক'রে দিলেন ।৩৬ বালীপুত্রের সেই কৃতিত্ব দেখে বিশ্ব বিস্মিত হলো, রাক্ষসগণ সন্ত্রস্ত হয়ে উঠল ; রামচন্দ্র তার উচ্চপ্রশংসা করলেন ।৩৭ পুত্রের পৌরুষে সুগ্রীব আনন্দিত হলেন, দেবগণ সবিস্ময়ে ব'লে উঠলেন—'সাধু ! সাধু !' বিভীষণ অত্যন্ত সন্তুষ্ট হলেন ; বানরগণ প্রশংসা করতে লাগল ।৩৮ লক্ষ্মণ বললেন—'কি বিচিত্র' ! ইন্দ্রজিৎ

অন্তর্হিত হলেন ; রাম শরজাল নিক্ষেপ করতে লাগলেন ; শত্রুদল ত্রস্ত হলো ।৩৯ দীর্ণদেহ রাক্ষসেরা চীৎকার করতে শুরু করল ; শবমাংসাশীরা রাক্ষসগণকে ভক্ষণ করতে লাগল ; ক্ষতাঙ্গদের দেহ থেকে রক্তক্ষরিত হলো ; রাক্ষসদের ছিন্ন বাহু কিছুক্ষণ প্রচলিত ছিল ;৪০ বীরগণের ছিন্ন গ্রীবাও দৃঢ় ক্রোধ ত্যাগ করল না, হতাবশিষ্টগণ পলায়ন করল, বীরত্বাভিমানীরা লজ্জিত হল ।৪১ রামচন্দ্র কাউকে দয়া করলেন না, কেউ ধৈর্য অবলম্বন করে তাঁর সামনে দাঁড়াতে পারল না। বীরগণ পতঙ্গের মতো মারতে লগল এবং 'হা-হা' ব'লে উচ্চরবে চীৎকার করতে লাগল ।৪২

ইন্দ্রজিতের নাগপাশ

সূর্য অস্তমিত হলেন, রাত্রি এল ; সেই রাত্রি যেন কালরাত্রির ন্যায় বানর ও রাক্ষসদের গ্রাস করতে লাগল ।৪৩ অতঃপর ইন্দ্রজিৎ ক্রুদ্ধ হলেন। তিনি অত্যুগ্র নাগপাশ স্মরণ করে নিজে প্রচ্ছন্ন থেকে শত্রুসৈন্যদের যুদ্ধে আহ্বান করলেন এবং (ভাবী জয়ের আনন্দে) হেসে উঠলেন ।৪৪ ইন্দ্রজিৎ রামের সমগ্র সেনাবাহিনীকে অভিভূত ক'রে ফেললেন ; শর নিক্ষেপ ক'রে তিনি সকলকে অস্থির ক'রে তুললেন। যেসব শর নিক্ষিপ্ত হলো রামসৈন্যের কাছে সবই সর্পে পরিণত হলো ।৪৫ ইন্দ্রজিৎ সেই নাগাস্ত্র দ্বারা বানরসেনা ও রামলক্ষ্মণকে আচ্ছন্ন ক'রে বললেন—'দেবরাজও আমার মায়া জয় করতে সমর্থ নন, মানুষের আর কথা কি !৪৬

ইন্দ্রজিৎ পুনরায় নাগাস্ত্র নিক্ষেপ ক'রে রামলক্ষ্মণকে অভিভূত করলেন ; তারা দুজন ব্যাকুল হয়ে মূর্ছিত অবস্থায় ধরাশায়ী হলেন ।৪৭ তখন সেনাপতিরা 'হায় রাম !' বলে ক্রন্দন করতে লাগল ; তারা ত্রস্ত হয়ে বিলাপ করতে লাগল এবং দীর্ঘ-নিঃশ্বাস ত্যাগ করে বলতে লাগল —'আমাদের ধিক্' !৪৮ বানরসেনা শোক নিবারণে অক্ষম হলো, অশ্রুপ্রবাহ রোধ করতে পারল না ; ইন্দ্রজিৎ কোথায় আছেন বুঝতে না পেরে তার সন্ধানে চলে গেল ।৪৯ তারপর বিভীষণ মন্ত্রপূত জলে সুগ্রীবের নয়ন ধৌত করলেন, তখন পরিচ্ছন্ন নয়নে সুগ্রীব আকাশে মেঘনাদকে দেখতে পেয়ে গর্জন ক'রে উঠলেন ।৫০ তারপর বানররাজ ইন্দ্রজিৎকে বধ করতে পর্বত নিক্ষেপ করলেন ; রাবণনন্দন এতে ভীত হয়ে পিতার নিকট প্রস্থান করলেন ।৫১

ইন্দ্রজিৎ পিতার নিকটে নাগপাশের বৃত্তান্ত বর্ণনা করলেন। রাবণ হৃষ্ট হলেন ; তিনি ইন্দ্রজিৎকে গাঢ় আলিঙ্গন ক'রে তার মস্তক আঘ্রাণ করলেন ।৫২

এদিকে নাগপাশবন্ধনের কথা শুনে রাক্ষসেরা উৎফুল্ল হয়ে উঠল ; তারা অত্যুচ্চ ধ্বজগুলি উৎক্ষিপ্ত করল, মাংসভোজন, মদ্যপান, গান এবং রমণীগণসহ রমণে মত্ত হয়ে উঠল ।৫৩ রাবণের আদেশ অনুসারে রাক্ষসেরা সীতাকে পুষ্পক রথে নিয়ে রামদর্শন করালো ; দেখে সীতার দুই নয়ন নিমীলিত হলো—তিনি রথের মধ্যেই লুণ্ঠিত হয়ে পড়লেন ।৫৪ প্রিয়বিনাশে সীতার প্রাণ বিধ্বস্ত ও দেহ নিস্পন্দ হলো—তিনি দীর্ঘকাল পরে চৈতন্য লাভ করলেন। তারপর তিনি অনাথার মতো রোদন ও আর্তনাদ করতে লাগলেন ।৫৫ আমার মন কি লৌহবন্ধনে গঠিত না বজ্রের দ্বারা নির্মিত যে আমার রামহীন মন সহস্রধা বিদীর্ণ হলো না ?৫৬ তুমি আমার জন্য সমুদ্র পার হয়েছ, শত্রু সংহার করেছ, নিজে মৃত্যুবরণ করেছ ; আমার জীবনধারণ এখন অতি তুচ্ছ—

আমার এই নৃশংস জীবনে ধিক্।৫৭ তুমি যখন জীবিত, তোমার অদর্শনে পিতা দশরথ অসুখী হয়ে মৃত্যুবরণ করেছিলেন। এখন তুমি মৃত, আমি জীবিত! আমার মতো কুৎসিত ভার্যার জীবনে কি প্রয়োজন?৫৮ তিনি নিজ জীবনের নিন্দা করলেন, দেহস্থ অবৈধব্য সূচক সৌভাগ্য-লক্ষণগুলির বার বার কুৎসা কীর্তন করলেন, কেশ উৎপাটন করলেন এবং ভূমিতে লুণ্ঠিত হতে লাগলেন।৫৯ শোকবশতঃ সীতা ম্লান ও চিন্তাক্লিষ্ট হলেন। তিনি শোকাত্মক কণ্ঠধ্বনি করতে লাগলেন। বার বার তাঁর মূর্ছা হতে লাগল, মূর্ছাভঙ্গেও তাঁর ব্যথার উপশম হলো না। তিনি কখনও দৈবের নিন্দা করলেন কখনও ক্রন্দনে উচ্ছ্বসিত হলেন। এইভাবে শোকানলে তিনি অত্যন্ত দগ্ধ হতে লাগলেন।৬০

তারপর ত্রিজটা[৫] নামে এক রাক্ষসী সীতাকে আশ্বস্ত করে অন্যত্র নিয়ে গেল। এদিকে বিভীষণসহ বানরগণ চৈতন্য লাভ করল।৬১ রামচন্দ্র নাগপাশবন্ধনের বৃত্তান্ত জানতে পেরে শোকে দগ্ধ হলেন—তাঁর শোক বর্ধিত হলো, তিনি লক্ষ্মণকে লক্ষ্য ক'রে ক্রন্দন করতে লাগলেন।৬২ রাম প্রাণত্যাগ করতে ইচ্ছুক হয়ে প্রিয়বাক্যের দ্বারা সমস্ত সৈন্যকে তুষ্ট করলেন এবং সুগ্রীবকে অভ্যর্থনা জানিয়ে তাকে স্বদেশে ফিরে যেতে আদেশ করলেন।৬৩ সুগ্রীব অঙ্গদকে আদেশ দিলেন রামলক্ষ্মণকে কিষ্কিন্ধ্যায় নিয়ে যাবার জন্য—তিনি নিজেই রাক্ষসবধ করবেন, এই প্রতিজ্ঞা করলেন।৬৪ 'এর নাম নাগাস্ত্র, এটি বাণ নয়, গরুড়কে স্মরণ করলেই এর প্রতীকার হবে।' বিভীষণের কাছে এই কথা শুনে রামচন্দ্র গরুড়কে স্মরণ করলেন।৬৫

নাগপাশ মোচন

তখন গরুড়ের পক্ষজনিত বায়ুবেগে পর্বত নড়ে উঠল, সাগর ক্ষুব্ধ হয়ে তীরভূমি অতিক্রম করল, বৃক্ষ থেকে পুষ্পবর্ষণ হতে লাগল এবং তাঁর তেজে সকল দিক প্রদীপ্ত হয়ে উঠল।৬৬ গরুড়ের ভয়ে সর্পগণ সাগরে প্রবেশ করল, সুখস্পর্শ বায়ু প্রবাহিত হলো, চন্দ্রতারকাদির দীপ্তি প্রশান্ত হলো--নাগপাশ শিথিল হয়ে নিবৃত্ত হলো।৬৭ সব যোদ্ধা অক্ষতের ন্যায় দীপ্তি লাভ করলেন, লক্ষ্মণ চৈতন্য ফিরে পেলেন, বিভীষণ আরও দীপ্তি লাভ করলেন। তখন গরুড় এলেন রামের কাছে।৬৮ গরুড় রামলক্ষ্মণকে স্পর্শ করলেন—তাঁদের সব ব্যথা দূর হয়ে গেল। তারপর তিনি তাঁদের কাছে 'আমি গরুড়'—এই আত্মপরিচয়[৬] দিয়ে যে পথে এসেছিলেন সেই পথেই চলে গেলেন।৬৯ তারপর বানরসেনা জয়ধ্বনি ক'রে উঠল, তারা প্রদীপ্ত এবং যুদ্ধের জন্য প্রস্তুত হলো, তারা বৃক্ষ ও পর্বত উৎপাটিত করল ; সেনাদল ইতস্ততঃ ছুটতে লাগল এবং যুদ্ধের কামনা করতে লাগল।৭০

বানরসেনা পুনরায় লঙ্কায় প্রবেশ করল, দশানন তা জানতে পারলেন। শত্রু জীবিত আছে জেনে তাঁর ধৈর্যচ্যুতি ঘটল।৭১ দিব্য নাগপাশবন্ধন শিথিল হয়েছে — রাবণ একথা শুনে মোহাচ্ছন্ন হয়ে পড়লেন, জয়লাভের আশা আর করলেন না।৭২ তখন রাবণের আদেশে ধূম্রাক্ষ নামে এক রাক্ষস যুদ্ধযাত্রায় উদ্যত হলো। তার রথ যে সব বিহঙ্গের দ্বারা শোভিত হলো তাদের সিংহ ও বাঘের মতো মুখ।৭৩ নরখাদক রাক্ষসেরা চর্মরক্ষক বর্মের দ্বারা দেহ আবৃত করে নিল ; অতপর বাহনে আরোহণ করে,

অস্ত্র গ্রহণ করে যুদ্ধভূমিতে প্রস্থান করল।৭৪ ধূম্রাক্ষ রথে আরোহণ করে পুরী থেকে নির্গত হলো ; যাত্রাকালে তাঁর হাঁচি পড়ল[৭]। (নিজে হাঁচি দেওয়া অশুভ বলেই) সে বন্দিগণের দ্বারা নিজের নাম কীর্তন করিয়ে সত্বর যুদ্ধে যাত্রা করল।৭৫ তখন শকুনি এসে বসল ধূম্রাক্ষের মাথায়, কাকেরা কর্কশ শব্দ করতে লাগল, আকাশ থেকে রক্তবর্ষণ হলো এবং পৃথিবী কম্পিত হতে লাগল।৭৬

নতুন অভিযান

তারপর যুদ্ধ শুরু হলো। যোদ্ধারা পরস্পর অস্ত্র নিক্ষেপ করতে লাগল। তাদের দেহ ছিন্ন হয়ে গেল। কেউ কেউ চক্রাকারে ঘুরতে লাগল, চিৎকার করতে লাগল, লাফালাফি করতে লাগল।৭৭ বীর বানর ও রাক্ষসগণ আহত হয়ে বিরাজ করতে লাগল ; তারা বিভিন্ন গতি অবলম্বন করল এবং নিজেরা ভীত না হয়ে শত্রুকে ভীত ক'রে তুলল।৭৮ কারও প্রহারে রক্তক্ষরণ হতে লাগল, কারও বা অস্ত্রের আঘাতে দেহস্ফীতি ঘটল ; বাণনিক্ষেপকারী বীরগণের অঙ্গুষ্ঠদ্বারা মুষ্টিবদ্ধ বাহু শরাঘাতে ছিন্ন হয়ে ভূমিতে পড়তে লাগল ;৭৯ ধূম্রাক্ষ যেন সমরে ক্রীড়া করতে লাগল ; পবন-নন্দন হনুমান তাকে তর্জন করলেন, পরে এক বৃহৎ শিলাখণ্ড গ্রহণ ক'রে তার রথ চূর্ণ ক'রে দিলেন।৮০

সেই রাক্ষস ধূম্রাক্ষ তখন ভূমিতলে নেমে এসে ভয়ংকর চিৎকার করতে লাগল, তারপর হনুমানের সম্মুখীন হয়ে তাকে গদা দিয়ে আঘাত করতে লাগল। (শেষে) হনুমান ধূম্রাক্ষকে পর্বতের আঘাতে বধ করলেন।৮১ তারপর রাবণের আদেশে অকম্পন যুদ্ধাভিলাষী হয়ে উঠল। সে রথে আরোহণ করে শত্রুর সম্মুখীন হয়ে ভীষণ চীৎকার করতে লাগল।৮২ অকম্পনের বাম নয়ন স্পন্দিত হলো, পেচক প্রভৃতি অশুভ পক্ষী কূজন করতে লাগল ; কিন্তু অকম্পন সে-সব তুচ্ছ ক'রে রণস্থলে শরের দ্বারাই শোভিত হলো।৮৩ অকম্পনের রজ্জুবৎ প্রসারিত শরসমূহ আকাশ ও ভূতল ব্যাপ্ত করল। তাকে দেখে বানরসেনা লজ্জিত হলো—কেউ তার সামনে প্রভাবের পরিচয় দিতে পারল না।৮৪ কৃতান্ততুল্য অকম্পন শত্রুদের কম্পিত ও ভস্মীভূত করলেন। শেষে মারুতি ক্রুদ্ধ হয়ে এক অতিদীর্ঘ তালবৃক্ষ উৎপাটিত করলেন।৮৫ মারুতি সেই তালতরুর দ্বারা মহাপশু অকম্পনকে যমের উদ্দেশ্যে উৎসর্গ করলেন। অকম্পন নিহত হলে শোকাগ্নি রাবণকে দগ্ধ করল।৮৬ রাবণ ভীত হলেন ; ক্রোধে নিকটস্থ বস্তু চূর্ণ এবং দন্ত দ্বারা ওষ্ঠ দংশন করতে লাগলেন। অবিলম্বে তিনি লংকাপুরীর চারদিকে রক্ষী নিযুক্ত করলেন।৮৭

রাবণ অদ্ভুতবিক্রম প্রহস্তকে যুদ্ধের জন্য চাইলেন। প্রহস্ত বলল—'হে রাজেন্দ্র, যুদ্ধের জন্যই তো আমরা আছি, এ বিষয়ে আর বিচারের কি প্রয়োজন?' এই বলে শঙ্কাহীন চিত্তে সে মহাবীর যুদ্ধের জন্য উৎসাহী হলো। তখন তার সহায়ক যোদ্ধাদের রাবণ নির্দিষ্ট ক'রে দিলেন—অশ্ব ও হস্তিবাহিনী সজ্জিত হলো।৮৮-৮৯ সারথিরা রথ অশ্বের সঙ্গে যুক্ত করল ; পুরোহিতগণ দেবতা ও ব্রাহ্মণদের পূজা করলেন ; পূজিত ব্রাহ্মণগণ যজমানের কামনাপূরক আশীর্বাদ করলেন।৯০ সৈন্যগণ (মঙ্গলার্থে) মস্তকে মস্তকে শ্বেতসর্ষপ বহন করল এবং গাভী স্পর্শ করলেন। মহাস্ত্রগুলি শাণিত আছে কিনা, অশ্বগণ যুদ্ধ-কুশল কিনা সেই বিষয়েও পরীক্ষা

করল।৯১ তারা খড়্গ ও কুঠার গ্রহণ করে শোধিত করে নিল। অলঙ্কার ধারণ, অনুলেপন, পরিচ্ছদ পরিধান, ভোজন ও পান—সব কাজই যথারীতি সমাপ্ত করল।৯২ ক্ষণকাল আনন্দের মধ্যে কাটিয়ে যোদ্ধারা তারপর রথাদিতে আরোহণ করে যাত্রা করল। প্রহস্ত বিপ্রগণের পূজা এবং অগ্নিদেবতার হোম করল।৯৩ প্রহস্ত বিশ্বাসী সৈন্যদের নিজের দলভুক্ত করল; সে চন্দন দ্বারা দেহ অনুলিপ্ত করল; দ্রাক্ষামদ্য পানের পর সে উত্তম চর্মরক্ষক কবচ ধারণ করল।৯৪ তারপর চারু শিরস্ত্রাণ বেঁধে সে সজ্জিত রথে আরোহণ করল, মহাস্ত্র ধারণ করে যাত্রায় প্রবৃত্ত হলো।৯৫ তূর্যসমূহ বাজিয়ে সেবকগণ স্তব করল, ভীষণ ধূলিজাল উত্থিত হলো; অভিযান-কোলাহল সকল দিক ব্যাপ্ত করল।৯৬ যুদ্ধ যাত্রায় উদ্যত প্রহস্তের পশ্চাতে গৃধ্রগণ ধাবিত হলো, মাংসাশী পশুরা বিচরণ করতে লাগল। ঘোর রবে চারদিকে বায়ু প্রবাহিত হলো, আকাশ থেকে উল্কাপতন শুরু হলো।৯৭ আকাশ রক্ত বর্ষণ করল, যুদ্ধাস্ত্রগুলি জ্বলে উঠল, অশ্বসহ রথ স্খলিত হলো, অশ্বহস্তীরাও নিশ্চেষ্ট হয়ে রইল।৯৮ সারথির হাত থেকে অশ্বের তাড়নদন্ড স্খলিত হলো, যজ্ঞীয় মৃগদল বামদিকে বিচরণ করতে লাগল, ভূমি বিদীর্ণ হলো, বানরসেনার চীৎকারেও অন্তরীক্ষ পূর্ণ হয়ে গেল।৯৯ হস্তী ও অশ্বদল রক্ত প্রস্রাব করল, রাক্ষসেরাও রক্ত থুতু ফেলল; বানর ও রাক্ষস—দুই সেনাদলই নির্দয় প্রহারে প্রবৃত্ত হলো।১০০

দুই দল যোদ্ধাই পরস্পরের প্রতি বিদ্বেষভাবাপন্ন, পরস্পরের সম্মুখীন হল, আচ্ছন্ন করে ফেলল, অনেকে ক্লান্ত, অনেকে আহত হয়ে অজ্ঞান হয়ে পড়ল। তারা শত্রুকে ভক্ষণ করল, শত্রুর দ্বারা ভক্ষিতও হলো; অনেকেই আবার বিলাপ করতে লাগল।১০১ বানরগণ প্রহস্তের সম্মুখে স্থিত অমাত্যদের আঘাত করল, ধর্ষণ করল—রাক্ষস সেনাপতি প্রহস্ত বানরসেনার সেই বীরকর্ম সহ্য করতে পারল না।১০২ প্রহস্ত শত্রুসমূহদ্বারা বানরসেনাকে আচ্ছাদিত করল, বহু বানরকে প্রহার করল, আবার অনেকের দেহ থেকে প্রাণ পৃথক ক'রে দিল।১০৩ প্রহস্ত বানরসেনার মনে ভয় উৎপাদন করল। সূর্যের মতোই তেজে জ্বলে উঠল। শত্রু বানরসেনার মৃতদেহে দশদিক আচ্ছাদিত হলো—এতে তার ক্লেশমাত্রও হলো না।১০৪ কেউ ভয়ে সংকুচিত, কেউ বা পরাজিত হয়ে লজ্জিত। কেউ কেউ যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে গেল, আবার কেউ কেউ অভয় প্রার্থনা করল।১০৫

প্রহস্ত এইভাবে বানরসেনা জয় করল, জয়ের পর গর্বিত হয়ে উঠল। সেই ক্রুদ্ধ রাক্ষস শান্ত হলো না—সে রাক্ষসদের বিশেষভাবে রক্ষা করতে লাগল।১০৬ সেই বানরসেনার মধ্যে নীল ক্রুদ্ধ হয়ে এক প্রকান্ড বৃক্ষ নিক্ষেপ করলেন। তাতে আহত হয়ে প্রহস্ত বহু বাণ বর্ষণ করল।১০৭ সেই সকল শর সহ্য করে নীল আর-এক তরুর নিক্ষেপে শত্রুর অশ্বগুলি আহত করলেন, তখন প্রহস্ত মুষল নিয়ে ভূমিতে অবতরণ করল—কিন্তু সে অবসন্ন হল না।১০৮ সেই বানর ও রাক্ষস—দুইজনের ক্রোধ উদ্দীপ্ত হলো—তাদের অস্ত্রের নৈপুণ্য বর্ধিত হলো। নীল বৃক্ষ নিক্ষেপ করলেন, প্রহস্ত শরবর্ষণে তা প্রতিহত করল।১০৯ সেই দুই বীর কখনও আকাশে উত্থিত হলো, কখনও ভূমিতে মন্ডলাকারে বিচরণ করতে লাগল, তবু শ্রান্ত হল না।১১০ তারপর নীল রাক্ষসের প্রতি শিলা নিক্ষেপ করলেন;

সেই শিলায় আহত হয়ে প্রহস্ত মৃত্যু বরণ ক'রে ধরাশায়ী হলো।১১১ বিচিত্র রাক্ষসসেনা পালিয়ে গেল—প্রসন্ন হলো বানর সেনাবাহিনী। দশাননের জয়ের আশা ক্ষীণ হলো। বানরসৈন্যগণ নীলের স্তব করতে লাগল।১১২ রামসৈন্যের অভিযানে যখন রাক্ষসজের মনোরথ ব্যর্থ হলো তখন তারা লংকায় গিয়ে অত্যন্ত দীনভাবে প্রহস্তের পতনসংবাদ রাবণের নিকটে উচ্চকণ্ঠে ব্যক্ত করল।১১৩

।। ভট্টিকাব্যে 'শরবধ' নামক চতুর্দশ সর্গ সমাপ্ত ।।

পঞ্চদশ সর্গ

কুম্ভকর্ণের জাগরণ

তারপর (প্রহস্তবধের সংবাদ শুনে) রাক্ষসরাজ ভীত হলেন, চারদিকে (রক্ষাস্থান) দেখতে লাগলে। এবং কুম্ভকর্ণকে জাগানোর জন্যে[১] রাক্ষসদের পাঠালেন।১ তারা তার ভবনে গিয়ে তাকে নিদ্রিত দেখল এবং তুমুল শব্দ করে (তার দেহে) দ্রুত লগুড় প্রহার করতে লাগল।২ তারা তার কেশ উৎপাটন করল, শরীরে হাতি চালাল, ঠান্ডা জল ঢেলে দিল এবং জ্বলন্ত কাঠ দিয়ে পোড়াতে লাগল।৩ তারা তাকে তীক্ষ্ণ নখে চিড়ল, ঐ ভাবেই তীক্ষ্ণ দাঁতে কামড়াল, ধারাল শূলের আঘাত করল এবং শোভন ভেরী বাজাল।৪ সে (কুম্ভকর্ণ) এসব গ্রাহ্য করল না, স্বেচ্ছায় জেগে উঠে রাক্ষসদের প্রশ্ন করল, 'আমাকে জাগালে কেন?'৫ তারা বলল, 'হে নিশাচর, মহারাজ আপনাকে দেখতে চান।' তখন কুম্ভকর্ণ স্নান করল, চন্দনাদিতে দেহ লেপন করল, মাংস আহার করল এবং মদিরা পান করল।৬ তারপর সে রাবণের সঙ্গে দেখা করবার জন্যে উপযুক্ত পোশাক পরে বাড়ি থেকে বের হলো। রাবণ তাকে আসতে দেখে আসন থেকে একটু উঠে দাঁড়ালেন।৭ রাজা তুষ্ট হলেন। তাকে কাছেই সুবর্ণ আসনে বসতে ইঙ্গিত করলেন। কুম্ভকর্ণ একটু হাসল, তারপর কাছে গিয়ে বসল।৮ সে জিজ্ঞেস করল 'আমাকে ডেকেছেন কেন?' রাজা বললেন, 'তুমি সুখী, কারণ সেই রাম রাক্ষসদের কী করেছে তা তুমি জানো না[২]।৯ রাম সমুদ্র পার হয়েছে, আমাদের নগরী অবরোধ করেছে, যুদ্ধে শস্ত্ররাজিতে শোভমান হয়েছে, এবং রাক্ষসদের ধ্বংস করেছে।১০ যতদিন আমি নিশ্চিন্তে জীবিত (অনাক্রান্ত) ছিলাম ততদিন আমি কিছুই চাই নি। এখন স্নেহে অভ্যর্থিত সহোদর তুমি আমার শত্রু বধ না হয় নাই করলে (অর্থাৎ আমার শত্রুবধই তোমার কর্তব্য)।১১ তুমি পরাক্রম না হয় না-ই দেখালে, শত্রুপীড়িত লংকার রক্ষা না হয় না-ই করলে। আমরা তো তোমার পরাক্রম দেখেছি। তুমি তো দেবতাদের পরাজিত করেছ আগে।'১২ কুম্ভকর্ণ তাকে বলল, 'আমি মন্ত্রণাকালে যা বলেছিলাম আপনি তা সব শোনেন নি। তারই ফল হয়েছে এটা।১৩ আপনি বুদ্ধিমানের বাক্যকে অপমান করেছেন আর মূর্খের কথা শুনেছেন। আপনি শাস্ত্র পড়েছেন কিন্তু কিসে মঙ্গল তা বোঝেন নি।১৪ যারা আপনাকে যুদ্ধে কীরয়েছে সেই মূর্খেরাই আপনাকে প্রতারিত করেছে। (মাতামহ) মাল্যবান উচিত কথাই বলেছিলেন কিন্তু আপনি অহংকারে তার কথা সহ্যও করেন নি।১৫ আপনি রামচন্দ্রের পত্নীকে হরণ করেছেন, বিশুদ্ধ বিভীষণাদি বললেও তাঁকে ফিরিয়ে দেন নি। আপনি নিজের দোষ দেখতেই

পান নি। এখন আপনি মোহগ্রস্ত বা ক্রোধের দ্বারা বশীভূত হবেন না।১৬ আমি সেই সময়ে যা বলেছিলাম তার সময়ও (সন্ধিকাল) এখন বিগত, কারণ শত্রুরা রাক্ষস বধ করছে, এবং আপনি কোশও নষ্ট করে ফেলেছেন (লংকাদাহে অরক্ষিত কোথাও বিনষ্ট হয়েছে)।১৭ আপনি এমন আচরণ করেছেন যে আপনার যে তেজ সন্ধির কারণভূত (শত্রুপক্ষ আপনার যে তেজ দেখে সন্ধিতে আগ্রহী হবে) তাও ক্ষীণ হয়েছে; যা আপনার শত্রুভাব এবং অর্থবলকে সৈন্যবলের মতোই ক্ষীণ করে ফেলেছে'।১৮ রাবণ ক্রুদ্ধ হয়ে তাকে বললেন, 'কেন তুমি আমাকে নিন্দা করছ, তোমার শক্তিক্রমকে বর্ধিত করছ না।১৯ সুনীতি তুমি গ্রহণ করতে বোলো না, যুদ্ধে উৎসাহী না হতে বোলো না। যে দোষ করা হয়েছে তা নিয়ে আর নিন্দা কোরো না। শ্রেষ্ঠ হিতকে গ্রহণ না করতে বোলো না'।২০

কুম্ভকর্ণের যুদ্ধ

তখন কুম্ভকর্ণ গর্জন করল, এবং অন্য রাক্ষসদের পাঠাল। সে মহাস্ত্র গ্রহণ ক'রে পুরী থেকে দ্রুত নিষ্ক্রান্ত হলো।২৩ কুম্ভকর্ণ মাথা দিয়ে যেন স্বর্গকে আঁচড় কাটল, বিশাল দেহে যেন আকাশ ব্যাপ্ত করল, দুই পায়ে যেন পৃথিবীকে বিদীর্ণ এবং দৃষ্টি মাত্রই যেন শত্রুদের দগ্ধ করে। ফেলল।২২ কুম্ভকর্ণকে জ্বলন্ত পর্বতের মতো মনে হলো। সে প্রলয়কালীন মেঘের মতো প্রস্থান করল; সমুদ্রকে প্রকম্পিত করল করল এবং রাক্ষসদেরও আতংকিত করে তুলল।২৩ কুম্ভকর্ণ পক্ষবান পর্বতের মতো[৩] চলল, প্রলয়বায়ুর মতো নিশ্বাস ছাড়ল, শব্দে ত্রিভুবন পূর্ণ করল এবং প্রলয় কালের অগ্নির মতো শোভমান হলো।২৪ কুম্ভকর্ণের ভারে পৃথিবী নুয়ে পড়ল, তার বেগে গাছ পড়ে গেল, সিংহ ভয়ে দৌড়াতে লাগল এবং মহেন্দ্রাদি কুলপর্বতেরা[৪] বিচলিত হয়ে পড়ল।২৫ তার গমনকালে দুর্যোগ দেখা দিল। আকাশ রক্তবর্ষণ করল, ভয়ংকর বায়ু প্রবাহিত হলো এবং অলুক্ষণে পাখিরা ডাকতে লাগল।২৬ তার বাঁ চোখ কাঁপতে লাগল! অলুক্ষণে শিয়াল ডাকতে লাগল। মুষলের উপর শকুন এসে বসল এবং জ্বলন্ত উল্কা এসে পড়ল।২৭ কুম্ভকর্ণ এসব দুর্লক্ষণকে সগর্বে অবজ্ঞা ক'রে যুদ্ধ ভূমিতে চলল। তারপর সে গর্জন ক'রে আনন্দ অনুভব করল এবং যুদ্ধে শত্রুদের আহ্বান করল।২৮ ঘাতক কুম্ভকর্ণ খেয়েও তৃপ্ত হলো না। খেতে খেতে তার খিদে বেড়ে গেল। সে বনবাসীদের (বানরদের) চর্বি আর রক্ত পান করল।২৯ মাংসে তার কোঁক (কুক্ষি) ফুলে উঠল, পেটও হলো মস্ত বড়। সে অনেক বানরের প্রাণ হরণ করল আর যুদ্ধে অনেক বানরেরই খ্যাতি নাশ করল।৩০ সে শত্রুদের শক্তি রোধ করল, কিন্তু তার শক্তি কেউ রোধ করতে পারল না। বানরদের কেউ কেউ গাছে গিয়ে উঠল আর সমুদ্রে ডুব দিল।৩১ কেউ কেউ পাহাড়ে চড়ল, কেউ কেউ গুহায় লুকোল। কেউ কেউ স্তব্ধ হয়ে বসে রইল, কেউ কেউ ভয়ে ঘুরপাক খেল।৩২ অন্য বানরেরা সেতুপথে সমুদ্র পার হলো। তাদের জন্য অঙ্গদ লজ্জিত হলো এবং পরাক্রম অবলম্বন করল।৩৩ সে বানরদের শক্তিকে উদ্দীপিত করল এবং যুদ্ধও করল। তখন বানরেরা পাহাড় ছুঁড়ল এবং গাছ

তুলল।৩৪ শ্রেষ্ঠ বানরেরা ডাক ছাড়ল এবং যুদ্ধে যথাযোগ্য পরাক্রম দেখাল। কুম্ভকর্ণ তাদের মর্দিত করল, ভক্ষণ করল, এবং চপেটাঘাতে এদিকে ওদিকে নিক্ষেপ করল।৩৫ কুম্ভকর্ণ দুই পায়ে বানরদের পিষে ফেলল, তাদের দ্রুত আতঙ্কিত করল এবং শূলের আঘাতে তাদের মেরে ফেলল।৩৬ কুম্ভকর্ণ দৃঢ়তার সঙ্গে বানরদের গদাঘাতে পীড়িত করল এবং গাঢ় আলিঙ্গনে তাদের মর্দিত করল। দুই হাঁটু দিয়ে বানরদের দমন করল এবং দুই হাতে তাদের পিষে ফেলল।৩৭ নিক্ষিপ্ত পাথর তার শরীরে এসে চূর্ণ হলো, বড় বড় গাছ ভেঙে টুকরো টুকরো হলো ; কুম্ভকর্ণ কিছু বুঝতেই পারল না। কোন ক্ষোভই তাঁর হলো না।৩৮ রঘুব্যাঘ্র দুজন (রাম ও লক্ষ্মণ) তাঁকে দেখলেন। বিভীষণ তাঁদের কুম্ভকর্ণের পরিচয় দিয়ে বললেন, 'এ ইন্দ্রকে জয় করেছে, সূর্যকেও এ ভয় করে নি।৩৯ এ কুবেরের শক্তিকেও খন্ডন করেছে। এর শক্তিকে কেউ অতিক্রম করতে পারেন নি। রাজকুমারেরা! আপনারা দুজন একে ভয় করবেন না তা নয় (অর্থাৎ ভয় করবেন)।৪০ নিধনরত একে উপেক্ষা করবেন না। একে গণ্য করবেন না তা নয় (অর্থাৎ গণ্য করবেন)।' তখন রামচন্দ্র বানরদের বললেন, 'এঁকে বধ করো না তা নয় (অর্থাৎ বধ করো)।'৪১ বানরেরা আওয়াজ করে তাঁকে রণে আহ্বান জানাল, সমবেতভাবে তাকে যেন প্লাবিত করল এবং নিজেদের শক্তি প্রকাশ করে তার উপর গাছ ও পাহাড় ছুঁড়তে লাগল।৪২ তারা কুম্ভকর্ণকে ছেয়ে ফেলল, পদদলিত করল, দাঁত দিয়ে কামড়াল। শরভ নামে একটি বানর গাছ তুলতে চেষ্টা করল, নীল নামে বানর সেনাপতি পাহাড় নিল হাতে।৪৩ ঋষভ (ঐ নামের বানর) পাহাড় তুলল। এইভাবে শরাদি বানরেরা শত্রু কুম্ভকর্ণকে আঘাত করল। গন্ধমাদন (ঐ নামের বানর) বজ্রের মতো আওয়াজ করে পাহাড়চূড়া নিক্ষেপ করল।৪৪ গবাক্ষ (ঐ নামের বানর) ক্রীড়াচ্ছলে চেষ্টা করল এবং বহু পাহাড়ও ছুঁড়ল। ঐ বীর কুম্ভকর্ণ তাকে গ্রাহ্যই করল না, বেদনাবোধও করল না।৪৫ কুম্ভকর্ণ শত্রুসেনাকে মথিত করল। নিরঙ্কুশ হয়ে লাফাতে লাগল। শত্রু বধের জন্যে তাড়াতাড়ি করতে লাগল এবং তাঁর সামনে এসে-পড়া শত্রুদের খেয়ে ফেলল।৪৬ কুম্ভকর্ণ আসাতে বানরসেনা কাঁদতে লাগল এবং পালাতে লাগল। কুম্ভকর্ণ পলায়মান শত্রুকে দুহাতে টানলেন এবং ভয়ংকর মুখে পুরে দিল।৪৭ ক্রূর কুম্ভকর্ণ বানরদের রক্তে পৃথিবীকে আর্দ্র করে ফেলল এবং নিহত বানরসৈন্য পৃথিবীকে ঢেকে ফেলল। বানর খেতে থাকলেও সে তৃপ্ত হলো না এবং বানর বধ করতে থাকলেও ক্লান্ত হলো না।৪৮ কিছু বানর যুদ্ধ করতে সমর্থ হলো না, কিছু (ভয়ে) কুম্ভকর্ণের কাছেই গেল না। কুম্ভকর্ণের মুখে পুরে দেওয়া কিছু বানর নাক আর মুখের ছিদ্র দিয়ে পালাল।৪৯ অন্যেরা পাতালের মতো কুম্ভকর্ণের পেটে জীর্ণ হয়ে গেল। কেউ কেউ চেঁচাতে লাগল, বন্ধুজনকে ডাকতে লাগল, কেউ কেউ পালাল আর পালাতে গিয়ে ঘামে ক্লেদাক্ত হয়ে পড়ল।৫০ চূর্ণিত হয়ে বানরেরা রক্তমোক্ষণ করল। আহত বানরেরা পিপাসায় আকুল হলো। রাজা রামচন্দ্র পলায়মান বানরদের ফিরিয়ে এনে সুগ্রীবকে সংগ্রামের প্রেরণা দিলেন।৫১ তিনিও (সুগ্রীবও) রুষ্ট হলেন এবং যুদ্ধ করবার জন্যে শত্রুর প্রতি প্রকান্ড গাছ নিক্ষেপ করলেন। শত্রু (কুম্ভকর্ণ) গায়ে লাগা এই গাছটিকে সহ্য করল এবং ভয়ংকর শক্তিকে (ঐ নামের অস্ত্র) তুলে ধরল।৫২ কুম্ভকর্ণ ভয়ংকর ঐ অস্ত্রকে ঘুরিয়ে সুগ্রীবের উপর নিক্ষেপ করলেন। ঐ শক্তি-অস্ত্র

নিক্ষেপের পর সেখানে হনুমান উপস্থিত হলো এবং সে উপরে উঠে-যাওয়া ঐ শক্তিকে ধরে নিল।৫৩

কুম্ভকর্ণের পতন

বীর হনুমান শোভিত হলো। সে শক্তি-অস্ত্রকে চূর্ণ করল কিন্তু কোনো আয়াস অনুভব করল না। সহস্র লৌহভারে নির্মিত শক্তি-অস্ত্রকে এ চূর্ণ করল, এই ভেবে রাক্ষস (কুম্ভকর্ণ) কুপিত হলো এবং সে বড় একটি পাহাড় উন্মূলিত করে সুগ্রীবের উপর ছুঁড়ল। ঐ পাহাড়ের আঘাতে সুগ্রীব মূর্ছিত হয়ে পড়লেন।৫৪-৫৫ সুগ্রীব ভূমিতে পতিত হলেন। তাঁর দেহে রক্ত বইতে লাগল। কুম্ভকর্ণ তাঁকে নিয়ে পালাল এবং শৌর্যে শোভমান হল।৫৬

যুগ্মক

বানরেরা ভয় পেল। হনুমান কুম্ভকর্ণের অনুগমন করল। সুগ্রীব ধীরে ধীরে চেতনা ফিরে পেল। তিনি কুম্ভকর্ণের নাক ও কান কেটে ফেলেছিলেন। তিনি ত্রস্ত হন নি, তবে পালাতে চেষ্টা করেছিলেন। কুম্ভকর্ণ ক্রুদ্ধ হলো এবং সুগ্রীবকে মাটিতে দলিত করতে শুরু করল।৫৭-৫৮ সুগ্রীব কুম্ভকর্ণের হাত থেকে ছিটকে গেলেন এবং আকাশে উঠলেন। তিনি তাড়াতাড়ি রামের কাছে এলেন বানরদের আনন্দিত করলেন।৫৯ সুগ্রীব বানরদের লড়াইয়ের জন্যে ত্বরান্বিত করলেন এবং রাম ও লক্ষ্মণকেও সংগ্রামের জন্যে সচেষ্ট করলেন। কুম্ভকর্ণ যুদ্ধে লিপ্ত হলো। বানরেরা লড়াই করতে লাগল।৬০ নৃপের আদেশে তারা (বানরেরা) রাক্ষসকে শীগ্‌গিরই ঘিরে ধরল এবং আক্রমণ করল। (রাক্ষস) তাদের ধাওয়া করল। তাড়া খেয়ে তারাও আকুল হয়ে ছিটকে পড়ল।৬১ কুম্ভকর্ণ কিছু বানরকে খেয়ে ফেলল, কিছু বানরের উপর চড়াও হল, কিছু বানরকে নিষ্ঠুরভাবে আলিঙ্গন করে মারল। বানরেরাও ভয়ঙ্কর শব্দ করতে লাগল এবং মুখ দিয়ে রক্তবমন করতে লাগল।৬২ কুম্ভকর্ণও রক্ত-মত্ত হয়ে আত্মীয় রাক্ষসদের উপরও সদয় হলো না। সে অন্য কিছু বানরের জীবন নিল এবং তাদের পরাক্রমকে রুদ্ধ করল।৬৩ সে ভীত বানরদের বলও অপহরণ করল। তখন লক্ষ্মণ তার মুকুট ও বর্ম ছেদন করলেন।৬৪ লক্ষ্মণ শরনিক্ষেপে কুম্ভকর্ণের দেহ বিদীর্ণ করলেন। কুম্ভকর্ণ লক্ষ্মণের প্রশংসা করল এবং রামচন্দ্রকে যুদ্ধে আহ্বান জানাল। রামচন্দ্র তার উপর বাণ নিক্ষেপ করলেন।৬৫ রামচন্দ্র যে-বাণে খর,[৬] বালী, মারীচ[৭] এবং দূষণকে বধ করেছিলেন সেই বাণই নিক্ষেপ করলেন। কুম্ভকর্ণ গর্ব ভরে সে সব বাণ উপেক্ষা করে মুদ্গর তুলল।৬৬ রামচন্দ্র বায়ব্য-অস্ত্রে মুদ্গরসমেত কুম্ভকর্ণের হাত কেটে ফেললেন। তখন কুম্ভকর্ণ গাছ হাতে নিয়ে শোভিত হলো এবং রামচন্দ্রের দিকে দৌড়ে গেল।৬৭ রাজা (রাম) ইন্দ্রাস্ত্রে গাছসুদ্ধ ইন্দ্রজিতের হাতটি কেটে ফেললেন। বাণবর্ষণে জঙ্ঘা দুটির গতি রুদ্ধ করলেন এবং মুখ ভরে দিলেন।৬৮ রামচন্দ্র ইন্দ্রাস্ত্রে কুম্ভকর্ণের হৃদয় বিদ্ধ করলেন। বাণবিদ্ধ হয়ে সে ভূমিবাস করল। তার দেহের চাপে দু-হাজার বানর পিষ্ট হলো।৬৯ কুম্ভকর্ণ নিহত হলে দেবতারা রামচন্দ্রের স্তুতি করলেন। ভয়ে রাক্ষসেরা নানা দিকে পালিয়ে গেল। মহেন্দ্রাদি কুলপর্বতের সঙ্গে পৃথিবী কাঁপতে লাগল। সমুদ্রও বিচলিত হলো।৭০ রাক্ষসেরা রাজাকে (রাবণকে) কুম্ভকর্ণ-

নিধনের সংবাদ দিল। তিনি অশ্রুবর্ষণ করে শোক প্রকাশ করলেন এবং দারুণ মূর্ছায় আবিষ্ট হলেন।৭১ রাবণ ভাই কুম্ভকর্ণের গুণজ্ঞাপন করলেন, তার বিক্রমের কীর্তন করলেন। কুপিত হয়ে কুম্ভকর্ণ যে-শত্রুদের প্রতি দৃষ্টি নিক্ষেপ করল তারা জীবিত রইল কেমন করে? এমন মহাবলেরও মৃত্যু হলো? এইভাবে তাঁর পরাক্রমের স্তুতিও করলেন।) রাজকুমারেরা তারপর রাবণকে আশ্বস্ত করে যুদ্ধ করতে চাইল।৭২-৭৩ দেবান্তক, অতিকায়, ত্রিশিরা, প্রসিক্ত, নরান্তক—এইসব বলবান রাবণ-পুত্রেরা যুদ্ধক্ষেত্রে গমন করল।৭৪ রাজা পুত্রদের রক্ষার জন্যে যুদ্ধোন্মত্ত আর মত্ত নামে দুই রাক্ষসকে পাঠালেন। এই দুই যুদ্ধ-কুশল রাক্ষস রওনা হলো।৭৫ রাক্ষসেরা বানরসেনাদের পরাজিত করল। এবং শত্রুদের আকুল করে তুলল। এরা শ্রেষ্ঠ বানরদের মেরে মাটিতে পাহাড়ের মতো পুঞ্জীভূত করে রাখল।৭৬ নারান্তক অঙ্গদের সঙ্গে যুদ্ধ করতে চেষ্টা করল। সে তার উপর কুন্তাস্ত্র (কুন্ত নামে এক অস্ত্র নিক্ষেপ করল। তা গিয়ে অঙ্গদের বক্ষে বিচূর্ণ হলো।৭৭ অঙ্গদ নরান্তকের রথের ঘোড়াগুলোকে মেরে ফেলল এবং মুষ্টির দ্বারা তাড়না করল। নরান্তক বেদনা-হীন হয়ে মাটিতে নেমে এসে যুদ্ধ শুরু করল।৭৮ অঙ্গদ মুষ্টির আঘাতে নরান্তকের প্রাণ হরণ করলেন। তখন আর সব রাবণের পুত্রেরা কুপিত হয়ে অঙ্গদের কাছে এল।৭৯ তারপর নীল ও হনুমান রাবণতনয়দের ঘিরে ফেলল এবং তাদের উপর উঁচু পাহাড় নিক্ষেপ করল। ত্রিশিরা বাণ বর্ষণে তা রোধ করল।৮০ তারপর যুদ্ধে বলবান দেবান্তক পরিঘ (অস্ত্রবিশেষ) প্রয়োগ করল। হনুমান মুষ্টির আঘাতে তার শিরশ্ছেদ করল।৮১ দেবান্তক নিহত হবার পর যুদ্ধোন্মত্ত নামে রাক্ষস নিজের পরাক্রম প্রকাশ করল এবং বাণঘাতে নীলকে পীড়িত করল। নীল পাহাড় নিক্ষেপ করে তাকে বধ করল;৮২ এবারে ত্রিশিরা হনুমানের কাছে শক্তি প্রকাশ করল। যুদ্ধে হনুমানের আঘাতে তার ঘোড়ারা মারা পড়ল।৮৩ হনুমান মাথায় আঘাত করলে মাটিতে পড়ে গেল। হনুমান তার খড়্গ কেড়ে নিল। সেই খড়্গেই তার শিরশ্ছেদ হওয়ায় সে প্রাণত্যাগ করল।৮৪

সরভ (ঐ নামের বানর) একটা বড় গদা নিক্ষেপ করল, তার আঘাতে মত্ত নিহত হলো। তখন যুদ্ধে অতিকায় (রাবণ পুত্র) হাজার-ঘোড়ার রথে চড়ে ক্রীড়ারত হলো। তারপর (ক্রীড়াচ্ছলেই যেন) সে শত্রুদের পীড়িত করে নিরঙ্কুশ হয়ে ঘুরতে লাগল। বিভীষণ রামচন্দ্রকে বলল, "এ হল মহারথী অতিকায়।"৮৫-৮৬ 'এ বজ্রকে স্তব্ধ করেছে, ব্রহ্মাকে সন্তুষ্ট করেছে এবং মহাস্ত্রপ্রয়োগ শিখে রাক্ষসদের রক্ষা করেছে।"৮৭ 'এ (অতিকায়) অর্থশাস্ত্র অধ্যয়ন করেছে, যমরাজের পরাক্রমকে রোধ করেছে। এবং নির্ভয়ে দেবতাদের যুদ্ধেও শোভিত হয়েছে।'৮৮ 'বানরদের কাছে ভীতিপ্রদ এই রাবণপুত্র (অতিকায়) উপস্থিত হয়েছে।" তারপর অতিকায় রামচন্দ্রকে রণে আহ্বান করল এবং প্রকাণ্ড ধনুক বিস্ফারিত করল।৮৯ সাপ সিংহকে যেভাবে আক্রমণ করে লক্ষ্মণ সেইভাবে অতিকায়কে আক্রমণ করে পীড়িত করলেন। দুজনে জয়লাভের ইচ্ছায় অনেকানেক বাণ বর্ষণ করতে লাগলেন।৯০ মহাপ্রযত্নে, অতিকায় ও লক্ষ্মণ একে অন্যকে বাণবিদ্ধ লাগলেন। দীর্ঘ সময়েও কারোই ক্লান্তি এল না। এঁরা দুজনে এমন বাণ নিক্ষেপ করতে লাগলেন যে অন্ধকার বিস্তার করে ফেললেন।৯১ রাক্ষস ও লক্ষ্মণ যথাক্রমে সৌর্যাস্ত্র এবং আগ্নেয়াস্ত্র নিক্ষেপ করলেন। এই দুই অস্ত্র

পরস্পর সম্মিলিত হয়ে বিনষ্ট হলো।৯২ তারপর রাক্ষস যুদ্ধে ঐষীক শস্ত্র প্রকাশিত করল। ঐ শস্ত্র লক্ষ্মণনিক্ষিপ্ত মাহেন্দ্র শস্ত্রের সংঘাতে বিনষ্ট হলো।৯৩ তারপর লক্ষ্মণ দুর্জয় ব্রহ্মাস্ত্রকে স্মরণ করলেন এবং সে অস্ত্র প্রকাশিত হলো। লক্ষ্মণ সেই অস্ত্রে সেই নররিপুর (রাক্ষসের) শিরশ্ছেদ করলেন।৯৪ পুত্রশোকে রাবণ অশ্রু-বর্ষণ করতে লাগলেন। ইন্দ্রজিৎ তাঁকে সান্ত্বনা দিলেন। কুপিত হয়ে তিনি রাবণের প্রাসাদ থেকে নিষ্ক্রান্ত হয়ে ব্রহ্মার পুজো করলেন।৯৫ ইন্দ্রজিৎ অগ্নির হোম এবং অস্ত্র-রাশির পুজো করলেন এবং ব্রহ্মার কাছ থেকে জয়প্রদ শস্ত্র এবং রথ পেলেন।৯৬ সেই রথের অগ্রভাগ দীপ্তিময়। ঐ রথে চড়ে ইন্দ্রজিৎ প্রসন্ন হলেন। তারপর তিনি অদৃশ্য হয়ে রাবণশত্রু বানরদের দেহ বিদীর্ণ করতে লাগলেন।৯৭ রাবণি (ইন্দ্রজিৎ) ক্রুদ্ধ হয়ে বাণবর্ষণে সাতষট্টি কোটি বানরদের নিদ্রিত করলেন এবং নিশান্তে রাম ও লক্ষ্মণকে মূর্ছিত করলেন।৯৮ ইন্দ্রজিৎ নিজের শক্তিকে উদ্দীপিত করলেন, বাণে বাণে দিঙ্‌মণ্ডল আচ্ছাদিত করলেন, মহাবেগে রব করে লঙ্কায় গিয়ে রাবণকে পাঠালেন।৯৯ তখন বিভীষণ রাম ও লক্ষ্মণকে নড়তে দেখে জীবিত বলে জানলেন। (অন্ধকারে) জ্বলন্ত অঙ্গার নিয়ে যারা তখনো বেঁচে ছিল সেই বানরদের, শোক কোরো না, রাম-লক্ষ্মণ মরেন নি, একথা বলে প্রসন্ন করলেন। তিনি নীলাদি বানর সেনাপতিদের মৃত বলে জানলেন।১০০-১০১ তাদের মধ্যে জাম্ববান কিছু উদ্বেলিত হয়ে চোখ খুলে পৌলস্ত্যকে বলল, মারুতাত্মজ (হনুমান) জীবিত আছেন?১০২ 'হে মহারাজ! তাঁর কল্যাণেই আমরা সব মরি নি।' বিভীষণ জাম্ববানকে হনুমান জীবিত একথা শোনালেন।১০৩ হনুমান সেখানে উপস্থিত হলে দুজনে (জাম্ববান ও বিভীষণ) প্রসন্ন হলেন। তারপর দুজনে মৃতসঞ্জীবনী, সন্ধানকরণী এবং বিশল্যকরণী নামে ওষধি আনবার জন্যে হনুমানকে হিমালয়পৃষ্ঠে স্থিত সর্বৌষধিমণ্ডিত পর্বতে পাঠালেন।১০৪-১০৫ হনুমান আকাশে উড়ে গেলেন এবং সেই মহাপর্বতে উপস্থিত হলেন, যেখানে রাতে সহস্র মহৌষধি সন্দীপ্ত।১০৬ হনুমান ওষধিভেদ স্থির করতে না পেরে ওষধিসমেত সম্পূর্ণ পাহাড়টিকে উঠিয়ে আনলেন।১০৭ (ওষধির সামীপ্যে এসেই) নিহতদের কেউ কেউ শ্বাস নিতে লাগল, কেউ কেউ চোখ খুলতে লাগল। অন্য যোদ্ধারা মূর্ছা ত্যাগ করল। কেউ কেউ হাই তুলতে লাগল।১০৮ যোদ্ধারা ঐভাবে কাউকে কাউকে ওষধির ঘ্রাণ গ্রহণ করালো, এবং কারো কারো দেহে ওষধি বুলিয়ে দিল। এতে সবাই চেতনা লাভ করল এবং অধিকতর শক্তি ধারণ করল।১০৯ হনুমান রাম ও লক্ষ্মণকে আহ্লাদিত করলেন এবং অবশিষ্ট বানরদের বাঁচিয়ে তুললেন। তারপর ঐ পুনর্জীবিত বানরেরা লঙ্কায় দ্রুত আগুন লাগাল।১১০ তারপর (যুদ্ধের জন্যে) রাবণসেনা সন্নিবদ্ধ হলো। তারা বল্লম, তোমর, তরবারি মার্জনা করল (পরিষ্কার করল) এবং কুঠারে ধার দিল।১১১ সেখানে নিকুম্ভ ও কুম্ভ নামে কুম্ভকর্ণের দুই মহাবল পুত্র সন্নদ্ধ হলো। তারা বানরদের কাছে পৌঁছল।১১২ নিকুম্ভ আর কুম্ভ লঙ্কাপুরীকে আর রাক্ষসসেনাকে রক্ষা করল, অস্ত্ররাশি নিক্ষেপ করল এবং শত্রুধ্বংস করল।১১৩ তখন বানরসেনা নিনাদ করল। তারা আকুল হয়ে পলায়ন করল, তাদের ক্ষত থেকে ঝরাতে লাগল, তারা নিহত হয়ে ভূমিতে পতিত হলো।১১৪ অঙ্গদের সঙ্গে যুদ্ধে অকম্পন ও কম্পন নিহত হলো। প্রজঙ্ঘও (ঐ নামের রাক্ষস) ক্রুদ্ধ হয়ে বালিপুত্র অঙ্গদকে প্রহার করল।১১৫ অঙ্গদ মুষ্টির আঘাতে

প্রজঙ্ঘের মাথা ফাটিয়ে দিল। নিরাকুল (ঐ নামের বানর) যূপাক্ষের (ঐ নামের রাক্ষসের) শিরশ্ছেদ করল।১১৬ ঐ সময় দ্বিবিদ (ঐ নামের বানর) শোণিতাক্ষের (ঐ নামের রাক্ষসের) দেহ বিচূর্ণ করল। তারপর কুম্ভ কুপিত হয়ে দ্বিবিদের সঙ্গে মৈন্দকে (ঐ নামের বানরকে) বাণে বিদীর্ণ করল।১১৭

তারা দুজন (মৈন্দ ও দ্বিবিধ) কুম্ভের (কুম্ভকর্ণপুত্রের) বাণে বিদ্ধ হয়ে চক্রাকারে ঘুরতে ঘুরতে মাটিতে পড়ে গেল। বালিপুত্র অঙ্গদ নিজের মাতুলদ্বয়কে বিহ্বল দেখে কুম্ভকে বৃক্ষে আচ্ছাদিত করল। রাক্ষস বাণবর্ষণে ঐ বৃক্ষ অপসারিত করল। রাম অঙ্গদকে রক্ষা করার জন্যে অবিলম্বে বানরদের পাঠালেন।১১৮-১১৯ সুগ্রীব ভ্রাতুষ্পুত্রকে শত্রুসঙ্কট থেকে দ্রুত রক্ষা করল। তিনি ক্রুদ্ধ হয়ে মুষ্টির আঘাতে কুম্ভকে বধ করলেন।১২০ তারপর নিকুম্ভ সুগ্রীবের দিকে পরিঘ নিক্ষেপ করল। হনুমান এসে তেড়ে আসা ঐ সাপের মতো অস্ত্রকে ভেঙে ফেললেন।১২১ হনুমান সতেজে শত্রু নিকুম্ভকে আকর্ষণ করে ভয়ঙ্কর শব্দ করলেন। তিনি তার ঘাড় এমন করে আকর্ষণ করলেন যে সে আর জীবিত রইল না।১২২ বানরসেনা আনন্দে অভিভূত হলো। বানররাজ সুগ্রীব অবশ্যম্ভাবী সাফল্যের বিষয়ে জল্পনাকল্পনা করলেন। রাজবুদ্ধি প্রাপ্তকাম হয়ে আনন্দিত হলো। রাক্ষসপতিদের শোক বর্ধিত হলো।১২৩

॥ ভট্টিকাব্যে 'কুম্ভকর্ণবধ' নামক পঞ্চদশ সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × ষোড়শ সর্গ × × × × × × × × × × × × ×

রাবণের বিলাপ

তারপর হতবান্ধব রাক্ষসরাজ বিলাপ করতে লাগলেন—রাজ্য দিয়ে কী করব আমি? সীতাকে নিয়েই বা আমার কী হবে?১ বীর অতিকায় নিহত হবার পর আর আমার বেঁচে থাকারও উৎসাহ নেই। শত্রুদের কে আর লজ্জিত করবে? যমরাজকেই বা পরাজিত করবে কে?২ অতিকায় ছাড়া বরুণের পাশকেই বা ছিন্ন করবে কে? কে আর রাবণের প্রতিষ্ঠা আনবে? ব্রহ্মা আর কাকে সন্তুষ্ট করবেন?৩ আর কাকে নিয়ে আমি গর্ব করব? আর কে উন্নত হয়ে স্বজনদেরও উন্নত করে তুলবে? কে আর যথাসময়ে পিতৃপুরুষদের তর্পণ করবে? (প্রশংসনীয়) কাজ করেও কে আর বড়াই করবে না?৪ (অতিকায়ের অভাবে এখন) ইন্দ্র বজ্র উদ্যত করবেন, নির্ভয়ে বিচরণ করবেন, যজ্ঞভাগ ভক্ষণ করবেন এবং 'আমি বীর' এ গর্ব বহন করবেন।৫ সূর্য নিঃশঙ্ক হয়ে তাপ দেবে, বায়ু অবিরতভাবে বইবে। ঋতুরা ক্রমান্বয়ে প্রবর্তিত হবে। চন্দ্র স্বেচ্ছায় উদিত হবে।৬ মেঘ প্রবলভাবে বৃষ্টি দেবে। যমরাজ ভয়ঙ্কর আচরণ করবেন। অতিকায়ের মৃত্যুতে (ইন্দ্রাদি) দেবতারা কোন্ বিপর্যয়ই বা না ঘটাবেন?৭ বিনীত, আজ্ঞালাভে উন্মুখ, নষ্ট নরান্তককে আমার চোখ আর দেখতে পাবে না, তাই বৃথাই চোখ উন্মীলিত হবে।৮ আজ আর ত্রিশিরাকে দেখতে পাব না, তাই ধিক্ আমাকে। ত্রিশিরার মৃত্যুর পর আর কে শত্রুবধ করবে?৯ মত্ত নিহত হবার পর যুদ্ধে শত্রুরা আমায় নির্ভয়ে দেখবে। রণে যুদ্ধোন্মত্ত ছাড়া (ঐ নামের রাক্ষস ছাড়া) শত্রুদের বিরুদ্ধে কে অভিযান করবে?১০ এখন ইন্দ্র যুদ্ধ করতে এলে নির্ভয়ে

আমাকে যুদ্ধে আহ্বান করবে। যাকে বধ করা দুঃসাধ্য সেই নিকুম্ভ নিহত হবার পরে ইন্দ্রের প্রয়োজনও সংক্ষিপ্ত হবে।১১ কুম্ভ নিহত জেনে ইন্দ্রের আনন্দ হবে; শত্রুরা লঙ্কাকে বিনষ্ট করবে। অয়ে দেবান্তক, তোমাকর্তৃক পরিত্যক্ত আমি শত্রুর অধীন হয়ে যাব।১২ আমার পুত্রেরা নিহত হয়েছে, তাই হয় মরব না হয় শত্রু জয় করব। শত্রুদের অবিলম্বে বধ করব। শোকার্ত হয়ে আমি বাঁচব না।১৩ মুনিরা আনন্দে মুচকি হাসি হাসবেন। দেবতারা নিরন্তর বলবেন, 'রাবণের দুর্নীতিতে রাক্ষসকুল বিনষ্ট হয়ে গেল।'১৪ হে তাত! রাম যুদ্ধে কুম্ভকর্ণের দেহ ছিন্ন করবেন এবং তার মর্মস্থানে আঘাত করবেন একথা কে ভাবতে পেরেছে?১৫ সূর্য ভূমিতে পড়বে; পৃথিবী ঊর্ধ্বে নিক্ষিপ্ত হবে। বায়ুকে ভগ্ন করা যাবে, আকাশকে মুষ্টির আঘাতে প্রহার করা যাবে।১৬ চাঁদ থেকে আগুন বেরোবে। সমুদ্র শুকিয়ে যাবে; জল দহন করবে। সূর্য থেকে অন্ধকারের পুঞ্জ গলে পড়বে।১৭ রণে কুপিত কুম্ভকর্ণকে মানুষ পরাজিত করবে এসব (সূর্যপতন থেকে কুম্ভকর্ণ পরাভব পর্যন্ত) বিষয় লোকে ভাবতেই পারে না।১৮

কুম্ভকর্ণ নিহত হবার পর বানরেরা লঙ্কা আক্রমণ করবে। রাক্ষসদের দংশন করবে, সগর্বে আমার বাসভবনও চূর্ণ করবে।১৯ বানরেরা বালক ও বৃদ্ধদের মেরে ফেলবে, সহর্ষে নাচবে তারা। ঐ শ্রেষ্ঠ রাক্ষস ছাড়া কে তাদের নিরোধ করবে?২০ আমার অত্যন্ত ক্রোধ এই ভেবে যে রাম সীতাকে কামনা করবে। সীতা ঐ রাজ্যভ্রষ্ট মানুষটির কাছ থেকে কোনো সুখ পাবে?২১ এই বিধ্বংসের কারণ সীতাকেই বধ করব, রাক্ষস দিয়ে খাওয়াব অথবা মাটিতে পুঁতে রাখব।২২ আমি জগতের লক্ষ্মীলাভ করতে চাইব না। বাঁচতেও চেষ্টা করব না। আমি স্বজনহীন ভবনে বিষয় ভোগ করব না।২৩ হে কুম্ভকর্ণ! তুমি ছাড়া আমি কার সুখে সুখী হব? কে বা আমার সুখে সুখী হবে? এখন কার জন্যে আর অন্যের সুখভোগ আমি ছিনিয়ে নেব?২৪ সুহৃদের বিপন্ন হওয়ায় যে সম্পদ আমার কাছে আসবে তা শোকে খণ্ডিত বলে অনুপভোগ্য। সেই সম্পদ কি বিপত্তিই হয়ে উঠবে না?২৫ 'সন্ধিতে অনিচ্ছুক তোমার পুরী অবিলম্বে বিনষ্ট হবে। বানরেরা দ্রুত এসে পড়বে।' বিভীষণ এই হিতকথা বলেছিল।২৬ মহারাজ অর্থব্যয়ে আমাদের পালন-পোষণ করেছেন, আমরা সন্ধির কথা বলব না, বরং যুদ্ধ করব।২৭ একথা বলেছিল প্রহস্ত। মানুষ পদাতিক হয়েও দিব্য অস্ত্র এবং রথ ব্যবহারে দুর্জয় রাক্ষসরাজকে সংগ্রামে অবতীর্ণ করাবে এ অসহ্য।২৮ অথবা, যুদ্ধের জন্যে প্রস্তুত হব, বলহীনের মতো কাঁদব না। আজ মাংসাশীরা (গৃধ্রাদি) তৃপ্ত হবে। পৃথিবী শত্রুরুধির পান করবে।২৯ সমস্ত যোদ্ধার যশ হরণ করব। কর্ণকৌশলে শত্রুদের অপসারিত করব। আজ পতিনাশে সীতাকে শোক অনুভব করাব।৩০ (রামের নিধনবার্তা শুনে) কুবের দুর্মনা হবে। যমরাজ সন্তুষ্ট হবে না। বনে বানরপত্নীরা পতিপুত্ররহিত হওয়ায় শোকার্ত হবে।৩১ (রামবধের পর) রাক্ষসেরা সুখে নিদ্রা যাবে এবং নির্ভয়ে ভ্রমণ করবে। রাক্ষসীরা কাঁদবে না এবং হর্ষিত হয়ে মানুষ খাবে।৩২ প্রাতঃকালে প্রথম মুহূর্তে আমি (রামকে বধ করে) অবশ্য সুখী হব। তারপর পরবর্তী সময়ে দ্বিতীয় মুহূর্তে দেবতা-সমেত ইন্দ্রকে জয় করবার জন্যে যাব। তারপর তৃতীয় মুহূর্তে ক্রোধ শান্ত হলে আবার লঙ্কায় ফিরে আসব।৩৩-৩৪

ইন্দ্রজিতের ভাষণ

মূঢ় রাবণ যখন এইসব বলছিলেন তখন 'আমি যুদ্ধ করতে চাই' এই বলতে বলতে শত্রুদের ভয়প্রদ ইন্দ্রজিৎ উপস্থিত হলেন।৩৫ 'হে মহারাজ! আপনার মনে নেই ইন্দ্ররক্ষিত দেববৃন্দে আকীর্ণ স্বর্গকে আমরা দুজনে জয় করেছিলাম[২]।৩৬ আপনার মনে নেই যে আমরা দুজন কুবেরের সঙ্গে যমরাজকে সবলে পরাজিত করেছিলাম এবং রত্ন আহরণ করে এই নগরীতে ফিরে এসেছিলাম।৩৭ এই আমি আবার শত্রুদের নিষ্পিষ্ট করব। হে রাবণ! আপনি শোক করবেন না, জগৎকে রামরহিত দেখবেন এবং (জয়গৌরবে) সমস্ত দিক ব্যাপ্ত করবেন।৩৮ আপনি অনুচরদের সঙ্গে আবার স্বর্গে আতঙ্ক সৃষ্টি করবেন, আজ ইন্দ্র আপনার কাছে 'আমি আপনার অনুগত' এই নিবেদন করবে। সে আপনাকে নমস্কার নিবেদন করবে।৩৯ মুনিরা আপনাকে ভয় পাবে। আপনি শত্রুদের অভিভূত করবেন; নিজেদের যারা বীর বলে মনে করে তারা সবাই আমাকে আজ যুদ্ধে জানবে।৪০ আজ আমি বীরম্মন্য শত্রুদের জানিয়ে যাব। আজ বানরদের ছিন্নদেহ পৃথিবীকে আচ্ছাদিত করব।৪১ এখন থেকে নিষ্ক্রান্ত হয়ে প্রলয়কালের মেঘরাশির পরস্পর ঘর্ষণের মতো গম্ভীর ধ্বনিতে যুক্ত উন্নত পতাকা আর ধনুতে শোভিত, এবং খড়্গের দীপ্তির মতো শোভমান রথে আরোহণ করব। আজ আপনি বিক্ষিপ্ত. ছিন্ন, বিমুখ এবং মৃত শত্রুতে পূর্ণ যুদ্ধক্ষেত্রে তৃপ্ত, রক্তে-লাল, এবং ভয়ঙ্কর-মুখ মাংসাসীদের (শৃগালাদির) চীৎকার শুনবেন।৪২

॥ ভট্টিকাব্যে 'রাবণবিলাপ' নামক ষোড়শ সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × সপ্তদশ সর্গ × × × × × × × × × × × × ×

ইন্দ্রজিতের যুদ্ধযাত্রা

তারপর (ইন্দ্রজিতের প্রতিজ্ঞার পর) যোদ্ধারা (উপদ্রব পরিহারের জন্যে) শান্তি (শান্তি অনুষ্ঠান) ইচ্ছা করল, স্নান করল, ব্রাহ্মণদের দিয়ে হোম ও স্বস্তিবান এবং মঙ্গলকর্ম করিয়ে নিল।১ তারা কুলজ্যেষ্ঠদের পূজা করল, বালকদের আলিঙ্গন করল, অনিষ্টের আশঙ্কায় অশ্রুমতী স্ত্রীদের আশ্বাস দিল এবং গৃহকর্মের নির্দেশ দিল।২ রাক্ষসেরা পরিচ্ছদ পরল, অঙ্গে অনুলেপন দিল, সুরাযুক্ত মাংস আহার করল, মহুয়া-ফুলের মধু পান করল, ইচ্ছানুসারে অন্যান্য ব্যঞ্জনাদি ভোজন করল।৩ (যোদ্ধারা) অভীষ্ট শস্ত্রে (খড়্গাদি আয়ুধে) ধার দিল, বর্ম পরিধান করল, (অশ্বাদি) সুবাহনে আরোহণ করল এবং শত্রুদের উদ্দেশে শাপ দিল।৪ তারা চতুরানন ব্রহ্মার পূজা দিল, (দানাদিতে) ব্রাহ্মণদের সৎকার করল, একে অন্যের স্তুতি করল। ইন্দ্রজিৎ দেহে অনুলেপন দিলেন এবং উত্তম বাহনে অভিলাষ জানালেন।৫ তিনি রত্নখচিত বর্ম পরিধান করলেন; উজ্জ্বল খড়্গ বাঁধলেন এবং ভয়ঙ্কর রথে আরোহণ করে সম্মুখে অগ্রসর হলেন।৬ বাদকেরা মহানাদ ভেরী বাজাল. শুভশঙ্খ ধ্বনিত করল মৃদঙ্গে ধ্বনি তুলল এবং অব্যক্ত মধুর পেরা (কোহলা যন্ত্র) মুখমারুতে পূর্ণ করল।৭ বন্দীরা স্তব করল, সৈনিকেরা পরস্পর সাংগ্রামিকদের নাম উচ্চারণ করল এবং সিংহনাদ করল। অশ্ব ও গজরাজিও উচ্চরব করল।৮

তারপর তারা অনেক দুর্লক্ষণ দেখল—সূর্যমণ্ডল বিদীর্ণ হলো, মেঘ রক্তবৃষ্টি করল, প্রচণ্ড বায়ুপ্রবাহ হলো।৯ তারা বাঁদিকে কৃষ্ণমৃগ দেখল। যোদ্ধারা শস্ত্র ভুলে গেল। ঘোড়া ও হাতি রক্তবমন করল, অকারণে ক্ষীণ ও ক্লান্ত হতে লাগল।১০ তারা (রাক্ষসেরা) এসব দুর্লক্ষণকে গ্রাহ্য না করে শত্রুর সম্মুখীন হলো। তীক্ষ্ণ তরবারি দিয়ে তারা শত্রুদের ছিন্ন করল এবং তোমর[১] দিয়ে বিদ্ধ করল।১১ চক্রধারায় তারা শত্রুদের ছিন্ন করল, শক্তি-অস্ত্রে অত্যন্ত পীড়িত করল, তীক্ষ্ণাগ্র বর্শা বিঁধিয়ে এবং তোমর প্রয়োগে তাদের নিধন করল।১২ বানরেরা গাছ ছুঁড়ল, পাহাড় ছুঁড়েও বহু রাক্ষস মারল। ক্রোধে মুষ্টির আঘাত করল এবং দাঁত দিয়ে দংশনও করল।১৩ (বানরো) হাঁটু দিয়ে তাদের দ্রুত পীড়িত করল, চাপড় মেরে এবং কনুই দিয়ে তাদের ব্যথা দিল এবং শত্রুনিক্ষিপ্ত নানারকম অস্ত্র তাদের উপরেই প্রয়োগ করল।১৪ ইন্দ্রজিৎ শত্রুদের হিংসা করলেন। তারা চারদিকে ঘুরতে ঘুরতে ভয়ঙ্কর শব্দ করতে লাগল। তিনি কাউকে পীড়িত করেন নি তা নয় (অর্থাৎ সবাইকেই বা অনেককেই পীড়িত করেছিলেন)।১৫ শত্রুরা শরসন্ধানকারী তাঁকে জানল না, ধনুর্ধর তাঁকে তারা দেখতেও পেল না। বাণ নিক্ষেপ করতে থাকলেও তাঁকে তারা (দেখতে) পেল না। শেষে শরবিদ্ধ হয়ে তারা তাঁকে জানল।১৬ (কিছু বানর) অন্য জায়গায় শব্দ শুনল। অন্য জায়গায় যারা ছিল তাদের কিছু পালিয়ে গেল। কেউ কেউ অন্য জায়গায় চিৎকার করতে লাগল। অন্য জায়গায় থেকেই কিছু বানরসেনা তাঁর হাতে নিহত হলো।১৭ তারা (ইন্দ্রজিতের) আঘাতে আহত হয়ে কেউ কেউ মাটিতে লুটিয়ে পড়ল, কেউ কেউ খণ্ডিত হলো, কেউ কেউ সারা গায়ে রক্ত ঝরাতে লাগল, কেউ কেউ পরিশ্রান্ত বা পিপাসার্ত হলো কেউ কেউ মরে গেল।১৮ (ইন্দ্রজিৎ ঐ সংহারমূর্তি ধারণ করলে) লক্ষ্মণ বিচলিত হয়ে সমস্ত রাক্ষসদের নিধনের জন্যে ব্রহ্মাস্ত্রকে আহ্বান করতে চাইলেন। রঘুনন্দন (রাম) তাঁকে নিবৃত্ত করলেন।১৯

তারপর দেখা গেল ইন্দ্রজিৎ আকাশগত হয়ে ছায়ানির্মিতা সীতাকে খড়্গাঘাতে বধ করছেন। হনুমান তাঁকে বলল—হে রাক্ষস! এই সীতা পতির কাছ থেকে বিচ্ছিন্ন হয়েছেন। ইনি তোমাদের কাছে কোন অপরাধ করেন নি। হে ক্রূর শয়তান! দুঃখিতা এঁকে তুমি নিগ্রহ কোরো না।২০-২১ শত্রুদের যা দুঃখজনক সেই কাজই তো করা উচিত—এই বলে ইন্দ্রজিৎ তরবারি টেনে মায়ানির্মিত সীতার শিরশ্ছেদ করলেন।২২ 'যে সীতার জন্যে আমরা শত্রুদের সঙ্গে সংগ্রাম করলাম এবং সমুদ্র পার হলাম তিনি নিহত হলেন' -একথা বলতে বলতে হনুমান রামের কাছে গেলেন।২৩

ইন্দ্রজিতের পতন

তারপর বীর রাঘবেরা (রাম ও লক্ষ্মণ) মোহগ্রস্ত হয়ে চেঁচিয়ে উঠলেন, দীর্ঘ ও উষ্ণশ্বাস নিতে লাগলেন এবং উচ্চস্বরে (সীতাকে) ডাকতে লাগলেন।২৪ পৌলস্ত্য[২] (বিভীষণ) তাঁদের দুজনকে বললেন, আপনারা কাঁদবেন না। সেই পাপী নিশ্চয় আমাদের মায়ায় মোহিত করে নিকুম্ভিলায় গিয়েছে।২৫ আপনারা বিলম্ব করবেন না। তত্রস্থ (নিকুম্ভিলায় অবস্থিত) ইন্দ্রজিৎ যে পর্যন্ত অগ্নিকার্য না করছেন এবং ব্রহ্মশিরা নামে দুঃসহ অস্ত্র আর রথ না পাচ্ছেন সেই সময়ের মধ্যে তাকে বধ করা সম্ভব।২৬ সেই কর্ম (যজ্ঞ) সমাপ্ত না হওয়া পর্যন্ত ব্রহ্মা তার বধবিধান করেছেন। (একথা

শুনে) রাম, লক্ষ্মণের এবং সুগ্রীবাদি যূথপতিদের (ইন্দ্রজিৎ-বধের উদ্দেশ্যে গমনে) আজ্ঞা দিলেন ।২৭

তারপর বিভীষণসহ তাঁরা অত্যন্ত প্রীত হয়ে রামের আজ্ঞা গ্রহণ করলেন, এবং নিকুম্ভিলা রওনা হলেন। তখন দিক্‌পাল রাক্ষসেরা তাদের বাধা দিল। সেখানে দুপক্ষের সেনারা প্রচণ্ড যুদ্ধ করল। রাক্ষসদের পরাজিত করে বিভীষণ ও লক্ষ্মণ দ্রুত সেখানে এলেন ।২৮-২৯ সেখানে বিভীষণ, লক্ষ্মণ ও ইন্দ্রজিৎকে দেখলেন তিনি হোমাগ্নি প্রস্তুত করে সমাহিত চিত্তে অবস্থান করছেন। উত্তম মন্ত্রের আবৃত্তি করে ইন্দ্রজিৎ অগ্নিতে আহুতি দিলেন ।৩০ ইন্দ্রজিৎ ব্রহ্মের ধ্যানে নিমগ্ন ছিলেন, তিনি সমাধি থেকে বিচলিত হলেন না। লক্ষ্মণ তাঁকে রণে আহ্বান করলেন এবং ভীষণ গর্জন করলেন ।৩১ ইন্দ্রজিৎ ক্রুদ্ধ হয়ে পিতৃব্যকে বললেন—আপনি এখানে (এই রাক্ষসকুলে) জন্মেছেন এবং এখানেই আপনার দেহ সুরমাংসে পুষ্টিলাভ করেছে ।৩২ আপনি এখানেই জীবন ধারণ করেছেন। আপনি এখানেই ক্রুর কর্ম কেন আরম্ভ করেছেন? ভিজে হাতটাও আপনি দেখলেন না, বন্ধুত্বের অপেক্ষাও করলেন না[৩] ।৩৩ আপনি অধর্ম থেকেও ভয় পেলেন না, লোকাপবাদ থেকেও ভয় পেলেন না। হে পুণ্যোচ্ছেদক! একথা আপনার নিশ্চয় জানা নেই বা শোনা নেই যে লোকে স্বজন ত্যাগ করে অবশ্যই লঘু হয়। তারপর পিতৃব্য (বিভীষণ) ইন্দ্রজিৎকে বললেন—৩৪-৩৫ মিথ্যা ব্যতিক্রম (গুরুজনের অমর্যাদা) কোরো না। তুমি আমার আচরণ বোঝ নি। আমি সত্যিই এই পাপ রাক্ষসবংশে জন্মেছি, কিন্তু তোমার পিতার স্বভাব যেমন হয়েছে আমার তেমন হয়নি। ক্ষতিকর দোষ থেকে আমি তাঁকে বিরত হতে বললেও রাবণ তাতেই আসক্ত হয়েছেন ।৩৬-৩৭ আমি এই জন্যেই তাঁকে ত্যাগ করেছি, বিদ্বেষবশত নয়। দশানন অন্যকে দিয়ে পরধন গ্রহণ করিয়েছেন এবং পরকীয় পত্নীদের স্পর্শ করেছেন ।৩৮ তিনি দেবতাদের সঙ্গে সর্বদা বিগ্রহ করতে চেয়েছেন। গুণীদের হিতকথায় কান দেন নি, সুহৃদ্ ও আত্মীয়দের সন্দেহ করেছেন, অপণ্ডিতদের বহু সম্মান দিয়েছেন ।৩৯

এই সব দোষেই তোমার পিতার অনুরাগ। এই জন্যে আমি তাঁগে ত্যাগ করেছি! একথা শুনে ইন্দ্রজিৎ রুষ্ট হয়ে গর্জন করতে লাগলেন। তিনি চল্লিশটি বাণে বিভীষণকে এবং একশটি বাণে লক্ষ্মণকে আঘাত করলেন। লক্ষ্মণ তাঁর চারটি ঘোড়াকে বধ করলেন ।৪০-৪১ ইন্দ্রজিতের সারথিকে কেটে ফেললেন তিনি এবং বাণাঘাতে তাঁর রথটিকেও ভাঙলেন। তখন ইন্দ্রজিৎ লক্ষ্মণের চারদিকে বাণে আচ্ছন্ন করে দিলেন ।৪২ লক্ষ্মণ আর ইন্দ্রজিৎ নিজেদের শক্তিকে বৃদ্ধি করলেন এবং বার বার পরস্পর বাণ নিক্ষেপ করলেন। লক্ষ্মণ বরুণবাণ নিক্ষেপ করলেন, ইন্দ্রজিৎ রুদ্রবাণ ছুঁড়লেন ।৪৩ এই দুইটি শস্ত্র পরস্পরকে পেয়ে বিনষ্ট হলো! তারপর রাক্ষস (ইন্দ্রজিৎ) ঘোর আসুর অস্ত্র নিক্ষেপ করলেন ।৪৪ সেই অস্ত্র থেকে প্রচুর পাথর, শূল, তরবারি এবং মুদ্গর খসে পড়ল। লক্ষ্মণ মাহেশ্বর অস্ত্র প্রয়োগে দুর্জয় তাকে রোধ করলেন ।৪৫ তারপর লক্ষ্মণ রৌদ্র অস্ত্রে যুক্ত মাহেন্দ্র অস্ত্রকে স্মরণ করলেন। সেই ঘোর অস্ত্র এল এবং শত্রুর শিরশ্ছেদ করল ।৪৬

এতে সমস্ত দেবতা সন্তুষ্ট হলেন। বানরসেনার অধিপতিরা প্রসন্ন হলো। রামচন্দ্র লক্ষ্মণকে আলিঙ্গন করলেন এবং তাঁর মস্তকাঘ্রাণ করলেন ।৪৭ রাক্ষসসেনারা কাঁদতে লাগল। রাক্ষসপতিও কাঁদতে লাগলেন। তিনি সীতাকে গালি দিতে লাগলেন এবং

শোকপীড়িত হয়ে তাঁকে বধ করতে উদ্যত হলেন।৪৮ অন্যান্য বিশ্বস্ত রাক্ষসেরা 'স্ত্রী হত্যা অনুচিত' একথা বলে রাবণকে নিবৃত্ত করল এবং তার পথরোধ করে দাঁড়াল। বন্ধুজনেরা তাঁর শোককে দূর করল।৪৯ রাবণের বীরত্ব বৃদ্ধি পেল এবং তাঁর ক্রোধও হলো বিস্তীর্ণ। তিনি সমগ্র সেনাকে যুদ্ধের ইচ্ছায় যুক্ত করলেন (অনুপ্রাণিত করলেন)।৫০ রাক্ষসেরা ভীত হয়ে অগ্নিতে আহুতি দিল। মহাদেবের পূজা করল আর শান্তির (বিঘ্ননাশের) জন্যে ব্রাহ্মণদের প্রসন্ন করল।৫১ ঘৃতগন্ধি মনোরম বায়ু চারদিকে বইতে লাগল। পুণ্যাহশব্দযুক্ত সমুদ্গত স্বস্তিবাচন শোনা যেতে লাগল[৪]।৫২ যোদ্ধারা শান্তির জন্যে খে-জল মাথায় ধারণ করল। রত্ন এবং গাভী ব্রাহ্মণদের দিল। তারপর তাঁদের আশীর্বাদ চাইল।৫৩ তারা শ্বেতচন্দনে দেহ লিপ্ত করল, বিচিত্র বস্ত্র পরিধান করল এবং সুন্দর মাল্য ধারণ করল। কেউ কেউ দ্রুত বর্ম ধারণ করল।৫৪ যোদ্ধারা অস্ত্রে ধার দিল, খড়্গগুলোকে পরিষ্কার করল, গজ প্রভৃতি বাহনে আরোহণ করল এবং অবিলম্বে যাত্রা করল।৫৫ একত্র সমাবেশ থেকে উদ্ভূত শব্দ আকাশকে ব্যাপ্ত করল! তুমুল তূর্যনাদে দিঙ্মণ্ডল পূর্ণ হলো।৫৬ দ্বারে রথ, ঘোড়া, হাতি আর রাক্ষসদের প্রচণ্ড ভিড় হলো। ভয়ঙ্কর অশুভলক্ষণ দেখা গেল।৫৭ রাবণ নির্গত হলে বানরেরা ভয় পেল। তারা বড় বড় গাছ ভেঙে নিল, দ্রুত পাহাড় উৎখাত করল এবং বড় বড় পাথর নিল।৫৮

তারপর যুদ্ধ হলো, বানর আর রাক্ষস (পরস্পর) প্রহার করতে লাগল। বানর রাক্ষসের কাছে এবং রাক্ষস বানরের কাছে পরাভূত হতে থাকল এবং তারা পরস্পর প্রহার সহ্য করতে লাগল।৫৯ মাটি-থেকে-ওঠা ধুলো বেড়ে গেল। সে ধুলো চারদিক ব্যাপ্ত করল আর বানর আর রাক্ষসদের 'এ আপন এ পর' এই বোধ দূর করে দিল।৬০ তারপর অন্ধকারে রণক্ষেত্রে রাক্ষসেরা আপনজন এবং পরজনের (বানরাদির) উপর ক্রোধ করতে লাগল। এইভাবে বানরেরাও নির্দয় হয়ে বানর এবং রাক্ষসদের উপর ক্রোধ করতে লাগল।৬১ তারপর তারা মহাঘোর শব্দ করতে লাগল, রক্ত ঝরতে লাগল। ঐ রক্তে চারিদিকে রক্তকর্দমের সৃষ্টি হলো।৬২ ঐ রক্তে গভীর নদী বইতে লাগল। ঐ রক্তে হ্রদেরও সৃষ্টি হলো। এতে বেড়ে ওঠা ধুলো শান্ত হলো, শত্রুদেরও পরস্পরকে চেনা সম্ভব হলো।৬৩ তারপর রাম অস্ত্ররাজির প্রয়োগে বিস্ময়কর নৈপুণ্য দেখালেন, প্রকাণ্ড একটি ধনুকও তিনি কম্পিত করলেন। তাঁর শরসন্ধান আপন পর (বানর বা রাক্ষস) কেউ-ই বুঝে উঠতে পারল না।৬৪ (বনভূমিতে স্থির সবাই) রামের বাণে ছিন্নভিন্ন পুরুষদের দেখল, 'হা হা' এই বিলাপগুলি শুনল কিন্তু রামই যে এসব করছেন তা তারা ধরতে পারল না।৬৫ রাম শত্রুদের বিদীর্ণ করলেন, ঘোড়া ও হাতিদের বিচূর্ণ করলেন, রথগুলো পিষ্ট করলেন, কিন্তু এইভাবে সঞ্চরণ করেও তাঁকে আপন-পর কেউ-ই জানতে পারল না।৬৬

রাবণ বধ

ধনুর্ধারী রাম দিনের অষ্টমভাগে (অর্ধপ্রহরে) দশ হাজার হাতি, চৌদ্দ হাজার মহামনা রথী এবং অশ্বসমেত অশ্বারোহী এবং দুই লক্ষ পদাতিক সৈন্য বিনষ্ট করলেন।৬৭-৬৮ রাম নিহত বড় বড় রাক্ষসে রণভূমিকে যেন যমালয়ে পরিণত করলেন, শ্মশানের মতো করে তুললেন এবং যেন পর্বতে আচ্ছন্ন করে দিলেন।৬৯ দেবতা ও গন্ধর্বেরা তাঁর

স্তুতি করল। বানরেরা বিস্মিত হলো। সুগ্রীবের প্রীতি বিস্তৃত হলো। বিভীষণও তাঁর নৈপুণ্যকে অদ্ভুত বলে মানলেন।৭০ রাক্ষসীরা উচ্চস্বরে কাঁদতে লাগল এবং রাবণের নিন্দা করতে লাগল। বালক ও বৃদ্ধ সংজ্ঞা হারাল। আর সবাই চেঁচাতে লাগল।৭১ 'রাবণ দেবাদি সকলের কাছে অভয় (বর) পেয়েছেন কিন্তু মানুষের কাছ থেকে অভয় তিনি চান নি। সেই ত্রুটিযুক্ত উক্তির ফল এখন এসে পড়েছে।' কেউ কেউ একথাও বলল।৭২ তারপর রাবণ অতি ভয়ঙ্কর রথে চড়ে ধাবিত হলেন। ঐ সময় পৃথিবী কেঁপে উঠল এবং ভয়ঙ্কর শকুন ঘুরতে লাগল।৭৩ সবিদ্যুৎ মেঘেরা যতটা বর্ষণে কাপড় ভেজে ততটা রক্ত বর্ষণ করল। ভয়ংকর বায়ু বইতে লাগল এবং অলক্ষুণে শিয়াল ডাকতে লাগল।৭৪ রাবণ অলক্ষণগুলো গ্রাহ্য না করে রণক্ষেত্রে কেবল ঘুরে বেড়াতে লাগলেন। তিনি ধনুক কম্পিত করলেন এবং অস্ত্ররাশিতে শত্রুদের সম্পূর্ণ আহত করে দিলেন।৭৫ তারপর সুগ্রীবনিক্ষিপ্ত পর্বতরাজি শত্রুদের বিনষ্ট করল। সুগ্রীবনিপীড়িত নরমাংসভুক রাক্ষসদের সেনা চিৎকার করতে লাগল, গ্লানিগ্রস্ত হল, মাটিতে পড়ে গেল, রক্ত ঝরাতে লাগল, জল চাইল এবং অবসন্ন হয়ে শুয়ে পড়ল।৭৬-৭৭ এবারে বিরূপাক্ষ (ঐ নামের রাক্ষস) যুদ্ধে মত্ত হাতিতে চড়ে ঘুরতে লাগল। সুগ্রীব মুষ্টির আঘাতে তার মাথা ফাটিয়ে দিলেন।৭৮

তারপর তিনি যূপাক্ষকে (ঐ নামের রাক্ষসকে) পাথরের আঘাতে চূর্ণ করলেন। অঙ্গদ কুপিত হয়ে মহোদর (রাক্ষস)-কে মুষ্টির আঘাতে একেবারে মেরেই ফেললেন।৭৯ তখন রাবণ ক্রুদ্ধ হয়ে বানরদের প্রাণ আহরণ করে রাক্ষসদের রক্ষা করলেন আর শত্রুদের নানা দিকে বিতাড়িত করলেন।৮০ রাবণ রামকে দেখলেন। তিনি দৃঢ়তা নিয়ে দাঁড়ালেন, ভয়ংকর শব্দ করলেন এবং ভয়ংকর ধনুক ঘুরিয়ে শত্রুদের ভীত করে তুললেন।৮১ জয়শীল রাবণ লক্ষ্মণকে বাণাঘাতে পীড়িত করে তাঁকে শীঘ্রই অতিক্রম করে গেলেন। রামচন্দ্রের সামনে এসে তিনি বাণবর্ষণে তাঁকে আহত করলেন।৮২ রাম বিচলিত না হয়ে সেই বাণবৃষ্টিকে 'ভল্ল' বাণে অপসারিত করলেন এবং সর্পতুল্য বাণে রাবণকে প্রত্যাহত করলেন।৮৩ দুই বীর বিচিত্রভাবে চক্রাকারে ঘুরতে লাগলেন। একে অন্যের অস্ত্রকে প্রতিরোধ করতে লাগলেন। জগৎকে বিস্মিত করলেন তাঁরা কিন্তু খিন্ন হলেন না কেউ।৮৪ তাঁরা বাণে আকাশ আচ্ছন্ন করে দিলেন। নিজেদের গতিতে পৃথিবীকে কম্পিত করলেন। দ্রুত একে অন্যকে বিদীর্ণ করলেন এবং অস্ত্র প্রয়োগের শিক্ষা বারবার প্রকটিত করলেন।৮৫ ক্রূরবিক্রম রাক্ষস (রাবণ) অসুর-অস্ত্র ধারণ করলেন। ঐ অস্ত্র ভীষণ বড় বড় সাপ এবং সিংহকে সৃষ্টি করল।৮৬ রাম ঐ অস্ত্র পাবকাস্ত্রে প্রতিরোধ করলেন। তখন রাবণ অতি ভয়ংকর রৌদ্র অস্ত্র নিক্ষেপ করলেন। ঐ অস্ত্র থেকে মুশলাদি অনেক অস্ত্র নির্গত হলো।৮৭ রামচন্দ্র রাবণের প্রেরিত ঐ রৌদ্রাস্ত্র গান্ধর্বাস্ত্রে নিবারিত করলেন। তখন রাবণ তীক্ষ্ণ বাণে রামের সমুদয় মর্মস্থানকে পূর্ণ করলেন।৮৮ তখন লক্ষ্মণ অগ্রভাগে ত্রিশূলচিহ্নযুক্ত রাবণের ধ্বজাটিকে ছিন্ন করলেন। রাবণের সারথিকে বধ করলেন এবং অজস্র শরে রাবণকেও সেই মুহূর্তেই পীড়িত করলেন।৮৯ বিভীষণ রাবণের ঘোড়াকে মেরে ফেললেন, রথকেও দ্রুত ভেঙে দিলেন। রাবণ ক্ষুব্ধ হলেন না। তিনি ভাইকে মারবার জন্যে গুরুতর শক্তি-শেল উদ্যত করলেন।৯০

ঐ শক্তি-অস্ত্র বিভীষণের উপর এসে পড়ার আগেই লক্ষ্মণ তাকে বাণে বাণে তিন

টুকরো করে দিলেন। এই কৃতিত্ব যারা দেখল তারা (সপ্রশংস) শব্দ করতে লাগল। তখন রাবণ ক্রুদ্ধ হয়ে আটটি ঘণ্টাযুক্ত মহাশক্তি-শেল অস্ত্র তুললেন। ঐ অস্ত্রে লক্ষ্মণকে বিদ্ধ করলেন। রামানুজ লক্ষ্মণ নিষ্প্রাণ হয়ে মাটিতে পড়ে গেলেন।৯১-৯২ তখন রামের বাণ দ্রুতগতি হয়ে গেল। এরপর ঐ বাণে পীড়িত হয়ে রাবণ যুদ্ধক্ষেত্র ছেড়ে চলে গেলেন।৯৩ অগ্রজ (রাম) অন্তঃপ্রাণ লক্ষ্মণের (হৃদয়) থেকে শক্তিশেল উন্মূলিত করলেন। হনুমান যা বয়ে এনেছিল সেই ওষধি তিনি লক্ষ্মণে ক্ষতস্থানে লেপন করে দিলেন।৯৪ লক্ষ্মণ উজ্জীবিত হলেন। ভাই (রাম) তাঁকে গাঢ়ভাবে আলিঙ্গন করলেন। যথারীতি মস্তকাঘ্রাণ করলেন এবং কুশল প্রশ্ন করলেন।৯৫ তখন সকলে আনন্দিত হয়ে উঠল, শত্রুদের সঙ্গে যুদ্ধ করতে অভিধাবিত হল।

রাবণ অন্য রথে এসে শত্রুদের সম্মুখীন হলেন এবং তাদের বধ করতে প্রবৃত্ত হলেন।৯৬ ভূমিস্থিত রামের রথস্থিত রাবণের সঙ্গে যুদ্ধ অনুচিত মনে করে ইন্দ্রের আজ্ঞায় মাতলি অতি ভয়ংকর এবং অস্ত্রমণ্ডিত এক রথ নিয়ে এলেন।৯৭ রাম মাতলির আনা রথে আরোহণ করলেন। তখন রাবণ পাশুপত অস্ত্র নিক্ষেপ করলেন। রাম ঐ অস্ত্রকে ইন্দ্রাস্ত্র প্রয়োগে পরাস্ত করলেন।৯৮ তখন রাম লক্ষ বাণে রাবণকে আচ্ছন্ন করে ফেললেন। তার রথের ঘোড়াকে বধ করলেন এবং সারথিকেও দ্রুত পীড়িত করলেন।৯৯ (রাবণের সম্মুখে) দুর্লক্ষণ দেখা গেল! ভূমণ্ডল আন্দোলিত হতে লাগল। রাবণ ব্রহ্মার দেওয়া শূল নিক্ষেপ করলেন। তাকে নিষ্ক্রিয় করার জন্যে রাজা (রাম) ইন্দ্রের শক্তি নিক্ষেপ করলেন।১০০ শূল আর শক্তি পরস্পর মিলে বিনষ্ট হলো। ক্রুদ্ধ হয়ে রাবণ লক্ষবাণে রামের বক্ষ আচ্ছাদিত করে দিলেন। তখন রাম বাণে বাণে অদ্ভুত খেলা খেললেন। রাবণ মূর্ছিত হলেন। তখন সারথি তাঁকে রক্ষা করার জন্যে রথকে যুদ্ধভূমি থেকে দূরে নিয়ে গেল।১০১-১০২

রাক্ষস (রাবণ) সারথিকে ভর্ৎসনা করলেন এবং রথকে যুদ্ধভূমিতে আনলেন। (রাম ও রাবণ) দুজনেই বাণ নিক্ষেপ করলেন। দুজনেই একে অন্যের ঘোড়াকে বিদ্ধ করলেন।১০৩ (রাম, রাবণ) দুজনেই একে অন্যের ধ্বজা ছিন্ন করলেন। দুজনের কেউ-ই পীড়িত বা বিচলিত হলেন না। দুজনেই শোভিত হলেন এবং ধর্ষণশীল হয়েও যুদ্ধকৌশল প্রয়োগ করতে লাগলেন।১০৪ দুজনেই কপট প্রয়োগ বিস্তার করলেন। দুই বীরের কেউ শ্রান্ত হলেন না। দুজনেই বিচিত্র মণ্ডল প্রদর্শন করে ঘুরতে লাগলেন।১০৫ মণ্ডলাচারের বেগে দুজনকে দেখাই গেল না! দুজনে একে অন্যের সারথির উপর আঘাত হানলেন। উজ্জ্বল অশ্বমণ্ডিত দুজনের রথ পরস্পর সম্পৃক্ত হলো।১০৬ তারপর যুদ্ধে রাবণ মায়াময় মুণ্ড বিস্তার করলেন। রাম এক-শো-একটি মস্তক বাণাঘাতে বিচ্ছিন্ন করলেন।১০৭ রাবণের খসে-পড়া মুণ্ডের ভারে সমুদ্র সঞ্চালিত হলো, পাহাড় কাঁপতে লাগল। ইন্দ্র ত্রস্ত এবং মুগ্ধ হলেন। ক্ষুভিতা পৃথিবীও মুগ্ধ হলেন।১০৮ ব্রহ্মা রাবণের বধের জন্যে ভয়ঙ্কর যে সব অস্ত্র রচনা করেছিলেন মাতলি রামকে সেই সব অস্ত্রের কথা স্মরণ করিয়ে দিলেন।১০৯ যে অস্ত্রের পক্ষে বায়ু, শল্যে সূর্য আর অগ্নি বিদ্যমান, যার গুরুত্ব সুমেরু পর্বতের মতো, যার আকাশময় (সূক্ষ্ম) ও অতীন্দ্রিয়, গরুড়ের পক্ষে শোভিত, বিশ্বের যাবতীয় তেজে তেজোময়। স্মরণমাত্র অতি ভয়ংকর সেই অস্ত্র রাবণকে বিদীর্ণ করে তাঁকে ভূমিতে শায়িত করল।১১০-১১১ বানরদের মুখে হাসি ফুটে উঠল। দেবতারা শত্রুজয়ী

রামচন্দ্রের স্তুতি করলেন। ইন্দ্রাদি দিক্‌পালদের যার-যার দিক নিরুপদ্রব হলো। ভ্রাতৃবিয়োগে বিভীষণ শোকার্ত হলেন।১১২

॥ ভট্টিকাব্যে 'রাবণবধ' নামক সপ্তদশ সর্গ সমাপ্ত ॥

××××××××××××× অষ্টাদশ সর্গ ×××××××××××××

বিভীষণের বিলাপ

তারপর সহোদরসম্বন্ধজনিত শোক বিভীষণকে ব্যাপ্ত করল। তিনি রাবণকে উদ্দেশ্য করে উচ্চস্বরে বিলাপ করতে লাগলেন।১ মহার্ঘশয়নে যিনি অভ্যস্ত সেই রাবণ কিনা ভূমিতে শায়িত! বিহ্বল আমাকে তিনি দেখছেন না, প্রত্যুত্তরও দিচ্ছেন না।২ হে দশানন, আমি এই পরিণাম আগে থেকেই জেনেছিলাম। এই জন্যেই আপনাকে হিতবচন বলেছিলাম। আপনি ক্রোধ ত্যাগ করছেন না কেন?৩ যারা অহংকারে হিতোপদেষ্টার মতে চলে না, বিপদ তাদের দ্রুত আশ্রয় করে এবং সম্পদ তাদের অতিক্রম করে[১]।৪ সেবকেরা উত্তরকালে অনিষ্টকর প্রিয় উপদেশ দেয়! যে প্রভু সেই প্রিয়বচন শোনে, সম্পদ কখনও তার কাছে যায় না।৫ প্রাজ্ঞ এবং তেজস্বী লোকেরা ঠিক ঠিক দেখেন এবং বলেন। হে মহারাজ! অবজ্ঞাত হলে তারা দুঃখ পায় এবং উদাসীন হয়ে পড়ে।৬ যে রাজা) ওষুধের মতো কটু হলেও পথ্য লেহন করে (অর্থাৎ হিতকথা শোনে) এবং এজন্যে বন্ধুকে সেবা করে সে কখনও কষ্ট পায় না।৭ বৃদ্ধি (উন্নতি) হলে সবারই অহংকার হয়, (যার এই অহংকার হয়) সে নিজের মঙ্গল থেকেও বিচ্যুত হয়। অপথ্য সেবনও সে করে যার ফলে মানুষ নষ্ট হয়ে যায়।৮ যে কারণে প্রায়ই সে গুণিজনের দ্বেষ করে, কাউকে স্নেহ করে না, মহতের সঙ্গে শত্রুতা করে এবং বুদ্ধিমান হয়েও বিনষ্ট হয়।৯ যে-আমার ত্রিলোকেশ্বর সহোদর রাবণ ভূমিতে শুয়ে আছেন, দুর্গত সেই আমি কোন্ উপায়ে নিজে আশ্বস্ত হব, আর কেমন করে প্রাণধারণ করব?১০ আশ্চর্য! দুঃখোৎপাদনে দৈব জেগে থাকে। তাই আমায় ইন্দ্রজয়ী স্বজনেরা ভূমিতে লুণ্ঠিত, ক্লান্ত ও নিদ্রামগ্ন।১১ রাবণের সপিণ্ড মাংস শৃগাল টানাটানি করছে, ভূমি তার রক্ত পান করছে আর (অন্ত্রাদি) আমিষ খাচ্ছে পাখিরা।১২ যে ইন্দ্রজিৎ মহাযুদ্ধে ইন্দ্রের মাথায় ছিল, দৈবক্রমে সেই ইন্দ্রজিতের মাথায় এখন বসেছে কাক।১৩ আহারের পর রাহু গ্রস্ত-সূর্যকে আবার উদ্গিরণ করে দেয়, কিন্তু রাম যাকে অভিভূত করেন সে আর পুনর্বৃদ্ধি পায় না।১৪

হে রাজন্! আপনি রামচন্দ্রের পরাক্রম না জেনে নিজের পরাক্রমের প্রশংসা করেছিলেন, সীতাকে ফিরিয়ে দিতে চাইলেন না, শব্দস্পর্শাদি বিষয়কেও জয় করলেন না।১৫ মন্ত্রণাকালে কখনও কখনও অজ্ঞেরাও মন্ত্রণা দেয়, আপনি সেই মন্ত্রণাই অনুমোদন করলেন। আপনি নিজের মঙ্গল কিসে তা বুঝলেন না কেন?১৬ মন্ত্রণা-কালে মাতামহ মাল্যবান নিজের থেকে আপনাকে হিতকথা বলেছিলেন। হে রাবণ! তখন মোহবশতঃ আপনি 'আমি তা করব না' একথা বললেন।১৭ হে মহারাজ! বিভীষণ যে কথা বলল, আপনি সে-কথা বুঝলেন না। ক্রুদ্ধ হয়ে আপনি সভা থেকে আমাকে বহিষ্কার করলেন।১৮ এখন ইন্দ্র যজ্ঞগুলিতে নিঃশঙ্ক হয়ে আহুত ঘৃত পান

করবেন, বায়ুদেব ইচ্ছামতো প্রবাহিত হবেন, সূর্যও ইচ্ছামতো উদিত হবেন।১৯ এখন যক্ষেরা আর্থিক আধিপত্য লাভ করবেন। যমরাজ রাক্ষসদের বশীভূত করবে। বরুণ পাশবিস্তার করবেন। চন্দ্র (ইচ্ছামতো কলাবিস্তার করে) উদিত হবে[২]।২০ ঋতুরা একসঙ্গে আর রইবে না। মুনিরা নির্ভয়ে তপস্যা করবেন। দেবতারা (আগের মতো) আপনার আত্মীয়দের পূজা ও সেবা করবেন না।২১ লঙ্কার লক্ষ্মী ক্রুদ্ধা হবেন। সম্পদরাজি বিরূপ হবে। আপনার মৃত্যুতে কোন্ বিষয়ে যে বৈপরীত্য দেখা দেবে না তা আমি ভেবে পাচ্ছি না।২২ ইন্দ্র শচীকে আলিঙ্গন করবেন। বিষ্ণু লক্ষ্মীকে নিজের অধীনে রক্ষা করবেন[৩]। বন্দিনী দেবপত্নীরা (মুক্তিলাভ করে) আনন্দিতা হবে, মেঘোদয়ও এখন বিচিত্ররূপে দেখা যাবে।২৩

দেবতারা ক্রুদ্ধ হয়ে অস্ত্রধারণ করবেন, যুদ্ধ করতে চাইবেন এবং (রণসজ্জায়) শোভিত হবেন এবং রাক্ষসদের রন্ধ্রে (দুর্বলতারক্ষেত্রগুলিতে) সজাগ থাকবেন।২৪ (দেবতারা) লঙ্কার সম্মুখে স্বচ্ছন্দে ভ্রমণ করবেন, আমাদেরও লঙ্ঘন করবেন, নিজেদের শক্তি বৃদ্ধি করবেন এবং আমাদের কীর্তিকেও খর্ব করে দেবেন।২৫ তাঁরা দৃপ্তভাবে দিঙ্মণ্ডল ব্যাপ্ত করবেন, আপনারা যে মর্যাদায় প্রতিষ্ঠিত ছিলেন তা তাঁরা লঙ্ঘন করবেন নিজেরা ক্ষুদ্র হলেও আপনাকে বিপন্ন দেখে হাসবেন এবং আমাদেরকে ক্ষোদিত করবেন।২৬ বায়ু শান্ত হয়ে চারদিকে জগৎকে পবিত্র করছে। হে মহারাজ! আপনি প্রশান্ত হয়ে আবার কেন উজ্জীবিত হচ্ছেন না?২৭ আপনার বিচ্ছেদে শোক আমার চিত্তকে আচ্ছন্ন করছে, আমার প্রাণ যেন স্তিমিত হয়ে আসছে। দুঃখ আলোককে অপসারিত করছে। আপনাকে হারিয়ে আমি বলহীন হয়ে পড়ছি।২৮ আপনি ছাড়া (অমন) স্বজনবৎসল আর কেউ নেই। একথা কে না জানে? সেই স্থান আজ শূন্য হলো বলে আমি অশ্রুপাত করছ। আমি শোকোদ্গম কেমন করে দূর করব?২৯ আপনার মতো আত্মীয় থেকে বিযুক্ত হয়ে অনাথ নিজের জন্যেই বিলাপ করছি। আপনার উপকারের পরিমাণ আমি জানি না, (অর্থাৎ আপনার উপকারের পরিমাণ এত অধিক যে তা অবধারণ করা আমার পক্ষে সম্ভব নয়)।৩০ হে দশানন! এখন ইন্দ্র বা কুবের আর ভয় পাচ্ছে না, দীনতাও পাচ্ছে না। দৃপ্ত হয়ে তারা গর্ব ত্যাগ করছে। (দুশ্চিন্তায়) তারা আর না, পীড়িত হচ্ছে না।৩১ আপনার বিচ্ছেদে এখন আমরা রাজকার্য করব, জীবন ধারণের বৃদ্ধি করব। কৃতঘ্ন তৃষ্ণাকে ধিক্।৩২ আপনি কথা বলছেন না, তাই এ দেহ আর রাখব না। আপনার গুণ স্মরণ করা মাত্র আমার শোক বিস্তারিত হচ্ছে।৩৩ নিজের মালা খুলে আর কে আমাকে হেসে পরিয়ে দেবেন? আর কে আমার আসন নিজের কাছে টেনে নেবেন। আর কে আমাকে প্রিয় কথা বলবেন?৩৪ আমি যতদিন বাঁচব লঙ্কায় আর যাব না। আপনাকে না দেখতে পেলে, আমার আনন্দ হবে কোন্ কালে?৩৫ স্বজনেরা বিনষ্ট হওয়ায় বিহ্বল হয়ে আমি মুহূর্তে প্রাণ ত্যাগ করব। আমি মন্ত্রণার সময় যা বলেছিলাম আপনার মঙ্গলের দিকে তাকিয়েই বলেছিলাম, আপনার অপ্রিয় কিছু আমি করি নি।৩৬

যুদ্ধে 'রাম রাবণকে বধ করেছেন' শুনে অন্তঃপুরের রমণীরা এবং লঙ্কার নাগরিকেরা অত্যন্ত দুঃখিত হয়ে তাঁর কাছে এল।৩৭ (অন্তঃপুরের নারীরা) কেশ ছিন্ন করতে লাগল। অত্যন্ত বিহ্বল হয়ে বিলাপ করতে লাগল এবং অত্যন্ত শোকার্ত

হয়ে পিতৃকৃত উপকার বারবার স্মরণ করতে লাগল ।৩৮ নাগরিকেরা অশ্রুসিক্ত নয়নে রাবণকে নমস্কার করতে লাগল এবং কাঁদতে লাগল। তখন রাম আকুল বিভীষণকে বললেন—যে রাবণ দানশীল এবং শত্রু শিরে বিরাজমান ছিল, যে যজ্ঞানুষ্ঠান এবং পিতৃতর্পণ করার, যে যুদ্ধে পলায়ন করে যুধ্যমান হয়ে যে প্রাণ ত্যাগ করেছে, তার জন্যে শোক করছ কেন ?৩৯-৪০ তোমার মতো ব্যক্তির পক্ষে বিপদে এই মোহ আদৌ মানায় না। এই সমস্ত জনসমূহ তোমাকেই অবলম্বন করছে তা কি দেখছ না ;৪১ হে রাক্ষসেন্দ্র ! ভাইয়ের অগ্নিসংস্কারাদি কর্ম এবং এই জনসমূহের (তার পত্নীদের) শোকাপনোদন করা তোমার কর্তব্য। রাজ্যভার ধারণে সমর্থ তুমি যদি অবসন্ন হও, তাহলে রাজ্যভার নিরাবলম্বন হয়ে বিনষ্ট হবে ।৪২

। ভট্টিকাব্যে 'বিভীষণ বিলাপ' নামক অষ্টাদশ সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × উনবিংশ সর্গ × × × × × × × × × × × × ×

বিভীষণের অভিষেক

তখন বিভীষণ শোক রহিত হয়ে রামকে বললেন—অশোচ্য হলেও উপরত সহোদর কি সন্তাপ সৃষ্টি করে না ?১ (হরিহরাদি দেবতা) আমাদের এখন উপায় করেন যাতে আমরা রাবণের সমান হয়ে শত্রু জয় করতে পারি এবং সম্মুখসমরে প্রাণ ত্যাগ করতে পারি ।২ রাবণ যেমন করেছিলেন তেমনি আমাদের বংশে অন্যেও করুক—রাক্ষসদের দেব-সহচর এবং শত্রুসমূহকে অধঃকৃত ।৩ আপনার মতো শোকে সান্ত্বনা দেবার সক্ষম সুহৃৎ যার আছে স্বজননাশের এই দুঃসময়ে সে-ই প্রাণধারণ করতে পারে ।৪ হে রাম, আপনি যদি আমার শরণ না হতেন তাহলে আমি রাবণের মৃত্যুর সঙ্গে সঙ্গেই প্রাণ ত্যাগ করতাম ; রাবণের মৃত্যুর পরেও জীবন ধারণ করব এ আকাঙ্ক্ষা আমার নেই ।৫ যে দেশে সহোদর বিংশতিহস্ত দশাননের সত্তা নেই সে দেশে আমি নিন্দনীয় প্রীতি কেমন করে রাখব ?৬

তারপর বিভীষণ প্রণত সেই মন্ত্রীদের আমন্ত্রণ করে বললেন—অবিলম্বে লংকায় যাও এবং রাজভবনে প্রবেশ করো ।৭ ত্বরান্বিত হয়ে তোমরা মহার্ঘ বস্ত্র নাও, উচ্চ পতাকা উড্ডীন করো এবং উত্তম চন্দন আহরণ করো ।৮ আকাশবিস্তারী ধূপ দাও, শুভ পুষ্পমাল্য গ্রথিত করো ; অপরিমিত কাষ্ঠ, কর্পূর অগুরু ও কেশরক আনো ।৯ ঋত্বিকগণ যজ্ঞপাত্র এবং (দক্ষিণাগ্নি প্রভৃতি) অগ্নি আহরণ করুন, যজ্ঞিয় ঘৃত সম্ভৃত করুন, সমিধ এবং কুশের যথাযথ বিধান করুন ।১০ রাবণের যোগ্য স্নানের উপকরণে তোমরা রাবণকে অবিলম্বে স্নান করাও, সুন্দর (চন্দনকুংকুমাদি) বিলেপনে লিপ্ত করো, এবং রাবণের দেহ রত্নালংকারে অলংকৃত করো ।১১ তোমরা রাক্ষসরাজকে দুটি পবিত্র বস্ত্রে আচ্ছাদিত করো (উত্তরীয় ও অধোবাস)। ঋত্বিকেরা তাঁকে মালা পরিয়ে পূর্বমুখী করে মৃগাজিনে রাখুন ।১২ তাঁরা যজ্ঞপাত্রগুলি যথাবিধি বিভিন্ন অঙ্গে রাখুন, অগ্নিতে ঘৃতাহুতি দিন, উদ্গাতৃবৃন্দ সামগান করুন ।১৩

তখন তারা (বিভীষণের মন্ত্রীরা) লংকাপুরীতে গিয়ে আজ্ঞা অনুযায়ী সব কাজ করে দাহকালে সাশ্রুনেত্রে কাছে এসে বিভীষণকে বলল,১৪ হে মহারাজা ! আপনার

আদেশ মতো সব কাজ করা হয়েছে। আপনি আত্মীয়দের নিয়ে দাহসংস্কার এবং জলদানক্রিয়া সম্পাদন করুন।১৫ আপনি অজ্ঞের মতো উৎসাহী হচ্ছেন না কেন? আপনি অক্ষতবীর্য ধারণ করুন। আত্মীয়জনের সঙ্গে প্রেতকার্যে স্থিত হোন এবং শোকজাত মোহ ত্যাগ করুন।১৬ আপনি (বিদ্বান হয়েও) দুঃখে বিষণ্ণ হবেন এটা কল্পনা করা যায় না। পণ্ডিতের সাধারণ মানুষের মতো মোহগ্রস্ত হওয়া উচিত নয়।১৭ যে দেশে এবং যে কালে আপনি আছেন, সেখানে রাবণের মতো (আদর্শ মতো কাজ করবার) কেউ নেই। আর যেখানে আপনি অবসন্ন হবেন মহতেরা তার নিন্দা করবেন।১৮ আমরা (মন্ত্রীরা) যেখানে যা হিতোপদেশ আপনাকে দেব তা হবে অদ্ভুত অসমঞ্জস। আপনি বিপদে সাক্ষাৎ বৃহস্পতিকেও উপদেশ দিতে পারেন[২]।১৯ হে রাক্ষসপতি! আপনি শোকজাত মোহ ত্যাগ করুন, পুরজনেরা তাই চায়। এই বিপ্লবে শত্রুরাও শোক করবে, বন্ধুজনের কথা না বললেও চলে।২০ আপনি মোহগ্রস্ত না হলে ভ্রাতার মতো (রাবণের মতো) সমস্ত প্রজাকে যথাযোগ্যভাবে রক্ষা করতে পারবেন; রাক্ষসেরাও আশ্বস্ত হবে।২১

তারপর তিনি (বিভীষণ) সহোদরের দাহ সংস্কার এবং জলদানক্রিয়া করতে চলে গেলেন। তখন রাম কৃতকর্তব্য বিভীষণের সঙ্গে কথা বললেন।২২ সুবর্ণকলসে মাথায় জলসেচন করতে করতে রাম বিভীষণকে বললেন হে বিভীষণ! তুমি রাক্ষসদের রাজা হয়ে সমাহিতচিত্তে লংকাকে পরিপালন করো।২৩ হে বিভীষণ! তুমি ক্রুদ্ধকে সম্যকরূপে প্রসন্ন করো, লোভীদের ধনদানে বশ করো, মানীদের যথাকালে সম্মানিত করো এবং (রাবণবধে) ভীতদের সান্ত্বনা দাও।২৪ তুমি বৃত্রশত্রুর[৩] মতো (ইন্দ্রের মতো) সমৃদ্ধ কেমন করে হবে এই আমার পরম বাসনা। কারণ, সব মিত্রই নিজের মিত্রকে সমৃদ্ধ দেখতে চায়।২৫ তুমি স্বজাতিদের মধ্যে বৃদ্ধিপ্রাপ্ত হও, শত্রুদের নিধন করো, তুমি গুণীদের মান্য হও, এবং তাঁদের প্রতিষ্ঠার জন্যে যত্নবান হও।২৬ তুমি সুহৃদজনের প্রীতি উৎপাদন করো, দেবতাদের বন্দনা করো, সোমরস পান করো (সোমযাগ করো)। আর ক্ষতিকর হিংসাত্মকক্রিয়া পরিহার করো।২৭ হে রাজন্! পৌরকার্য ধর্মনিষ্ঠ হয়ে করবে, প্রজাদের মধ্যে সর্বদা সর্বব্যাপী প্রীতিকে প্রকাশিত করবে[৪]।২৮ তুমি ক্রোধকে বিনষ্ট করবে এবং উৎকর্ষকে গ্রহণ করবে। রাক্ষসেরা তোমাকে দেখবে আর তুমি তাদের দেখবে।২৯ হে রাজন্। বীর যোদ্ধাদের নিধনে বালক ও বৃদ্ধদের শোক দূর করবে। শাস্ত্রজ্ঞ বিদ্বানেরা তোমার সভায় স্থাপিত করো। দেবতা ও মুনিরা যে পথে চলেন সেই ধর্মমার্গ তুমি স্মরণ করো, এবং সুন্দর নীতিনেত্রে শত্রুচেষ্টাকে ভাল করে জেনে নাও।৩০

॥ ভট্টিকাব্য 'বিভীষণাভিষেক' নামক ঊনবিংশতিতম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × বিংশ সর্গ × × × × × × × × × × × × ×

অশোককাননে হনুমান

তখন পবননন্দন হনুমান সীতার নিকটে এসে বললেন—বৈদেহি! সৌভাগ্যবশতঃ আপনার শ্রীবৃদ্ধির সূচনা হয়েছে। ত্রিলোকের কণ্টকস্বরূপ রাবণ নিহত হয়েছেন।১

অনুমতি দিন, এই পাপচিন্তা প্রহরী রাক্ষসীদের আমি বধ করি। এদের প্রতি আপনি ক্রোধ অবলম্বন করুন।২ এদের অভিপ্রায় এবং কর্ম দুই-ই ভয়ংকর—আমি এই দুরাচারাদের মেরে ফেলব। এদের প্রতি আপনার মনোভাব হিংস্র হোক—আপনি এদের প্রতি নিষ্ঠুর হোন।৩ আমি আপনার এই শেষ প্রিয় কাজ করব।

তখন দয়ার্দ্রচিত্তা সীতা বানরকে (হনুমানকে) এই কথা বললেন।৪ এরা ভৃত্যজন—এরা লঘুচিত্ত. এদের প্রতি তোমার এই মনোভাব শান্ত হোক। দোষ যিনি করেছেন সেই কুৎসিত রাবণ নিহত হয়েছে।৫ 'আমি পরিচারিকার বধরূপ ভয়ংকর কাজ করব'—তোমার এই রকম বুদ্ধি শান্ত হোক। এস, আমার এই প্রিয় কাজ তুমি করো। রাঘবের কাছে গিয়ে এই কথা বলো।৬ 'হে রামচন্দ্র! মৈথিলী আপনাকে দর্শন করতে উৎসুক, অবিলম্বে তাকে দর্শন দিন। 'তাই হবে'—এই কথা বলে হনুমান রাঘবের কাছে গিয়ে বললেন।৭ হে কাকুৎস্থকুলনন্দন! উৎকণ্ঠিতা দেবীকে আনাবার ব্যবস্থা করুন। রামচন্দ্র পাদাঙ্গুষ্ঠ দিয়ে ভূমিতে কী লিখলেন তারপর দীর্ঘনিঃশ্বাস ফেলে আকাশের দিকে তাকিয়ে বিভীষণকে বললেন—৮ 'অলংকৃতা সীতাকে আনয়ন কর'।

বিভীষণ গিয়ে মৈথিলীকে প্রণাম করে মধুর বাক্যে বললেন।৯ 'হে বৈদেহি, শোক ত্যাগ করুন, আনন্দে মন দিন। রাবণের প্রতি দ্বেষ করবেন না, অশোকবন ত্যাগ করুন।'১০ আপনি স্নান করুন, চন্দনাদি দ্বারা দেহ অনুলিপ্ত করুন, বস্ত্র পরিধান করুন, ধূপের দ্বারা দেহসংস্কার করুন; মাল্য রচনা করুন, রত্নালংকার পরুন।[২] তারপর সন্দীপ্ত যজ্ঞাগ্নিতে হবি দিয়ে হোম করুন। তারপর পঞ্চগব্য[৩] খেয়ে আপনি বন্দিদশাজনিত শোক ত্যাগ করুন; তারপর স্বর্ণময়ী শিবিকায় আরোহণ করে শত্রুর কামনা ধ্বংস করুন।১১-১২ ক্ষত্রিয়পতি রামচন্দ্র আপনার বিচ্ছেদদুঃখ দূর করুন—এর পর আপনি নিজের গৃহে তাঁর সঙ্গে মিলিত হয়ে বাস করুন।১৩ অশ্বমেধযজ্ঞের জন্যে আপনারা অবিলম্বে দীক্ষিত হোন। পতি প্রসন্ন হয়ে আপনার দিকে দৃষ্টিপাত করবেন। (এখন) আপনি প্রীতা হয়ে রাঘবকে দর্শন করুন।১৪ এই হলো আপনার পতির নির্দেশ, এ বিষয়ে বিচার করবার কিছু নেই। রামের বচনকে যদি প্রমাণ ধরতে হয় তবে আপনার অঙ্গ ভূষিত করুন, যাওয়ার চেষ্টা দেখুন।১৫ আপনি রামচন্দ্রকে প্রসন্ন করুন নিজেও সম্পদ লাভ করুন। দেবি, আপনি মুহূর্তকালের মধ্যে রামচন্দ্রের নিকটে আসুন।১৬ কিছুক্ষণের মধ্যেই আপনি পৃথিবীর অধীশ্বরী হবেন। মহিষীর আজ্ঞা-পালনকারী অযোধ্যাপুরবাসীদের আপনি শাসন করুন।১৭ দেবি! পতির অভিপ্রায় সম্পর্কে আপনি উৎসাহী হোন—অলংকার গ্রহণে তৎপর হোন। দর্শনের যোগ্য রামচন্দ্রকে দর্শন করতে আপনি চলে আসুন।১৮

জনকনন্দিনী যথানির্দিষ্ট কর্তব্য (স্নান, হোম প্রভৃতি) সম্পাদন করে পট্টবস্ত্রে মুখ আবৃত করে শিবিকায় উঠলেন।১৯ রামের নিকটে গিয়ে লজ্জায় অবনতমুখী দুঃখিনী সীতা বিলাপ করতে লাগলেন; তাঁর চোখে জল, বিচ্ছেদ-দুঃখের স্মরণে তিনি বিহ্বল।২০ সীতার পাতিব্রত্য সম্পর্কে সন্দিগ্ধ হয়ে রামচন্দ্র বললেন—'সীতে! তোমাকে গ্রহণ করব না—এই আমার ইচ্ছে, তাই তুমি চলে যেতে পার[৪]।২১ রাবণের সঙ্গে তুমি পরিক্লিষ্ট। আমার হৃদয়ের দুঃখদায়িনী! তুমি সুগ্রীবকে ভজনা করতে

পার, রাক্ষসেন্দ্র বিভীষণকেও গ্রহণ করতে পার[৫] ।২২ তুমি ভরতপ্রদত্ত সুখ ভোগ করতে পার, লক্ষ্মণকেও বরণ করতে পার। অথবা তোমার যেখানে খুশি যেতে পার, আমার সম্পর্কে সকল আশা ত্যাগ করো।২৩ বিখ্যাত রঘুবংশই বা কোথায় আর পরগৃহবাসিনী তুমিই বা কোথায়! অন্য পুরুষকে তোমার হৃদয় দাও, যা আমি পছন্দ করি না তার সঙ্গে যুক্ত হতে চাই না।২৪ হে বৈদেহি! তুমি যথেচ্ছ আচরণ করো; তোমার পথ নির্বিঘ্ন হোক্; তোমার কামনা অন্যত্র বর্ধিত হোক্—আমার কাছ থেকে কোনো আশঙ্কা কোরো না।২৫

তখন মৈথিলী নৃপতিকে বললেন, স্ত্রীলোক স্বভাবতই চঞ্চল, এমন সাধারণ ধারণার বশবর্তী হয়ে আমাকে সন্দেহ করবেন না।২৬ হে কাকুৎস্থ, অসহায় অবস্থায় আমাকে শত্রু অপহরণ করেছে তবু আমার প্রতি মিথ্যা ক্রোধ প্রকাশ করলে আপনাকে ভাগ্যের কাছে বিড়ম্বিত এবং লোকসমাজে লজ্জিত হতে হবে।২৭ আমার দেহই রাক্ষস অপহরণ করেছে মন আপনাতেই অর্পিত—সমবর্তী[৬] দেবগণও এই উক্তি সত্য বলে জানুক।২৮ হে বায়ুদেবতা তুমি বার বার প্রবাহিত হয়ে ত্রিজগৎ পুণ্য করছ, তুমি প্রাণীদের দেহে বিরাজ করছ—আমার যদি চিত্তদোষ ঘটে থাকে তুমি তা জেনে এখানে বলো।২৯ হে জলদেবতাগণ, তোমরা অন্তরীক্ষে, স্বর্গে ও মর্তে্য ভ্রমণ করে সব কিছু পবিত্র কর, তোমরা আমার শুভ চিত্তবৃত্তির কথা জেনে এখানে প্রকাশ করো।৩০ হে বসুন্ধরে! তুমি সমস্ত লোক ধারণ করে আছ, তুমি আমার অক্ষুণ্ণ পাতিব্রত্যের সাক্ষ্য দাও।৩১ হে সূর্য! তুমি রস শুষ্ক কর, আলোকে দীপ্যমান তুমি তমোনাশ কর, অন্তরীক্ষে ভ্রমণ কর, তুমি আমার বিশুদ্ধি বিষয়ে সাক্ষ্য দাও।৩২ হে আকাশ! তুমি স্বর্গে থাক, পৃথিবীতে থাক, পাতালে থাক—এইভাবে থেকে আমার কৃত ও অকৃত কর্ম জেনে বলো।৩৩

হে লক্ষ্মণ! এই অপবাদের একমাত্র প্রতিকার চিতা, তুমি চিতা রচনা করো। আমি যদি নিষ্পাপা হই রামচন্দ্র প্রসন্ন হোন যদি পাপযুক্তা হই, অগ্নিদেব আমাকে দহন করুন।৩৪ তারপর রামচন্দ্রের অনুমোদন লাভ করে লক্ষ্মণ চিতা রচনা করলেন। প্রজ্বলিত চিতা দেখে রামচন্দ্রকে প্রদক্ষিণ করে সীতা তাঁকে বললেন—৩৫ হে রামচন্দ্র! আপনি আমাকে অসতী বলে সন্দেহ করেছেন—আমি অগ্নিদেবকে আমার এই দেহ সমর্পণ করছি—বানরসেনার সঙ্গে আপনারা সকলে এই কথা শুনুন এবং জানুন।৩৬ হে অগ্নিদেব! আমি যদি অসতী হই, তাহলে দীপ্ত দেহ ধারণ করে আমাকে আপ্লুত করো, অথবা ক্ষতমলিনা আমাকে বন্ধুর মতোই রক্ষা করো। তুমি উদ্গতজ্বালাময়! যেমন যজ্ঞে আহুত ঘৃতধারা অগ্নিকে লাভ করে তেমনি আমিও নিশ্চয়ই তোমাকে লাভ করব।৩৭

॥ ভট্টিকাব্যে 'সীতা প্রত্যাখ্যান' নামক বিংশ সর্গ সমাপ্ত ॥

××××××××××××× একবিংশ সর্গ ×××××××××××××

অগ্নিদেবতার উক্তি[১]

তখন সীতাকে দুই হাতে ঊর্ধ্বে তুলে অগ্নিদেবতা রামকে বললেন—হে রামচন্দ্র, তুমি পতিব্রতা সীতাকে কেন সন্দেহ করছ?১ আমি যদি এসে রক্ষা না করতাম তাহলে

লোকে এঁকে পতিব্রতা বলে জানতে পারত না। হে রাঘব, ধর্ম ছাড়া অন্য কোথাও আমার পক্ষপাত নেই। (অর্থাৎ সীতা ধার্মিকা বলেই তাকে আমি রক্ষা করেছি)।২ শত্রু রাবণ যদি দুর্মতি না হতো তবে নিশ্চয়ই সীতার কাছে প্রার্থনা করত না, ক্রূর বাক্যে কথা বলত না কিংবা নিজের ঐশ্বর্যের বড়াই করত না।৩ হে রাম, শুদ্ধচিত্তা সীতা রাবণের প্রতি কোনো অভিপ্রায় পোষণ করে নি। সুতরাং সীতা সম্পর্কে তোমার এই কোপ যথার্থ নয়। (আমি একে দহনযোগ্য মনে করি না)।৪ হে রাম, দীর্ঘকাল একসঙ্গে বাস করেও কি তার চরিত্র তুমি জানতে পার নি? দীর্ঘকালের মধ্যেও কি তার আচরণ তুমি লক্ষ্য কর নি?৫ রাবণের গৃহে দীর্ঘকাল বাস করায় এঁর চরিত্র কলুষিত—এই মোহ যদি তুমি না ছাড়তে পার, তবে চিরজীবন শোক করবে। সীতা যদি চরিত্র থেকে ভ্রষ্ট হয় তবে সূর্যও একদিন ভূতলে খসে পড়বে।৬ হে রাজেন্দ্র, স্ত্রীজনসুলভ চাপল্য যদি এঁকে অধিকার করত তবে পাপবিরোধী লোকপালগণ এখানে আসতেন না।৭ তাছাড়া, এ অত্যন্ত আশ্চর্যের বিষয় যে সে তোমার নিষ্ঠুর মতের অনুবর্তী হয়ে প্রাণসংশয় থাকলেও অগ্নিপ্রবেশ করেছিল। তোমার ক্রোধের ভয়ে এঁর যদি প্রাণনাশ হতো তবে তোমার কি লাভ হতো?৮ যে দেশে বা কালে নির্দোষ স্ত্রী স্বামীর অবিশ্বাসের ভয়ে মৃত্যুবরণ করে সেই অসূয়ারত লোক সেই সতী স্ত্রীর মিথ্যা দোষস্থান হয়ে থাকে।৯ হে রাম, তুমি যেমন সীতাকে কলুষিত ভেবেছিলে সে যদি তাই হতো তবে তোমার পিতা মহারাজ দশরথ বিমানে আরূঢ় হয়ে প্রত্যক্ষভাবে উপস্থিত হতেন না।১০ পতিব্রতা মৈথিলী যদি অন্যের উপভুক্তা হতো তবে বৃষভবাহন শূলী শম্ভু এখানে আসতেন না।১১ সীতার পাতিব্রত্য যদি খণ্ডিত হতো তবে কমলাসন বিশ্বস্রষ্টা ব্রহ্মা কি তোমাকে আনন্দিত করতেন?১২

ব্রহ্মার উক্তি[২]

রামচন্দ্র ব্রহ্মাকে প্রণাম করলেন। ব্রহ্মা তাঁকে বললেন, হে রাম, সীতা যদি অগ্নিপ্রবেশ না করতেন তবে পৃথিবীতে তিনি শুদ্ধা বলে পরিগণিত হতেন না।১৩ তুমি যদি অগ্নিপ্রবেশ না করাতে শুদ্ধা হলেও আমরা শঙ্কা ত্যাগ করতাম না। তাই তুমি ঠিক কাজই করেছ—তুমি যে ন্যায়োচিত কাজ করবে, এতে আর আশ্চর্য কি।১৪ তুমি যদি অন্যায় আচরণ করতে তবে তোমার শাসিত প্রজাদের মধ্যে তা অধিক মাত্রায় প্রবর্তিত হতো।১৫

শিবের উক্তি[৩]

তারপর রাম শঙ্করকে প্রণাম করলেন। শঙ্কর তাঁকে বললেন—তুমি কি নিজের জন্ম-মৃত্যুহীন নারায়ণরূপ অবগত নও?১৬ এই ভুবনে নারায়ণ ছাড়া অন্য কে দেবশত্রু বলদর্পিত রাক্ষসদের নিধন করতে পারত? কে-ই বা সেতুবন্ধ প্রভৃতি সর্বলোকহিতকর কর্ম সমাধা করতে পারত?১৭ দৈত্যক্ষয়ের জন্য তুমি যেখানে যা করেছ সেই সবকিছুই কেন সমাপ্তির পথে নিয়ে যাচ্ছ না?১৮

ভরতের নিমিত্তে কৈকেয়ী দ্বারা সন্তাপিত দশরথকে রাম প্রসন্ন করলেন; ইন্দ্রকে প্রণাম করতে ইচ্ছুক হয়ে তাঁকে দেখতে পেলেন।১৯ তখন ইন্দ্রের বরে যুদ্ধে মৃত বানরসেনা জীবিত হয়ে উঠল—দেখে মনে হলো তারা ফলভারে অবনত সুন্দর বৃক্ষ আশ্রয় নিয়েছে।২০

তখন সুবেল পর্বত অভিনবফলশোভা বিস্তার করল। তার বক্ষ ভ্রমরগুঞ্জিত, সপুষ্প তরুসম্বাহ আচ্ছন্ন, তার উচ্চ শিখরগুলি মধুরফুলের রেণুতে ধূসর ; শিখরের শিলার মধ্যে উৎপন্ন জলপ্রবাহ।২১ পরাগযুক্ত সুগন্ধি বায়ু প্রবাহিত ; বনান্তভাগে প্রচুর ফলে শোভিত ও অবনত বৃক্ষ—সেখানে মধুক্ষরণের ধারা ! (সর্বত্র এই প্রাচুর্যের সঙ্গে সঙ্গে) বানরসেনাদলের শত্রুবধজনিত আনন্দও বৃদ্ধি পেল।২২ আপন ফলের ভারে লতাগুলি ছিন্ন হয়ে পড়েছে—সেই লতাগুলিতে মনোহর সুগন্ধ, সেখানে ভ্রমরপঙ্ক্তি ব্যাপ্ত হয়ে রয়েছে—ভূতলে এসে পড়েছে বলেই হাত দিয়ে সেই ফল আহরণ করা যায়—সেই ফলভোগে বানরসেনার কোনো পরিশ্রম হলো না।

॥ ভট্টিকাব্যে 'সীতাসংশোধন' নামক একবিংশ সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দ্বাবিংশ সর্গ × × × × × × × × × × × × ×

অযোধ্যা যাত্রা

তারপর প্রসন্নচিত্ত হনুমানকে রাম বললেন—ওহে বানর, কাল ভরতপালিতা অযোধ্যায় যাবে।১ আবার তুমি বায়ুবেগে বিচ্ছিন্ন মেঘখণ্ডে আবৃত আকাশ পথে প্রস্থান করবে—দেখতে পাবে শীতল জলকণায় যুক্ত সমুদ্রজল।২ সূর্যের পথ লঙ্ঘন করেছে যে মহেন্দ্র পর্বত, হে প্লবঙ্গ, তার অধিত্যকাভূমির সৌন্দর্য তুমি উপভোগ করবে—জ্যোৎস্নায় ছেয়ে আছে সেই অধিত্যকা আর সেখানে কুমুদের প্রাচুর্য।৩ মলয়পর্বতের পূর্বদৃষ্ট সুন্দর উপত্যকাভূমিও তুমি কাল দেখতে পাবে—চন্দনবৃক্ষে সেই ভূমি আচ্ছাদিত, চন্দ্রও সেখানে প্রচ্ছন্ন।৪ বিন্ধ্যপর্বতে প্রতনু, কোমল, পুষ্পস্তবকে মনোহর এবং ভ্রমরসমূহে ব্যাপ্ত লতাগুলি তোমার গতিবেগ সহ্য করতে পারবে না।৫ বন্ধুদের সঙ্গে যেখানে সুখে বসবাস করছে, সে পূর্বক্রীড়া বার বার পক্ষপাত সহকারে স্মরণ করতে করতে কিষ্কিন্ধ্যা পর্বতে তুমি কাছে বা দূরে থেকে দেখতে পাবে।৬ তুমি দেখতে পাবে সেই মাল্যবান পর্বত ও দণ্ডকারণ্য যেখানে আমি দীর্ঘকাল শীত গ্রীষ্ম প্রভৃতি ঋতুতে পীড়িত হয়ে বহু কষ্ট ভোগ করেছিলাম।৭ সুন্দর হরিণে ব্যাপ্ত, পবিত্রজল ও ব্রাহ্মণপূর্ণ সুতীক্ষ্ম আর শরভঙ্গ মুনির রমণীয় আশ্রমও তুমি দেখবে।৮ রমণীয় অত্রির তপোবনভূমি অতি কষ্টে অতিক্রম করে গিয়ে কৌতূহলের বশেই পবিত্র পর্বতে থেকে যেতে হবে।৯ তারপর তুমি ভরদ্বাজ মুনির দর্শন পাবে আর দেখবে যমুনাজলের অবগাহনে নিষ্পাপ ও পবিত্র জনসমূহকে।১০ স্বর্গ থেকে বার বার ভ্রষ্ট মহাদেবের জটায় পতিত হয়ে পৃথিবীতে এসে পড়েছে পুণ্যের গলিত মূর্তিরূপে যে গঙ্গার ধারা—তারপর তুমি সেই ধারাতেও অবগাহন করবে।১১ এরপর তমসা নদী—ইন্দ্রনীলশিলার তুল্য তার জ্যোতি ; এই নদীর প্রান্তস্থিত অরণ্যপ্রদেশগুলি বহু পৌর বিহারের বৃক্ষভরা, (জানি) তুমি তাকে বহু মান করবে।১২ শেষে রমণীয় সরযূ-নদী দেখে তুমি অযোধ্যায় পৌঁছুতে পারবে। দেখবে নগররমণীদের স্তনে ন্যস্ত হয়েছিল যে কুংকুম তা ধুয়ে গেছে সরযূর জলে—ফলে তা পীতবর্ণ ধারণ করেছে।১৩

মাতৃগণ[১] তোমাকে দেখে আনন্দিত হবেন, মৈথিলী সহ আমাদের দু'জনের (রাম ও লক্ষ্মণ) কুশল প্রশ্ন করবেন, ভরতও তুষ্ট হবেন।১৪ তুমি বলবে, রাবণ হত হয়েছে,

বিভীষণকে লঙ্কারাজ্যে অভিষিক্ত করা হয়েছে, সুগ্রীবকে আমি মিত্ররূপে লাভ করেছি, আর আমরা সবাই খুব দ্রুত পেঁছে যাব।১৫ পৌরজন তোমার কথা শুনে পরম প্রীত হবেন। এসব কথা জেনে ভরতও নিশ্চয়ই এগিয়ে আসবেন।১৬ এই পথে তুমি যাবার পর আমরাও সবাই যাত্রা করব। সেখানে গেলে তুমি যখন আবার আমার সম্মুখবর্তী হবে, তোমাকে দেখে আমি সন্তোষ লাভ করব।১৭

নির্দেশ নিয়ে হনুমান চলে যাবার পর রাম সুগ্রীব ও বিভীষণকে বললেন—তোমরা দুজন কাল আমার সঙ্গে অযোধ্যায় যাবে।১৮ সেখানে প্রসন্নচিত্তা আমার তিন মাতাকে দেখবে, ভরতকেও এক আন্তরিক মিত্ররূপেই লাভ করবে।১৯ কাল প্রভাতে আমার সঙ্গে যাবার জন্যে প্রস্তুত হলে, আমি বন্ধুবিরহে দুঃখ পাব না, তোমাদেরও আমার বিচ্ছেদদুঃখ সহ্য করতে হবে না।২০ যদি আগামিকাল সকালে আমার সঙ্গে যাত্রা করার চেষ্টা করতে চাও তাহলে তোমরা দুজন, বানর এবং রাক্ষস, আমার প্রীতির নিমিত্ত হও।২১ তখন বিভীষণ ও সুগ্রীব রামকে বললেন—আমাদের দুজনকে আগামিকাল আপনার সঙ্গে যেতে বলছেন, হে কাকুৎস্থ, এ তো আমাদের প্রতি আপনার অনুগ্রহ।২২ ইন্দ্রত্ব পেলেও আপনার সঙ্গে বিচ্ছেদদুঃখ আমরা অনুমোদন করব না; আপনার প্রদত্ত প্রতিষ্ঠার (অর্থাৎ রাজ্যের) তো কোনো কথাই নেই।২৩

প্রত্যাবর্তন

তারপর নানাপ্রকার ইষ্টালাপে রাত্রি কাটিয়ে প্রভাতে তাঁরা সৈন্যদের সঙ্গে পুষ্পকবিমানে আরোহণ করলেন। পুষ্পকের বেগে সমুদ্রের অগাধ জলরাশি বিক্ষুব্ধ হয়ে উঠল—তাঁরা অযোধ্যার দিকে যাত্রা করলেন।২৪ সেতুবন্ধ, মহেন্দ্রপর্বত, বিন্ধ্যপর্বত, মলয় পর্বত, মাল্যবান পর্বত, ঋষ্যমূক পর্বত, দণ্ডকারণ্য, পম্পা প্রভৃতির কথা রামচন্দ্র সীতার কাছে বর্ণনা করতে করতে যেতে লাগলেন।২৫

হে সুতনু—এই সব ঋষিদের দ্বারা অলঙ্কৃত দিগভাগ ; এই সেই চিত্রকূট, এখানকার বনরাজি আমাদের বিমানের বেগে ক্ষুব্ধ হয়ে উঠেছে। এই গঙ্গা, বিশাল তটভূমির সৌন্দর্য রমণীয়। সীতার কাছে এইভাবে নির্দেশ দিয়ে রামচন্দ্র আনন্দিত হলেন।২৬ হে সুন্দরি! ঐ সব বনান্তভাগের দিকে দৃষ্টিপাত করো— সেখানে কুসুমের অগ্রভাগ গুঞ্জনরত ভ্রমরপুঞ্জে ব্যাপ্ত, বনভূমি শীতলজলপ্রবাহে বেষ্টিত। এই বনান্তভূমি নয়ন-মনোরম এবং পৌরজনের উপভোগ্য।২৭ হে সীতে! মনুপ্রভৃতি আমার পূর্ববর্তীদের স্থান—অতি-প্রিয় ঐ অযোধ্যাপুরী দূর থেকে দেখা যাচ্ছে, সমস্ত দেবতার উদ্দেশ্যে এখানে বহু প্রকারের হব্য আহুতি দেওয়া হয়। এই সেই স্থান যেখানে ক্রন্দনরত পৌরজনকে ত্যাগ করে ধৈর্যবান লক্ষ্মণের সঙ্গে রাত্রিশেষে আমরা অরণ্য প্রদেশে যাত্রা করেছিলাম।২৮ রামচন্দ্রের উক্তির পর তূর্যধ্বনিতে সকল দিক পূর্ণ হলো ; পর্বত-তুল্য হস্তীসমূহের পদভরে পৃথ্বী কম্পিত হলো—বিনীত ভরত আনন্দাশ্রুপূর্ণ নয়নে এগিয়ে এলেন—তার সঙ্গে মন্ত্রিগণ প্রজাসমূহ, অন্তঃপুরিকাগণ, মাতৃগণ এবং পবন-নন্দন হনুমান।২৯

তারপর রামচন্দ্র অযোধ্যাপুরীতে প্রবেশ করলেন। পৌরজন সসম্ভ্রমে তাঁকে ঘিরে রইলেন, ভরত নিজের হাতে ধরলেন উজ্জ্বল চামর, গুরুজন ব্রাহ্মণগণ ও স্তুতি-পাঠক প্রভৃতি দ্বারা তিনি অভিনন্দিত হলেন।৩০ রামচন্দ্র প্রজাদের পরম প্রীতি

বিধান করলেন, ভরতকে যুবরাজপদে অভিষিক্ত করলেন। তারপর যজ্ঞের উপকরণ সংগ্রহ করে প্রজাপালক রামচন্দ্র অশ্বমেধ যজ্ঞের আয়োজন করলেন।৩১

কবির উক্তি

উক্তির বৈচিত্র্যে অদ্ভুত, গুণ ও অলঙ্কারের দ্বারা মণ্ডিত ভট্টিকাব্য নামক মহাকাব্য পরিশীলিত হলে তা পাশুপত অস্ত্রের মতো সর্বদা জনগণের বিজয়লাভকে সুনিশ্চিত করে।৩২ ব্যাকরণ যাদের চক্ষু তাদের কাছে এই কাব্য দীপতুল্য। ব্যাকরণ ছাড়া এটি অন্ধের হাতে দর্পণের ন্যায় (ব্যর্থ)।৩৩ এই কাব্য ব্যাখ্যাগম্য (অর্থাৎ ব্যাখ্যা করলেই বুঝতে পারা যায়). পণ্ডিতদের কাছে এই কাব্য উৎসবস্বরূপ! আমি অল্পমেধা সম্পন্ন ব্যক্তিদের এই কাব্যে উপেক্ষা করেছি—কেননা পণ্ডিতবর্গ আমার প্রিয়।৩৪

শ্রীধরের পুত্র মহারাজ নরেন্দ্র কর্তৃক পালিত বলভী নগরীতে আমি এই কাব্য রচনা করেছি। সেই নৃপতির কীর্তি প্রতিষ্ঠিত হোক, কেননা তিনি রাজা এবং এবং প্রজাদের অনুরাগে অনুকূল।৩৫

॥ ভট্টিকাব্যে 'অযোধ্যা প্রত্যাগমন' নামক দ্বাবিংশ সর্গ সমাপ্ত ॥

প্রথম সর্গ

১. মূলে আছে—'বিবুধসখঃ'; বিবুধ শব্দের প্রাথমিক অর্থ—বিশেষরূপে প্রাজ্ঞ। অন্য অর্থ 'দেবতা'। এখানে 'বিবুধসখ' অর্থ দেবগণের সখা।

২ সংস্কৃত শ্লোকে আছে 'নাকসদাং'। নাক=স্বর্গ; নাকে সীদন্তি (বসন্তি) যে (দেবগণ)। শব্দটি সংস্কৃতে প্রচলিত থাকলেও বাংলায় অচেনা। 'নাক' শব্দের অর্থ স্বর্গ কিভাবে হলো? ক=সুখ; অক=দুঃখ; অকং নাস্তি অস্মিন্ (নাকঃ) অর্থাৎ যেখানে দুঃখ নেই।

৩. টঙ্ক—পর্বতভিত্তি; মল্লিনাথ এই অর্থ গ্রহণ করেছেন। টীকাকার ভরত বলেছেন টঙ্ক শব্দের অর্থ 'বিদীর্ণ প্রস্তরভাগ'।

৪. ঋষ্যশৃঙ্গ এক মুনির নাম। ইনি ঋষি বিভাণ্ডকের পুত্র। এক হরিণীর গর্ভে এঁর জন্ম হয়। ঋষ্য=হরিণ; হরিণের ন্যায় শৃঙ্গ ছিল বলে এঁর নাম ঋষ্যশৃঙ্গ। লোমপাদ রাজার কন্যা শান্তাকে ইনি বিবাহ করেন। এঁরই অনুষ্ঠিত পুত্রেষ্টিযজ্ঞের প্রভাবে দশরথ রাম প্রভৃতি চার পুত্র লাভ করেন।

৫ বেদের ছয় অঙ্গ—শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চিতিঃ জ্যোতিষাং নিচয়শ্চেতি বেদাঙ্গানি বদন্তি ষট্। অর্থাৎ শিক্ষা কল্প ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ ও জ্যোতিষ—এই ছয়টি শাস্ত্র বেদের অঙ্গ।

৬. গাধি—চন্দ্রবংশীয় এক নৃপতির নাম। ইতি বিশ্বামিত্রের পিতা। গাধিনন্দন=বিশ্বামিত্র।

৭. ষোলটি পূজার উপচারের কথা শাস্ত্রে বলা হয়েছে—তার মধ্যে মধুপর্ক একটি। অতিথিবিশেষের পূজায় মধুপর্কদানের বিধি আছে। মিশ্রিত দধি, ঘৃত, মধু অথবা মিশ্রিত দধি, ঘৃত, মধু, জল, শর্করা (চিনি)।

৮. মূল শ্লোকে আছে 'ত্রৈমাতুরঃ'। শব্দটির অর্থ তিন মাতার (কৌশল্যা, কৈকেয়ী ও সুমিত্রা) পুত্র। এখানে শব্দটি লক্ষ্মণের বিশেষণ।

৯. অনুবাদে আছে 'হিংস্র রাক্ষস'—মূল শ্লোকে আছে একটি দুরূহ শব্দ—'দন্দশূকান্'। 'দন্দশূক' শব্দটির অর্থ অতিদংশক অর্থাৎ হিংস্র।

১০. যা অঙ্গুলিকে ত্রাণ করে—অঙ্গুলিত্র। দস্তানাজাতীয় চর্মের আবরণ বিশেষ।

দ্বিতীয় সর্গ

১. মানিনী—মানবতী, কোপবতী নায়িকা। এখানে 'খণ্ডিতা' নায়িকা। খণ্ডিতা নারীর লক্ষণ—'নীত্বান্যত্র নিশাং প্রাতরাগতে প্রাণবল্লভে, অন্যাসংসর্গচিহ্নৈস্তু কুপিতা খণ্ডিতা মতা'।

২. তালে তালে দেহ সঞ্চালন—গোপাঙ্গনাদের অঙ্গ সঞ্চালন মন্থনদণ্ডের গম্ভীর শব্দের তালে তালে চলেছে। নিখুঁত বর্ণনায় মনে হয় বৈয়াকরণ ভট্টি নৃত্যরসিকও ছিলেন।

৩. নিত্যযাজ্ঞিক—যাঁরা নিত্য যজ্ঞ করেন। শ্লোকের 'যাযজূকাঃ' শব্দের ব্যাকরণগত অর্থ—যাঁরা বারবার যজ্ঞ করেন।

৪. বিশ্বামিত্র—শ্লোকে বিশ্বামিত্রের নাম উল্লেখ করা হয় নি; বলা হয়েছে গাধিসুতঃ; গাধি চন্দ্রবংশীয় একজন নৃপতির নাম। বিশ্বামিত্র গাধির পুত্র।

৫. যজ্ঞের হবি—হবনীয় দ্রব্য। নীবারাদি, দুগ্ধ, সোমরস, পূতিগন্ধাদিহীন মাংস ও সৈন্ধবাদি স্বাভাবিক হবি।

৬. দাক্ষিণ্যার যোগ্য, ঋষিদের দ্বারা উপদিষ্ট। দাক্ষিণ্য=দাক্ষিণার্হ, দক্ষিণার যোগ্য।

৭. ঋত্বিকগণ—যারা ঋতুর (যোগ্য কালে) যাগ করেন। যাজক। পুরোহিত।

৮. কাল পর্যন্ত স্থায়ী—মূল সংস্কৃত শব্দ—'শৌবস্তিক' ; শ্বঃ (আগামীকাল) ভবাঃ বিদ্যমানাঃ – শৌবস্তিকাঃ।

৯. দূরে নিক্ষেপ করলেন—রাম মারীচকে বায়ব্য অস্ত্রে দূরে নিক্ষেপ করেছিলেন। আহত মারীচ সমুদ্রমধ্যে ও বনে মুনিবেশে বাস করত। রাবণের প্রবর্তনায় সীতাহরণের জন্য মায়ামৃগরূপে জনস্থানে প্রবেশ করলে রামশরে নিহত হয়।

১০ দৈত্যরাজ বলি বাহুবলে ত্রিভুবন অধিকার করেছিলেন। বিষ্ণু বামনরূপে এঁর কাছে ত্রিপাদভূমি প্রার্থনা করেন। তিনি পাদদ্বয়ে স্বর্গ ও মর্ত ব্যাপ্ত করে তৃতীয় পাদ বলির মস্তকে রেখে তাকে পাতালে প্রেরণ করেন।

১১. পৌরাণিক কাহিনী—দেবাসুর মিলিত হয়ে মন্দরপর্বতকে দণ্ড এবং বাসুকি-নাগকে রজ্জু ক'রে সাগর মন্থন করেন—মন্থনের ফলে সাগর থেকে উঠে আসে লক্ষ্মী, চন্দ্র পারিজাত, উচ্চৈঃশ্রবা ঐরাবত, ধন্বন্তরী প্রভৃতি আর সেই সঙ্গে অমৃত ও হলাহল।

১২. সমুদ্রমন্থনজাত চতুর্দশ রত্নের মধ্যে 'অমৃত' একটি। বিষ্ণু মোহিনী বেশে অসুর-গৃহীত অমৃত অপহরণ করেন।

১৩. প্রলয়কালে জলপ্লাবিতা পৃথিবীকে বিষ্ণু বরাহরূপে তাঁর দংষ্ট্রায় বহন করেন।

১৪. ময়দানবের নির্মিত তিনটি পুরীর অধিকারী ছিলেন ত্রিপুরাসুরের তিন পুত্র। তারা এই পুরীতে সুরক্ষিত থেকে ত্রিভুবনকে উৎপীড়িত করত। দেবতাদের অনুরোধে শিব শরনিক্ষেপে এই তিনটি পুরী ধ্বংস করেন। এই জন্য তিনি ত্রিপুরারি। শ্লোকে 'দৈত্যপুরম্' একবচনে আছে। প্রকৃতপক্ষে বহুবচনই বিবক্ষিত। মল্লিনাথ বলেছেন—'একবচনমতন্ত্রম্'।

১৫. ধনুর্ভঙ্গ—রামায়ণের বালকাণ্ডে সপ্তষষ্টিতম অধ্যায়ে এই ধনুর্ভঙ্গের বিবরণ আছে।

১৬. মিথিলারাজ জনক—শ্লোকে শব্দটি আছে 'মৈথিলমর্তমুখ্য'—অর্থাৎ মিথিলার মানুষদের মধ্যে প্রধান যিনি—মিথিলাধিপতি জনক।

১৭. যিনি বহুর মধ্যে তারতম্য বুঝতে পারেন তিনি 'বিবেকদৃশ্বা' বা বিবেকী।

১৮. অধিষ্ঠাত্রী দেবতা—এই শ্লোকে সীতা লতার সঙ্গে এবং বিদ্যুতের সঙ্গে উপমিতা হয়েছেন। ভট্টিকবি নিশ্চয়ই অচেতনের সঙ্গে চেতনের উপমায় তৃপ্ত হন নি। তাই এখানে চন্দ্রজ্যোতির অধিষ্ঠাত্রী দেবতার সঙ্গে সীতার উপমা।

১৯. শ্লোকে আছে 'তস্য সুতায়'—রাম জ্যেষ্ঠ, সুতরাং তার কথাই অভিপ্রেত। টীকাকার বলছেন—'রামস্য জ্যেষ্ঠত্বাৎ তস্যৈব পরিণয়ঃ উক্তঃ ন শেষাণাম্'।

২০. দর্পবশতঃ পরশুরাম যখন দশরথের উক্তি গ্রাহ্য করলেন না তখন রামচন্দ্র ধনু আকর্ষণ করে তপস্যা দ্বারা পরশুরাম যে-সব দিব্যলোক অর্জন করেছিলেন সেই

সমস্ত লোকে তার গতি চিরদিনের জন্য রুদ্ধ করে দিলেন।

তৃতীয় সর্গ

১. আকাশের ধূপতুল্য। অগ্নিক্রিয়াবিশেষ, হাউইবাজি।

২. দশরথ কেকেয়ীকে দু'টি বর দেবেন বলে আগেই প্রতিশ্রুত ছিলেন। সেই বর দু'টিই এখন চেয়ে নিচ্ছেন—প্রথম বরে রামের চোদ্দ বছরের বনবাস—দ্বিতীয় বরে ভরতের যৌবরাজ্যে অভিষেক। দ্বিতীয় বরের কথা আছে অষ্টম শ্লোকে।

৩. রাজ্যাভিষেক—ভরত এই সময়ে মাতামহের গৃহে ছিলেন, তিনি এসব কথা কিছুই জানতেন না।

৪. অযোধ্যার সাধারণ মানুষের ভাবনা। তারা ভেবেছিল, ভরতই রাজ্যলোভের জন্য এই চক্রান্ত করেছেন।

৫. উপমাটি সুন্দর। রাম-লক্ষ্মণহীন অযোধ্যা চন্দ্র-সূর্যহীন অন্ধকার আকাশের মতো।

৬. ভরতের এই স্বপ্নদর্শন অশুভসূচক। আকাশবিহারী সূর্যের ভূমিতে অবতরণ অস্বাভাবিক।

৭. উপজ্ঞা শব্দের অর্থ প্রথম জ্ঞান। রাজ্যপ্রার্থনারূপ নীচ কর্ম কৈকেয়ীর নিকট থেকেই প্রথম লব্ধ।

৮. ঋষি ভরদ্বাজের আশ্রমে তিলোত্তমা প্রভৃতি অপ্সরাদের আবির্ভাবের ব্যাপারটি চিন্তনীয়। যোগবলে সবই সম্ভব, কিন্তু ভরতানুগামীদের অভ্যর্থনার জন্য তিলোত্তমা-নৃত্যের প্রসঙ্গ আশ্রমবিরোধী বলে মনে হতে পারে।

৯. রামের পাদুকা ভরত প্রার্থনা করেছিলেন না রাম স্বতঃপ্রবৃত্ত হয়ে দিয়েছিলেন?

চতুর্থ সর্গ

১. মূল শ্লোকে শব্দটি আছে 'সুত্বনঃ'—অর্থ 'যারা যজ্ঞসম্পর্কিত স্নান সমাপ্ত করেছেন।' জয়মঙ্গল টীকায় অর্থ দেওয়া হয়েছে—'সোমপায়ী' (যাঁরা সোমরস পান করেছেন)। সাতটি বৈদিক যজ্ঞে সোমরসের প্রাধান্য স্বীকৃত হয়েছে—অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উকথ্য, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র, আপ্তোর্যাম। এইগুলি 'সোমযাগ' নামে পরিচিত। বাংলা অনুবাদে 'সোমপায়ী' শব্দের পরিবর্তে সোমযাজী শব্দটি ব্যবহৃত হয়েছে।

২. এই কামুকী রাক্ষসীর নাম শূর্পণখা—রাবণের ভগিনী। শূর্পের (কুলার) ন্যায় নখ যার; অবশ্য রাম-লক্ষ্মণের কাছে যখন সে কামপ্রার্থনা নিয়ে এসেছিল তখন সুন্দরী বেশেই আসা স্বাভাবিক। রামায়ণে শূর্পণখা কামুকী রাক্ষসী হলেও একটি প্রধান স্থান অধিকার করে আছে—সীতাহরণের মূলে রয়েছে সে।

৩. মূলে আছে পক্ষতৌ—পক্ষতি শব্দ। পক্ষতি শব্দের অর্থ পক্ষের প্রথম তিথি (প্রতিপদ)। শ্লোকে বলা হয়েছে—শূর্পণখা প্রতিপদের চন্দ্রলেখার মতো সুন্দরী। কিন্তু প্রতিপদের চাঁদ কি সুন্দর? ভাট্টি উত্তর দিয়েছেন বাক্যের মাধুরী এবং চর্মের মসৃণতায় সে সৌন্দর্যময়ী—'অতিসর্বেণ বাক্ত্বচেন'।

৪. খর ও দূষণের উক্তি; এরা রাবণের বৈমাত্রেয় ছোট ভাই। পঞ্চবটীবনে শূর্পণখার রক্ষণাবেক্ষণ করাই ছিল তাদের কাজ।

পঞ্চম সর্গ

১ শ্লোকটিতে বৈয়াকরণ কবি 'ইষ্ণুচ্' প্রত্যয়ের প্রয়োগ শেখাচ্ছেন—নিরাকরিষ্ণু, বর্তিষ্ণু, বর্ধিষ্ণু, উৎপতিষ্ণু, সহিষ্ণু। বর্ণনায় বলা হচ্ছে—খর ও দূষণ শত্রুর অস্ত্রপ্রহার সহ্য করতে লাগল। কিন্তু এতগুলি ইষ্ণুচ্ প্রত্যয়ের প্রহার পাঠক সহ্য করতে পারবেন কি ?

২. শূর্পণখা – লঙ্কাপতি রাবণের ভগিনী।

৩. খর ও দূষণ রামের অস্ত্রে নিহত, একথাই শূর্পণখার বক্তব্য। 'নিহত' কথাটি না বলে সে বলেছে তারা দু'জনেই এখন ভূমিবর্ধন করছে—'তৌ ভূমিবর্ধনৌ'। দেহ মাটিতে মিশলে ভূমির 'বর্ধন' তো হবেই। 'শবস্তু ক্ষিতিবর্ধনঃ' (ত্রিকাণ্ডশেষঃ)।

৪ সংস্কৃত শ্লোকে আছে 'বিনসা'—বিগতা নাসিকা যার।

৫. মূল সংস্কৃত শব্দটি অপরিচিত—'আমিক্ষা' (অর্থ—ছানা) আমিক্ষীয় – ছানার উপযোগী।

৬. গত দিনের গোদুগ্ধজাত ঘৃত—তাকে বলা হয় হৈহঙ্গবীন। হৈহঙ্গবীন ঘৃত দেবতাদের হোমের উপযুক্ত।

৭. ওষ্ঠের দ্বারা অবলোপ্য অর্থাৎ অত্যন্ত মৃদু। শূর্পণখার বক্তব্য—পূর্বে রাক্ষসেরাই যজ্ঞে পশুমাংস ভক্ষণ করত, দেবতারা পালিয়ে যেতেন, এখন দেবতারাই অতি মৃদু মাংস ভোগ করছেন, রাক্ষসেরা পলায়িত।

৮. শূর্পণখার মুখে সীতার রূপবর্ণনা। বর্ণনায় সে বলছে সীতা 'যোষিদ্-বৃন্দারিকা'—অর্থাৎ স্ত্রীলোকের (যোষিৎ) মধ্যে রূপবতী (বৃন্দারিকা)।

৯. দূর্বাকাণ্ডমিব = দূর্বাকাণ্ডের মতো কৃশাঙ্গী ; এই অর্থই টীকায় গ্রহণ করা হয়েছে ; দূর্বাকাণ্ডের মতো শ্যামবর্ণা—এই অর্থ অসঙ্গত। শ্লোকে শ্যামা এবং ন্যগ্রোধপরিমণ্ডলা এই শব্দ দু'টি রূঢ়।

শীতে সুখোষ্ণসর্বাঙ্গী গ্রীষ্মে চ সুখশীতলা
তপ্তকাঞ্চনবর্ণাভা সা শ্যামা পরিকীর্তিতা।
স্তনৌ সুকঠিনৌ যস্যা নিতম্বে চ বিশালতা
মধ্যক্ষীণা ভবেদ্ যা সা ন্যগ্রোধপরিমণ্ডলা।

১০. বাচাট = বহুভাষী, যে অনেক কথা বলে। স্ত্রীলিঙ্গে 'বাচাটা', সম্বোধনে 'বাচাটে'।

১১. একটি নতুন শব্দ—'আহোপুরুষিকা'। 'অহো পুরুষ!' ইতি যস্যাং ক্রিয়ায়াং সা আহোপুরুষিকা। (কাশিকা) শ্লোকে 'পুরুষকার' অর্থে প্রযুক্ত হয়েছে। অহোপুরুষস্য ভাবঃ !

১২. চন্দ্রবংশীয় কৃতবীর্যরাজের পুত্র। ইনি দিগ্বিজয়ী রাবণকে পরাজিত ও কারারুদ্ধ করেন। পরশুরামের সঙ্গে যুদ্ধে এঁর মৃত্যু হয়।

১৩ মৃত্যুকালে মারীচ রামের কণ্ঠ অনুকরণ করে 'হা লক্ষ্মণ!' এই বলে আর্তনাদ করেছিল। সেই চীৎকার শুনে সীতা বুঝেছিলেন রাম বিপন্ন।

১৪. যোগক্ষেম = স্থিতি ও রক্ষণ। অলব্ধস্য সাধনং যোগঃ লব্ধস্য পালনং ক্ষেমঃ।

১৫. তিথিপ্রণী = তিথির প্রণেতা অর্থাৎ চন্দ্র। তিথিপ্রণ্যঃ = চন্দ্রের।

১৬· শ্লোকে 'অপ্রংস্কা' শব্দটি আছে। অর্থ অভর্তৃকা অর্থাৎ ভর্তৃহীনা।
১৭· কূপমণ্ডূক—কুয়োর বেঙ্। যার জ্ঞান সীমাবদ্ধ, যে আপন সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যেই আবদ্ধ, বাইরের কোন খবর রাখে না।
১৮· রাবণের সঙ্গে জটায়ুর প্রাণপণ যুদ্ধের বর্ণনা। 'ন বা পলায়ণক্তে বিদ'য়াপ্তক্তে ন রাক্ষসঃ'—পক্ষীও পলায়ন করল না, রাবণও দয়া করল না।

ষষ্ঠ সর্গ

১· ক্রোষ্টা=শৃগাল। রামচন্দ্র মারীচ বধের পরে ফিরে আসবার পরে চীৎকার শুনলেন, এটা অশুভসূচক। ভট্টিকাব্যের বহু স্থলে কবি লোকপ্রচলিত সংস্কারকে কাজে লাগিয়েছেন।
২· 'হায় মাতঃ' বলে রাম কৈকেয়ীকেই লক্ষ্য করেছেন।
৩· মূল শ্লোকে আছে প্রিয়ং মা ন শ্লিক্ষঃ'। 'মা', 'ন' দুই-ই নিষেধার্থক। প্রকৃতার্থ এই, আমাকে আলিঙ্গন করবে না এমন যেন না হয় অর্থাৎ আমাকে অবশ্যই আলিঙ্গন করো।
৪· পাঠকের শকুন্তলার কথা মনে পড়বে। আশ্রমতরু ও মৃগশাবকের সঙ্গে শকুন্তলারও এই প্রীতির সম্পর্ক ছিল।
৫ ভট্টিগঠিত নতুন শব্দ—সুমিত্রাভূঃ=লক্ষ্মণ। সুমিত্রা থেকে যিনি হয়েছেন সুমিত্রায়াং ভবতীতি।
৬· জটায়ু—অরুণের পুত্র, সম্পাতির অনুজ, দশরথের সখা। ইনি সীতাকে রক্ষা করতে গিয়ে রাবণের সঙ্গে যুদ্ধে নিহত হন।
৭· এর আগের নাম দনু, পিতার নাম শ্রীদানব। ঋষির শাপে দনু রাক্ষসরূপ গ্রহণ করে, ব্রহ্মার বরে দীর্ঘায়ু লাভ করে। ইন্দ্রের বজ্রাঘাতে এর 'কবন্ধ' রূপ হয়।
৮· অকৃষ্টপচ্য—যে শস্য অকৃষ্ট ক্ষেত্রে স্বয়ং উৎপন্ন ও পক্ক হয়। নীবারধান্য প্রভৃতি)।
৯· সংস্কৃত শ্লোকের 'কুপ্য' শব্দটি প্রয়োগ করা হয়েছে। কুপ্য=স্বর্ণ ও রৌপ্য ছাড়া অন্য ধাতু; তাম্র, সীসা, দস্তা প্রভৃতি।
১০· শবরী—চণ্ডালকন্যা; মহর্ষি মাতঙ্গের আশ্রমে মুনিদের পরিচারিকা ছিলেন। দীর্ঘকাল সাধনা করে দণ্ডকারণ্যে রামের দর্শনে এঁর মুক্তি হয়।
১১· ভট্টি যে বৈয়াকরণ কবি ছিলেন তা এই উপমাতে স্পষ্ট। শবরী 'প্রগৃহ্যপদের ন্যায় সাধবী। ব্যাকরণে সন্ধিজনিত বিকারহীন পদকে প্রগৃহ্যপদ বলা হয়। শবরীও প্রগৃহ্যপদের মতোই বিকারহীনা।
১২· 'কুণ্ডপায্য' এক যজ্ঞের নাম। কুণ্ডৈঃ (ঘটৈঃ) পীয়তে সোমঃ অস্মিন্ ইতি।
১৩· অগ্নিচিত্যাম—অগ্নিচয়ন।
১৪· অগ্নিতে আত্মাহুতি দিয়েছেন—রামায়ণের কাহিনী এইরূপ।
ভানুমতী অশুভ স্বপ্ন দেখে বিচলিত হয়ে সখীদের কাছে স্বপ্নের কথা বলছেন, 'সখী শোনো, আমি প্রমোদ বনে বসে আছি এই সময় খুব সুন্দর এক নকুল একশো সাপকে মেরে ফেলল, তখন ঐ সুন্দর নকুলকে দেখে আমার মন চঞ্চল হলো; তখনি আমি সেখান থেকে উঠে লতামণ্ডপে চলে গেলাম। তারপর প্রভাতের মঙ্গল বাদ্যধ্বনি শুনে ঘুম ভেঙে গেল। এদিকে দুর্যোধন যুদ্ধের জন্য যাত্রা ক'রেও ভানুমতীর সঙ্গে দেখা করার ইচ্ছায় অন্তঃপুরের দিকে অগ্রসর হ'তে গিয়ে ভানুমতীর স্বপ্ন-বৃত্তান্ত শুনতে পেলেন। ভানুমতীর মুখে উচ্চারিত 'অতি সুন্দরাকৃতি নকুল' এই অংশটিই তিনি শুনতে পেয়েছিলেন। শুনে তিনি মনে করলেন পাপিষ্ঠা নিশ্চয় মাদ্রীপুত্র নকুলের প্রতি আসক্তা, সুতরাং নকুলকে অবশ্যই হত্যা করব, প্রথমে ভানুমতীকে হত্যা করি—এই রূপ চিন্তা ক'রে অগ্রসর হ'তেই তিনি শুনলেন ভানুমতী বলছেন, 'তখন আমি জেগে গেলাম'। ভানুমতীর এই কথা শুনে তিনি বুঝলেন, এ স্বপ্নবৃত্তান্ত। উপস্থিত হলেন ভানুমতীর কাছে, অনুভব করলেন সান্নিধ্যসুখ। কিন্তু বাধা পড়ল, কঞ্চুকী এসে সংবাদ দিল, 'প্রবল ঝড়ে রথের ধ্বজা ভেঙে গেছে'। এ অত্যন্ত অমঙ্গলের চিহ্ন; দুর্যোধন আদেশ দিলেন, 'রাজপুরোহিতকে বলো এই অমঙ্গলের শান্তি করতে'। এদিকে যুদ্ধে অভিমন্যুর মৃত্যু হওয়ায় অর্জুন প্রতিজ্ঞা করেছেন 'সূর্য অস্ত যাওয়ার আগেই জয়দ্রথকে হত্যা করব, নয়ত নিজের প্রাণ বিসর্জন দেব'। এই প্রতিজ্ঞা শুনে জয়দ্রথের মাতা এবং পত্নী দুঃশলা দুর্যোধনের কাছে চলে এসেছেন জয়দ্রথের প্রাণ রক্ষার জন্য; দুর্যোধন তাদের অভয় দিয়ে যুদ্ধের জন্য যাত্রা করলেন।

তৃতীয় অংক

এই অঙ্কে আছে জয়দ্রথ প্রভৃতির বধের বর্ণনা। যুদ্ধক্ষেত্র থেকে কর্ণ প্রভৃতি যখন পালাচ্ছিলেন, অশ্বত্থামা জানতেন না তাঁর পিতার মৃত্যু হয়েছে, তাই তিনি কর্ণ

প্রভৃতিকে ফেরাবার চেষ্টা করছিলেন। সেই সময় অশ্বসেন (দ্রোণের সারথি) এসে দ্রোণাচার্যের মৃত্যু সংবাদ দিল। অশ্বত্থামা শোকে অধীর হয়ে অস্ত্রত্যাগ করলেন; পরে কৃপাচার্যের ইচ্ছায় অস্ত্রগ্রহণ করলেন।

চতুর্থ অংক

অস্ত্র প্রহারে দুর্যোধন জ্ঞান হারালে সারথি তাঁকে অন্যত্র নিয়ে গেলেন। জ্ঞান ফিরলে সারথির মুখে দুঃশাসনের মৃত্যুসংবাদ শুনে দুঃখ করছিলেন, সেই সময় কর্ণের ভৃত্য এসে কর্ণ ও বৃষসেনের মৃত্যু সংবাদ দিল।

পঞ্চম অংক

সঞ্জয়ের সঙ্গে একই রথে এলেন ধৃতরাষ্ট্র ও গান্ধারী, বহু উপদেশ দিলেন যুদ্ধ বন্ধ ক'রে যুধিষ্ঠিরের সঙ্গে সন্ধি করতে, দুর্যোধন সব শুনেও চাইলেন যুদ্ধেরই অনুমতি। এদিকে ভীম ও অর্জুন দুর্যোধনকে খুঁজতে খুঁজতে এসে গেলেন সেখানেই। শুরু হয়ে গেল বাক্‌যুদ্ধ, যুধিষ্ঠির এসে ভীম ও অর্জুনকে সরিয়ে দিলেন। সেনাপতি হবার ইচ্ছায় অশ্বত্থামা উপস্থিত, পাণ্ডবদের বধ করতেই হবে এই তাঁর প্রতিজ্ঞা, কিন্তু দুর্যোধনের কটু কথায় তিনি ফিরে গেলে ধৃতরাষ্ট্র তাঁকে আবার আনতে পাঠালেন সঞ্জয়কে।

ষষ্ঠ অংক

ভীমের দারুণ প্রতিজ্ঞার কথা শুনে দুর্যোধন গেলেন অন্তরালে; চারদিকে গুপ্তচর পাঠানো হলো খুঁজতে, অচেনা এক লোকের কথায় কৃষ্ণ, ভীম ও অর্জুন এক দীঘির কাছে দিয়ে দেখতে পেলেন দুর্যোধনের পায়ের চিহ্ন। দুর্যোধন কই? তিনি লুকিয়ে ছিলেন জলের মধ্যে। পাওয়া গেল তাঁকে। দুর্যোধনের বন্ধু রাক্ষস ছদ্মবেশে যুধিষ্ঠিরকে জানালো—গদাযুদ্ধে ভীম-অর্জুন দুজনেই মারা গেছেন, কৃষ্ণ দ্বারকায় চলে গেছেন। শোকগ্রস্ত যুধিষ্ঠির ও দ্রৌপদী আগুনে প্রাণ ত্যাগ করার জন্য প্রস্তুত সেই সময় ভীম এলেন দুর্যোধনের রক্তে রক্তাক্ত দুই হাতে দ্রৌপদীর কেশ বন্ধনের জন্য।

সুভাষিত

১. কালানুরূপং প্রতিবিধাতব্যম্। (৫ম অঙ্ক)
সময়োপযোগী প্রতিবিধান করা কর্তব্য।

২. ফলন্তি কাকতালীয়ং তেভ্যঃ প্রাজ্ঞো ন বিভ্যতি। (২য় অঙ্ক)
দুর্ঘটনা কাকতালীয়ের মতোই, বিচক্ষণ ব্যক্তি তাতে ভীত হয় না।

৩. দৈবায়ত্তং কুলে জন্ম, মদায়ত্তং তু পৌরুষম্। (৩য় অঙ্ক)
কোনো বংশে জন্ম দৈবাধীন হলেও পৌরুষ নিজের আয়ত্তে।

৪. ন ঘটস্য কূপপাতে রজ্জুরপি তত্র প্রক্ষেপ্তব্যা। (৫ম অঙ্ক)
কুয়ো থেকে জল তুলতে গিয়ে ঘট যদি কুয়োতে পড়ে যায় সে জন্য দড়িটা কেউ কুয়োতে ফেলে না।

৫. পুণ্যবন্তোহি দুঃখভাজো ভবন্তি। (৪র্থ অংক)
পুণ্যবান ব্যক্তিই দুঃখভাগী হয়।

৬. প্রকৃতিদুস্ত্যজা। (৩য় অংক)
স্বভাব পরিত্যাগ করা কঠিন।

৭. বক্তুং সুকরমিদং দুষ্করোহধ্যবসিতুম্। (৩য় অংক)
বলা যত সহজ আচরণ তত সহজ নয়।

৮. স এব স্নিগ্ধোজনঃ যঃ পৃষ্টঃ পরুষমপি হিতং বদতি। (২য় অংক)
সেই-তো প্রিয়জন, জিজ্ঞাসা করলে যে অপ্রিয় হলেও হিতকথা বলে।

কুশীলব

পুরুষ চরিত্র

সূত্রধার	—	নাটক পরিচালক	
পারিপার্শ্বিক	—	সূত্রধারের সহায়ক	
জয়ন্ধর	—	পাণ্ডব পক্ষের কঞ্চুকী	
শ্রীকৃষ্ণ	—	বাসুদেব	
যুধিষ্ঠির	—	পাণ্ডবদের জ্যেষ্ঠ ভ্রাতা	কুন্তীপুত্র
ভীম	—	মধ্যম ভ্রাতা	কুন্তীপুত্র
অর্জুন	—	তৃতীয় ভ্রাতা	কুন্তীপুত্র
নকুল	—	চতুর্থ ভ্রাতা	মাদ্রীপুত্র
সহদেব	—	পঞ্চম ভ্রাতা	মাদ্রীপুত্র
বিনয়ন্ধর	—	কৌরব কঞ্চুকী	
দুর্যোধন	—	কৌরবরাজ	
রুধিরপ্রিয়	—	পাণ্ডবপক্ষীয় রাক্ষস	
অশ্বত্থামা	—	দ্রোণের পুত্র	
অশ্বসেন	—	দ্রোণের সারথি	
কৃপাচার্য	—	দ্রোণের শ্যালক	
কর্ণ	—	রাধার পুত্র (দুর্যোধনের সখা)	
জয়দ্রথ	—	দুর্যোধনের ভগিনীপতি	
সুন্দরক	—	কর্ণের ভৃত্য	
ধৃতরাষ্ট্র	—	দুর্যোধনের পিতা	
সঞ্জয়	—	ধৃতরাষ্ট্রের পরিচারক	
পুরুষ (বুধক)	—	যুধিষ্ঠিরের বার্তাবহ	
পাঞ্চালক	—	বার্তাবাহী	
রাক্ষস (চার্বাক)	—	ঐ সারথি	

স্ত্রী চরিত্র

দ্রৌপদী	পাণ্ডব পত্নী	জয়দ্রথ মাতা	
বুদ্ধিমতিক, চেটী	দ্রৌপদীর দাসী	বসাগন্ধা	পাণ্ডবপক্ষপাতিনী রাক্ষসী
		হিড়িম্বা	ভীমপত্নী রাক্ষসী
ভানুমতী	দুর্যোধনের স্ত্রী	গান্ধারী	দুর্যোধন জননী
সুবদনা	ভানুমতীর সহচরী	কুন্তী	যুধিষ্ঠির জননী
তরলিকা	ঐ দাসী	প্রতিহারী	কুরুরাজ দ্বাররক্ষিকা
দুঃশলা	দুর্যোধন ভগিনী	বহঙ্গিকা	কৌরব পক্ষের দাসী

বেণীসংহার

প্রথম অংক

নান্দী—যে কুসুমাঞ্জলির উপর পতনোন্মুখ ভ্রমরগণকে হস্তদ্বারা নিষেধ করলেও অঞ্জলিস্থ পুষ্পের মধু আলোড়ন করছে, চন্দ্র কিরণে অভ্যন্তর বিচ্ছুরিত হওয়াতেই যেন মুকুলগুলি বিকশিত হয়েছে, সেই কুসুমাঞ্জলি শ্রীহরির চরণে সমর্পিত হলো। এই অঞ্জলি যেন দর্শকদের নয়নের আনন্দ বৃদ্ধি করে। ১ ॥

যমুনার তীরে রাস; কেলিকোপে কুপিতা রাধা রাসলীলায় অনিচ্ছা প্রকাশ করে অশ্রু ত্যাগ করতে করতে চলেছেন, কৃষ্ণও তাঁর অনুগমন করতে লাগলেন কিন্তু রাধার চরণচিহ্ন নিজচরণ পতিত হওয়ায় শরীর রোমাঞ্চিত হলো, তিনি রাধিকাকে অনুনয় করাতে প্রসন্ন হয়ে রাধিকা কৃষ্ণের দিকে ফিরলেন। কৃষ্ণের সার্থক এই অনুনয় তোমাদের সাফল্য বিধান করুক। ২ ॥

ময়দানবনির্মিত ত্রিপুরভবন দগ্ধ করতে ধূর্জটির যে প্রলয়ঙ্কর মূর্তি, দেবী ভবানী সানুরাগে, অসুর রমণীগণ ভয়ে ও উদ্বেগে, বিষয়ে অনাসক্তি হেতু পরমাত্মদর্শী সিদ্ধসাধকগণ করুণভাবে, বিষ্ণু ঈষৎ হাস্যসহ, দৈত্যবীরগণ অস্ত্র গ্রহণপূর্বক ভয়চকিত রমণীগণকে শান্ত করে সগর্বে, এবং দেবগণ সানন্দে দর্শন করেছিলেন সেই শঙ্কর তোমাদের রক্ষা করুন। ৩ ॥

(নান্দ্যন্তে) সূত্রধার—অধিক বিস্তারের কী প্রয়োজন? শ্রবণাঞ্জলিপুটে পান করা যায় এমন ভারতামৃত যিনি সৃষ্টি করেছেন, বিষয়ে অনাসক্ত-নিষ্পাপ সেই দ্বৈপায়ন-(ব্যাসদেব)কে বন্দনা করি। ৪ ॥ (চারিদিক দেখে) সভায় উপস্থিত সভ্যদের জানাচ্ছি যে এখন এই দৃশ্যকাব্য দ্বিতীয় পুষ্পাঞ্জলির মতো আপনাদের কাছে কাছে উপস্থিত করছি। ভ্রমর যেমন বিন্দুমাত্র হলেও মধুই গ্রহণ করে আপনারাও তেমন এর গুণেই গ্রহণ করবেন। ৫ ॥ আমরা এই কবিশ্রেষ্ঠ ভট্টনারায়ণের নতুন নাটক বেণীসংহার অভিনয় করতে প্রবৃত্ত হয়েছি। সে-বিষয়ে কবির পরিশ্রমের অনুরোধেই হোক অথবা কথাবস্তুর শ্রেষ্ঠতার জন্যই হোক অথবা নতুন নাটক দেখার কৌতুহলের জন্যই হোক উপস্থিত সভ্যগণের দৃষ্টি আকর্ষণ করছি।

(নেপথ্যে)—মহাশয়! তাড়াতাড়ি করুন, আর্যবিদুরের আদেশে রাজপুরুষেরা নটদের আদেশ করছেন যথাযথভাবে বাদ্য বাদন আরম্ভ করতে। কারণ দেবকীপুত্র চক্রপাণি (শ্রীকৃষ্ণ ভরতকুলের হিতকামনায় স্বয়ং দৌত্য স্বীকার ক'রে পরাশর পুত্র (ব্যাস) নারদ তুম্বুরু ও পরশুরামের সঙ্গে দুর্যোধনের শিবিরে আজ আসছেন, তাঁর প্রবেশসময় উপস্থিত।

সূত্রধার—(শুনে সানন্দে) কী আশ্চর্য! জগতের সৃষ্টিস্থিতিলয়কারী কংসারি ভগবান শ্রীকৃষ্ণ নিজেই কুরু-পাণ্ডবের সমরানল নির্বাপিত করতে সন্ধির অভিপ্রায়ে দৌত্য করতে এসে ভরতকুল ও সমস্ত রাজন্যবর্গকে অনুগৃহীত করলেন। (নেপথ্যে) এখনও কেন নটদের সঙ্গে সঙ্গীত আরম্ভ কর নাই?

সূত্রধার—বেশ আরম্ভ করি তবে, কিন্তু গানের বিষয় কী হবে ?

নেপথ্যে—কেন ? এই চন্দ্রতাপ, নক্ষত্র, সূর্যাদিগ্রহ, ক্রৌঞ্চ-কলহংস, সপ্তপর্ণ, রক্তপদ্ম, কাশফুলের পরাগে শুভ্র আকাশ, সুস্বাদু জলপূর্ণ জলাশয় প্রভৃতিতে সমৃদ্ধ শরৎকালকে অবলম্বন করে গান করো। এই শরৎকালেই সময়ের উন্মাদনায় হংসগণ সুন্দর পক্ষ বিস্তারে দিকসকল উদ্ভাসিত করে মধুর ধ্বনি করতে করতে ভূমিতে নেমে আসছে (পক্ষে, এই শরৎকালের মধ্যেই প্রবল প্রতিপক্ষ সম্পন্ন কঠোরভাষী গর্বোদ্ধত জয়াভিলাষী ধৃতরাষ্ট্রের পুত্রগণ যমের ইচ্ছায় ভূতলশায়ী হবে)। ৬।

পারিপার্শ্বিক—(প্রবেশ করে) কর্তা, এমন কথা বলবেন না, কোনো অমঙ্গল যেন না হয়।

সূত্রধার—(একটু হেসে) মারিষ শরৎকাল বর্ণনা প্রসঙ্গে হাঁস বলতে ধার্তরাষ্ট্র বলা হচ্ছে।

পারিপার্শ্বিক—কী জানি, বলতে পারি না। কিন্তু আপনার এই বচনের অমঙ্গল-সূচনায় বলতে কি বুক আমার যেন কেঁপে উঠল।

সূত্রধার—মারিষ[২]। স্বয়ং নারায়ণ দৌত্যকার্য করতে এসে সমস্ত অমঙ্গল দূর করেছেন। শত্রুরা শান্ত হওয়ায় বৈরবহ্নি নির্বাপিত। সুতরাং পাণ্ডবগণ মাধবের সঙ্গে আনন্দে বাস করুন এবং যুদ্ধনিবৃত্ত হওয়ায় অনুরক্ত জনগণ ও ভৃত্য এবং বাহনাদিসহ কৌরবগণ নিশ্চিন্তে অবস্থান করুন। ৭। (নেপথ্যে তিরস্কার সহ) আঃ! পাপ দুষ্টাশয়, বৃথা অমঙ্গলসূচক নটাধম! জতুগৃহদাহ, কৌরবগণ নিশ্চিন্তে অবস্থান করুন। (নেপথ্যে তিরস্কার সহ) আঃ! পাপ, দুষ্টাশয়, বৃথা অমঙ্গলসূচক নরাধম! জতুগৃহ, বিষমিশ্রিত অন্নদান ও সভার ছলনাময় দ্যূতক্রীড়ায় ধনে-প্রাণে যারা আমাদের কষ্ট দিয়েছে এবং পাণ্ডববধূর বস্ত্র ও কেশ আকর্ষণ করেছে যে ধৃতরাষ্ট্র পুত্র, তারা থাকবে শান্তিতে, আমি জীবিত থাকতে ? ৮।

(সূত্রধার এবং পারিপার্শ্বিক শুনতে পেল)

পারিপার্শ্বিক—কর্তা, এটা কোত্থেকে ?

সূত্রধার—(পিছনে দেখে) আরে এ কী ? এই যে, সহদেবের সঙ্গে ভীমসেন! বাসুদেব এসেছেন কুরুপাণ্ডবদের সন্ধির জন্য, ভীমের তাতে মত নেই। তাই তিনি ক্রুদ্ধ হয়ে বিস্তৃত ললাটে ভ্রূকুটিসহ দৃষ্টিপাতে আমাদের সকলকে গ্রাস করবার জন্যই যেন এদিকে আসছেন, অতএব এঁর সামনে থাকা উচিত হবে না। (উভয়ের প্রস্থান)

(তারপর সহদেবের সঙ্গে ক্রুদ্ধ ভীমের প্রবেশ)

ভীম—আঃ! (পাপ ইত্যাদির পুনরুক্তি)।

সহদেব—(অনুনয়ের সঙ্গে) আর্য! ক্ষমা করুন, ক্ষমা করুন, এই নটের কথা আমাদেরই অনুকূল, দেখুন—"শত্রুজয় ক'রে বৈরবহ্নি নির্বাপিত করে পাণ্ডবেরা মাধবের সঙ্গে সুখে বাস করুন, আর কৌরবেরা স্বজন সহ ক্ষত-বিক্ষতদেহে ধরাতল শোণিত রঞ্জিত করে মৃত্যুবরণ করুক।

ভীম—(তিরস্কারের সহিত) না—না কৌরবদের অমঙ্গল চিন্তা ? তোমরা করতেই পার না, সেই কৌরব ভ্রাতৃগণ তোমাদেরই সন্ধির যোগ্য।

সহদেব—(সক্রোধে) আর্য ! যদি রাজা নিষেধ না করতেন, তা হলে আপনার কোন্‌ অনুজ সেই ধৃতরাষ্ট্রপুত্রদের ক্ষমা করতেন, যারা পদে পদে শত্রুতা করেছে ? ৯ ॥

ভীম—(সরোষে) যদি তাই হয়, তবে আজ থেকে আমি তোমাদের সঙ্গে পৃথক। দেখো—আশৈশব আমার সঙ্গে কৌরবদের যে শত্রুতা ক্রমে বর্ধিত হয়েছে, তার কারণ মহারাজ ন'ন, নয় কিরীটী, তোমরাও নও ; সুতরাং সন্ধি যদি হয় জরাসন্ধের বক্ষের[৩] মতো তা ক্রুদ্ধ ভীম ভেঙে ফেলছে, যদি পার তোমরা জোড়া লাগাও। ১০ ॥

সহদেব—(সানুনয়ে) আর্য ! আপনার এই অতি ক্রোধে রাজা ক্ষুব্ধ হতে পারেন।

ভীম—(সহাস্যে) কী ! আর্য ক্ষুব্ধ হবেন আমার প্রতি ? ক্ষোভ কী তা কি আর্য জানেন ? (সরোষে) রাজসভার মধ্যে পাঞ্চালনন্দিনীকে সেই অবস্থায় দেখে, বল্কলধারণ ক'রে ব্যাধসহ দীর্ঘ বনবাসে, বিরাটভবনে নৃপগর্হিত কার্য[৪] ক'রে ও গুপ্তস্থানে থেকেও যার খেদ হয় নি, আজ আমি দুঃখিত হলেও কৌরবদের প্রতিকূল আচরণ আর্য করবেন না। ১১ ॥ তা হলে, সহদেব তুমি প্রতিনিবৃত্ত হও, এবং দীর্ঘকালাবধি-প্রবৃদ্ধ ক্রোধ-উদ্দীপিত ভীমের কথা অনুসারে রাজাকে বলো।

সহদেব—আর্য ! কী বলব ?

ভীম—এই রকম বলবে "আমি আপনার শাসন না মানার পাপে লিপ্ত হলাম এটা সত্য এও সত্য, আপনার কনিষ্ঠদের মধ্যে প্রচারিত হলো আমার নিন্দা। এখন কৌরবদের ধ্বংস করতে গিয়ে ক্রোধে উত্থাপিত গদা তাদের রক্তে রঞ্জিত করার আজ একটি মাত্র দিনের জন্য আপনি আমার গুরু নন, আমিও আপনার আদেশ পালনে বাধ্য নই"। ১২ ॥

(গর্বের সঙ্গে চলতে লাগলেন)

সহদেব—(অনুগমনপূর্বক স্বগত) এ কী ? আর্য পাঞ্চালীর ঘরে প্রবেশ করছেন কেন ? তাই হোক, আমি এখানেই অপেক্ষা করি (উপবেশন করলেন)।

ভীম—(ফিরে দেখে) সহদেব তুমি যাও, গুরুর অনুবর্তী হও, আমিও অস্ত্রাগারে প্রবেশ ক'রে অস্ত্র সংগ্রহ করি।

সহদেব—আর্য ! এতো অস্ত্রাগার নয়, পাঞ্চালীর গৃহ।

ভীম - (সতর্কভাবে) তাই তো, অস্ত্রাগার তো নয় পাঞ্চালীরই গৃহ, (চিন্তা ক'রে সানন্দে) পাঞ্চালীর সঙ্গেই আলোচনা প্রয়োজন। (সস্নেহে সহদেবের হাত ধরে) বৎস তুমি এসো। আর্য কুরুদের সঙ্গে সন্ধি করতে গিয়ে আমাদেরকে দিচ্ছেন, তুমিও দেখো।

সহদেব—আর্যের যেমন আদেশ।

সক্রোধে ভূমিতেই বসলেন)

সহদেব—(সম্ভ্রমের সঙ্গে) আর্য ! এই আসন পাতা[৮] আছে এতে বসে মুহূর্তের জন্য কৃষ্ণার আগমনের অপেক্ষা করুন।

ভীম—(বসে স্মরণ ক'রে) বৎস ! "কৃষ্ণাগমন" কথায় মনে হলো, আচ্ছা, ভগবান্‌ কৃষ্ণকে কোন্‌ পণে সন্ধি করবার জন্য দুর্যোধনের কাছে পাঠানো হয়েছে ?

সহদেব—আর্য পাঁচটি গ্রামের দ্বারা।

ভীম—(দুই হাতে কান ঢেকে) হায়! হায়! অজাতশত্রু মহারাজ যুধিষ্ঠিরের প্রভাব এত ক্ষীণ হয়েছে? এতে ক'রে সত্যি কথা বলতে কি আমার বুক কাঁপছে। (ফিরে বসে) বৎস! কেন তুমি একথা বল নি, আমি ভীম একথা শুনিও নি। এই ভূপতির যে দুর্জয় ক্ষাত্রপ্রতাপ ছিল, মনে হয় পাশাখেলায় তাও হারিয়েছেন। ১৩।

(নেপথ্যে) মহারানী! স্থির হোন, স্থির হোন।

সহদেব—(শূন্যে নেপথ্যের দিকে তাকিয়ে স্বগত) এই যে যাজ্ঞসেনী অনবরত উপচে-ওঠা চোখের জলে নিরুদ্ধ দৃষ্টিতে আর্যের দিকেই আসছেন, ব্যাপারটা আরও গুরুতর হয়ে উঠল। বিদ্যুৎশিখার মতো যে ক্ষাত্রতেজ ক্রুদ্ধ আর্যের মধ্যে আজ সঞ্চিত হয়েছে, বর্ষাকালের মতো কৃষ্ণা তা নিশ্চয় বাড়িয়ে তুলবে। ১৪।

(তারপর দ্রৌপদী ও চেটীর প্রবেশ, দ্রৌপদী সবাষ্প নিঃশ্বাস ফেলতে লাগলেন)

চেটী—মহারানী! স্থির হোন, কৌরবদের প্রতি শত্রুভাবাপন্ন ভীমসেন আপনার দুঃখ দূর করবেন!

দ্রৌপদী—ওলো বুদ্ধিমতিকে! তা হ'তে পারে যদি মহারাজ প্রতিকূল না হন। নাথের সঙ্গে দেখা করবার জন্য মন ছটফট করছে। নাথের বাসভবন দেখাও।

চেটী—(দেখে) এই তো কুমার রয়েছেন, আসুন, আসুন মহারানী।

(উভয়ের পরিক্রমণ)

দ্রৌপদী—ওলো তাই করি।

(উভয়ের প্রবেশ)

চেটী—কুমারের জয় হোক।

ভীম—(না শুনে সক্রোধে 'দুর্জয় ক্ষাত্রতেজ' ইত্যাদি পুনরায় উচ্চারণ করলেন।)

চেটী—(দ্রৌপদীর কাছে এসে) মহারানী, আপনাকে একটা প্রিয়সংবাদ বলি, কুমারকে যেন ক্রুদ্ধ মনে হচ্ছে।

দ্রৌপদী—ওরে! তাই যদি হয়, তবে আমার প্রতি এই উদাসীনভাবও আমাকে আশা দিচ্ছে, তা হলে এখানে থেকে ওর মনের ভাব বোঝবার চেষ্টা করি।

(উভয়ে তা করলেন)

ভীম—(সক্রোধে সহদেবকে লক্ষ্য করে) কী বললে? পাঁচটি গ্রাম দিয়ে সন্ধি? যুদ্ধে শত কৌরবকে কোপবশে ধ্বংস করব না? করব না দুঃশাসনের বক্ষরক্ত পান? দুর্যোধনের উরুভঙ্গ তাও কি অপূর্ণ থাকবে? তোমাদের রাজা পণ দিয়ে সন্ধি করেন যদি করুন। ১৫।

দ্রৌপদী—(সানন্দে জনান্তিকে) নাথ! এমন কথা আগে তো কখনও শুনি নি। আবার বলুন।

ভীম—সহদেব! দেখো (যুদ্ধে শত কৌরব ইত্যাদি পুনঃপাঠ)

সহদেব—আর্য! মহারাজের আদেশের মর্মার্থ কি আপনি গ্রহণ করেন নি?

ভীম—মর্মার্থটি কী?

সহদেব—মহারাজের আদেশ এই রকম।

ভীম—কার প্রতি ?

সহদেব—দুর্যোধনের প্রতি।

ভীম—কী রকম ?

সহদেব—ইন্দ্রপ্রস্থ[৫], বৃকপ্রস্থ[৬], জয়ন্ত[৭], বারণাবত[৮]—এই চারটি, আর যে-কোনো একটি গ্রাম আমাকে দাও। ১৬॥

ভীম—তাতে কী হলো ?

সহদেব—তাতে মনে হয় চারটি গ্রামের নাম উল্লেখ করে এবং পঞ্চমটির নাম উল্লেখ না করে বিষান্নভোজন, জতুগৃহদাহ, দ্যূতসভা প্রভৃতি অপকারের কথা মনে করিয়ে দেওয়া হয়েছে।

ভীম—(সগর্বে) বৎস ! এই স্মরণ করিয়ে দেওয়ায় কী ফল হবে ?

সহদেব—আর্য ! এতে ধর্মরাজ স্বগোত্রক্ষয়ে আতঙ্কিত একথা জনসাধারণ জানবে এবং কুরুরাজও যে সন্ধি করলেন না তাও সকলকে দেখান যাবে।

ভীম—মূর্খ ! এ সমস্তই অনর্থক। কারণ, এখান থেকে বনে যাবার সময় যখন আমরা সকলে কুরুকুল ধ্বংস করার প্রতিজ্ঞা করেছিলাম তখনই তো প্রকারান্তরে বলা হয়েছিল যে কুরুদের সঙ্গে সন্ধি অসম্ভব। ধৃতরাষ্ট্রের বংশ ধ্বংস এও কি লোকে লজ্জাকর হবে ?

ওরে মূর্খ ! ক্রোধবশে লোকে শত্রুবংশ ধ্বংস করা তোমাদের লজ্জার কারণ হলো, কিন্তু রাজসভার মধ্যে শত্রুরা যখন রাজমহিষীর কেশাকর্ষণ করেছিল তখন তোমাদের এ লজ্জা ছিল কোথায় ? ১৭ ॥

দ্রৌপদী—(জনান্তিকে) নাথ ! এতে এদের লজ্জা হয় না, আপনি কিন্তু ভুলবেন না।

ভীম—(স্মরণ করে) বৎস ! পাঞ্চালী এত দেরি করছেন কেন ?

সহদেব—আর্য ! তিনি তো অনেকক্ষণ এসেছেন, কিন্তু ক্রোধবশে আপনি দেখতে পান নি।

ভীম—(দেখে সস্নেহে) দেবি। তুমি যে এসেছ তা আমি ক্রোধবশে লক্ষ্য করতে পারি নি, তুমি রাগ কোরো না।

দ্রৌপদী - আর্যপুত্র ! তুমি উদাসীন হলেই আমার দুঃখ হয়, কিন্তু তুমি ক্রুদ্ধ হলে নয়।

ভীম—যদি তাই হয় তবে তুমি নিজেকে বিজয়িনী মনে করতে পার।

(হাত ধরে পাশে বসিয়ে মুখের দিকে তাকিয়ে) তোমাকে যেন উদ্বিগ্ন বলে মনে হচ্ছে।

দ্রৌপদী—নাথ ! তোমার কাছে থাকলে আর উদ্বেগের কারণ কী ?

ভীম—কিছু বলছ না তো (কেশের দিকে দেখে নিঃশ্বাস ফেলে) আর বলবেই বা কী ? পাণ্ডুপুত্রগণ জীবিত, তাঁরা আছেন নিকটেই, বিদেশে নয় তবুও পাঞ্চাল রাজনন্দিনী এই দুর্দশা বহন করছে ! ১৮ ॥

দ্রৌপদী—বুদ্ধিমতিকে ! তুমি প্রভুকে বলো, তিনি ভিন্ন কে আমার অপমানে দুঃখিত হবেন !

চেটী—যে আজ্ঞে। (ভীমের নিকটে এসে জোড়হাতে)

শুনুন কুমার ! আজ রাজমহিষীর এ ছাড়াও অধিক উদ্বেগের কারণ ঘটেছে।

ভীম—কী বলছ ? এর চেয়েও বেশি ? বুদ্ধিমতিকে ! শীঘ্র উৎকণ্ঠার কারণ বলো। আমি কুরুবংশের দাবাগ্নির ধূমশিখা স্বরূপ স্রস্তবেণী কৃষ্ণাকে স্পর্শ ক'রে কে এই দাবানলে পতঙ্গের দশা পেতে চাইছে। ১৯ ॥

চেটী—শুনুন কুমার ! আজ দেবী রাজমাতা ও সুভদ্রা প্রভৃতি সপত্নী সহ আর্যা গান্ধারীর পদ-বন্দনা করতে গিয়েছিলেন।

ভীম—সমুচিত কার্য, যেহেতু গুরুজন বন্দনীয় ; তারপর, তারপর ?

চেটী—যখন ফিরে আসছিলেন তখন ভানুমতীর সঙ্গে দেখা।

ভীম—(সরোষে) আঃ আঃ শত্রু-স্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ? দেবীর ক্রোধের স্থানই বটে। তারপর, তারপর ?

চেটী—তারপর ভানুমতী দেবীকে দেখে সখীর দিকে তাকিয়ে গর্বের হাসি হেসে বললেন—

ভীম—কেবল দেখা নয়, কথাও, উঃ কী করি, তারপর ?

চেটী—তিনি (ভানুমতী) বললেন, 'অয়ি যাজ্ঞসেনি ! শুনেছি পাঁচটি গ্রাম প্রার্থনা করা হয়েছে তবে কেন এখনও চুল বাঁধা হয় নি ?'

ভীম—সহদেব শুনলে ?

সহদেব—আর্য ! এতে বলার কী আছে। তিনি তো দুর্যোধনেরই স্ত্রী। দেখুন—নিরন্তর পতিসাহচর্যের ফলে স্ত্রীলোকের মনোবৃত্তি স্বামীর মতোই হয়। যেমন মিষ্টস্বাদ-লতা বিষবৃক্ষাশ্রয়ী হলে মূর্ছার কারণ হয়। ২০ ॥

ভীম—বুদ্ধিমতিকে। তাতে দেবী কী বললেন ?

চেটী—কুমার ! দেবীর সঙ্গে পরিজন না থাকলে তিনিই বলতেন।

ভীম—তুমি কী বলেছ ?

চেটী—কুমার ! আমি বললাম, 'অয়ি[৯] ভানুমতী ! তোমাদের কেশ বাঁধা থাকতে আমাদের দেবী কেশ[১০] বাঁধবেন কী করে ?

ভীম—(সন্তুষ্ট হয়ে) সাধু, বুদ্ধিমতিকে সাধু, আমাদের পরিজনের মতোই তুমি বলেছ। (নিজ অলঙ্কার বুদ্ধিমতিকে দিলেন, অস্থিরভাবে আসন হতে উঠে) পাঞ্চালি ! দুঃখ কোরো না, অচিরেই যা করব তা শোনো—এই চঞ্চল বাহুদ্বারা ঘূর্ণায়মান প্রচণ্ড গদার আঘাতে দুর্যোধনের উরুদ্বয় ভেঙে, তার গাঢ় তপ্ত রক্তে রঞ্জিত হাত দিয়ে ভীমসেন তোমার বেণী বেঁধে দেবে। ২১ ॥

দ্রৌপদী—প্রভু ! আপনি ক্রুদ্ধ হলে আপনার অসাধ্য কিছুই নয়। আপনার ভাইয়েরা যেন সর্বান্তঃকরণে এই উদ্যোগ সমর্থন করেন।

সহদেব আমরা অনুমোদন করি।

(নেপথ্যে অত্যন্ত কলরব, বিস্মিত হয়ে সকলে শুনতে লাগল)

ভীম—মন্থন-বিক্ষুব্ধ সমুদ্রের জলরাশি মন্দরপর্বতের গুহা প্লাবিত করেছিল—সেই পর্বতের ধ্বনির মতো গম্ভীর আমাদের সিংহনাদের প্রতিধ্বনিস্বরূপ দুন্দুভি কারা বাজাচ্ছে ? বাদনদণ্ডের দ্বারা তাড়িত হয়ে ঐ ধ্বনি গর্জনশীল প্রলয়-মেঘের পরস্পর সংঘর্ষের ন্যায় তীব্র ! ঐ ধ্বনি পাঞ্চালীর ক্রোধের প্রথম বার্তাবাহক এবং দুর্যোধন প্রভৃতির বিনাশের উৎসাহসূচক ঝটিকার মতোই ভয়ঙ্কর ! ২২ ॥

(ব্যস্তভাবে প্রবেশ করে)

কঞ্চুকী—কুমার! এই যে ভগবান্‌ বাসুদেব—

(সকলে হাতজোড় ক'রে দাঁড়ালেন)

ভীম—(সসম্ভ্রমে) কোথায়, কোথায় ভগবান্‌?

কঞ্চুকী—পাণ্ডব-পক্ষপাতী ব'লে ক্রুদ্ধ দুর্যোধন তাঁকে বন্দী করতে গিয়েছিল।

(সকলে বিস্ময়ের অভিনয় করলেন)

ভীম—তিনি কি বন্দী হয়েছেন?

কঞ্চুকী—না, না, বন্দী করার চেষ্টা হয়েছিল।

ভীম—ভগবান্‌ কী করলেন?

কঞ্চুকী—তখন ভগবান্‌ বিশ্বরূপ দেখালেন, সেই তেজঃপুঞ্জ দর্শনে কুরুকুল মূর্ছিত হলে, তিনি আমাদের শিবিরে উপস্থিত হয়েছেন, অবিলম্বে কুমারকে দেখতে চাইছেন।

ভীম—(উপহাসসহ) দুরাত্মা দুর্যোধন কি ভগবানকেও বন্ধন করতে চায়! (আকাশের দিকে তাকিয়ে) রে দুরাত্মা কুরুবংশকলঙ্ক! তুই ভগবানেরও মর্যাদা লঙ্ঘন করেছিস্‌ এখন কুরুবংশ বিনাশে পাণ্ডবের ক্রোধ তো নিমিত্ত মাত্র।

সহদেব—আর্য! এই দুরাত্মা দুর্যোধন ভগবান্‌ বাসুদেবের স্বরূপ কি জানে না?

ভীম—বৎস! মূর্খ এই দুরাত্মা কীভাবে জানবে? দেখো, যাঁরা পরমাত্মাতে নিমগ্ন থাকেন, নির্বিকল্প সমাধিতে সমাহিত চিত্ত, জ্ঞানের উন্মেষে তমোগ্রন্থি বিদূরিত সেই সত্যনিষ্ঠ যোগিগণ পারে জ্যোতিতে অবস্থিত পরমপুরুষকে দেখতে পান, অন্ধকারের এই মোহান্ধ ব্যক্তি কেমন করে জানবে সেই সনাতন বসুদেবকে? ২৩। আর্য জয়ন্ধর! মহারাজ এখন কী করছেন?

কঞ্চুকী—আপনি নিজে গিয়ে মহারাজের কার্যকলাপ জানতে পারবেন কুমার!

(প্রস্থান)

(কলরবের পর নেপথ্যে)

ওহে, দ্রুপদ, বিরাট, বৃষ্ণি, অন্ধক, সহদেব প্রভৃতি আমাদের সেনাপতিগণ এবং কৌরব বাহিনীর প্রধান যোদ্ধাগণ আপনারা শুনুন—সত্যপালন[১১] ব্রতভঙ্গভয়ে ভীত যুধিষ্ঠিরের কোপবহ্নি বিশেষ চেষ্টায় প্রায় নিভিয়ে আনা হয়েছিল। কৌরব ও পাণ্ডব উভয় কুলের মঙ্গল কামনায় যে ক্রোধবহ্নি ভুলতে চেষ্টা করেছিলেন, দ্যূতক্রীড়া স্বরূপ মন্থনদণ্ডসঞ্জাত এবং পাঞ্চালীর কেশ ও বসন আকর্ষণে বৃদ্ধিপ্রাপ্ত যুধিষ্ঠিরের সেই ক্রোধবহ্নি কৌরবারণ্যে যথেচ্ছভাবে ছড়িয়ে পড়ছে। ২৪ ॥

ভীম—(শুনে সহর্ষ ক্রোধে) ছড়িয়ে পড়ুক, ছড়িয়ে পড়ুক, অপ্রতিহতভাবে প্রসারিত হোক আর্যের ক্রোধবহ্নি।

(পুনঃ নেপথ্যে কলরব)

দ্রৌপদী—(বিস্ময়ে) হে নাথ! এখন কেন প্রলয়কালীন মেঘের মতো তীব্র রণদামামা বাজছে?

ভীম—দেবি, আর কী হবে, যজ্ঞ আরম্ভ হচ্ছে।

দ্রৌপদী—কী এ যজ্ঞ?

ভীম—রণযজ্ঞ ! দেখো না, আমরা চারজন হোতা, ভগবান্ বাসুদেব কর্মের উপদেষ্টা; রাজা যুধিষ্ঠির রণযজ্ঞে ব্রতী, রাজপত্নী ব্রতধারিণী, কুরুকুল যজ্ঞের পশু, যজ্ঞের ফল—প্রিয়ার অপমানের শান্তি। তাই নৃপসমূহকে নিমন্ত্রণের জন্য যশপ্রখ্যাপক এই বাদ্য পাণ্ডবের যশই প্রচার করছে। ২৫ ॥

সহদেব—আর্য ! সম্প্রতি আমরা গুরুজনের আদেশ-অনুসারে নিজ নিজ শক্তি অনুযায়ী কাজের জন্য প্রস্তুত হই।

ভীম—বৎস ! আমরা সবাই আর্যের আদেশ পালনের জন্য প্রস্তুত হয়েই আছি। (উঠে) দেবি ! তবে আমরা এখন কুরুবংশের ধ্বংসের জন্য অগ্রসর হই।

দ্রৌপদী—(অশ্রু সংবরণ ক'রে) প্রিয়তম ! অসুরযুদ্ধে গমনোন্মুখ হরির[১২] মতো তোমাদের মঙ্গল হোক।

উভয়ে – আপনার মঙ্গলবাণী আমরা গ্রহণ করলাম।

চেটী—দেবী আরও বলছেন, 'হে স্বামিন্ ! যুদ্ধ থেকে ফিরে এসে পুনরায় আমাকে আশ্বস্ত ক'রো'।

ভীম—অয়ি পঞ্চালরাজতনয়া, মিথ্যা আশ্বাসে কী প্রয়োজন ? পরাজয়-ক্লান্ত লজ্জায় বিষণ্ণ মুখ এবং কুরুকুল বিনাশ করতে পারে নি এমন অবস্থায় বৃকোদরকে আর দেখতে পাবে না। ২৬ ॥

দ্রৌপদী—নাথ ! যাজ্ঞসেনীর অপমানে ক্রোধানল উদ্দীপিত হওয়ায় শরীরের প্রতি উপেক্ষা ক'রে বিচরণ করবেন না কারণ শুনতে পাই, শত্রুসৈন্যমধ্যে সতর্কভাবে বিচরণ করতে হয়।

ভীম—ওগো সুক্ষত্রিয়ে ! রণক্ষেত্রে বিচরণ করতে আমরা সমর্থ। দেখো, পরস্পর সংঘর্ষে বিদীর্ণ হস্তিসমূহের রক্ত, মাংস, বক্ষ ও মস্তিষ্ক—কর্দমে ভগ্ন রথের উপরে পা ফেলে চতুরঙ্গ[১৩] বল যেখানে চলে, সভা ক'রে রক্তপানপরায়ণ শৃগালের অমঙ্গল শব্দস্বরূপ মাদলবাদ্যে কবন্ধরা যেখানে নাচে সেই যুদ্ধের প্রলয়সমুদ্রে বিচরণ করতে পাণ্ডুপুত্রগণ সমর্থ। ২৭ ॥ (সকলের প্রস্থান)

॥ প্রথম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দ্বিতীয় অঙ্ক × × × × × × × × × × × × × ×

কঞ্চুকীর প্রবেশ

কঞ্চুকী—মহারাজ দুর্যোধন আদেশ করেছেন, বিনয়ন্ধর ? তুমি শীঘ্র যাও, মাতার চরণ বন্দনা ক'রে দেবী ভানুমতী ফিরেছেন কিনা খোঁজ করে এস, কারণ তাঁর সঙ্গে দেখা ক'রে রণাঙ্গনে গিয়ে কর্ণ, জয়দ্রথ প্রভৃতি যেসব ক্ষত্রিয় বীর অভিমন্যুকে বধ করেছে তাদের সসম্মানে অভিনন্দিত করব। সুতরাং আমাকে তাড়াতাড়ি যেতে হবে। হায় ! মহারাজের কী প্রভুত্ব, আমি বৃদ্ধ হলেও অন্তঃপুর ব্যাপারে পদমর্যাদা ঠিকই আছে। আর জরাকে নিন্দাই বা করি কেন ? সমস্ত অন্তঃপুর পরিচারকেরই বেশ-ভূষা, কার্যকলাপ এই রকম। দেখ—চোখ থাকা সত্ত্বেও উপর দিকে তাকাবার অধিকার নেই, শুনেও শুনতে

নেই, ক্ষমতা থাকলেও লাঠি নিয়েই চলতে হবে, তাই লাঠিই অবলম্বন করেছি। পদস্খলনের ভয়ে সর্বত্র সতর্কভাবে চলি, সেবান্ধ জীবিকা যা করেছে জরা তার কিছুই করে নি। ১॥

(অল্প হেঁটে আকাশ দেখে) বিহঙ্গিকে! গুরুজনের পাদবন্দনা ক'রে ভানুমতী কি ফিরেছেন? (শুনে) কী বলছ? আর্য! দেবী ভানুমতী গুরুজনের পাদবন্দনা ক'রে স্বামীর সমরবিজয় কামনায় আজ থেকে ব্রতপালন ক'রে বালোদ্যানে স্থিত দেবগৃহে রয়েছেন। তাহলে ভদ্রে! তোমার কাজে তুমি যাও, আমিও মহারাজকে বলি দেবী সেখানেই আছেন।

(একটু চলে) সাধু পতিব্রতে! স্ত্রীজাতি হয়েও তোমার যে ভাব, মহারাজের তা নেই, কারণ সবল হোক বা দুর্বলই হোক, বাসুদেবের সহায়তায় পাণ্ডুপুত্রেরা আজ শত্রু হয়েছে দেখেও তিনি অন্তঃপুরবিহারসুখ অনুভব করতে চান। (চিন্তা করে) মহারাজের এ আর এক অসঙ্গত কারণ—শস্ত্রগ্রহণ অবধি আজ পর্যন্ত কোনো দিনই যার কুঠার ব্যর্থ হয় নি এমন পরশুরামবিজেতা ভীষ্মকে পাণ্ডুপুত্রগণ শরশয্যায় শায়িত করায় মহারাজের কোনো দুঃখ হয় নি, অথচ অনেক প্রবীণ যোদ্ধাকে পরাজিত করে, পরিশ্রান্ত, নিরস্ত্র অসহায় সেই বালক অভিমন্যু নিহত হওয়ায় ইনি খুশি। ২॥

ভগবান্ আমাদের সর্বদা মঙ্গল করুন। যা হোক, দেবী যে এখানে একথা মহারাজকে জানাই। (প্রস্থান)

(বিষ্কম্ভক)

(আসনে উপবিষ্টা ভানুমতী, সখী ও চেটীর প্রবেশ)

সখী—সখি ভানুমতি। তুমি আত্মাভিমানী মহারাজ দুর্যোধনের স্ত্রী হয়েও কেন স্বপ্ন দেখার বিষয় নিয়ে ইদানীং এই রকম অধৈর্য হয়ে অতিরিক্ত অশান্তি ভোগ করছ।

চেটী—মহারানী! সুবদনা তো ভাল কথাই বলেছে, স্বপ্নে মানুষ কী না বলে।

ভানুমতী—ওগো। সে কথা ঠিক, কিন্তু আমার এ স্বপ্ন অমঙ্গলদর্শন বলে মনে হচ্ছে।

সখী—প্রিয়সখি! যদি তাই মনে ক'র তা হ'লে বলো তোমার স্বপ্ন-কাহিনী, যাতে আমরা ধর্মানুষ্ঠান, দেবসঙ্কীর্তন, ব্রাহ্মণ পরিগ্রহণ প্রভৃতি অনুষ্ঠান করে শান্তিবিধান করতে পারি।

চেটী—ভালই বলেছেন সুবদনা, শোনা যায় দেবতাস্তুতিদ্বারা অশুভ স্বপ্নও শুভ হয়।

ভানুমতী—যদি তাই হয় তা হলে বলি মন দিয়ে শোনো।

সখী—আমরা মন দিয়েছি তুমি বলো প্রিয়সখি।

ভানুমতী—ওগো! ওগো! ভয়ে ভুলেই গেছি, এক মুহূর্ত দাঁড়াও মনে করে বলছি। (চিন্তাকরার অভিনয়)

(দুর্যোধন ও কঞ্চুকীর প্রবেশ)

দুর্যোধন—একটি সুভাষিত[১] আছে—গোপনেই হোক বা সাক্ষাতেই হোক, কম বা বেশি, নিজের দ্বারা বা অন্যের দ্বারা অপকারীর প্রতি অপকার করতে পারলে বিশেষ আনন্দের কারণ হয়। ৩॥ যেমন আজ দ্রোণ, কর্ণ, জয়দ্রথ প্রভৃতি সকলে মিলে অভিমন্যুকে বধ করতে পেরেছে তাতে আমার বেশ আনন্দ হয়েছে।

কঞ্চুকী—দেব! আচার্য, কর্ণ বা জয়দ্রথ, অস্ত্রপ্রভাবে কারো পক্ষেই এটা দুঃসাধ্য নয়, এতে প্রশংসার কী আছে?

দুর্যোধন—বিনয়ন্ধর? কী বলছ তুমি। একাকী নিরস্ত্র বালককে অনেকে মিলে হত্যা করেছে, এতে কুরুশ্রেষ্ঠদের কী প্রশংসা? এতে কোনো দোষ নেই মূর্খ, দেখ—শিখণ্ডীকে সামনে রেখে জরাজীর্ণ ভীষ্মকে বধ করায় পাণ্ডবদের যে প্রশংসা আমাদেরও তাই হবে। ৪॥

কঞ্চুকী—(অপ্রতিভ হয়ে) মহারাজ? আমার এ সঙ্কল্প নয়, যেহেতু আপনার পুরুষকারের ব্যর্থতা কখনও দেখি নি, তাই এই রকম নিবেদন করেছিলাম।

দুর্যোধন—ঠিকই বলেছ, ভৃত্য বান্ধব মিত্র পুত্র অনুজসহ দুর্যোধনকে অল্পকালের মধ্যে যুদ্ধে পাণ্ডুপুত্র বধ করবে। ৫॥

কঞ্চুকী—(দুহাতে কান ঢেকে সভয়ে) পাপ শান্ত হোক, অমঙ্গল নষ্ট হোক।

রাজা—বিনয়ন্ধর! কী বললাম আমি?

কঞ্চুকী—'দুর্যোধন নিজ শক্তিতে অচিরেই ভৃত্যবান্ধবাদি সহ পাণ্ডুপুত্রদের যুদ্ধে বিনাশ করবে'—এর বিপরীত কথা বলেছেন আপনি।

রাজা—বিনয়ন্ধর! আজ ভানুমতী আমার সঙ্গে পূর্বের মতো কথাবার্তা না বলেই সকালবেলা বাসভবন থেকে চলে গেছেন; সেজন্য আমার মন বিক্ষিপ্ত, এখন বলো ভানুমতী কোথায়?

কঞ্চুকী—এদিকে, এদিকে আসুন দেব।

(উভয়েই হেঁটে বেড়ালেন)

কঞ্চুকী—(সামনে দেখে ও সুগন্ধ পেয়ে) মহারাজ? দেখুন, দেখুন শিশিরকণার ঠাণ্ডা হাওয়ায় শেফালি ফুলগুলি ঝরে পড়ে কী সুন্দর আস্তরণ সৃষ্টি করেছে। মুগ্ধবধূর গণ্ডদেশের মতো ঈষৎ রক্তবর্ণ লোধ্রপুষ্প শ্যামলতা সৌভাগ্যকে জয় করেছে; বকুল ও কুন্দপুষ্পের সুগন্ধে শীতল প্রভাত-কালরমণীয় বালোদ্যান আপনার সামনে, দেখুন, আরও দেখুন—

তুষারকণামিশ্রিত মধুর ভারে নত সেই রাত্রেফোটা ফুলের সঙ্গে ভ্রমরও ঝ'রে পড়েছে, কিন্তু সূর্যকিরণ স্পর্শে বিকশিত পদ্মের মনোজ্ঞ গন্ধে আকৃষ্ট হয়ে তারা ভ্রমররা) সেই দিকেই ছুটে চলেছে। ৬॥

রাজা—(চারিদিক দেখে) বিনয়ন্ধর। এই সকালে আর একটি রমণীয় দৃশ্য দেখো—বিকাশোন্মুখদলের (পাপড়ির) প্রান্তভাগের ছিদ্রপথে প্রবিষ্ট সূর্যকিরণ স্পর্শে ভ্রমরেরা রাজার মতো জেগে উঠেছে; এদের অঙ্গরাগ ঘন পরিমলের ভিতর দিয়েও ঈষৎ দেখা যাচ্ছে। ভ্রমরেরা এই প্রস্ফুটিত পদ্মের গর্ভশয্যা স্ত্রীগণের সঙ্গেই ত্যাগ করছে। ৭॥

কঞ্চুকী—মহারাজ! এই তো ভানুমতী বসে আছেন, সুবদনা ও তরলিকা সেবা করছে, আপনি অগ্রসর হন মহারাজ।

রাজা—(দেখে) আর্য বিনয়ন্ধর, তুমি যুদ্ধের রথ প্রস্তুত করো গিয়ে, আমিও দেবীকে দেখে তোমার পেছনেই আসছি।

কঞ্চুকী—আদেশ মতো কাজ করছি। (প্রস্থান)

সখী—প্রিয়সখি! মনে পড়ল তোমার?

ভানুমতী—সখি! মনে হয়েছে।

আজ আমি প্রমদবনে আছি, আমার সামনেই অতিসুন্দর এক নকুল (বেজী) একশত সাপকে বিনাশ করল।

উভয়ে—(অবধারণ করে আত্মগত) পাপ শান্ত হোক, অমঙ্গল দূরে হোক। (প্রকাশ্যে) তারপর?

ভানুমতী—মানসিক উদ্বেগে আরও ভুলে গেলাম। আবার মনে করে বলছি।

দুর্যোধন—(দেখে) ওহো! দেবী ভানুমতী সুবদনা ও তরলিকার সঙ্গে কী যেন আলোচনা করছেন, আচ্ছা, এই লতাজালের আড়ালে থেকে বিশ্রম্ভালাপ শুনি। (তাই করলেন)

সখী—দুঃখ কোরো না, বলো প্রিয়সখী।

দুর্যোধন—তাই তো, এর দুঃখের কারণ কী? অথবা একে কিছু না বলে বাসভবন থেকে চলে এসেছি এ জন্যই বোধহয় আমার প্রতি রাগ হয়েছে। অয়ি ভানুমতি! দুর্যোধন তোমার রাগের পাত্র নয়।

আমি কি ভ্রমবশতঃ আমার কণ্ঠ হতে তোমার ভুজলতাপাশ শিথিল করে দিয়েছিলাম। নিদ্রাভঙ্গে পার্শ্বপরিবর্তনে আমার দিকে ফিরেছিলে তখন তোমাকে আজ আদর করি নি। স্বপ্নে অন্য রমণীর সঙ্গে আলাপ করে নিজের নীচতার পরিচয় দিয়েছি তাই কি তুমি লক্ষ্য করেছ, প্রিয়ে, সাধারণ পরিজনের মতো তিরস্কারযোগ্য আমার কী দোষ দেখেছ? ৮॥ (চিন্তা করে) অথবা—এই ভানুমতী একান্ত মদর্পিতচিত্তা, তাই প্রেমবশতঃ আমার সম্পর্কে ঈর্ষ্যান্বিতা নিজেই আমার অপরাধ কল্পনা ক'রে অতিভালবাসা হেতু নিশ্চয় কুপিতা হয়েছেন। ৯॥ তবুও কী বলেন শুনি।

ভানুমতী—তখন আমি অতিশয় দিব্যকান্তি নকুলকে দেখবার জন্য উৎকণ্ঠিতা হলাম, মনও চঞ্চল হলো, তখন ঐ স্থান ত্যাগ করে লতামণ্ডপে প্রবেশ করলাম।

দুর্যোধন—(লজ্জিতভাবে) কী? অতিসুন্দরাকৃতি নকুলকে দেখার আগ্রহ ও হৃদয় দান. তবে কি এই পাপিষ্ঠা মাদ্রীপুত্রে অনুরক্তা, আর আমি প্রতারিত? (পূর্বকথা স্মরণঃ—এই ভানুমতী আমাতে একান্ত অনুরক্তা ইত্যাদি পাঠ) মূর্খ দুর্যোধন? কুলটা প্রবঞ্চিত হ'য়ে নিজেকে ভানুমতীর আকাঙ্ক্ষিত ব্যক্তি মনে করে কিনা বলেছ। (আমি কি ভ্রমবশতঃ ইত্যাদি পাঠ ও চারিদিকে দেখে) হায়, এ জন্যই সকাল বেলাতেই নির্জন স্থানের প্রয়োজন ও সখীদের সঙ্গে আলাপের আগ্রহ, আর দুর্যোধন! মোহান্ধ হয়ে কুলটার মন না বুঝে ঘুরে বেড়াচ্ছ! পাপীয়সি! আমার স্ত্রী হয়েও তুমি কুলটা!

আমার সামনে ভীরুতা, অন্যত্র এই রকম সাহস, আমার দেহপ্রশংসা, অথচ চরিত্রস্খলনে আগ্রহ। আমি বুঝতে না পারলেও, তোমার সরলতা কপটভাবে কোন্ পথ নিল? নিষ্পাপ বংশে যার জন্ম তার আজ এ কী অপবাদ? ১০॥

সখী—তারপর! তারপর!

ভানুমতী—তারপর সেও আমার অনুসরণ করতে করতে লতামণ্ডপে প্রবেশ করল।

রাজা—আঃ কুলটার মতোই এই পাপিষ্ঠার অশালীনতা!

যেখানে চিরপ্রণয় নির্ভর বন্ধভাবসহকারে নির্জনে যে সুরতোপভোগের কথা আবেদিত হয়েছে, সেখানেই কিনা আজ নিজের দুশ্চরিত নিবেদন করতে, পাপ হৃদয়ে, সখীজনের কাছে লজ্জা পাচ্ছ না! ১১॥

সখীদ্বয়—তারপর! তারপর!

ভানুমতী—তারপর হাত বাড়িয়ে নির্লজ্জভাবে আমার স্তনাবরণ চুরি করল।

দুর্যোধন—(সক্রোধে) এরপর আর শোনার প্রয়োজন? যাই হোক, পরস্ত্রীধর্ষণকারী ধৃষ্ট পাপাত্মা মাদ্রীপুত্রকে হত্যা করব (একটু অগ্রসর হয়ে চিন্তাপূর্বক) না, প্রথমে এই পাপিষ্ঠার শাসন প্রয়োজন। (ফিরলেন)

সখীদ্বয়—তারপর, তারপর?

ভানুমতী—তারপর আর্যপুত্রের প্রভাত-মঙ্গলের তূর্যধ্বনিমিশ্রিত বারবিলাসিনীদের সঙ্গীত শব্দে ঘুম ভেঙে গেল।

দুর্যোধন—(চিন্তাপূর্বক) 'ঘুম ভেঙে গেল', তবে কি স্বপ্ন-বৃত্তান্ত বলছে? (চিন্তা ক'রে) আচ্ছা দেখি, সখীদের কথায় বোঝা যাবে।

(সখীদ্বয় সবিষাদে পরস্পরের দিকে তাকাল)

সুবদনা—যা কিছু অমঙ্গল তা ভাগীরথী প্রভৃতির নদীজলে শান্ত করো। দেবতা ও ব্রাহ্মণের আশীর্বাদ এবং অগ্নিতে আহুতি দিয়ে তা দূর করো।

দুর্যোধন—আর কোনো সন্দেহ নেই, ভানুমতী স্বপ্নকথাই বলেছে; না বুঝে আমি অন্যরকম ভেবেছি।

ভাগ্যবশে অর্ধেক শুনে আমি ক্রোধে চলে যাই নি, বলিও নি কোনো রূঢ় কথা। আর ভাগ্যবলেই আমার বিশ্বাসের জন্য ঘটেছে কথার পরিসমাপ্তি এবং অতি সৌভাগ্যেই আজ পৃথিবী থেকে বিদায় নেয় নি মিথ্যাপবাদপ্রাপ্তা ভানুমতী। ১২॥

ভানুমতী—ওগো, বলো তো এতে শুভ কিংবা অশুভসূচক কিছু আছে কি?

সখীদ্বয়— পরস্পর তাকিয়ে আড়াল ক'রে) এতে কিছুমাত্র শুভ নেই, যদি মিথ্যে বলি প্রিয়সখীর প্রতি অপরাধ হবে। সেই হিতাকাঙ্ক্ষী জানতে চাইলে যে রূঢ় হলেও সত্য কথাই বলে। (প্রকাশ্যে) সখি! স্বপ্নের সবটাই অমঙ্গলসূচক, সুতরাং দেবতা প্রণাম ব্রাহ্মণজন প্রতিগ্রহণ প্রভৃতি অনুষ্ঠান করে দোষ খণ্ডন করো, স্বপ্নে দংষ্ট্রী বা নকুলের দর্শন ও শতসর্পবধ বিচক্ষণ ব্যক্তিরা প্রশংসা করেন না।

দুর্যোধন—ঠিকই বলেছে সুবদনা, নকুলের শতসর্প বধ, স্তনাবরণ-অপহরণ প্রভৃতি অনিষ্টজনক বলেই মনে হয়।

শুভাশুভ স্বপ্ন পর্যায়ক্রমেই দেখা যায়, কিন্তু সর্পের শতসংখ্যা বধে যেন ভ্রাতাসহ আমাকেই স্পর্শ করছে। ১৩॥ (বাম চোখ স্পন্দন সূচনা করে) আঃ, আমি দুর্যোধন আমারও হৃদয়ে ক্ষোভ হচ্ছে দুর্নিমিত্ত দেখে! (সগর্বে) অথবা দুর্বলের বুক কাঁপে যাক্তে, দুর্যোধনের তাতে বুক কাঁপা উচিত নয়। মহর্ষি অঙ্গিরা বলেন রবি প্রভৃতি গ্রহের সঞ্চার স্বপ্ন এবং আকস্মিক উৎপাতের ফল কাকতালীয়ের মতো, তাতে বুদ্ধিমানেরা ভয় পায় না। ১৪॥ সুতরাং স্ত্রীস্বভাবসুলভ ভানুমতীর আশঙ্কা দূর করব।

ভানুমতী—ওলো, সুবদনা ? দেখো ভগবান্ দিবসনাথের রথ উদয়গিরি শিখর থেকে বেরিয়ে আসছে, প্রভাত-সন্ধ্যার অরুণিমা আর নেই, এখন তাঁর নিজের আলো ফুটে উঠেছে।

সখীদ্বয়—সখি, ভগবান্ সহস্রকিরণের কিরণরাশি লতাজালের অবকাশ দিয়ে আপতিত হয়ে উদ্যান ভূমিভাগকে আচ্ছন্ন ক'রে ফেলেছে—দেখতে লাগছে কষ্টিপাথরে-ঘসা সোনার তৈরি পত্ররাশির মতো ; ভগবান্ সহস্রকিরণ এখন তাঁর তমোনাশ-প্রতিজ্ঞা পূরণ করেছেন, তাই তাঁর রিপু অন্ধকারের কাছে তিনি এখন দুষ্প্রেক্ষণীয় হয়ে উঠেছেন। অতএব এই-ই তোমার সময় রক্তচন্দন-পুষ্পে তাঁকে উপাসনা করার।

ভানুমতী—ওহে তরলিকে। আমাকে অর্ঘ্যপাত্র এনে দাও, ভগবান্ সহস্র কিরণের পূজা সম্পন্ন করি।

চেটী—যে আজ্ঞে দেবী, (নির্গমন)

দুর্যোধন—প্রিয়ার নিকট যাবার এই-ই উত্তম অবসর। (নিকটে গেলেন)

চেটী—(প্রবেশ করে) দেবি, এই যে অর্ঘ্যপাত্র, ভগবান্ সহস্রকিরণের পূজা সম্পন্ন করুন।

রাজা—এগিয়ে এসে ইশারায় পরিজনদের সরিয়ে দিয়ে নিজেই অর্ঘ্যপাত্র ধরে দিলেন।

সখীদ্বয়—(দেখে স্বগত) মহারাজ কেন এলেন, হায়, এঁর নিয়ম ভঙ্গ হয়ে গেল।

ভানুমতী—(সূর্যের দিকে মুখ করে) হে ভগবান্ ! আকাশমহাসরোবরের অদ্বিতীয় কমল। পূর্বদিগবধূর মুখমণ্ডলস্বরূপ কুঙ্কুমতিলক। সকল ভুবনের একমাত্র রত্নপ্রদীপ ! এই স্বপ্নে সূচিত অমঙ্গল, আপনার প্রণামে ভ্রাতৃগণসহ আর্যপুত্রের মঙ্গল হোক। (অর্ঘ্য দিয়ে) ওহে তরলিকে। আরও পুষ্প দাও, অন্য দেবতারও পূজা সম্পন্ন করি। (হাত বাড়ালেন রাজা ফুল হাতে দিতে গিয়ে স্পর্শসুখ অভিনয় করে ফুল ভূমিতে ফেলে দিলেন)।

ভানুমতী—(সক্রোধে) আঃ পরিজনদের কী অসাবধানতা। (ফিরে রাজাকে দেখে লজ্জিত হ'লেন) একী, আর্যপুত্র !

দুর্যোধন—দেবি, সেবা-কার্যে অযোগ্য এই পরিজন, দেবীর শাসনযোগ্য। (ভানুমতীর লজ্জা অভিনয়) আয় প্রিয়ে !

তোমার ঐ ধবল দীর্ঘ অপাঙ্গদৃষ্টি এই দাসের প্রতি নিক্ষেপ করো ; সম্ভ্রমের কারণ কী ? স্মিতহাস্যে মধুর ও উদারভাবে আমার সঙ্গে উচ্চ আলাপ করো, হে দেবি আমার দুই হস্তের অঞ্জলি তোমার সেবার জন্য প্রস্তুত আছে। ১৫ ॥

ভানুমতী—মহারাজ ! আমায় অনুমতি করুন, কোনো একটি ব্রত পালনে আমার ইচ্ছা আছে ;

দুর্যোধন—তোমার স্বপ্ন বৃত্তান্ত আমি সবই শুনেছি, সুতরাং তোমার স্বভাবকোমল দেহকে কষ্ট দিয়ে লাভ কী ?

ভানুমতী—আর্যপুত্র ! আমার অত্যন্ত আশঙ্কা হচ্ছে, আমায় অনুমতি দিন।

দুর্যোধন—(সগর্বে) দেবি ! শঙ্কা কোরো না, দেখো—তুমি যদি শঙ্কা-ক্লান্ত হও, তবে দিগন্তব্যাপী অক্ষৌহিণী সেনা, দ্রোণাচার্য এবং অঙ্গরাজের অস্ত্রশস্ত্রে ফল কী ?

ভীরু ! তুমি আমার শত ভ্রাতার ভুবনচ্ছায়ায় বাস করছ, তুমি সিংহশ্রেষ্ঠ দুর্যোধনের গৃহিণী, তোমার আশঙ্কা কোথায়। ১৬ ॥

ভানুমতী—আর্যপুত্র ! তুমি কাছে থাকলে আমার কোনোই শঙ্কার কারণ নেই, কিন্তু আর্যপুত্রের বিজয়াবিলাসকেই[৩] অভিনন্দিত করতে চাই।

রাজা—ওগো সুন্দরি ! আমার এইটুকু মাত্র ইচ্ছা যে বনিতার সঙ্গে মিলিত হয়ে স্বেচ্ছায় বিহার করি।

দেখো—যার প্রেমাবেশে নিমীলিত নয়নশোভার কাছে পদ্মের শোভা হার মানে, লজ্জায় কথাগুলি যার অস্পষ্ট, মৃদুমন্দহাস্য, ব্রতপালনের জন্য অধর থেকে অলক্ত চিহ্ন অপসৃত, নিয়মহেতু দুর্লভ তোমার সেই মুখচন্দ্র পানেই দুর্যোধনের ইচ্ছা, অন্য কিছুতেই নয় ! ১৭ ॥

(নেপথ্যে কলরব, সকলেই শোনার অভিনয় করলেন)

ভানুমতী—(রাজাকে আলিঙ্গন করে) আর্যপুত্র ! রক্ষা করো, রক্ষা করো।

দুর্যোধন—(চারিদিক দেখে) প্রিয়ে ভয় কি ?

দেখো চতুর্দিকে বৃক্ষশাখা ভগ্ন ক'রে, আকাশে ঝঙ্কার শব্দ তুলে, পথে কঙ্করবর্ষী হয়ে, বৃক্ষশাখা ঘর্ষণে ধূম-উদ্গীরণ ক'রে, প্রাসাদগুলির নিকুঞ্জে নিকুঞ্জে নবজলধরে একটানা উদ্গার ক'রে, প্রচণ্ড বায়ু চারিদিকে ছুটে চলেছে, হে ভীরু স্বভাবে এতে ভয়ের কী আছে। ১৮ ॥

সখীদ্বয়—মহারাজ ! এই দারুপর্বত প্রাসাদ গৃহে প্রবেশ করুন। প্রবল ধূলিতে নয়ন পীড়িত, বৃক্ষভগ্নশব্দে ভীতত্রস্ত শ্রেষ্ঠ অশ্বসকল অশ্বশালা থেকে পলায়ন করছে, জনগণ ভয়ে আকুল হয়ে পড়েছে. এ ভীষণ ঝঞ্চা বায়ু অত্যন্ত উদ্বেগ সৃষ্টি করছে।

দুর্যোধন—এই ঝঞ্চা বায়ু দুর্যোধনের উপকারই করেছে যার প্রাসাদে আমার বিনা পরিশ্রমে নিয়মভঙ্গ ক'রে দেবী আমার অভিলাষ পূরণ করলেন।

কারণ—এই তম্বমী ভয়ে ভ্রূকুটী বন্ধ করে নেই, নয়ন দুটি বাষ্পসলিলে আচ্ছাদিত হয়নি, নিজের মুখও অন্যদিকে ফিরিয়ে নেন নি, আমি ধরতে গেলে শপথ করে বাধা দেয় নি, পরন্তু ভয়বশে পয়োধর সংলগ্ন করে আলিঙ্গন করেছে, এই ব্রতভঙ্গকারী ভীষণ ঝঞ্চা বায়ু এই আমার বন্ধু নয় তা নয়। ১৯ ॥

অতএব প্রিয়ার অনুকূলতার মনোবাঞ্ছা যখন পূর্ণ হয়েছে তখন স্বেচ্ছাবিহারে সম্পূর্ণ স্বাধীন আমি এই দারুপর্বতেই আরোহণ করি।

(সকলেই ঝড়ের বাধা অতিক্রমের অভিনয় করে অগ্রসর হলেন)

দুর্যোধন—অয়ি ঘনজঘনে। ধীরে ধীরে চলো, হে সুন্দরি ! চলার সময়ে কম্পিত হয়ো না, ভুজলতাপাশে বেঁধে আমার বক্ষস্থলকে গাঢ় আলিঙ্গন করো। ২০ ॥

(প্রবেশের অভিনয় ক'রে) প্রিয়ে ? এ গর্ভগৃহ এমনভাবে আবৃত যে বায়ু প্রবেশের পথ নেই, তুমি নিঃসন্দেহে মার্জনা ক'রে চোখ খোলো।

ভানুমতী—ভাগ্যবশে এখানে উৎপাতবায়ু কোনো বাধা সৃষ্টি করছে না।

সখীদ্বয়—মহারাজ ! প্রিয়সখীর উরুদ্বয় আরোহণ ক্লেশ সহ্য করতে পারছে না, সুতরাং আপনি কেন এখনো কোনো আসন অলঙ্কৃত করছেন না ?

দুর্যোধন—(রানীকে দেখে) এই বায়ুবেগ তোমার অনেক অপকার করেছে।

দেখো না কেন—ক্ষুদ্র ধূলিকণা ঐ আয়ত নেত্রের কষ্টের কারণ হয়েছে, পীনস্তন ভারাক্রান্ত বক্ষস্থলের মৃদু কম্পনে কণ্ঠহার আন্দোলিত হচ্ছে, ধীরগমনেও স্থূল জঘনভারে উরুদ্বয় কাঁপছে, মৃগনয়নার হস্তপদাদির সহায়তায় বায়ু অনেক কাল ধরে কষ্ট দিচ্ছে। ২১॥

(সকলে বসল)

দুর্যোধন—এ কী, আসন ছাড়াই কঠিন পাথরে যে দেবী বসলেন! হে করভোরু? বায়ুবেগে যার বস্ত্রাঞ্চল চঞ্চল, আমার নয়নানন্দ তোমার সেই জঘনস্থল রাখবার জন্য, তোমার লোচনানন্দ লোলাংশুক আমার এই উরু দুটি চিরদিনই যথেষ্ট। ২২॥

(সম্ভ্রান্তভাবে কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী—মহারাজ! ভেঙেছে, ভেঙেছে। (সকলে আতঙ্কিত হলেন)

দুর্যোধন—কে ভাঙল?

কঞ্চুকী—ভীম।

দুর্যোধন - কার?

কঞ্চুকী—আপনার!

দুর্যোধন—আঃ, কি প্রলাপ বকছ?

ভানুমতী—আর্য! অমঙ্গল কিছু বলছে?

কঞ্চুকী—(সভয়ে) দেব! ভীম আপনার ভেঙেছে।

দুর্যোধন—ধিক্ বৃদ্ধাধম! তোমার আজ একি মতিভ্রম।

কঞ্চুকী—দেব! এ ভ্রম নয়, সত্যই। -

ভীষণ বায়ু আপনার রথ-পতাকা ভেঙেছে, আর সেই পতাকা কিঙ্কিণী ধ্বনিতে যেন কেঁদে কেঁদে মাটিতে পড়ছে। ২৩॥

দুর্যোধন—যদি প্রবল বায়ুবেগে ভুবন কম্পিত হয়, আর সে জন্য রথ-পতাকা ভেঙে যায়, তাকে ভগ্ন, ভগ্ন বলে উদ্ধত প্রলাপ বকবার কি আছে?

কঞ্চুকী—মহারাজ! এ কিছুই নয়, কিন্তু এই অমঙ্গল শান্তির জন্য মহারাজকে জানানো উচিত, এই স্বামী-ভক্তিই আমাকে প্ররোচিত করেছে।

ভানুমতী আর্যপুত্র! শান্ত ব্রাহ্মণের বেদধ্বনি ও হোমের দ্বারা এই অমঙ্গলের প্রতীকার করুন!

দুর্যোধন—(অবজ্ঞাসহ) যাও, পুরোহিত সুমিত্রকে বলো।

কঞ্চুকী—প্রভুর যেমন আদেশ। (প্রস্থান)

(উদ্বিগ্ন প্রতিহারীর প্রবেবেশ)

প্রতিহারী—জয়হোক, জয়হোক মহারাজের! মহারাজ জামাতা সিন্ধুরাজের মাতা এবং দুঃশলা দ্বারে উপস্থিত।

দুর্যোধন—চিন্তা ক'রে স্বগত) কী? জয়দ্রথের মা ও দুঃশলা।

অভিমন্যুবধে ক্রুদ্ধ পাণ্ডবরা কোনো গর্হিত আচরণ করেছে বোধ হয়।

(প্রকাশ্যে) যাও শীঘ্র নিয়ে এস।

প্রতিহারী—যে আজ্ঞা মহারাজ। (প্রস্থান)

(জয়দ্রথ মাতা ও দুঃশলার প্রবেশ)

উত্তরে—(সজল নয়নে দুর্যোধনের পায়ে পড়লেন)

মাতা—রক্ষা করো, রক্ষা করো কুমার।

দুঃশলা—(ক্রন্দন)

দুর্যোধন—(সসম্ভ্রমে উঠিয়ে) মা! শান্ত হোন, আশ্বস্ত হোন, অমঙ্গল কিছু হয়েছে? সমরাঙ্গনে অপ্রতিদ্বন্দ্বী জয়দ্রথের মঙ্গল তো?

মাতা—বৎস! কোথায় আর কুশল?

দুর্যোধন—কী রকম?

মাতা—(আশঙ্কাসহ) পুত্রবধে ক্রোধোদ্দীপ্ত অর্জুন গাণ্ডীব নিয়ে প্রতিজ্ঞা করেছে আজ সূর্যাস্তের পূর্বে জয়দ্রথকে বধ করবে।

দুর্যোধন—(ঈষৎ হেসে) মাতা ও দুঃশলার রোদনের কারণ কি এই? পুত্র-শোকোদ্দীপ্ত কিরীটীর প্রলাপের দ্বারা এই অবস্থা? হায় অবলাদের কি মূর্খতা, মা দুঃখ করো না, চোখের জল ফেলো না দুঃশলা। দুর্যোধনের বাহু-অস্ত্রে রক্ষিত স্বয়ং প্রবলপরাক্রান্ত জয়দ্রথের বিপদ ঘটাতে পারে কোথায় অর্জুনের এ শক্তি?

মাতা বৎস! তারা পুত্র-বন্ধু প্রভৃতি বিয়োগ হেতু ক্রোধোদ্দীপ্ত হয়ে শরীরের প্রতি উপেক্ষা করে ইতস্তত ঘুরে বেড়াচ্ছে।

দুর্যোধন—(উপহাস ক'রে) এই কথা? পাণ্ডবদের ক্রোধপরায়ণতা সর্বজন-প্রসিদ্ধ। দেখ—আমার আদেশে দুঃশাসন স্বহস্তে রাজসভায় যখন পাঞ্চালীর কেশ ও বসন আকর্ষণ করেছিল তখন 'গোরু গোরু' উচ্চারণ করেছিল, তখন অধিজ্য গাণ্ডীবধারী অর্জুন কি ছিল না সেখানে? ক্ষত্রিয় বংশজাত কৃতিমান্ যুবকের পক্ষে তা ক্রোধের কারণ নয় কি? ২৪।

মাতা—যদি সে প্রতিজ্ঞা পূরণে অসমর্থ হয়, তবে আত্মবধের প্রতিজ্ঞাও সে করেছে।

দুর্যোধন—যদি তাই হয় তবে আনন্দের পরিবর্তে বিষাদ কেন? সানুজ যুধিষ্ঠির উৎসন্ন গেছে এই কথাই বলা উচিত। মা! শতকুরুপরিবারে মহিমা যার বৃদ্ধি হয়েছে, কৃপ-কর্ণ-দ্রোণ-অশ্বত্থামা প্রভৃতি মহারথীদের পরাক্রমে যার শক্তি দ্বিগুণ গেছে সেই আপনার পুত্র সিন্ধুরাজের নাম গ্রহণেরও সামর্থ্য অর্জুন বা অন্য কারো আছে কি? আপনি জানেন না আপনার পুত্রের পরাক্রম। যুধিষ্ঠির ও নকুল সহদেহ বিষয়ে কথা বলারই প্রয়োজন নেই জয়দ্রথ যখন ধনুর্মণ্ডল বিস্ফারিত করেন তখন ভীম বা অর্জুন এই দুজনের মধ্যে কোন একজন কে সম্মুখ সমরে অগ্রসর হবার সামর্থ্য রাখেন কি? ২৫।

ভানুমতী—আর্যপুত্র! সবই ঠিক, তবুও অর্জুন গুরুতর যে প্রতিজ্ঞা করেছে তা শঙ্কার কারণই বটে।

মাতা—বৎসে সাধু, তুমি কালোচিত মন্তব্যই করেছ।

দুর্যোধন,—আঃ, আমিও দুর্যোধন, পাণ্ডবেরা কি আমারও শঙ্কার কারণ? দেখো—যুদ্ধক্ষেত্রে দিকে দিকে ছড়িয়ে পড়ছে কোটি কোটি সৈন্য। তাদের দ্বারা উৎথাপিত ধূলিতে সূর্য ঢাকা পড়েছে, তাদের ঊর্ধ্বভাগ উল্লসিত অসি তার তীক্ষ্নাগ্র দেখাচ্ছে, আর এদের পরিচালনা করছে আমারই ভাইরা যারা

ধনুর জ্যাঘাতচিহ্নযুক্ত, যারা শত্রুকে গণ্যই করে না ব'লে দেহ থেকে বর্ম খুলে ফেলেছে এবং তাদের ছত্রগুলি এত ঘন-পরিবেশে অবস্থিত যে তার শ্বেতপদ্ম বনের ভ্রান্তি উৎপাদন করছে। ২৬ ॥

অয়ি ভানুমতি! পাণ্ডবপ্রভাব তুমি তো জান; তোমারও কি শঙ্কা হচ্ছে? সমরানিপুণ তেজস্বী পাণ্ডবদের 'দুঃশাসনের বক্ষরক্তপান ও গদাঘাতে দুর্যোধনের উরুভঙ্গ প্রতিজ্ঞা' যে গতি লাভ করেছে, জয়দ্রথবধের প্রতিজ্ঞারও সেই গতিই হবে। ২৭ ॥ ওহে কে, কে আছ এখানে, আমার জৈত্ররথ নিয়ে এসো, আমিও জয়দ্রথের রক্ষার ব্যবস্থা করেই সেই ধৃষ্ট পাণ্ডবদের প্রতিজ্ঞা মিথ্যা প্রমাণ করে ওর অশস্ত্রপূত মরণব্যবস্থার উপদেশ দিই।

(কঞ্চুকী প্রবেশ করে)

কঞ্চুকী—দেব! যার স্বর্ণঘণ্টা (গতিবশে) আন্দোলিত হচ্ছে এবং আঘাতে বেজে উঠছে, যেখানে রয়েছে দ্বিগুণ শুভ্রচামর এবং গমনোৎকণ্ঠায় ব্যাকুল অশ্ব সেখানে সংযত, শত্রুর মনোবাঞ্ছাবিনাশে সক্ষম আপনার সেই রথ প্রস্তুত।

দুর্যোধন—দেবি! তুমি ভিতরে যাও আমিও "সেই ধৃষ্ট পাণ্ডবদের" (ইত্যাদি পুনরায় বলতে বলতে প্রস্থান করলেন)। (সকলের প্রস্থান)

॥ বেণীসংহার নাটকের দ্বিতীয় অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × তৃতীয় অঙ্ক × × × × × × × × × × × × ×

(বিকৃত বেশে রাক্ষসীর প্রবেশ)

রাক্ষসী—(বিকট হেসে আনন্দে) নিহত মানুষের রক্ত, মাংস ও চর্বিতে হাজার কলসী পূর্ণ করেছি, অনবরত পান করব, হোক না শতবৎসর যুদ্ধ। ১॥ (আনন্দে নৃত্য) যদি সিন্ধুরাজ জয়দ্রথের বধের দিনের মতো প্রতিদিনই অর্জুন যুদ্ধ করে তবে রক্তমাংসে আমার কোষাগার ভর্তি হয়ে যাবে। (চলে ফিরে চারদিক দেখে) রুধিরপ্রিয় কোথায়? এ সময়ে প্রিয়তম রুধিরপ্রিয়কে খোঁজা দরকার, (চলে ফিরে) আচ্ছা ডাকা যাক, রুধিরপ্রিয়, ও রুধিরপ্রিয়, এদিকে এসো!

(তারপর রাক্ষস রুধিরপ্রিয়ের প্রবেশ)

রাক্ষস—(শ্রান্তির অভিনয় ক'রে) সদ্য নিহতের উষ্ণ রক্ত ও মাংস যদি পাই, তবে আমার পরিশ্রম অল্প সময়েই লাঘব হয়ে যায়। ২ ॥

রাক্ষসী—(পুনরায় ডাকতে লাগল)

রাক্ষস—(শুনে) আরে আমায় ডাকে কে? (দেখে) অ্যাঁ? আমার প্রিয়া বসাগন্ধা, (কাছে গিয়ে) বসাগন্ধে! আমায় ডাকছ কেন?

ওগো রক্তমদপানমত্তা প্রিয়া, যুদ্ধক্ষেত্রে ঘুরে ঘুরে তোমার শরীরের অঙ্গগুলো ঢিলে হয়ে গেছে, আমাকে ডাকছ কেন, শুনেছি হাজার পুরুষ মারা পড়েছে। ৩॥

রাক্ষসী—আরে রুধিরপ্রিয়! তোমার জন্য সদ্য নিহত কোনো-এক রাজর্ষির প্রচুর চর্বিতে চকচকে ঈষদুষ্ণ তাজা রক্ত আর সেরা মাংস এনেছি, খাও ও পান করো।

রাক্ষস—(খুশি হয়ে) বসাগন্ধে! বেড়ে, তুমি ভালই করেছ। আমার খুব তেষ্টা পেয়েছে, নিয়ে এসো।

রাক্ষসী—রুধিরপ্রিয় ! এই রকম নিহত মানুষ হাতিঘোড়ার রক্তেমাংসে রণাঙ্গন সমুদ্রের মতো, এখানে চলাই অসম্ভব। সেখানে ঘুরে বেড়িয়েও তুমি পিপাসার্ত, আশ্চর্য বটে।

রাক্ষস—ওরে সুখলালিতে ! পুত্র ঘটোৎকচের শোকে স্বামিনী হিড়িম্বাদেবী সন্তপ্ত—তাকে দেখতে গিয়েছিলাম।

রাক্ষসী—রুধিরপ্রিয় ! আজও হিড়িম্বাদেবীর ঘটোৎকচ-শোক উপশম হয় নি ?

রাক্ষস - বসাগন্ধে ! কোথায় তার উপশম ? অভিমন্যুশোকে সমান সন্তপ্ত সুভদ্রা ও যাজ্ঞসেনী দুজনেই তাকে সযত্নে সান্ত্বনা দিচ্ছেন।

রাক্ষসী—রুধিরপ্রিয় ! এই নাও হাতির মাথার খুলিতে ক'রে চিবিয়ে খাবার ভাল মাংস, আর এই নাও রক্তমদ, পান করো।

রাক্ষস—(পান করে) বসাগন্ধে ! আজ তুমি কী পরিমাণ ভাল মাংস ও রক্ত সঞ্চয় করেছ ?

রাক্ষসী—ওহে রুধিরপ্রিয় ! আগের সঞ্চয় তুমি অবশ্যই জান। এখন কতটা সঞ্চয় করেছি শোনো, ভগদত্তের রক্ত এক-কলসী, সিন্ধুরাজের চর্বি দু-কলসী, মৎস্যরাজ, ভূরিশ্রবা, সোমদত্ত বাহ্লীক প্রভৃতি রাজগণ এবং অন্যান্যের রক্ত, বসা ও মাংসে ভরা শত শত কলসী আমার ঘরে অসংখ্য আছে।

রাক্ষস—(আনন্দে আলিঙ্গন ক'রে) সাধু সুগৃহিণী সাধু ! তোমার গৃহিণীপনায় এবং স্বামিনী হিড়িম্বাদেবীর ব্যবস্থায় আজ আমার জন্মদারিদ্র্য ঘুচে গেল।

রাক্ষসী—রুধিরপ্রিয় ! স্বামিনী কী ব্যবস্থা করলেন ?

রাক্ষস—বসাগন্ধে ! আজ স্বামিনী হিড়িম্বাদেবী আমায় ডেকে আজ্ঞা করলেন, "রুধিরপ্রিয় ! এখন থেকে যুদ্ধের সময় আর্যপুত্র ভীমসেনের পিছনে পিছনে থাকবে" তা হলে তাঁর পিছন থেকে হত মানুষের রক্তনদী দেখেই আমার ক্ষুধা-তৃষ্ণা নষ্ট হয়ে যাবে, আমি ইহলোকেই স্বর্গসুখ অনুভব করতে পারব, তুমিও নিশ্চিত মনে রক্তচর্বিপূর্ণ হাজার কলসী সংগ্রহ করতে পারবে।

রাক্ষসী—রুধিরপ্রিয় ! কুমার ভীমসেনের পিছন পিছন থাকবার কারণ কী ?

রাক্ষস—বসাগন্ধে ! কর্তা ভীমসেন প্রতিজ্ঞা করেছেন—দুঃশাসনের রক্ত পান করবেন, আমরা রাক্ষসেরা তার দেহে প্রবেশ করে তা পান করব।

রাক্ষসী—সাধু ! স্বামিনী সাধু, আমার স্বামীকে একটি ভাল কাজের ভার দেওয়া হয়েছে। (নেপথ্যে ভীষণ কলরব, শুনে ব্যস্ত হয়ে) ওরে রুধিরপ্রিয় ! কিসের কলরব বল তো ?

রাক্ষস—(দেখে) বসাগন্ধে ! ধৃষ্টদ্যুম্ন দ্রোণাচার্যের কেশ আকর্ষণ করে অসি দ্বারা মাথা কেটে ফেলেছে।

রাক্ষসী—(সহর্ষে) রুধিরপ্রিয়, এসো, আমরা গিয়ে দ্রোণের রক্ত পান করি।

রাক্ষস – (সভয়ে) বসাগন্ধে ! এ যে ব্রাহ্মণের রক্ত, গলা জ্বলতে জ্বলতে নিচে নামবে, দরকার নেই এ রক্তে।

(নেপথ্যে পুনঃ কলরব)

রাক্ষসী—রুধিরপ্রিয় ! আবার কলরব শোনা যাচ্ছে।

রাক্ষস—(নেপথ্যের দিকে দেখে) বসাগন্ধে ! এ যে অশ্বত্থামা, অসি হাতে এদিকেই

আসছে। কী জানি, দ্রুপদপুত্র ক্রোধবশে যদি আমাদেরই মারে? চলে এসো, পালাই। (উভয়ের প্রস্থান)

(প্রবেশক)

(অতঃপর খড়্গ হস্তে কলরব শুনতে শুনতে অশ্বত্থামার প্রবেশ)

অশ্বত্থামা—মহাপ্রলয়কালীন বায়ুচালিত পুষ্করাবর্তক মেঘের ভীষণ ও অবিচ্ছিন্ন গর্জনের প্রতিধ্বনির মতো আকাশ ও পৃথিবীর অবকাশ পূর্ণ করে বারবার অভুতপূর্ব এই ধ্বনি, এ কি রণসমুদ্রের ভয়ঙ্কর উচ্ছ্বাস! ৪॥

(চিন্তা করে) নিশ্চয় যৌবনোদ্ধত অর্জুন, সাত্যকি অথবা ভীম গুরুর মর্যাদা-হানি করায় ক্রুদ্ধ পিতৃদেব শিষ্যবাৎসল্য ত্যাগ করে নিজ নিজ বিক্রম প্রকাশ করেছেন।

কারণ—দুর্যোধনকে সাহায্য করার জন্য তদনুরূপ অস্ত্র গ্রহণে যা উচিত, পরশুরামের নিকট থেকে সমস্ত অস্ত্র লাভ করায় যে প্রবল বীর্য তার পক্ষে যা যুক্ত, পৃথিবীর সকল ধনুর্ধরের অধিপতির ক্রোধের পক্ষে যা অনুরূপ, শত্রুঘাতক আমার পিতৃদেব নিশ্চয় সেই কর্ম আরম্ভ করেছেন। ৫॥

(পিছনে দেখে) কে আছে? রথ নিয়ে এসো, কিন্তু এখন আমার রথের জন্য অপেক্ষার কী প্রয়োজন? আমি তো সশস্ত্রই আছি। সজল মেঘের মতো দীপ্তিমান নির্মল স্বর্ণমুষ্টিযুক্ত এই খড়্গ নিয়ে। এখন যুদ্ধক্ষেত্রে উপস্থিত হই।

(একটু চলার পর বামচক্ষু স্পন্দন ক'রে) আরে, আমি অশ্বত্থামা, যুদ্ধোৎসবের আনন্দ আমার প্রিয়বস্তু, পিতৃদেবের যুদ্ধ-বিক্রম দেখবার আমার লালসা, সেই আমার যুদ্ধগমনের বিঘ্নোৎপাদক দুর্লক্ষণ ঘটছে কেন? যাক্, এগিয়ে যাই।

(সগর্বে এগিয়ে দেখে) এ কী! ক্ষত্রিয়ধর্ম বিসর্জন দিয়ে, সজ্জনোচিত লজ্জাবরণ ত্যাগ ক'রে, প্রভুর সম্মান ভুলে হীনবিত্ততার পরিচয় দিয়ে, হস্তী, অশ্ব ও পদাতি সৈন্যদের বংশমর্যাদা ও যশের অনুরূপ পরাক্রম প্রকাশ না ক'রে রণক্ষেত্র থেকে পলায়নরত চতুরঙ্গবলের এই ভীষণ কলরব। (ভাল করে দেখে) হা ধিক্! কী দুঃখের বিষয়, কর্ণ প্রভৃতি এই মহারথীরাও রণে ভঙ্গ দিচ্ছেন। (আশঙ্কিত হয়ে) পিতৃদেব পরিচালিত সৈন্যদেরও এই অবস্থা কী ক'রে হলো! আচ্ছা আমি এদের আটকাব। ওহে কৌরবসেনা সমুদ্রবেলার পরিরক্ষক পর্বতসদৃশ নরপতিগণ! আপনারা রণক্ষেত্র ত্যাগ করবেন না, করবেন না।

যুদ্ধক্ষেত্র ত্যাগ করলেই যদি মৃত্যুঞ্জয় হওয়া যায় তবে অন্যত্র পলায়ন করুন (কিছু বলার নেই)। কিন্তু জীবের মৃত্যু যখন নিশ্চিত তখন বৃথা পলায়ন ক'রে যশকে মলিন করছেন কেন? ৬॥

ভেবে দেখুন—অগ্নিশিখার মতো অস্ত্রশিখায় আচ্ছাদিত শত্রুসেনা-সমুদ্র মধ্যে বাড়বানলতুল্য ধনুর্ধারীদের গুরু আমার পিতা যখন সেনাপতি, ওহে কর্ণ, তখন ভয় কী? কৃপাচার্য! যুদ্ধে অগ্রসর হোন। কৃতবর্মা! শঙ্কা ত্যাগ করুন। পিতৃদেব যখন ধনুমাত্র সহায়তায় রণভার বহন করছেন তখন আপনাদের ভয়ের কী কারণ আছে? ৭॥

(নেপথ্যে)—আজ তোমার পিতা কোথায়?

অশ্বত্থামা—(শুনে) কী বললে ? 'তোমার পিতা কোথায় ? (সক্রোধে) আঃ ক্ষুদ্র সমরভীরু সব, একথা বলতে তোমাদের জিহ্বা সহস্র খণ্ড হলো না ?

বহ্নিজ্বালাসম কিরণে বিশ্বকে দগ্ধ করবার জন্য দ্বাদশ সূর্য এখনও ওঠে নি ! এখনও সপ্তবায়ু সপ্তধা ভিন্ন হয়ে দিকে দিকে প্রবাহিত হয় নি, ভূতল প্লাবনক্ষম পুষ্করাবর্তক প্রভৃতি মেঘ এসে গগনতল আচ্ছন্ন করে নি—হে পাপিষ্ঠগণ ! সমস্ত শৌর্যরাশির উৎসস্বরূপ আমার পিতা সম্পর্কে অশুভ উক্তি কেমন ক'রে করছ তোমরা ? ৮ ॥

(আহত সারথির প্রবেশ)

সারথি—রক্ষা করুন, রক্ষা করুন কুমার ! (পায়ে পড়ল)

অশ্বত্থামা—(দেখে) আরে ! পিতার সারথি অশ্বসেন ! আর্য ! ত্রিলোকরক্ষায় সমর্থ ব্যক্তির সারথি আপনি। আপনি কি পাগল হলেন ? আমার কাছে চাইছেন পরিত্রাণ !

সূত—(উঠে করুণ কণ্ঠে) কুমার ! আপনার পিতা আজ কোথায় ?

অশ্বত্থামা—(আবেগে) কী ? পিতৃদেব আর নেই ?

সূত—আজ্ঞে হ্যাঁ।

অশ্বত্থামা—হায় পিতা ! (মূর্ছিত হলেন)

সূত—কুমার ! আশ্বস্ত হোন, আশ্বস্ত হোন !

অশ্বত্থামা—(জ্ঞান হলে, উঠে সজল চোখে) হায় পিতা, হায় পুত্রবৎসল ! হায় ত্রিভুবনের শ্রেষ্ঠ ধনুর্ধর, হায় পরশুরামের সকল অস্ত্রবিদ্যা গ্রহণে আগ্রহী, কোথায় তুমি, উত্তর দাও !

সূত—কুমার ! শোকে মুহ্যমান হবেন না, বীরোচিত মৃত্যু হয়েছে পিতার, আপনিও বীরের মতো শোকসাগর পার হয়ে সুখী হোন।

অশ্বত্থামা—(অশ্রু মোচন করে) আর্য ! বলুন বলুন ! আমার পিতার বাহুবল সমুদ্রের মতো সীমাহীন। তাঁর কীভাবে মৃত্যু হলো ?

তিনি কি প্রিয়শিষ্য ভীমের গুরুদক্ষিণা গদার আঘাত পেয়েছেন ?

সূত—এ হেন পাপাচার হয় নি।

অশ্বত্থামা—শিষ্য-দরদী তিনি কি তবে

(তাঁর প্রিয়শিষ্য) অর্জুন কর্তৃক সব ন্যায়নীতি-বিসর্জনপূর্বক নিহত হয়েছেন ?

সূত—তাও কি সম্ভব ?

অশ্বত্থামা—তবে কি সুদর্শনচক্রের তীক্ষ্ন ধারে গোবিন্দ তাঁকে আঘাত করেছেন ?

সূত—তাও নয়।

অশ্বত্থামা—এ'রা ভিন্ন চতুর্থ কোনো ব্যক্তির কাছ থেকে পিতার বিপদ ভাবতেই পারি না। ৯ ॥

সূত—কুমার, ধূর্জটির মতো ক্রুদ্ধ আচার্যদেব যুদ্ধক্ষেত্রে অস্ত্রধারণ করলে এরা কি তাঁর সমকক্ষ হতে পারে ? শোকবিহ্বল হয়ে, তিনি যখন অস্ত্র ত্যাগ করলেন তখন তাঁরই এক শত্রু এই নৃশংস কাজ করেছে। ১০ ॥

অশ্বত্থামা—শোকের কারণ কী ? অস্ত্র ত্যাগেরই কারণ কী ?

সূত—স্বয়ং কুমারই কারণ।
অশ্বত্থামা—কী আমিই কারণ?
সূত—(রোদনপূর্বক) শুনুন! -
সত্যবাদী যুধিষ্ঠির 'অশ্বত্থামা হত' স্পষ্ট উচ্চারণ ক'রে শেষে নিম্নকণ্ঠে বললেন, 'গজ'; এ কথা শুনে পুত্রবৎসল আপনার পিতা রাজার প্রতি বিশ্বাসে যুদ্ধক্ষেত্রে অস্ত্র ত্যাগ করলেন এবং সমভাবেই চোখের জল ফেললেন। ১১॥
অশ্বত্থামা—হা পিতঃ! হা পুত্রবৎসল! আমার জন্য বৃথা জীবন পরিত্যাগকারী! হায় শৌর্যরাশি! শিষ্যপ্রিয়, যুধিষ্ঠিরপক্ষপাতী। (রোদন)
সূত—কুমার অত বিলাপ করবেন না, ক্ষোভ পরিত্যাগ করুন।
অশ্বত্থামা—হায় পিতা! আমার মিথ্যা মৃত্যুসংবাদে আপনি পুত্রস্নেহে অস্ত্রসহ প্রাণত্যাগ করলেন আর আমি—আপনার অভাবে জীবিত আছি, সুতরাং এই নৃশংস পুত্রের প্রতি বৃথাই আপনার স্নেহ। ১২॥ (মূর্ছা)
(নেপথ্যে)—কুমার শান্ত হও, শান্ত হও।

(কৃপাচার্যের প্রবেশ)

কৃপ—(দুঃখে নিঃশ্বাস ত্যাগ ক'রে) একদিন যারা চিত্রার্পিতের মতো দ্রৌপদীর কেশাকর্ষণ করেছেন আর আজ দ্রোণাচার্যের কেশাকর্ষণ দেখলেন সেই সানুজ দুর্যোধনকে ধিক্! ধিক্ অজাতশত্রু যুধিষ্ঠিরকে, নিষ্ফল অস্ত্রধারী নরপতিদের ধিক্ এবং আমাদেরও ধিক্। ১৩॥
কীভাবে বৎস অশ্বত্থামার সঙ্গে দেখা করি? হিমালয়ের মতো দৃঢ়চিত্ত লৌকিক নিয়মে অভিজ্ঞ অশ্বত্থামার সম্বন্ধে বিশেষ শোকাবেগ যদিও আশঙ্কা করা যায় না, তবুও পিতার এই অস্বাভাবিক মৃত্যু শুনে কী-যে করবেন জানি না। অথবা, একটির (দ্রৌপদীর কেশাকর্ষণের) তো ঐ পরিণাম,—পৃথিবীতে এই দারুন যুদ্ধ চলছে, এই দ্বিতীয় (দ্রোণাচার্যের) কেশাকর্ষণে মনে হয় একটি লোকও বোধ হয় জীবিত থাকবেন না। ১৪॥ (চিন্তা করে) ঐ তো অশ্বত্থামা, সামনে যাই (সামনে গিয়ে) বৎস আশ্বস্ত হও, আশ্বস্ত হও।
অশ্বত্থামা—(সংজ্ঞা লাভ করে অশ্রুসাগরে) হায় পিতা! হায় সর্বলোকগুরু! (আকাশে তাকিয়ে) যুধিষ্ঠির! যুধিষ্ঠির!
আজন্ম মিথ্যে কথা বল নি, কারো প্রতি তোমার দ্বেষ নেই, তাই তুমি অজাতশত্রু, আজ আমার ভাগ্যদোষেই লোকগুরু ব্রাহ্মণশ্রেষ্ঠ আমার পিতার বেলায় সহসা তোমার সত্যভাষণ গুণ নষ্ট হয়ে গেল? ১৫॥
সূত—কুমার, আপনার মাতুল শারদ্বত পাশে দাঁড়িয়ে আছেন।
অশ্বত্থামা—(পাশে দেখে) মাতুল! আপনি আজ যে সেনাপতির সঙ্গে যুদ্ধক্ষেত্রে গিয়েছিলেন, একমাত্র যিনিই পারতেন শত্রুর সমরস্পৃহা মেটাতে, যাঁর সঙ্গে হতো আপনার বিবিধ পরিহাস, আপনার সেই মাননীয় ভগিনীপতি আজ কোথায়? ১৬॥
কৃপ—বৎস! যা জানার তা জেনেছ; অত্যন্ত শোকে অধীর হোয়ো না।
অশ্বত্থামা—মাতুল! আমি শোক ত্যাগ করলাম; আমি এখনই পুত্রবৎসল পিতার অনুগমন করব।

কৃপ—বৎস ! এ সিদ্ধান্ত তোমার মতো ব্যক্তির পক্ষে অসঙ্গত।

সূত—কুমার ! এ সাহস করবেন না।

অশ্বত্থামা—আর্য শারদ্বত, (কী বলছেন আপনি ?) আমার বিয়োগভয়ে পিতৃদেব ইহলোক ছেড়ে গেলেন পরলোকে, আমি পুত্রবৎসল পিতার চিরকালের জন্য (আমার থেকে) অবিয়োগ সাধন করব। ১৭ ॥

কৃপ—বৎস ! যতকাল এই সংসার ততকাল এই জীবনযাত্রা। একথা সবাই জানে, পুত্রগণ ইহলোক ও পরলোকে পিতার মঙ্গল কর্ম করে থাকে। দেখো—

পিতার উদ্দেশে জলাঞ্জলিদান, শ্রাদ্ধাদি দ্বারা পিতৃকর্ম তুমি জীবিত থাকলে সম্ভব, না প্রাণত্যাগ করলে সম্ভব ?

সূত—আয়ুষ্মন্ ! তোমার মাতুল শারদ্বত যা বললেন তাই তো ঠিক।

অশ্বত্থামা—আর্য ! এ কথা সত্য, কিন্তু শোকভার বহনে আমি অক্ষম ; পিতৃহীন অবস্থায় ক্ষণকালও বাঁচতে চাই না, তাই চললাম সেইখানেই যেখানে তাঁর মতো পিতাকে দেখতে পাব। (উঠে খড়্গ দেখে, চিন্তা ক'রে) অস্ত্র গ্রহণের বিড়ম্বনায় এখন আর কী প্রয়োজন ? (সজলনয়নে করজোড়ে) হে ভগবন্ শস্ত্র !

অনুচিত হলেও যিনি অপমাননিবৃত্তির জন্য তোমায় গ্রহণ করেছিলেন, যাঁর প্রভাবে অবিষয় তোমার কিছুই ছিল না, তিনি পুত্রশোকেই তোমাকে ত্যাগ করেছেন, ভয়ে নয়। হে শস্ত্র ! আজ আমিও তোমায় ত্যাগ করছি। তোমার মঙ্গল হোক। ১৯ ॥ (অস্ত্র ত্যাগে উদ্যত হলেন।)

(নেপথ্যে)—ওহে নৃপতিগণ ! আপনাদের ক্ষত্রিয়দের গুরু ভরদ্বাজ-বংশোদ্ভব দ্রোণাচার্যের অযোগ্য ও নৃশংস হত্যা উপেক্ষা করছেন কেন ?

অশ্বত্থামা—(শুনে, সক্রোধে ধীরে ধীরে অস্ত্র স্পর্শ করে) কী, কী গুরু ভরদ্বাজের অপমান ?

(পুনর্বার নেপথ্যে)—যুদ্ধক্ষেত্রে পুত্রশোক নয়নজলে সিক্ত হয়ে ত্রিভুবনগুরু দ্রোণাচার্য যখন অস্ত্র ত্যাগ করলেন সেই সময় ধৃষ্টদ্যুম্ন জরাপলিত শুভ্র মস্তকে হস্তক্ষেপ ক'রে হত্যা ক'রে এখন নিজ শিবিরে ফিরে যাচ্ছে, আর আপনারা তাই সহ্য করেছেন ? ২০ ॥

অশ্বত্থামা—(ক্রোধকম্পিত হয়ে, সূত কৃপাচার্যের দিকে তাকিয়ে) যিনি প্রায়োপবেশন-সদৃশ ব্রত পালনে রত ছিলেন আমার সেই নিরস্ত্র পিতার কাশপুষ্পাধিক শুভ্র মস্তকে অস্ত্রাঘাত করা হয়েছে সশস্ত্র রাজন্যগণের সামনেই, তাই কি ? ২১ ॥

কৃপ—বৎস। সকলে তাই বলে।

অশ্বত্থামা—দুরাত্মা কি পিতার মস্তক স্পর্শ করেছে ?

সূত—(সভয়ে) কুমার ! সেই তেজস্বী দেবতার অকল্পনীয় অপমান হয়েছে।

অশ্বত্থামা—হায় পিতা হায় পুত্রপ্রিয় ! এই হতভাগ্যের জন্য অস্ত্রত্যাগ করে সেই নীচাশয়ের দ্বারা অপমানিত হলেন ? অথবা—

শোকে যিনি কর্তব্য ভুলে গেছেন, দেহেও প্রাণ নেই বললেই চলে, এই অবস্থায় কাক, কুকুর বা ধৃষ্টদ্যুম্ন মস্তক স্পর্শ করতে পারে, কিন্তু এককস্পর্শ পিতৃদেবের মস্তকে নয়, এ আমারই মস্তকে অস্ত্রগর্বে উদ্ধত শত্রুর পদাঘাত ।২২।

আঃ দুরাত্মা পাঞ্চালাধম !

পিতা আর অস্ত্র স্পর্শ করবেন না এ বুঝে নিঃশঙ্ক হয়ে যখন তাঁর মস্তকে হাত দিলি, তখন একবারও কি প্রলয়পবন স্বরূপ অশ্বত্থামাকে মনে হয় নি, যে তুলার মতো পাণ্ডব ও পাঞ্চাল সেনাদের উড়িয়ে দিতে পারে। ২৩ ॥

হায়! অজাতশত্রু, সত্যবাদী, ধর্মপুত্র যুধিষ্ঠির! যুধিষ্ঠির তোমার এবং তোমার ভাইয়ের ইনি কী অপকার করেছিলেন? হে অর্জুন! সাত্যকি! বাহুবলী ভীম! মাধব! সুরাসুর নরলোকে অদ্বিতীয় ধনুর্ধর, সকলের গুরু বৃদ্ধ ব্রাহ্মণ, বিশেষত আমার পিতার, তাঁর মস্তক যখন দ্রুপদ-কলঙ্ক এই নরপশু স্পর্শ করল, তখন উপেক্ষা করা কি তোমাদের উচিত হয়েছে? অথবা তোমরা সবাই আমার পিতৃহত্যায় অপরাধী তোমাদের প্রয়োজন নেই।

যে মর্যাদাহীন নরপশু তোমরা সশস্ত্র থেকে এই গুরুপাতক কর্ম সাধন করেছ, অনুমোদন করেছ বা দেখেছ, কৃষ্ণ-সহিত ভীমার্জুন সহ তাদের আমি সকলের রক্ত-মেদ-মাংস দিয়ে দশদিকের উপহার দেব। ২৪ ॥

কৃপ—বৎস! তুমি পিতার সমান বাহুবলশালী এবং দিব্যাস্ত্রসমূহে বিজ্ঞ; তোমার পক্ষে এ কাজ নিশ্চয়ই সম্ভব হবে।

অশ্বত্থামা—হে পাণ্ডব, মৎস্য সোমক মগধ প্রভৃতি রাজ্যের কলঙ্ক ক্ষত্রিয়গণ!

পিতা জমদগ্নির মস্তক স্পর্শ হওয়ায়, জ্বলন্ত আগুনের মতো দীপ্ত কুঠার দিয়ে পরশুরাম কি করেছিলেন তা কি তোমরা শোন নি? আজ ক্রোধান্ধ অশ্বত্থামা শত্রু-রক্তধারায় সেই কাজ করতে কি যুদ্ধে সমর্থ নয়। ২৫ ॥

সূত! তুমি যাও, প্রয়োজনীয় সমস্ত সামরিক দ্রব্য ও অস্ত্রাদিতে সজ্জিত আমার 'মহাবহ' নামে রথ নিয়ে এসো।

সূত—যে আদেশ কুমার। (প্রস্থান)

কৃপ—বৎস! এই দারুণ অপমান-অগ্নির প্রতিকার অবশ্যই করা উচিত, কিন্তু আমাদের সকলের মধ্যে তুমি ভিন্ন প্রতিকারে আর কেউ সক্ষম নয়। কিন্তু

অশ্বত্থামা—তারপর আর কী?

কৃপ—তোমাকে সেনাপতি ক'রে রণক্ষেত্রে পাঠাতে চাই।

অশ্বত্থামা—মাতুল! এ পরাধীন[১], নিষ্প্রয়োজনও বটে।

কৃপ—বৎস! এ পরতন্ত্র নয়, নিষ্প্রয়োজনও নয়! দেখো—

ভীষ্ম-দ্রোণের সমকক্ষ তুমি যদি সেনাপতি না হও তবে ভীষ্ম-দ্রোণহীন ধৃতরাষ্ট্র সেনাগণ কি যুদ্ধে সক্ষম হবে? ২৬ ॥

তুমি যদি যুদ্ধের জন্য স্থির সঙ্কল্প কর তবে ত্রিলোক একত্র হয়েও তোমার বিরোধী হতে পারে না, যুধিষ্ঠিরের সেনা তো তুচ্ছ। আমার মনে হয়, কৌরবরাজ অভিষেকদ্রব্য নিয়ে অচিরাৎ তোমার জন্য অপেক্ষা করছেন।

অশ্বত্থামা—তাই যদি হয় তবে পিতৃ-অপমানের জ্বালায় দহ্যমান আমার মন প্রতিকারের জলে ঠাণ্ডা হবার জন্য ব্যাকুল হয়ে উঠেছে। সুতরাং আমিই সেনাপতিত্ব-গ্রহণের কথা স্বয়ং আমার পিতৃবধজন্য বিষাদ-গ্রস্তচিত্ত কুরুরাজকে জানিয়ে সান্ত্বনা দিই গিয়ে।

কৃপ—বৎস! তাই ঠিক, চলো সেই দিকেই যাই। (চলতে লাগলেন)

(কর্ণ ও দুর্যোধনের প্রবেশ)

দুর্যোধন—হে অঙ্গরাজ !

শত্রু দ্বারা বন্ধু নিহত হ'লে সেই দুঃখসাগর তেজস্বী ব্যক্তি অস্ত্রের সাহায্যেই বাহুবলে পার হয়ে থাকেন ; কিন্তু যুদ্ধক্ষেত্রে পুত্রের মৃত্যুসংবাদ শুনে সশস্ত্র আচার্যদেব অস্ত্র ত্যাগ করলেন কেন ? ২৭ ॥

অথবা, বিচক্ষণ ব্যক্তিরা ঠিকই বলেন যে স্বভাব ত্যাগ করা যায় না, শোকাতুর হৃদয়ে অস্ত্র ত্যাগ করে ক্ষত্রিয়োচিত রূঢ়তা ত্যাগ করে ব্রাহ্মণোচিত কোমলতাই গ্রহণ করেছেন।

কর্ণ—হে রাজন্ ! কৌরবেশ্বর ! (আপনি যা বললেন) তা ঠিক নয়।

দুর্যোধন— তবে কী ?

কর্ণ—দ্রোণের অভিপ্রায় ছিল, অশ্বত্থামাকে পৃথিবীরাজ্যে অভিষিক্ত করা, পুত্রের মৃত্যুতে মনে করলেন—বৃদ্ধ ব্রাহ্মণ আমি, এখন আমার শস্ত্রগ্রহণ বৃথা। এ জন্যই অস্ত্র ত্যাগ করেছেন !

দুর্যোধন—(মাথা নেড়ে) তা হবে।

কর্ণ—আর এ জন্যই কুরু-পাণ্ডব মহা-যুদ্ধে লিপ্ত ক্ষত্রিয়সমূহের পরস্পর ক্ষয়সাধন অপেক্ষা ক'রে থেকে প্রধান পুরুষ জয়দ্রথবধেও ছিলেন উদাসীন।

দুর্যোধন—যুক্তিযুক্ত বটে এ কথা।

কর্ণ—মহারাজ ! আরো দেখুন, দ্রুপদরাজ বাল্যকাল থেকেই এঁর অভিপ্রায় জানতেন বলেই নিজ রাজ্যে স্থান দেন নি।

দুর্যোধন—সাধু, অঙ্গরাজ সাধু ! বুদ্ধিমানের মতোই বলেছ।

কর্ণ—এ মাত্র আমার কথা নয়, অন্যেরাও দ্রুপদরাজ্যে স্থান না পাওয়া সম্বন্ধে বিচার করতে বসলে এ কথাই বলেন।

দুর্যোধন—সত্যই, এতে কোনো সন্দেহের কারণ নেই !

কারণ—এই মহাযোদ্ধা দ্রোণাচার্য অভয় দিয়েও অর্জুন যখন জয়দ্রথকে বধ করতে উদ্যত হলো তখন উপেক্ষা দেখাবার আর অন্য-কোনো কারণ থাকতে পারে না। ২৮ ॥

কৃপ—(দেখে) বৎস ! এই যে দুর্যোধন সূতপুত্রের সঙ্গে এই ন্যগ্রোধবৃক্ষের ছায়ায় বসে আছেন, চলো কাছে যাই। (নিকটে গিয়ে)

উভয়ে—কুরুরাজের জয় হোক।

দুর্যোধন—(দেখে) অহো ! এ যে কৃপ ও অশ্বত্থামা (আসন থেকে নেমে কৃপের প্রতি) প্রণাম গুরুদেব।

(অশ্বত্থামার প্রতি) আচার্যপুত্র ! আমার জন্যই আপনার পিতার মৃত্যু হয়েছে, আসুন আপনার শোকতপ্ত দেহ দিয়ে আমার অঙ্গ নিরন্তর আলিঙ্গন করুন। এই শোকাবস্থায়ও পিতার মতো আপনার বাহুস্পর্শে আমার রোমাঞ্চ হয়। ২৯ ॥

(আলিঙ্গন করে পাশে বসালেন)

অশ্ব—(কাঁদতে লাগলেন)

কর্ণ—হে দ্রোণপুত্র ! এভাবে নিজেকে অত্যধিক শোকানলে ফেলে রাখা ঠিক নয়।

দুর্যোধন—হে আচার্যপুত্র ! এই শোকসাগরে আমাদের দুজনের মধ্যে প্রভেদ কিছু নেই। দেখুন—

আপনার পিতা ছিলেন আমার পিতার প্রিয়বন্ধু, অস্ত্রশিক্ষায় তিনি ছিলেন যেমন আপনার গুরু তেমনি আমারও। তাঁর মৃত্যুতে দুঃখ ভাষায় প্রকাশ করা যায় না। শোকগ্রস্ত আপনার মন দিয়েই আমার শোকও বুঝতে পারেন। ৩০॥

কৃপ—বৎস! কুরুপতি যেসব বলেছেন তাই বটে।

অশ্বত্থামা—রাজন্! পিতার মৃত্যুতে আপনার সমবেদনা দেখে আমার শোকও হাল্কা হলো। কিন্তু আমি জীবিত থাকতে পিতার কেশগ্রহণ দেখে পুত্রহীন কোনো ব্যক্তি কি আর পুত্র ইচ্ছা করবে? ৩১॥

কর্ণ—দ্রোণপুত্র! সকলের যিনি বিপদরক্ষক, তিনি নিজে অস্ত্র ত্যাগ ক'রে নিজের বিপদ ডেকে এনেছেন সেখানে আপনি কী করবেন?

অশ্বত্থামা—অঙ্গরাজ! কী বললেন আপনি? কী করতে পারি আমি, শুনুন কী করতে পারি।

পাণ্ডবসেনার মধ্যে নিজ বাহুগর্বে যে অস্ত্র ধরে এবং পাঞ্চালবংশের বালক, বৃদ্ধ কিংবা গর্ভস্থ শিশু এদের মধ্যে যে-কেউ হোক না, আর যারা সেই দ্রোণবধের সাক্ষী, আমি রণক্ষেত্রে উপস্থিত হ'লে যারা প্রতিদ্বন্দ্বী হবে তারা যদি যমসদৃশও হয় ক্রোধে আমি তাদেরও যমের মতো হব। ৩২॥ ওহে পরশুরামশিষ্য কর্ণ, আরও শোনো—

যে-স্থানে শত্রুর রক্তে পাঁচটি হ্রদ তৈরি হয়েছিল এটা সেই দেশ, ক্ষত্রিয়ই আজ আবার পিতার কেশধারণে অপমান করেছে। আর সেই সব উজ্জ্বল অস্ত্রও আমার আছে, যেগুলি শত্রুর অস্ত্রসমূহ গ্রাস করবার মতো শক্তি ধরে; সুতরাং পরশুরাম যা করেছিলেন ক্রুদ্ধ দ্রৌণি (অশ্বত্থামা)-ও তাই[২] করবে। ৩৩॥

দুর্যোধন—আচার্যপুত্র! আপনার সেই তথাবিধ অনন্যসাধারণ বীরভাবের অন্য কী আর তুলনা হতে পারে!

কৃপ—রাজন্! দ্রোণপুত্র গুরুভার বহনে প্রস্তুত; আমি মনে করি আপনার সহায়তায় ইনি ত্রিলোকেরও উচ্ছেদ করতে সমর্থ, যুধিষ্ঠির তো-অতি তুচ্ছ, সুতরাং এঁকে সেনাপতিপদে বরণ করুন।

দুর্যোধন—আপনি সুষ্ঠু এবং যুক্তিযুক্ত কথাই বলেছেন, কিন্তু আগেই যে স্থির করেছি অঙ্গরাজকে সেনাপতি করব।

কৃপ—রাজন্! অঙ্গরাজের জন্য, বিষম অপমানের শোকসাগরে নিমগ্ন এই দ্রোণপুত্রকে উপেক্ষা করা ঠিক হবে না।

দুর্যোধন—শত্রুবিনাশে ইনিও ইচ্ছুক, সুতরাং সেনাপতি না হলে এঁর কি দুঃখ হবে না?

অশ্বত্থামা—হে রাজন্! কৌরবপতি! এখনও যুক্ত-অযুক্ত বিবেচনা?

আজ আপনি নিশাশেষে বন্দীদের স্তুতিগানে গাঢ় নিদ্রা হ'তে জেগে উঠবেন। আজ পৃথিবী হবে পাণ্ডব, কেশব ও চন্দ্রবংশশূন্য। বাহুবলীরা আজ থেকে যুদ্ধের কথা আর বলবে না, রাজা বলতে পৃথিবীতে আর কেউ থাকবে না। ৩৪॥

কর্ণ—হে দ্রোণপুত্র! এ কথাগুলো বলা যত সহজ, কাজে পরিণত করা তত সহজ নয়, তা ছাড়া কৌরবদের মধ্যে অনেকেই একাজ করতে পারে।

অশ্বত্থামা—অঙ্গরাজ! ঠিক বলেছেন কৌরবদের মধ্যে অনেকেই এ কাজ করতে পারে। কিন্তু শোকের আবেগেই আমি এসব কথা বলেছি, বীরের নিন্দা আমার অভিপ্রায় নয়।

কর্ণ—মূর্খ! দুঃখিতের কাজ চোখের জল ফেলা, আর ক্রুদ্ধের কাজ যুদ্ধে অবতরণ, এরকম প্রলাপোক্তি নয়।

অশ্বত্থামা (ক্রোধসহ) - আরে, আরে! রাধাগর্ভের ভারস্বরূপ সূতাধম! দুঃখ হলে চোখের জলে প্রতিকারের উপদেশ দিচ্ছিস্ আমাকে, অস্ত্রে নয়? দেখ্—

আমার এই অস্ত্রসকল কি তোর মতো গুরুর অভিশাপে বীর্যহীন? আমি কি তোর মতো এই মাত্র ভয়ে রণস্থল থেকে পালিয়ে আসছি? আমি কি স্তুতিগানে অপরের বংশপ্রশংসাকারী সারথির বংশে জন্মেছি যে তুচ্ছ শত্রু অপকার করায় প্রতিকার করব চোখের জলে, অস্ত্রের প্রয়োজন হবে না? ৩৫॥

কর্ণ (সক্রোধে)—ওরে বাচাল! নিষ্ফল শস্ত্রধারী কুপণ্ডিত! ব্রাহ্মণাধম! নির্বীর্য হই আর সবীর্যই হই, আমি অস্ত্রত্যাগ তো করি নি, যেমন শক্তিমান হয়েও তোর পিতা পাঞ্চালভয়ে অস্ত্রত্যাগ করেছিলেন। ৩৬॥ আরও শোন্, সূত হই বা সূতপুত্র হই অথবা যে-কেউ আমি হই না কেন, সৎবংশে জন্ম দৈবায়ত্ত, কিন্তু পৌরুষ আমার আয়ত্ত। ৩৭॥

অশ্বত্থামা—(সক্রোধে) ওরে রথকার-কুলকলঙ্ক, রাধাগর্ভের ভারস্বরূপ শস্ত্রানভিজ্ঞ! আমার পিতাকে নিন্দা করিস্। অথবা

তিনি ভীরু হোন বা বীর হোন, তাঁর বাহুবল ত্রিভুবনে বিখ্যাত, যুদ্ধক্ষেত্রে প্রতিদিন তিনি কী করেছেন, সমগ্র পৃথিবী তা জানে, কেন তিনি অস্ত্রত্যাগ করলেন তার সাক্ষী সত্যবাদী যুধিষ্ঠির। কিন্তু হে রণভীরু, তুই তখন ছিলি কোথায়? ৩৮॥

কর্ণ—(হেসে) হ্যাঁ, আমি তো ভীরুই, তুমি বিক্রমশালী—তোমার নিজ পিতার কথা মনে করে না জানি কী ক'রে বসবে এই কথা ভেবে আমার খুব সংশয় জন্মেছে। আরও রে মূর্খ!

তোর পিতা অস্ত্র ত্যাগ করে নিরস্ত্রভাবেও তো উদ্যত-অস্ত্র শত্রুকে নিবৃত্ত করতে পারতেন। রাজাদের সামনে শত্রু যখন তাঁর কেশ স্পর্শ করল, স্ত্রীলোকের মতো তিনি নিশ্চেষ্ট রইলেন কেন? ৩৯॥

অশ্বত্থামা—(ক্রোধে কাঁপতে কাঁপতে ওরে দুরাত্মা রাজার ভাঁড়, প্রগল্ভ সূতাধম অসংলগ্নপ্রলাপী—

আমার পিতা শোকে, ভয়ে বা অন্য-কোনো কারণেই হোক্ ধৃষ্টদ্যুম্নের উদ্যত হস্তকে নিবারণ করেন নি। কিন্তু আমি বাহুবলদর্পে-ক্ষেপে-ওঠা তোর মস্তকে এই বাম 'পা' রাখছি, ক্ষমতা থাকে সরিয়ে দে। ৪০॥

(অগ্রসর হলো)

কৃপ ও দুর্যোধন—গুরুপুত্র! এ কাজ করবেন না, করবেন না?

অশ্বত্থামা—(চরণাঘাত অভিনয় করলেন)

কর্ণ—(ক্রোধে অস্ত্র বের করে) ওরে দুরাত্মা বাচাল, আত্মাভিমানী ব্রাহ্মণাধম!

তুই জাতিতে (ব্রাহ্মণ বলে) অবধ্য, কিন্তু তোর এই উদ্ধৃত চরণ খড়্গাঘাতে ছিন্ন হয়ে মাটিতে পড়ে রয়েছে দেখতে পাবি। ৪১ ॥

অশ্বত্থামা—মূর্খ ! আমি জাতিতে অবধ্য ? নে এই জাতি ত্যাগ করলাম (পৈতা ছিঁড়ে) আজ সেই কিরীটীর[৪] প্রতিজ্ঞা মিথ্যা করব, অস্ত্র ধরো, নয় তো মস্তকে অঞ্জলি বন্ধন করো। ৪২ ॥

(উভয়েই অস্ত্র নিয়ে পরস্পরকে বধ করতে উদ্যত হলো, দুর্যোধন ও কৃপ উভয়কে নিরস্ত করলেন)

দুর্যোধন—আচার্যপুত্র ! অস্ত্র নেবেন না।

কৃপ—বৎস সূতপুত্র ! অস্ত্র নিও না।

অশ্বত্থমা—মাতুল, মাতুল ! বাধা দেবেন না, পিতৃনিন্দা-মুখর এই সূতাধমও ধৃষ্টদ্যুম্নের পক্ষপাতী।

কর্ণ—রাজন্ ! আমায় নিষেধ করবেন না। ধীর ব্যক্তি ক্রুদ্ধ হয়ে যদি ভয় না দেখায় অথবা তুচ্ছ মনে করে উপেক্ষা করে তবে মূর্খরা এই রকম আত্মশ্লাঘাই করে। ৪৩ ॥

অশ্বত্থামা—রাজন্ ! ছেড়ে দিন, ছেড়ে দিন ওকে, আমার বাহুপেষণে ওর মৃত্যু হোক। তা ছাড়া স্নেহে বা কার্যতই হোক, আমার পিতৃনিন্দুক এই দুরাত্মাকে আমার হাত থেকে রক্ষা করার চেষ্টা আপনার বিফল হবে। দেখুন—

আপনি গুণবান, আপনার জন্ম চন্দ্রবংশে ! এই নীচাশয় সূতপুত্র কী করে আপনার প্রিয় সখা হয় ? এই ব্যক্তি অর্জুনকে হত্যা করবে, তাই কী আপনি চান ? ওকে ছেড়ে দিন, (ক্রোধে) পৃথিবীকে আজ আমি কর্ণার্জুনশূন্য করব। ৪৪ ॥ (প্রহারে উদ্যত)

দুর্যোধন—কর্ণ ! গুরুপুত্র ! আপনাদের আজ মতিভ্রম হলো কেন ?

কৃপ—বৎস ! এক কাজ করতে প্রস্তুত হয়ে, অন্য কাজে উদ্যম, এ কী তোমার মতিভ্রম ? রাজবংশে তোমাদের জন্যে যদি বিদ্রোহ হয়, সে তো বিরুদ্ধ পথ ॥

অশ্বত্থামা—মাতুল ! আপনার জন্যেই এই রথকার কুলকলঙ্ক কটুভাষীর গর্ব খর্ব করা গেল না।

কৃপ—বৎস ! নিজ সেনার মধ্যে প্রধানদের বিরোধের সময় এ নয়।

অশ্বত্থামা—মাতুল ! যদি এই হয়,

তবে শত্রুর শরে এই নীচাশয়ের যতক্ষণ মৃত্যু না হবে, ততক্ষণ যুদ্ধে আমার প্রিয় হলেও আমি অস্ত্র স্পর্শ করব না। কর্ণ সেনাপতি হলে, যুদ্ধক্ষেত্রে যখন ভীমার্জুন থেকে ভয় উপস্থিত হবে, তখন রাজা প্রিয় বন্ধুর কত শক্তি তা বুঝতে পারবেন। ৪৫ ॥ (অস্ত্রত্যাগ করলেন)

কর্ণ—(হেসে) অস্ত্রত্যাগ আপনাদের কৌলিক নিয়ম।

অশ্বত্থামা—ওরে ! তোদের মতো লোক অস্ত্রত্যাগ না করলেও তা চিরত্যাগের মতোই, কারণ এই অস্ত্রে কোনো ফল হয় না।

কর্ণ—ওরে মূর্খ !

হাতে যতক্ষণ আমার অস্ত্র আছে ততক্ষণ অন্য কোনো অস্ত্রেরই প্রয়োজন নেই, আমার অস্ত্রে যে কাজ হয় না, তা অন্য কোনো অস্ত্রেই হবে না। ৫৪ ॥

(নেপথ্যে) আঃ দুরাত্মা ! দ্রৌপদীর কেশ এবং বস্ত্র আকর্ষণে মহাপাতকী, ধৃতরাষ্ট্র পুত্র পাষণ্ড ! বহুকাল পরে তোকে পেয়েছি, রে ক্ষুদ্র পশু, এখন যাবি কোথায় ? তা ছাড়া, ওহে গর্বিত ধনুর্ধর রাধেয়, দুর্যোধন সৌবল প্রভৃতি পাণ্ডবশত্রুগণ, শোনো—

যে নরপশু পাঞ্চাল রাজনন্দিনীর কেশ আকর্ষণ করেছিল, রাজমণ্ডলী ও গুরুজনের সামনে বস্ত্র অপহরণ করেছিল, আমি যার বক্ষরক্ত পানের প্রতিজ্ঞা করেছিলাম সেই দুঃশাসন আজ আমার ভুজপঞ্জরে আবদ্ধ হে কৌরবগণ, যদি শক্তি থাকে তাকে রক্ষা করো ! ৪৭ ॥

(সকলেই শুনল)

অশ্বত্থামা—ওহে অঙ্গরাজ ! সেনাপতি ! দ্রোণের উপহাসকারী, পরশুরাম-শিষ্য। বাহুবলে সকলের ত্রাণকর্তা ! 'হাতে যতক্ষণ আমার অস্ত্র আছে, ততক্ষণ অন্য অস্ত্রে প্রয়োজন নেই' বলেছিলে না ? সময় উপস্থিত, ভীমের হাত থেকে দুঃশাসনকে রক্ষা করো।

কর্ণ—আঃ, কী শক্তি আছে ভীমের। আমি জীবিত থাকতে দুঃশাসনের ছায়া মাড়াবারও ? যুবরাজ ! ভয় নেই, ভয় নেই, এই যে আমি এসেছি। (প্রস্থান)

অশ্বত্থামা—মহারাজ ! কৌরবনাথ ! দ্রোণ-ভীষ্মহীন কৌরবসেনাগণ, ভীম ও অর্জুন করেছে বিচলিত। রাধেয় বা অন্য কেউ তা রোধ করতে পারবে না, সুতরাং ভাইকে রক্ষার জন্য মহারাজেরই যাওয়া উচিত।

দুর্যোধন—আঃ, কী শক্তি আছে দুরাত্মা পবনপুত্রের বা অন্যের ? সশস্ত্র আমি জীবিত থাকতে বৎস দুঃশাসনের ছায়াকেও স্পর্শ করতে পারে ? বৎস ! ভয় নেই, ভয় নেই, এই কে আছ ? রথ নিয়ে এসো। (প্রস্থান)

(নেপথ্যে কলরব)

অশ্বত্থামা—(সামনে দেখে) মাতুল ! হায় ধিক্ ; কী দুঃখের বিষয়, যদি ভীমের প্রতিজ্ঞা ভঙ্গ হয়, এই সন্দেহে অর্জুন, একই সঙ্গে কর্ণ ও দুর্যোধনকে শরবর্ষণে আচ্ছন্ন করেছে। হায় ! হায় ! ভীম দুঃশাসনের রক্ত পান করল। দুর্যোধনের কনিষ্ঠের এই দুর্দশা চোখে দেখা সহ্য করা যায় না, মিথ্যাকে স্বীকার করলাম, মাতুল অস্ত্র, অস্ত্র !

সত্য থেকে মিথ্যাই ভালো, স্বর্গে ধিক্, আমার নরকই হোক, ভীমের হাত থেকে দুঃশাসনকে বাঁচাবার জন্য যে অস্ত্র ত্যাগ করেছি তাই আবার গ্রহণ করব। ৪৮ ॥

(অস্ত্র গ্রহণ করতে গেল)

(নেপথ্যে)—মহাত্মন্ ভরদ্বাজপুত্র আপনি পূর্বে কখনও সত্যকে ত্যাগ করেন নি, আজও ত্যাগ করা উচিত নয়।

কৃপ—বৎস, দৈববাণী তোমাকে মিথ্যা থেকে রক্ষা করছে।

অশ্বত্থামা—কী, দৈববাণী আমাকে যুদ্ধ করতে নিষেধ করছে ? খুব দুঃখের বিষয়, দেবতারাও পাণ্ডব পক্ষে, হায় হায় !

দুঃশাসনের রক্তপানে আমাকে থাকতে হলো উদাসীন, এই যুদ্ধে দুর্যোধনের আর প্রিয় কাজ কী ক'রতে পারি। মাতুল ! কর্ণের প্রতি ক্রোধে আমি

অন্যায় কাজ করলাম, আপনিও তাই রাজার কাছে যান। ৫৯ ॥

কৃপ—বৎস, দেখি কী প্রতিবিধান করতে পারি ; তুমিও শিবিরেই যাও।

(উভয়ের প্রস্থান)

॥ তৃতীয় অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × চতুর্থ অংক × × × × × × × × × × × × × ×

(যুদ্ধে মূর্ছিত দুর্যোধনকে নিয়ে সারথির প্রবেশ)

সারথি—(উদ্বেগের সঙ্গে পাদচারণা করতে লাগল)

(নেপথ্যে)—বাহুবলদর্পে মহাসমরে উদ্যত কৌরবদের প্রতি স্নেহবশতঃ ধন-প্রাণ উৎসর্গ করেছ যে নরপতিগণ ! তোমাদের সৈনিকরা, নিহত দুঃশাসনের রক্ত পান ক'রে অবশিষ্ট রক্তে রঞ্জিত বীভৎসদেহ ভীমকে দেখে ভয়ে অস্ত্রাদি ফেলে যুদ্ধক্ষেত্র থেকে পালাচ্ছে, তাদের নিষেধ করো।

সূত—(দেখে) তাই তো ঐ যে রথে চড়ে এগিয়ে চলেছেন, কৃপাচার্য, শরবর্ষণে শত্রুসেনাদের স্তম্ভিত করতে করতে অর্জুনের সঙ্গে যুদ্ধরত কর্ণের দিকে। সে রথের চূড়ায় রয়েছে শ্বেতবর্ণের চামরযুক্ত সোনার কমণ্ডলু ও পতাকা, সেই রথ চলেছে হাজার হাজার মৃত হাতি, ঘোড়া ও মানুষের দেহের উপর দিয়ে। মৃতদেহ ও রথের চাকার ঘর্ষণে হচ্ছে অদ্ভুত এক শব্দ। যাই হোক, আমাদের সৈনিকরা এক মস্ত অবলম্বন পেল !

(নেপথ্যে কলরবের পরে)

ভীম—ওহে কৌরববাহিনীর বীরগণ ! আমাকে দেখেই ভয়ে তোমাদের কার্মুক, কৃপাণ, তোমার ও শক্তি প্রভৃতি অস্ত্রগুলি খসে পড়ছে কেন ? ওহে পাণ্ডবপক্ষের যোদ্ধাগণ ! ভয় নেই, ভয় নেই তোমাদের। আমি এইমাত্র দুঃশাসনের বক্ষ-শোণিতাসব পান ক'রে মত্ত হয়ে বেগে চলেছি। আমার প্রতিজ্ঞামহোৎসব আর অল্প মাত্র বাকি আছে। এই আমি কৌরবরাজের দ্যূত-পরাজিত দাস, মধ্যম কুন্তীপুত্র ভীমসেন। শোনো, তোমাদের সাক্ষী করে বলছি—

অভিমানী, ধনুর্ধর রাজা দুর্যোধন এবং কুরুবংশের বন্ধু কর্ণ ও শল্যের সামনে যে-দুঃশাসন পাণ্ডব-বধূর কেশ ও বস্ত্র আকর্ষণ করেছিল, জীবিত সেই দুঃশাসনের বক্ষ তীক্ষ্ন নখরাঘাতে বিদীর্ণ ক'রে উষ্ণ রক্ত পান করেছি। ১ ॥

সূত—(শুনে সভয়ে) কুরুরাজপুত্ররাই যেন বন, আর সেই বনের উৎপাত বায়ুস্বরূপ দুরাত্মা ভীম এসে পড়ল দেখছি, এদিকে এখনও মহারাজের জ্ঞান ফেরে নি ; যাক্, রথ দূরে সরিয়ে ফেলি। নয় তো ঐ অনার্য, দুঃশাসনের মতো মহারাজের প্রতিও অনার্য আচরণ করতে পারে। (দ্রুত পরিক্রমণ ক'রে দেখে নিয়ে) ঐ তো একটি বটবৃক্ষ রয়েছে দেখছি, এর পত্রগুলি, সরোবরে প্রস্ফুটিত পদ্মের সংস্পর্শে সুগন্ধি ও শীতল হাওয়ায় দুলছে। যুদ্ধে পরিশ্রান্ত বীরের বিশ্রামের পক্ষে উপযুক্ত স্থান।

এখানে থাকলে অতিসহজে তালপাতার শাখায় বাতাসের মতো, হরিচন্দন-সুরভিত-শীতল এবং মূর্ছার উপযুক্ত সরোবরসম্পর্কিত বাতাসে মহারাজের ক্লান্তি দূর হবে। (উপরে দেখে) রথের পতাকা ভেঙে যাওয়ায় ছায়ায় প্রবেশে কোনো বাধাও হবে না। (চারিদিকে দেখে) কেউ নেই নাকি ? নিশ্চয়ই ভীমের বীভৎস চেহারা আর মহারাজের অজ্ঞান অবস্থা দেখে ভয়ে সবাই শিবিরে চলে গেছে। ওঃ বড়ই দুঃখ—'অর্জুনকে ভয় নেই" এই অভয় দিয়েও দ্রোণ সিন্ধুরাজকে করলেন না, ভীমসেন শত্রুর দুঃসাধ্য প্রতিজ্ঞা অতি সহজে পূর্ণ করে দুঃশাসনের প্রতি এমন কদর্য আচরণ করল, যা পশুর প্রতিই করা যায়। এমন দেখে মনে হয়, কুরুবংশের প্রতি বিমুখ দৈব এত করেও তৃপ্ত নয়। ২ ॥ (রাজাকে দেখে) এখনও কেন মহারাজের জ্ঞান হলো না। বড়ই কষ্ট। (নিঃশ্বাস ছেড়ে মদমত্ত হস্তী বনের প্রায় সমস্ত গাছ ভেঙে ফেলার পর একটি মাত্র শালগাছ দাঁড়িয়ে থাকলে যে অবস্থা হয়, কুমারদের মৃত্যুর পর একমাত্র আপনি জীবিত থাকায়ও সেই অবস্থা, বিধাতার বোধ হয় তাও সহ্য হচ্ছে না[১]। ৩ ॥

(আকাশে লক্ষ্য ক'রে) হায় ভরতকুলবিমুখ হতবিধি! গদাধারী ভীম অক্ষত শরীরেই রইল, কোন বিপদেই পড়ল না, তথাপি ভীমের শেষপ্রতিজ্ঞা পূর্ণ হতে চলল। ৪ ॥

দুর্যোধন—(ধীরে ধীরে জ্ঞানলাভ করে) আঃ কী শক্তি আছে দুরাত্মা পবননন্দন ভীমের, আমি দুর্যোধন জীবিত থাকতে সে প্রতিজ্ঞা পূর্ণ করবে। বৎস দুঃশাসন, ভয় নেই, ভয় নেই, আমি আসছি। সূত! যেখানে বৎস দুঃশাসন আছে সেখানে রথ নিয়ে চলো।

সূত—আয়ুষ্মন্! অশ্বগণ রথ টানতে আর সক্ষম নয়, (কিছুদূর সরে) মনের রথকে মনও টানতে চাইছে না।

দুর্যোধন—(রথ থেকে নেমে গর্বের এবং আগ্রহের সঙ্গে) রথ চলার জন্য সময় নষ্ট করে লাভ কী ?

সূত—(লজ্জায় কাতরভাবে) আয়ুষ্মন্! আমায় ক্ষমা করুন।

দুর্যোধন—সূত। ধিক্ তোমায় ; রথের প্রয়োজন কী ? শত্রু ধ্বংসের জন্য বিচরণশীল দুর্যোধন আমি, গদামাত্র সহায়ে যুদ্ধে অবতরণ করব।

সূত—দেব, তাই বটে।

দুর্যোধন—তাই যদি তবে একথা বলছ কেন ? দেখো—

এই দুরাত্মা উদ্যত অস্ত্র নিয়ে স্বভাব-চঞ্চল বালক দুঃশাসনকে বধ করতে আসছে, আর আমি ভীমকে বধ করতে চাই তাতে তুমি বাধা দিচ্ছ কেন ? (যুবরাজকে বধে উদ্যত ভীম) তোমার ক্রোধ হয় না ? দয়া হয় না ? আমরা বেঁচে থাকতে শত্রু প্রতিজ্ঞা পূর্ণ করছে দেখে লজ্জা হয় না তোমার ? ৫ ॥

সূত—(করুণভাবে পা জড়িয়ে) আমি বলতে চেয়েছিলাম যে হে আয়ুষ্মন্! হয়তো এতক্ষণে সেই দুরাত্মা ভীম তার প্রতিজ্ঞা পূরণ করে চলে গেছে। তাই এরকম বলেছি।

দুর্যোধন—(সহসা মাটিতে পড়ে গিয়ে) হায় বৎস দুঃশাসন! আমার আদেশেই তুমি পাণ্ডবদের সঙ্গে বিরোধ করেছে। হায় বিক্রমশালী, আমার কোলের

সন্নিবেশ-চঞ্চল শিশু, হায় শত্রুগজ মধ্যে সিংহসম, হায় যুবরাজ, কোথায় তুমি ? উত্তর দাও। (মূর্ছিত হলেন)

(জ্ঞানলাভ করে) আমি কোনো দিনই তোমার ইচ্ছামতো ভোগ সুখে তোমাকে রাখতে পারি নি। আমি বৃথাই অগ্রজ, যথাযথভাবে তোমাকে পালন করি নি। আমিই তোমার এই বিপদের কারণ, আমার আদেশেই তুমি অন্যায় কাজ করেছিলে, কিন্তু আজ শত্রুর হাত থেকে তোমায় রক্ষা করতে পারলাম না। ৬ ॥

(মাটিতে পড়ে গেলেন)

সূত—আয়ুষ্মন্ ! শান্ত হোন।

দুর্যোধন—ধিক্ সূত, কী করলে তুমি !

সতত আজ্ঞানুবর্তী বালক দুঃশাসন, তাকে রক্ষা করা আমারই উচিত; আজ সেই বালককে শত্রুর হাতে ছেড়ে দিয়ে আমায় রক্ষা করলে ? ৭ ॥

সূত—মহারাজ ! মর্মভেদী বাণ, তোমর, শক্তি, প্রাস প্রভৃতি অস্ত্র-বর্ষণে মহারথিগণ চেতনা হারালেন, আপনিও চেতনাহীন হলে তখন যুদ্ধক্ষেত্র থেকে রথসহ আপনাকে নিয়ে চলে এসেছি।

দুর্যোধন—অন্যায় করেছ তুমি সূত !

কনিষ্ঠের শত্রু সেই পান্ডব পশুর গদাঘাতে আমার চেতনা ফিরল না। যেহেতু আমি অথবা ভীম দুয়ের একজন দুঃশাসনের রুধিরশয্যায় শয়ন করতে পারলাম না। ৮ ॥

(নিঃশ্বাস ফেলে আকাশের দিকে দেখে)

হে নির্দয় দুরদৃষ্ট ! তুমি ভরতবংশের প্রতি বিমুখ।

আমার মৃত্যু হোক, কিন্তু ভীম যেন আমাকে বধ করতে না পারে।

সূত—অমঙ্গল দূর হোক, অমঙ্গল দূর হোক, মহারাজ, কী বলছেন ?

দুর্যোধন—বন্ধু-বান্ধব মৃত ! আমার রাজ্যে আর কী প্রয়োজন ? জয়েই বা লাভ কী ? ৯ ॥

(শরবর্ষণজনিত আঘাতস্থান আচ্ছাদন করে সুন্দরকের প্রবেশ)

সুন্দরক—মহাশয়রা ! আপনারা কি এখানে মাত্র সারথিসহ মহারাজ দুর্যোধনকে দেখেছেন ? কই, কেউ তো কথা বলে না, যাক। ঐ তো অনেক লোক জমা হয়েছে দেখা যাচ্ছে, গিয়ে জিজ্ঞাসা করি। এ কী ? এরা তো দেখছি নিজ নিজ গাঢ় প্রহরাহত অধিনায়কদের বুক থেকে শল্যোদ্ধার যন্ত্র দিয়ে শল্য উদ্ধার করছে - এরাও কিছু জানে না। অন্যদিকে খুঁজি, এখানে বহু বীরপুরুষ জমা হয়েছে দেখছি, তাহলে এখানে গিয়ে জিজ্ঞাসা করে দেখি।

আপনারা কি জানেন কোথায় আছেন কৌরবেশ্বর ? নাকি এরা তো আমায় দেখে আরও কাঁদছে। থাক, এরাও জানে না। হায় ! আরও করুণ ব্যাপার দেখছি, বীরমাতা যুদ্ধে পুত্রের মৃত্যুসংবাদ শুনে সহমরণে প্রস্তুত রক্তবস্ত্র-পরিহিতা পুত্রবধূসহ প্রাণত্যাগে উদ্যত। ধন্য বীরজননী ধন্য ! জন্মান্তরে তোমার পুত্রের আর যুদ্ধে মৃত্যু হবে না। যাক্ অন্য জায়গায় দেখি এ আর-একদল যোদ্ধা, নিজ দেহক্ষতের প্রতিকার না ক'রে শূন্যাসন অশ্বকে নিয়ে কাঁদতে বসেছে। নিশ্চয়ই এদের নায়ক মারা গেছে। সুতরাং এরাও কিছুই

জানে না। যাক্ অন্য জায়গায় দেখি। (চারদিক দেখে) এ কী সকলেই দেখছি অবস্থানরূপ বিপদ বুঝতে পেরে চিন্তিত হয়ে পড়েছে, তবে এখানে জিজ্ঞাসা করি কাকে, নিন্দাই বা করি কার ? যাক্ নিজেই ভাল করে খুঁজে দেখি। (চলাফেরা ক'রে)

দৈবকেই নিন্দা করতে হয় তবে। হায় ভাগ্যদেবতা, একাদশ অক্ষৌহিণী সেনার অধিনায়ক, শত ভ্রাতার জ্যেষ্ঠ, আর ভীষ্ম জয়দ্রথ দ্রোণ কর্ণ শল্য কৃপ কৃতবর্মা প্রভৃতি রাজচক্রের পরিপোষক সমগ্র পৃথিবীর অধীশ্বর মহারাজ দুর্যোধনেরও খোঁজ করছি, খোঁজ করেও জানি না তিনি কোথায়, (চিন্তা করে) অথবা দৈবকে নিন্দা করে লাভ কী ? অপমানিত বিদুরের হিতকথা যার বীজ, অবহেলিত ভীষ্মের হিতোপদেশ যার অংকুর, অনিষ্টকামী শকুনির উত্তেজনাদি যার মূল, জতুগৃহদাহ দ্যূতক্রীড়া বিষান্নদান যার শাখা-প্রশাখা, দীর্ঘকাল পরিপুষ্ট শত্রুভাব যার আলবাল[২], পাঞ্চাল রাজনন্দিনীর কেশাকর্ষণ যার পুষ্প সেই বৃক্ষের ফল ফলতে শুরু হয়েছে। (অন্যদিকে দেখে) রথে সন্নিবিষ্ট রত্নসমূহের প্রভার সঙ্গে সূর্যকিরণ মিশে সহস্র সহস্র ইন্দ্রধনু দিক্ সমূহকে পূর্ণ করেছে— যার পতাকা-দণ্ড ছিন্ন ও ভগ্ন সেই রথ এখানে দেখতে পাচ্ছি ; মনে হয়, অবশ্যই মহারাজ বিশ্রামের জন্য এখানেই আছেন। যাই হোক দেখি। (এগিয়ে দেখে নিঃশ্বাস ফেলে) এ কী, একাদশ অক্ষৌহিণীর নায়ক হয়ে মহারাজ দুর্যোধন প্রাকৃত জনের মতো যা-তা জাযগায মাটিতে বসে আছেন। অথবা এই সেই পাঞ্চালীব কেশগ্রহণফুলের ফল দেখা যাচ্ছে। (কাছে গিয়ে সূতকে ইশারায় জিজ্ঞাসা করল)

সূত—(দেখে) আরে, যুদ্ধক্ষেত্র থেকে সুন্দরক এসেছে দেখছি।

সুন্দরক—জয় হোক, জয় হোক, মহারাজের !

দুর্যোধন—(দেখে) এই যে সুন্দরক, অঙ্গরাজের কুশল তো।

সুন্দরক—দেব ! শরীরমাত্রেরই কুশল।

দুর্যোধন—(উদ্বেগের সঙ্গে) সুন্দরক ! অর্জুন কি তার রথবাহক অশ্ব এবং সারথিকে হত্যা করেছে ? অথবা রথ ভেঙে গিয়েছে ?

সুন্দরক—দেব ! রথ ভাঙে নি, ও'র মনোরথ (ভেঙেছে)।

দুর্যোধন—(সক্রোধে) ওহে ! তোমার অস্পষ্ট কথা আমার চিন্তিত মনকে আরও বিচলিত করছে। বিচলিত হোয়ো না। গোড়া থেকে স্পষ্ট ক'রে সব বলো।

সুন্দরক—যে আজ্ঞে দেব ! মহারাজের মুকুটমণির প্রভাবে রণপ্রহার বেদনা আমার কমে গেছে। (সগর্বে পরিক্রমণ করে) শুনুন দেব ! আজ কুমার দুঃশাসনের বধ (মুখ চাপা দিয়ে শঙ্কা অভিনয়)।

সূত—সুন্দরক ! বলো তুমি, দৈবই মহারাজকে জানিয়েছে।

দুর্যোধন – সুন্দরক ! বলো তুমি, আমি শুনেছি।

সুন্দরক—(স্বগত) দুঃশাসনের বধ, মহারাজ শুনলেন কীভাবে ? (প্রকাশ্যে) শুনুন, দেব। দুঃশাসন-বধের সংবাদে ক্রুদ্ধ অঙ্গরাজের ললাটদেশ ভ্রূকুটিতে ভীষণ আকার ধারণ করে। বোঝা যায় না এত দ্রুত শরযোজনা ও বর্ষণ করে তিনি দুঃশাসন-শত্রু দুরাচারী মধ্যম পাণ্ডব ভীমসেনকে আক্রমণ করলেন।

উভয়ে—তারপর, তারপর ?

সুন্দরক—তারপর মহারাজ ! উভয় সেনার সম্মিলিত হস্তী-অশ্ব-পদাতি দ্বারা সমুত্থিত ধূলি সমই তথা বিপর্যস্ত হস্তিসমাবেশ সংঘাতে বিস্তারিত হতে থাকল, এমন অন্ধকার যে উভয় সেনাই আর দেখা গেল না। আকাশও লক্ষ্য করা যাচ্ছিল না।

উভয়ে—তারপর, তারপর !

সুন্দরক—ঐ ভীষণ অন্ধকারে জোরে-টানা ধনুকের গম্ভীর ভীষণ টঙ্কার শুনে মনে হলো যেন প্রলয়মেঘের গর্জন—

দুর্যোধন—তারপর ?

সুন্দরক—তারপর মহারাজ, যুদ্ধের এক বর্ষাকাল সৃষ্টি হল। যে বর্ষাকাল ছিল উভয় সেনার পরস্পরস্পর্ধী সিংহনাদের গর্জনে ভরা, বিবিধ নিক্ষিপ্ত অস্ত্রের বর্মের উপর আঘাতজনিত অগ্নিস্ফুলিঙ্গস্বরূপ বিদ্যুতের ছটায় উজ্জ্বল, গম্ভীর-শব্দকারী ধনুক স্বরূপ মেঘযুক্ত এবং সহস্র শরধারা স্বরূপ বর্ষণ যুক্ত।

দুর্যোধন—তারপর, তারপর ?

সুন্দরক—তাবপর দেব ! এই সময় ধনঞ্জয় জ্যেষ্ঠ ভ্রাতা ভীমের পরাজয় আশঙ্কা ক'রে সেই রণাঙ্গনের দিকে রথ চালিত করলেন, সেই রথের চূড়ায় ছিল বিশাল বানর যে বজ্রপাত শব্দের মতো ভয়ঙ্কর ধ্বনি করছিল, অশ্ব পরিচালনে ব্যস্ত শ্রীকৃষ্ণের চার হাতে শংখ, চক্র, গদা ও অসি থাকায় তিনি বিষ্ণুর মতো দর্শনীয় হয়েছিলেন, এবং সেই থেকে পাঞ্চজন্য ও দেবদত্ত নামক দুটি শংখনাদের প্রতিধ্বনি চতুর্দিক পূর্ণ করেছিল।

দুর্যোধন—তারপর, তারপর ?

সুন্দরক—তারপর, ভীমসেন ও অর্জুন দুজনেই পিতাকে (কর্ণকে) আক্রমণ করেছে দেখে, অবিলম্বে বৃষসেন সেখানে উপস্থিত হলেন। অতিরিক্ত ব্যস্ততার জন্য স্খলিত রত্নখচিত উষ্ণীষের উপেক্ষা করলেন। তিনি ধনুর্গুণ কর্ণ পর্যন্ত আকর্ষণ করেছিলেন ; দক্ষিণ হস্তে উৎক্ষিপ্ত বাণের মূল দিয়ে খোঁচা দিয়ে সারথিকেও করছিলেন ত্বরান্বিত।

দুর্যোধন—(সগর্বে) তারপর ?

সুন্দরক—তারপর দেব, কুমার বৃষসেন এসেই মুহূর্ত মধ্যে বাণসমূহ দ্বারা ধনঞ্জয়ের রথকে এমনভাবে ঘিরে ফেলল যে দেখে মনে হচ্ছিল যেন কুসুমিত একটি বৃক্ষকে দেখছি। বৃষসেনের বাণগুলো ছিল শাণশিলায় শাণিত শ্যামল ফলাযুক্ত, কঠিনকঙ্কপত্রযুক্ত, মার্জিত অসিলতার মতো শ্যামল চকচকে পুংখযুক্ত এবং কৃষ্ণ-বর্ণ।

দুর্যোধন—(আনন্দে) তারপর, তারপর !

সুন্দরক—তারপর মহারাজ ! তীক্ষ্ন বিক্ষিপ্ত ধারালো ভল্লবাণবর্ষণকারী ধনঞ্জয় হেসে বললেন, বৃষসেন ! তোমার পিতাই কুপিত আমার সামনে দাঁড়াতে পারেন না, তুমি তো ছেলেমানুষ, যাও অন্যান্য কুমারদের সঙ্গে যুদ্ধ করো গিয়ে। গুরুজনের নিন্দা শুনে কুমারের ক্রোধ উদ্দীপিত হলো, মুখমণ্ডল আরক্ত হলো, ভ্রূকুটী ভঙ্গিমায় হলো ভীষণ, তিনি কোনো দুর্বাক্য প্রয়োগ করলেন না,

কিন্তু তিনি ধনুর্ধারণ পূর্বক কর্ণ পর্যন্ত মর্মভেদী কঠোর বাণ আকর্ষণ ক'রে নিক্ষেপের দ্বারাই গাণ্ডীবী অর্জুনকে ভর্ৎসনা করলেন।

দুর্যোধন—সাধু বৃষসেন সাধু! সুন্দরক, তারপর?

সুন্দরক—তারপর, দেব! তীক্ষ্ণবাণের আঘাতে তীব্র বেদনায় ক্রুদ্ধ হয়ে ধনঞ্জয় তাঁর শিক্ষা ও বলের উপযুক্ত এক আশ্চর্য যুদ্ধ আরম্ভ করলেন, তাঁর গাণ্ডীবের তীব্রধ্বনি বজ্রপাতের শব্দকেও পরাভূত করেছিল, অবিরত বাণবর্ষণে তিনি সকলের দৃষ্টি আচ্ছন্ন করেছিলেন।

দুর্যোধন—(সাগ্রহে) তারপর?

সুন্দরক—তারপর শত্রুর ঐরকম সেই সমর নৈপুণ্য দেখে বৃষসেনও এমনভাবে দ্রুত হস্ত সঞ্চালন ক'রে যুদ্ধ করতে আরম্ভ করলেন যে, তাঁর তূণ থেকে ধনুকে বাণ যোজনা ও নিক্ষেপ কিছুই লক্ষ্য করা যাচ্ছিল না।

দুর্যোধন—তারপর!

সুন্দরক—তারপর; তখন কুরু ও পাণ্ডবপক্ষের বীরগণ দীর্ঘকালের শত্রুতা ভুলে গিয়ে যুদ্ধ পরিত্যাগ ক'রে 'সাধু বৃষসেন সাধু' বলে চীৎকার ক'রে উঠল এবং বৃষসেন ও অর্জুনের যুদ্ধ দেখতে লাগল।

দুর্যোধন—(বিস্ময়ে) তারপর?

সুন্দরক—তারপর দেব, এমন সময় সকল যোদ্ধা অপেক্ষা অধিক পরাক্রমশালী পুত্রের অদ্ভুত সমরকৌশল দেখে যুগপৎ আনন্দ, ক্রোধ, করুণা, আশঙ্কা ও উদ্বেগ-যুক্ত হয়ে অঙ্গরাজের শরজাল ভীমসেনের উপরে ও বাষ্পাকুল দৃষ্টি কুমার বৃষসেনের উপরে নিক্ষিপ্ত হলো।

দুর্যোধন—(সভয়ে) তারপর?

সুন্দরক—তারপর মহারাজ! উভয় পক্ষের সৈনিকের সাধুবাদ শুনে ক্রুদ্ধ ধনঞ্জয় অশ্ব, সারথি, রথ, ধনু, জ্যা এবং রাজচিহ্নশ্বেতচ্ছত্রে যুগপৎ বাণ বর্ষণ-আরম্ভ করলেন।

দুর্যোধন—(সভয়ে)—তারপর?

সুন্দরক—তারপর দেব, বৃষসেনের রথ গেল, ধনুর্গুণ ছিন্ন হলো, তিনি তখন আত্মরক্ষার জন্য খড়্গ হস্তে চতুর্দিকে বিচরণ করতে লাগলেন।

দুর্যোধন—(আশঙ্কার সঙ্গে) তারপর?

সুন্দরক—তারপর দেব, পুত্রের রথ ভেঙে যাওয়ায় ক্রুদ্ধ হয়ে অঙ্গরাজ ভীমের সঙ্গে যুদ্ধ উপেক্ষা ক'রে বাণ বর্ষণ আরম্ভ করলেন। কুমার পরিজনেরা অন্য রথ নিয়ে এলে সেই রথে চড়ে অর্জুনের সঙ্গে যুদ্ধ করতে পুনরায় প্রবৃত্ত হলেন।

দুর্যোধন—সাধু বৃষসেন সাধু! তারপর তারপর?

সুন্দরক—তারপর দেব, কুমার বললেন, 'ওরে রে পিতৃনিন্দুক বাচাল মধ্যম পাণ্ডব! আমার বাণ তোমার শরীর ভিন্ন অন্য স্থানে পড়বে না' এই বলে শরবর্ষণে অর্জুনকে আচ্ছন্ন করে সিংহনাদ ক'রে গর্জন করতে লাগলেন।

দুর্যোধন—(বিস্ময়ে) অহো! মুগ্ধস্বভাব বালকের কী পরাক্রম। তারপর?

সুন্দরক—তারপর, কিরীটী তীক্ষ্ণ শরাভিঘাত পেয়ে ক্রোধিত হয়ে বৃষসেনের সহস্র শরবর্ষণ উপেক্ষা করে রথের মধ্য থেকে শক্তি (অস্ত্রবিশেষ) গ্রহণ করলেন;

সেটা কনককিঙ্কিণীজালমালার মতো ঝঙ্কৃত হয়ে উঠল। ঐ শক্তি মেঘমুক্ত আকাশের মতো নির্মল, এবং তার মুখ তীক্ষ্ণশ্যামল ও স্নিগ্ধ বিবিধরত্ন প্রভায় উজ্জ্বল; ভীষণ ও রমণীয়দর্শন সেই অস্ত্র বৃষসেনের দিকে নিক্ষেপ করলেন।

দুর্যোধন—(বিষাদে) হায় হায়! তারপর তারপর।

সুন্দরক—তারপর মহারাজ! জ্বলন্ত শিখাযুক্ত সেই শক্তি দেখে অঙ্গরাজের হাত থেকে ধনুক বাণ খসে পড়ল, হৃদয় থেকে বীরসুলভ উৎসাহ লুপ্ত হয়ে গেল দুনয়নে নেমে এল অশ্রুধারা। বৃকোদর সিংহনাদ করলেন, কৌরবসেনা 'কী দুঃখের কী দুঃখের' ব'লে চিৎকার করে উঠল।

দুর্যোধন—(বিষাদসহ) তারপর?

সুন্দরক—তারপর, ভগবান্ শঙ্কর পতনশীলা ভাগীরথীকে যেমন ত্রিধাবিভক্ত করেছিলেন, বৃষসেনও তেমনি তীক্ষ্ণ ক্ষুরপ্রবাণ (অস্ত্রবিশেষ) আকর্ণ আকর্ষণ ক'রে বিশেষ সন্ধানে নিক্ষেপ ক'রে অর্ধপথেই সেই শক্তিকে (অস্ত্রবিশেষ) তিন খণ্ড করলেন।

দুর্যোধন—সাধু বৃষসেন! সাধু! তারপর?

সুন্দরক—তারপর মহারাজ! ইতিমধ্যে বীরগণের উচ্চ সাধুবাদে সমরবাদ্যধ্বনি চাপা পড়ে গেল, এবং সিদ্ধচারণগণের পুষ্পবৃষ্টিতে সমারাঙ্গন ঢেকে গেল।

সেনাপতি অঙ্গরাজ বললেন, ওহে বৃকোদর তোমার আমার যুদ্ধ অসমাপ্ত আছে; একটু সময় দাও আমাকে, আমি পুত্র বৃষসেন ও তোমার ভ্রাতা অর্জুনের ধনুর্বেদশিক্ষায় নৈপুণ্য একবার দেখে নিই, তোমারও এটা দর্শনীয়।

দুর্যোধন—তারপর, তারপর?

সুন্দরক - তারপর ভীম এবং কর্ণ উভয়েই নিজ শত্রুতা ভুলে গিয়ে নিজেদের যুদ্ধ বন্ধ রেখে অর্জুন ও বৃষসেনের যুদ্ধ দেখতে লাগলেন।

দুর্যোধন—(আগ্রহের সঙ্গে) তারপর?

সুন্দরক—তারপর মহারাজ? ইতিমধ্যে বৃষসেনের অস্ত্রে অর্জুনের শক্তি-অস্ত্র খণ্ডিত হওয়ায় অত্যন্ত ক্রোধবশে অর্জুন বললেন ওরে দুর্যোধন প্রমুখ—(সঙ্কোচের অভিনয়)

দুর্যোধন—বলো সুন্দরক, এতো অন্যের কথা।

সুন্দরক—শুনুন দেব! ওরে দুর্যোধন প্রভৃতি কৌরব সেনার রক্ষকগণ! ওরে দুর্যোধনের অবিনয়রূপী নৌযানের কর্ণধার কর্ণ! তোমরা সবাই মিলে আমার অসাক্ষাতে অসহায় বালকপুত্র অভিমন্যুকে বধ করেছ, আমি তোমাদের সামনেই কুমার বৃষসেনকে বধ করব। এই বলে অর্জুন গর্বভরে বজ্রের শব্দের মতো ভীষণ জ্যা-শব্দে গাণ্ডীব আস্ফালন করলেন। অঙ্গরাজও 'কালপৃষ্ঠ' নামে ধনু গ্রহণ করলেন।

দুর্যোধন—(অভিপ্রায় গোপন রেখে তারপর?

সুন্দরক—হে মহারাজ! তারপর, গাণ্ডীবধারী অর্জুন ভীমসেনকে যুদ্ধ করতে নিষেধ ক'রে অঙ্গরাজ ও বৃষসেনের দুটি রথের দিকে দুটি বাণনদী রচনা ক'রে রথ আচ্ছন্ন করলেন। তাঁরা দুজনেও পরস্পরের শিক্ষাকৌশল প্রদর্শন ক'রে সেই

দুরাচার মাধ্যম পাণ্ডবকে আক্রমণ করলেন।

দুর্যোধন—তারপর ?

সুন্দরক—তারপর অর্জুন তীব্রভাবে আক্রমণ করলেন, তিনি বাণ নিচ্ছেন, ধনুকে যোজনা করছেন, নিক্ষেপ করছেন—এর কিছুই দেখা যাচ্ছিল না, কেবল জ্যা-শব্দে অনুমান হচ্ছিল মাত্র, এমন-কি দ্রুতবাণবর্ষণে রথ,আরোহী, সৈন্য, সারথি, পতাকা, কুমার, আকাশ, পৃথিবী, দিঙ্‌মণ্ডল—কিছুই দেখা যাচ্ছিল না।

দুর্যোধন—(সবাষ্পরোধে) তারপর ?

সুন্দরক—তারপর অনেক ক্ষণ ধরে কুমারের সারথি ও অশ্ব নিহত, ছত্র ধনুক চামর পতাকাদণ্ড ছিন্ন, যেন স্বর্গভ্রষ্ট দেবকুমার মর্মভেদী বাণে নিহত হয়ে রথমধ্যে পড়ে রয়েছেন দেখে আমি চলে এসেছি।

দুর্যোধন—(দুঃখিত হয়ে) হায় কুমার বৃষসেন ! এর পর আর শুনতে চাই না। হায় বৎস বৃষসেন, অতি দুঃখে আমার কোলে লালিত তুমি ! হায় গদাযুদ্ধ-প্রিয়, শৌর্যসাগর ! হায় রাধেয়বংশাঙ্কুর ! প্রিয়দর্শন, হায় ! দুঃশাসনসম প্রিয়, হায় গুরুজনপ্রিয়, আমার উত্তর দাও ! বিশাললোচন, নবোদিত চন্দ্রসম কান্তিমান্, নবযৌবনশোভায় রমণীয়, প্রাণহীন দৃষ্টিযুক্ত তোমার মুখমণ্ডল কর্ণ দেখলেন কী ক'রে ? ১০ ॥

সূত আয়ুষ্মন্ ! শোকে অধীর হবেন না।

দুর্যোধন—সূত ! পুণ্যবানরাই দুঃখ পায়, কিন্তু—

আমাদের সামনেই জ্ঞাতিবান্ধবরা নিহত হলেন, সেই পরাজয়-অগ্নিতে হৃদয় পুড়ে গেছে, সুতরাং দুঃখই বা কি, ব্যথাই বা কী। ১১ ॥ (মূর্ছা)

সূত—আশ্বস্ত হোন মহারাজ, আশ্বস্ত হোন।

(কাপড়ের আঁচল দিয়ে বাতাস করতে লাগলেন)

দুর্যোধন—(জ্ঞান লাভ ক'রে) ভদ্র সুন্দরক, বয়স্য অঙ্গরাজ তখন কী করলেন ?

সুন্দরক—মহারাজ, তারপর সেইভাবে পুত্রকে নিহত দেখে চোখের জল মুছে নিজদেহ শত্রুর অস্ত্রাঘাত উপেক্ষা ক'রে অঙ্গরাজ ধনঞ্জয়কে আক্রমণ করলেন। পুত্র-বধের ক্রোধে জীবনের আশা ত্যাগ করে আক্রমণ দেখে ভীম নকুল সহদেব এবং পাঞ্চালরাজ সকলে মিলে ধনঞ্জয়ের রথ ঘিরে রাখলেন।

দুর্যোধন—তারপর ?

সুন্দরক—তারপর দেব, শল্য বললেন, 'অঙ্গরাজ, আপনার রথের অশ্বগুলি হত ও পাটাতন ভগ্ন হয়েছে, এটা আর ভীমার্জুনের সঙ্গে যুদ্ধে ব্যবহৃত হবার যোগ্য নেই'। এই বলে শল্য রথের মুখ ঘুরিয়ে দিলেন, প্রভুকে রথ থেকে নামিয়ে বহু প্রকারে আশ্বাস দিলেন। স্বামী তখন অনেকক্ষণ ধরে কাঁদলেন, পরিজনেরা তাঁর জন্যে অন্য রথ নিয়ে এলে আমাকে দেখে বললেন সুন্দরক এসো। আমি নিকটে গেলে শীর্ষস্থান থেকে তালপত্র বের করে শরীরের রক্ত-বিন্দু ও বাণের অগ্রভাগ দিয়ে যা লিখলেন তা এই। (পত্রিকা দিলেন)

দুর্যোধন—(পত্রিকা নিয়ে পড়তে লাগলেন) "মহারাজ—দুর্যোধনের মঙ্গল হোক, যুদ্ধক্ষেত্র থেকে কর্ণ কণ্ঠে শেষ গাঢ় আলিঙ্গন ক'রে জানাচ্ছে—

আপনি আমার প্রতি আশা পোষণ করতেন যে অস্ত্রপ্রয়োগবিষয়ে কৃতী,

যুদ্ধে এর সমকক্ষ কেউ নেই, ভাইয়ের অপেক্ষা অধিক প্রিয় এবং এ-ই পারবে পাণ্ডবদের জয় করতে! কিন্তু আমি দুঃশাসন-শত্রু ভীমকে বধ করতে পারলাম না। আপনি বাহুবলেই হোক বা চোখের জলেই হোক এই দুঃখের প্রতিকার করুন।" ১২ ॥

হে কর্ণ, বয়স্য কর্ণ! শত ভাই তো আমার নিহত হয়েছে তার উপর কেন আমাকে বাক্যবাণে জর্জরিত করছ? ভদ্র সুন্দরক! অঙ্গরাজ এখন কী করছেন?

সুন্দরক—দেব! এখনও আপনি তার উদ্যোগ কী জিজ্ঞাসা করছেন? তিনি শরীরাবরণ বর্ম ফেলে দিয়ে আত্মবধের জন্য প্রস্তুত হয়ে পুনরায় অর্জুনের সঙ্গে যুদ্ধ খুঁজছেন।

দুর্যোধন—(শুনে তাড়াতাড়ি উঠে) সুত, রথ নিয়ে এসো। সুন্দরক! তুমি খুব তাড়াতাড়ি গিয়ে আমার কথামতো বয়স্য অঙ্গরাজকে বোঝাও। আপনি অতি সাহসের কাজ করবেন না,

আমাদের উভয়ের সঙ্কল্পই সমান আপনি একলাই প্রাণপরিত্যাগাকাঙ্ক্ষী নন। কিন্তু—পাণ্ডবদের হত্যা করে বন্ধুবর্গকে অশুভ জলাঞ্জলি দিয়ে কতিপয় মন্ত্রী ও শত্রু সহ চোখের জল ফেলে আমরা দু'জন পরস্পর জীবনের শেষ গাঢ় আলিঙ্গন ক'রে দুঃখের সঙ্গে এবং বিশ্রান্তভাবে এই অসার দেহ ত্যাগ করব। ১৩ ॥

অথবা শোক সম্বন্ধে আমার বলার কিছু নেই। বৃষসেন তোমার পুত্র নয়, দুঃশাসনও আমার ভাই নয়, তোমাকে আমি কী বোঝাব, তুমিই বা আমাকে কী সান্ত্বনা দেবে! ১৪ ॥

সুন্দরক—যে আজ্ঞা মহারাজ। (প্রস্থান)

দুর্যোধন—ওহে! শীগগির রথ নিয়ে এসো।

সুত—দেব, অশ্বের হ্রেষাসম্বলিত রথের নেমিধ্বনি শোনা যাচ্ছে, মনে হয় নিশ্চয় পরিজনেরা রথ নিয়ে এসেছে।

দুর্যোধন—সুত, তুমি গিয়ে প্রস্তুত করো।

সুত—মহারাজের যে আদেশ। (প্রস্থান ও পুনঃপ্রবেশ)

দুর্যোধন—সে কী? রথে উঠলে না?

সুত—এই-যে আপনার পিতা ও মাতা আপনাকে দেখবার জন্য সঞ্জয়ের সঙ্গে রথে ক'রে এসেছেন।

দুর্যোধন—কী বললে, তাত এবং অম্বা এসেছেন? ওঃ কী দুঃখের বিষয়, দৈবের কী ভীষণ বিড়ম্বনা। সুত! যাও তুমি শীগগির রথ নিয়ে এসো, আমিও পিতার দৃষ্টি এড়িয়ে একান্তে থাকি।

সুত—মহারাজ! আপনিই একমাত্র এঁদের শেষ বান্ধব, তবে কেন আপনি এঁদের আশ্বস্ত করবেন না?

দুর্যোধন—সুত! ভাগ্য আমার প্রতিকূল, কীভাবে আশ্বস্ত করব আমি? আজই আমরা দুজনে পিতা-মাতার সঙ্গে সাক্ষাৎ ক'রে যুদ্ধে এসেছি, আমার আর দুঃশাসনের মস্তক আঘ্রাণ করলেন, শত্রুর হাতে বালক দুঃশাসনের

এই অবস্থা হলো, পিতা-মাতার কাছে গিয়ে কী বলব নির্লজ্জ আমি ? ১৫ ॥
কিন্তু তবুও গুরুজনদের বন্দনা করা উচিত। (প্রস্থান)

॥ চতুর্থ অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × **পঞ্চম অংক** × × × × × × × × × × × × ×

(তারপর রথে ধৃতরাষ্ট্র, গান্ধারী ও সঞ্জয়ের প্রবেশ)

ধৃতরাষ্ট্র—বৎস সঞ্জয় ! বলো বলো, কোথায় আমার কুরুকুলকাননের একমাত্র শেষ অঙ্কুর বৎস দুর্যোধন অবস্থান করছে। সে জীবিত আছে তো ?

গান্ধারী—বৎস ? সত্যিই যদি সে জীবিত থাকে, তবে বলো সে কোথায় ?

সঞ্জয়—এই তো মহারাজ একাই বটগাছের ছায়ায় বসে আছেন।

গান্ধারী—বৎস ! একাকী বলছ, শত ভাই কি এখুনি ওর পাশে হবে ?

সঞ্জয়—তাত। অম্ব ! ধীরে রথ থেকে নামুন।

(উভয়ে অবতরণ করলেন। সলজ্জ উপবিষ্ট দুর্যোধনের প্রবেশ)

সঞ্জয়—(সামনে গিয়ে) জয় হোক মহারাজের। আপনার পিতামাতা উভয়েই এসেছেন, আপনি কি দেখছেন না মহারাজ ?

(দুর্যোধনের অপ্রস্তুত ভাব অভিনয়)

ধৃতরাষ্ট্র—(যুদ্ধে বিজয়ী হয়ে) বর্ম খুলে ফেলে, কঙ্কমুখ যন্ত্র দিয়ে (শল্যবিদ্ধ শরীর থেকে) শল্যগুলো তুলে ফেলে, ক্ষতস্থানে বস্ত্রখণ্ড ধীরে ধীরে বেঁধে নিয়ে, কর্ণকে আশ্রয় ক'রে দূর থেকে পরাজিত ও সাম-তোষিত রাজন্যবর্গকে খুশিভরে তাকিয়ে তাকিয়ে দেখছিলে—এমন অবস্থায়, পাপী আমি, তোমাকে প্রশ্ন করবার অবসর পাই নি,—আঘাত সহ্য করতে পারছ তো ? ১ ॥

(ধৃতরাষ্ট্র ও গান্ধারী স্পর্শের দ্বারা অনুমান ক'রে পুত্রকে আলিঙ্গন করলেন)

গান্ধারী—বৎস, প্রহারবেদনায় জর্জরিত তুমি, তাই বোধহয় আমাদের সঙ্গে কথা বলছ না ?

ধৃতরাষ্ট্র—বৎস দুর্যোধন ! আমার কাছে তুমি মৌনী হয়ে আছ কেন ? আগে তো কখনও এমন হয় নি।

গান্ধারী—বৎস ! তুমিই যদি আমাদের সঙ্গে কথা না বল তবে দুঃশাসন, দুর্মর্ষণেরা এসে কী কথা বলবে ? (অশ্রু মোচন করতে লাগলেন)

দুর্যোধন—আমি কোনো প্রতিকার করতে পারলাম না, আমার সামনেই অনুজেরা নিহত হলো, পিতা-মাতার চোখের জলের আমিই কারণ। এই নিষ্কলঙ্ক ভরতবংশের অনিষ্টের জন্যই আমার জন্ম হয়েছে এবং আপনার পুত্রনাশের কারণ আমি, সুতরাং আমাকে পুত্ররূপে ভাবছেন কেন ? ২ ॥

গান্ধারী—বৎস, দুঃখ কোরো না, এই অন্ধ দুজনের তুমিই একমাত্র পথপ্রদর্শক, দীর্ঘজীবী হও তুমি, আমার রাজ্যে বা জয়ে কী প্রয়োজন ?

দুর্যোধন—মা ! আপনার কথা যেমন অসদৃশ, তেমনই বিরুদ্ধ, কোথায় সুক্ষত্রিয়া

আপনি আর কোথায় আপনার দীনতা? আপনার কি বাৎসল্য নেই, শতপুত্র ধ্বংসের কথা চিন্তা হয় না? আমি অযোগ্য—আমাকে রক্ষার চেষ্টা কেন? ৩॥ নিশ্চয়ই পুত্রশোকের জন্য আপনার এই বিরূপ চেষ্টা।

সঞ্জয়—মহারাজ? 'ঘট কূপে পড়ে গেলেও তার রজ্জু কূপে ফেলা উচিত নয়'।[২] —এই লোকাপবাদ কি অর্থহীন?

দুর্যোধন—এ কথা ঠিক নয়, যাদের উপকার করতে পারি তারাই যদি না থাকে, তবে উপকরণের (আমার) প্রয়োজন কী?

ধৃতরাষ্ট্র—(দুর্যোধনকে আলিঙ্গন ক'রে) বৎস! আশ্বস্ত হও, আমাকে ও তোমার দুঃখিতা মাতাকে আশ্বস্ত করো।

দুর্যোধন—পিতঃ! এখন আপনাদের আশ্বস্ত করা সম্ভব নয়,

কিন্তু যখন আমি ভীমকে বধ করব তখন পুত্রশোকোতুরা কুন্তী সহ শোকের মধ্যে অবস্থান ক'রেও আপনি নিজ পুত্রদের জন্য শোক করবেন? ৪॥

গান্ধারী—বৎস! এইটুকুই এখন যথেষ্ট যে একা তুমিই জীবিত রয়েছ। এখন তোমার যুদ্ধের সময় নয়। আমি হাত জোড় করছি তুমি প্রসন্ন হও, যুদ্ধ থেকে নিবৃত্ত হও। আমার কথা রাখো।

ধৃতরাষ্ট্র—বৎস! তোমার মার কথা শোনো, আমার অনেক বন্ধুবর্গ নিহত হয়েছে, আমার কথাও শোনো। দেখো—

যে ভীষ্ম-দ্রোণের বলে বলবান্ হয়ে অংশভাগী জ্ঞাতিদের তুচ্ছ করেছ সেই ভীষ্ম-দ্রোণ নিহত, কর্ণের সম্মুখে তার পুত্রকে বধ করায় সমস্ত জগৎ আজ অর্জুনকে ভয় করে। আমার পুত্রদের নিহত ক'রে শত্রু তার প্রতিজ্ঞা পূর্ণ করতে চলেছে, একমাত্র অবশিষ্ট তুমি শত্রুর প্রতি অভিমান ত্যাগ ক'রে, অন্ধ পিতা-মাতাকে পালন করো। ৫॥

দুর্যোধন—যুদ্ধ ত্যাগ ক'রে কী করব আমি?

গান্ধারী—তোমার পিতা অথবা বিদুর যা বলবেন তাই করবে।

সঞ্জয়—রাজন্! তাই করা উচিত।

দুর্যোধন—সঞ্জয়? এখনও কী উপদেশ দেওয়ার আছে?

সঞ্জয়—রাজন্! জয়াভিলাষী ব্যক্তি যতক্ষণ জীবিত থাকেন, জ্ঞানীর কর্তব্য ততক্ষণ উপদেশ দেওয়া।

দুর্যোধন—(সক্রোধে) শুনব, তবে আপনার মতো প্রজ্ঞাবানের আমার প্রতি এ বিরূপ উপদেশ!

ধৃতরাষ্ট্র—বৎস! যথার্থ বলেছেন সঞ্জয় ক্রোধ করছ কেন? যদি তুমি শান্ত হও, তবে আমিই বলছি শোনো।

দুর্যোধন—বলুন পিতা।

ধৃতরাষ্ট্র—বৎস! বেশি কথায় প্রয়োজন নেই, তুমি যুধিষ্ঠিরের অভিমত পণে সন্ধি করো।

সুযোধন—পিতা! পুত্রস্নেহান্ধ মাতা, এবং অপরিণতবুদ্ধি সঞ্জয় যা খুশি বলতে পারেন, কিন্তু আপনারও এই ভ্রান্তি! অথবা পুত্রনাশজনিত মনস্তাপই প্রভুত্ব করেছে? আরও আছে পিতা! যখন আমার শত ভ্রাতা জীবিত ছিল, তখনই

বাসুদেবের সন্ধি প্রস্তাব প্রত্যাখ্যান করেছি আর আজ, ভীষ্ম দ্রোণ, ভ্রাতৃগণ ও বীর নৃপতিগণ যুদ্ধে নিহত, এই অবস্থায় কেবল মাত্র নিজ দেহের মমতায় মহনীয় পুরুষের লজ্জাজনক এবং অশুভপরিণামী সন্ধি পাণ্ডবের সঙ্গে দুর্যোধন করতে পারে কি ?

ওহে নীতিবিদ্ সঞ্জয় আরও শোনো—শত্রুর চাইতে দুর্বল হয়ে পড়লে নৃপেরা শত্রুর সঙ্গে সন্ধি করে ? দুঃশাসন আজ নেই, অনুজ সহ বর্তমান পাণ্ডবরা দুর্বল হল কী করে ? (সে শক্তিমান আর আমি দুর্বল স্থতরাং সে সন্ধি করবে না।) ৬ ॥

ধৃতরাষ্ট্র—বৎস ! তোমার কথা ঠিক, তবুও আমার প্রার্থনায় যুধিষ্ঠির কী না করতে পারে ? বিশেষতঃ সর্বদাই নিজেকে যুধিষ্ঠির অপকৃষ্ট মনে করে।

দুর্যোধন—কী রকম ?

ধৃতরাষ্ট্র—শোনো যুধিষ্ঠিরের প্রতিজ্ঞা—"আমার একটি ভাইও যদি নিহত হয় তবে আমি প্রাণ রাখব না," সংগ্রাম বহু ছলনাময়, স্থতবাং ভ্রাতৃনাশ আশঙ্কায় যখনই তোমার অভিরুচি তখনই যুধিষ্ঠিরকে সন্ধি করতে প্রস্তুত অবস্থায় পাবে।

সঞ্জয়—তাই বটে।

গান্ধারী—তোমার পিতার এই যুক্তিপূর্ণ বচন স্বীকার করো।

দুর্যোধন—পিতা, মাতা, সঞ্জয় ! একটি অনুজের বিনাশে যুধিষ্ঠির আত্মত্যাগের প্রতিজ্ঞা করেছেন, আর দুর্যোধন শত ভ্রাতার মৃত্যুর পরেও কি জীবিত থাকতে পারে ? দুঃশাসনের শোণিত পান করেছে ভীম, সেই শত্রুকে পদাঘাতে ছিন্ন-ভিন্ন করে চারিদিকে ছড়িয়ে দেব, নয়, দীনভাবে সন্ধি করব ? ৭ ॥

গান্ধারী—হায় বৎস দুঃশাসন, আমার কোলে লালিত হয়ে দুর্ভাগা তুমি, হায় যুবরাজ, এই সংসারে এমন বিপত্তি কেউ কখনো কারও শোনে নি। হায় বীরপ্রসবিনী গান্ধারী, তুমি শত দুঃখই প্রসব করেছ, শত পুত্র নয়। (সকলের ক্রন্দন)

সঞ্জয়—(চোখের জল ফেলে) তাত, মা, মহারাজকে বোঝাবার জন্য আপনারা এখানে এসেছিলেন, অন্তত নিজেরা তো স্থির হোন।

ধৃতরাষ্ট্র—বৎস ! বিধি বিমুখ। গান্ধারীর জীবনের অবলম্বন একমাত্র তুমি,—তাও শত্রুর প্রতি অভিমান ত্যাগ করছ না, তবে বলো তপস্বিনী গান্ধারী কাকে আশ্রয় করবে, আমিই বা কাকে আশ্রয় করব ?

দুর্যোধন—শুনুন—এখন যা বোঝবার সময় হয়েছে,—

আপনার পুত্রেরা পৃথিবীতে আধিপত্য বিস্তার করেছে, ঐশ্বর্য ভোগ করেছে, শত্রু জয় করেছে, আনত মস্তকসহ নৃপচূড়ামণির পূজাও লাভ করেছে, সম্মুখ-সমরে শত্রু বধ ক'রে শতপুত্র আপনার প্রাণ দিয়েছে, তারপর আপনি মাতাসহ সগররাজ কর্তৃক একদা বাহিত পৃথিবীর ভারবহন করুন। যদি আপনি তা না করেন তবে ক্ষাত্রধর্ম অমান্য করা হবে।

(নেপথ্যে ভীষণ কলরব)

গান্ধারী—(শুনে সভয়ে) সঞ্জয় ! সঞ্জয় ! হাহাকারধ্বনির শব্দে তূর্যধ্বনিও শোনা যাচ্ছে—কোথায় এটা ?

সঞ্জয়—এ তো এমনি মহাকলরবেরই আশ্রয়ভূমি—ভীরুজনই এতে ভয় পেয়ে থাকে।

ধৃতরাষ্ট্র—বৎস সঞ্জয় ! একবার খোঁজ নাও, অতিভীষণ দিগন্তবিস্তৃত এই হাহাকার, নিশ্চয় এর কারণও গুরুতর কিছু হবে।

দুর্যোধন—পিতঃ ! আপনি প্রসন্ন হোন, দৈব আমাদের প্রতিকূল, এর পরেও যেন অপ্রিয় কিছু শুনতে না হয়, যুদ্ধে যাবার আদেশ দিন।

গান্ধারী—বৎস ! মুহূর্তের জন্য এই মন্দভাগিনীকে আশ্বস্ত করো।

ধৃতরাষ্ট্র—বৎস ! তুমি যদি যুদ্ধের জন্য নিশ্চয় করে থাক, তবে গোপনে শত্রুহননের উপায় চিন্তা করো।

দুর্যোধন—যারা প্রকাশ্যে আমার বান্ধবদের হত্যা করেছে, গুপ্তভাবে তাদের হত্যা করা উচিত নয়, যুদ্ধক্ষেত্রে প্রকাশ্যভাবে তারা যা করে নি আমরাও তা করতে পারি না। ৮ ॥

গান্ধারী—বৎস ! তুমি যে একা, কে তোমার সহায়তা করবে ?

দুর্যোধন—মা ! আমি একাই তো আপনার পুত্রধ্বংসের কারণ, শত্রু আর কটা ? দৈব যদি প্রতিকূল না হয় তবে আমি একাই পৃথিবীকে পাণ্ডবহীন করতে পারি।৯।
(নেপথ্যে কলরবের পর) ওহে বীরগণ। আপনারা কৌরবরাজকে বলুন যে একটা ভয়ানক ব্যাপার হয়ে গেছে। অপ্রিয় সংবাদ শোনাতে হবে ব'লে বিরত থাকবেন না, সময়োপযোগী প্রতিবিধান এখনই করতে হবে।
কারণ—লাগাম ও চাবুক ছাড়াই চেনাপথে অশ্বগণ দ্বারা স্বতোবাহিত শূন্য রথ নিয়ে ধীরে ধীরে যাচ্ছে শল্যরাজ, কৌরবশিবিরে কৌরবদের শল্যের মতোই। তার দেহ পার্থ-নামাঙ্কিত বাণের ক্ষত। অঙ্গরাজের সংবাদ জনগণ জিজ্ঞাসা করলে উত্তর দিচ্ছেন চোখের জলেই। ১০ ॥

দুর্যোধন—(শুনে শঙ্কিত হয়ে) সূত ! দেখ তো, কে এই বজ্রপাতের মতো দারুণ সংবাদ অস্পষ্টভাবে ঘোষণা করছে, ওহে কে আছ এখানে ?

(বিমর্ষভাবে সূতের প্রবেশ)

সূত—হায় হায় মরে গেলাম। (পড়ে গেল)

দুর্যোধন—বলো, বলো !

সূত—আয়ুষ্মন্ ! কী বলব ?—
অস্ত্রাঘাতে জনসাধারণ যেমন চেতনাহীন হয়. তেমনই শূন্য মনোরথের মতো কর্ণহীন রথে শল্যরাজকে শিবিরে প্রবেশ করতে দেখে কৌরবকুল চেতনা হারাল। ১১ ॥

দুর্যোধন—হা বয়স্য কর্ণ ! (জ্ঞান হারালেন)

গান্ধারী—আশ্বস্ত হও বৎস, আশ্বস্ত হও।

•সঞ্জয়—আশ্বস্ত হোন মহারাজ, আশ্বস্ত হোন।

ধৃতরাষ্ট্র—ওঃ বড় কষ্ট !
ভীষ্ম দ্রোণ নিহত হলে আমার পুত্রের যে ছিল একমাত্র অবলম্বন প্রিয়বন্ধু রাধেয় কর্ণ সেও আজ নিহত হলো। ১২ ॥
শান্ত হও বৎস, শান্ত হও। হা দুর্দৈব !
আমি অন্ধ, শতপুত্রশোকে অভিভূত হয়ে পত্নীসহ শোচনীয় দশায় পৌঁছেছি। একমাত্র পুত্র (অবশিষ্ট) তারও বন্ধু, গুরুজন ভ্রাতৃবর্গকে বিনাশ ক'রে

দুর্যোধনকে নিরাশ করল। বৎস দুর্যোধন! আশ্বস্ত হও আশ্বস্ত হও, তোমার অসহায় জননীকে আশ্বস্ত করো। ১৩ ॥

দুর্যোধন—(সংজ্ঞা লাভ ক'রে) ওহে কর্ণ, আমার কর্ণসুখকর কথা বলে আমাকে স্থায়ী আনন্দ দাও। ওহে বৃষসেনবৎসল! সব সময়ের প্রিয় সাথী তোমার, কখনও তো তোমার অপ্রিয় কিছু করি নি তবে কেন তুমি আমাকে ছেড়ে যাচ্ছ? ১৪ ॥ (আবার জ্ঞান হারালেন)

(সকলে দুর্যোধনকে আশ্বস্ত করতে লাগলেন)

দুর্যোধন—(সংজ্ঞা লাভ ক'রে) ঐ প্রাণাধিক অঙ্গাধিপতি নিহত হলো, আর আমি বেঁচে আছি, এতেই আমি লজ্জিত; হে পিতা, আশ্বস্ত হওয়ার কথা আর ওঠে কি? ১৫ ॥

আরও—শত্রুরা বৎস দুঃশাসনকে বধ করল, বন্ধুবর্গেরও বিনাশ হলো! এ-সবে শোক করা উচিত ছিল কিন্তু শোক করি নি। তবে কর্ণের প্রতি শোনার অযোগ্য অন্যায় আচরণ যে করেছে তার বংশ আমি বিনাশ করব! ১৬ ॥

গান্ধারী—বৎস! কিছুক্ষণের জন্যও চোখের জল ফেলা থামাও।

ধৃতরাষ্ট্র—বৎস! অল্পক্ষণের জন্যও চোখের জল মুছে ফেলো।

দুর্যোধন—যখন কর্ণ আমার জন্য প্রাণবিসর্জন করতে প্রস্তুত হলো তখন কেউ তো তাকে নিষেধ করে নি আজ তার বিয়োগ-দুঃখে চোখের জল ফেলতে দীন আমায় নিষেধ করছেন কেন? ১৭ ॥

সূত! কে আমাদের বংশনাশক এই অসম্ভব কাজ করল?

সূত—আয়ুষ্মন! লোকে বলছে—

যখন কর্ণের রথচক্র পৃথিবী গ্রাস[৩] করছিল, সেই সময় আমাদের বংশের যমের মতো ইন্দ্রপুত্র অর্জুন শরাঘাতে তাকে হত্যা করল, অর্জুনের রথের সারথি ছিলেন চক্রধারী স্বয়ং বাসুদেব। ১৮ ॥

দুর্যোধন—কর্ণের মুখচন্দ্র মনে হলে আমার শোকসাগর উথলে উঠছে কিন্তু ক্রোধ-বহ্নি বাড়বানলের মতো তাকে শুষে নিচ্ছে। পিতঃ! মাতঃ! আপনারা প্রসন্ন হোন। দুঃসহ এই শোকজন্মা বহ্নি আমাকে দগ্ধ করছে। শোক এবং যুদ্ধ উভয়ের পরিণাম যখন একই রকম তখন যুদ্ধই বাঞ্ছনীয়। কারণ যুদ্ধে মৃত্যুর সংশয় আছে। ১৯ ॥

ধৃতরাষ্ট্র—(দুর্যোধনকে আলিঙ্গন ক'রে কাঁদতে কাঁদতে) ওরে পুত্র! সাহসে লক্ষ্মী থাকে একথা ঠিক, কিন্তু (তোমার সাহস থাকলেও) ভীষণ ভীমের কথা মনে হলে আমার বুক কেঁপে ওঠে! পুত্র!

তোমার অস্ত্র-চালনা ছলনা-নিপুণ নয়, কিন্তু শত্রুর যুদ্ধ ছলনাময়, হায় আমারই সর্বনাশ! ২১ ॥

গান্ধারী—বৎস! তুমি কি সেই শতপুত্রধ্বংসকারী ভীমের সঙ্গে যুদ্ধ চাও?

দুর্যোধন—থাক্ এখন বৃকোদর,

কিন্তু মা! যে পাপিষ্ঠ আমার হৃদয়ের অভিলাষ-স্বরূপ, সর্বাঙ্গে চন্দনসম প্রীতিজনক নয়নের নির্মল চাঁদ,—মা, তোমার পুত্রের মতো, পিতা! আপনার

প্রধান নীতিশিষ্য কর্ণকে বধ করেছে তার প্রতি আমার বাণ শীঘ্র নিক্ষিপ্ত হোক। ২২ ॥

সূত! কালবিলম্ব নিষ্প্রয়োজন, আমার সজ্জিত রথ নিয়ে এসো ; আর তুমি যদি পাণ্ডবদের ভয় কর তবে থাক, একমাত্র গদাকে অবলম্বন করেই যুদ্ধক্ষেত্রে যাব।

সূত—এর ব্যতিক্রম হবে না, এই আমি এলাম ব'লে।

ধৃতরাষ্ট্র—বৎস দুর্যোধন! আমাদের শোকে দগ্ধ করবে এই যদি স্থির করে থাক, তবে উপস্থিত বীরদের মধ্যে কাউকে সেনাপতিপদে নিয়োগ করো।

দুর্যোধন—অভিষেক তো হয়েই গেছে।

গান্ধারী—কে সে? যে আমাদের ভগ্নাশার অবলম্বন হতে পারে?

ধৃতরাষ্ট্র—সে কি শল্য, না, অশ্বত্থামা?

সঞ্জয়—হায় রে কষ্ট!

ভীষ্ম হত, দ্রোণ হত, কর্ণও বিনিপাতিত, এখন বলবতী আশা এই যে শল্য পাণ্ডবদের জয় করবে! ২৩ ॥

দুর্যোধন—শল্যকে দিয়েই বা কী হবে, অশ্বত্থামাকে দিয়েই বা কী? কর্ণকে করব আলিঙ্গন (মৃত্যুবরণ ক'রে) নয় তো পার্থের প্রাণ হরণ করব, সুতরাং চোখের অবিরল জলধারায় নিজেকেই সেনাপতিপদে বরণ করেছি। ২৪ ॥

(নেপথ্যে কলরব সহ) ওহে কৌরববলের প্রধান যোদ্ধাগণ! আমাদের দেখে ভয়ে পালাবার প্রয়োজন নেই, তোমরা বলো দুর্যোধন কোথায় আছে?

(সকলে সভয়ে শুনলেন)

সূত—(ব্যস্তভাবে প্রবেশ করে) আয়ুষ্মন্! দুজনেই এক রথে চড়ে সকলকে আপনার কথা জিজ্ঞাসা করতে করতে এসে পড়েছে।

সকলে—কে, কে?

সূত—সেই কর্ণের শত্রু, আর সেই ক্রুর হিংস্রকর্মা ভীম। ২৫ ॥

গান্ধারী—(সভয়ে) বৎস! এখন তবে কী করা উচিত?

দুর্যোধন—কেন; সামনে গদাই তো আছে।

গান্ধারী—হায়, মন্দভাগিনী আমার সর্বনাশ হলো।

দুর্যোধন—এ সময় বিচলিত হওয়া ঠিক নয় মা!

সঞ্জয়! মা ও বাবাকে রথে করে শিবিরে নিয়ে যাও। আমার শোক দূরীভূত করবে এমন জনও উপস্থিত।

ধৃতরাষ্ট্র—বৎস! একটু অপেক্ষা করো, আমি ওদের অভিপ্রায়টা বুঝে নি।

দুর্যোধন—পিতা! অভিপ্রায় বোঝার দরকার কী? আপনারা যান।

(ধৃতরাষ্ট্র ও গান্ধারী কিছুটা গিয়ে থামলেন)

(তারপর রথে চড়ে ভীম ও অর্জুনের প্রবেশ)

ভীম—ওহে দুর্যোধনের সেবকগণ! তোমরা এখানে-ওখানে যাচ্ছ কেন? বল নিয়ে সেই তোমাদের প্রভু কুরুপতিকে বলো আমরা দু'জন এসেছি, আমাদের ভয় পেয়ো না!

কপট পাশাখেলার যে কর্তা, জতুগৃহ জ্বালিয়ে দেওয়ার যে অগ্নিস্বরূপ, দ্রৌপদীর

কেশ ও বস্ত্র আকর্ষণের যে পবন, দুঃশাসন প্রভৃতি শত ভাইয়ের যে জ্যেষ্ঠ, অঙ্গরাজের বন্ধু এবং পাণ্ডবরা যার দাস সেই রাজা দুর্যোধন কোথায় আছে বলো, ক্রুদ্ধ হয়ে আমরা তাকে দেখতে আসি নি। ২৬॥

ধৃতরাষ্ট্র - সঞ্জয়! পাপীর দারুণ ভর্ৎসনা।

সঞ্জয়—তাত! অপ্রিয় যা-কিছু সব ক'রে এখন তা কথায় প্রকাশ করছে।

দুর্যোধন—সূত। যাও বলো গিয়ে এখানেই আছে।

সূত—যথা আজ্ঞা দেব। (সামনে গিয়ে) ওহে ভীম, অর্জুন! মহারাজ পিতা-মাতাসহ বটগাছের ছায়ায় বসে আছেন।

অর্জুন—আর্য! প্রসন্ন হোন, এঁরা পুত্র-শোকার্ত, আমাদের দেখা দিয়ে আর এদের ব্যথা বাড়িয়ে দেওয়া উচিত হবে না। চলুন আমরা ফিরে যাই।

ভীম—মূর্খ! সদাচার লঙ্ঘন করা কি উচিত? গুরুজনদের অভিবাদন না ক'রে যাওয়াই উচিত নয়। (নিকটে গিয়ে) সঞ্জয়! পিতা-মাতাকে আমাদের প্রণাম জানাও, আচ্ছা থাক্‌ আমরাই যাই। গুরুজনদের অভিপ্রায় ও নাম ব'লে স্বয়ং বন্দনা করা উচিত।

অর্জুন—(কাছে গিয়ে) পিতঃ! মাতঃ!

আপনার পুত্ররা যার উপর সকল শত্রুজয়ের আশা করেছিল, যার গর্বে মানুষ তৃণের মতো তুচ্ছ ছিল, সেই রাধানন্দনের সম্মুখযুদ্ধে হন্তা মধ্যম পাণ্ডব আমি আপনাদের প্রণাম করছি। ২৭॥

ভীম—যে কৌরবদের নিঃশেষে চূর্ণ করেছে, দুঃশাসনের রক্তপানে যে প্রমত্ত, দুর্যোধনের উরুভঙ্গে প্রতিজ্ঞা যার সেই ভীম নতশিরে প্রণাম করছে। ২৮॥

ধৃতরাষ্ট্র—ওরে দুরাত্মা বৃকোদর! তুমিই শুধু শত্রুকে সংহার কর নি, যুদ্ধের জয়-পরাজয় ক্ষত্রিয় মাত্রেই বীরদের হয়ে থাকে, তবে কেন আত্ম-প্রশংসায় মুখর হয়ে আমাদের উদ্বিগ্ন করছ -

ভীম—তাত! ক্রুদ্ধ হবেন না।

যে নৃপতিগণ পাণ্ডববধূ দ্রৌপদীকে আপনার সভায় কেশাকর্ষণ ক'রে নিয়ে এসেছিল, তারা যেহেতু ক্রোধবহ্নিতে ক্ষুদ্র পতঙ্গপালের মতো অবজ্ঞাভরে দগ্ধ হয়েছে সেই হেতুই আপনাকে শোনালাম—বাহুবলের স্পর্ধা বা গর্বহেতু নয়। আপনার পুত্র ও পৌত্রগণই সেই গুরুতর কার্য করেছিল এবং আপনি ছিলেন তার সাক্ষী।

দুর্যোধন—ওরে পবননন্দন! এই বৃদ্ধ রাজার সামনে নিজ নিন্দিত কর্মের প্রশংসা করছিস্! শোন্—

পৃথিবীর অধীশ্বর আমি, আমারই আদেশে রাজমণ্ডলীর সামনে তোর সেই পশু রাজা যুধিষ্ঠির, বা নকুল-সহদেব-দুর্জনের ক্রীড়ালব্ধ দাসীর কেশ আকর্ষণ করায় যে শত্রুতা সৃষ্টি হয়েছিল, তার জন্য যে নরপতিদের তোরা হত্যা করলি তারা কী অপরাধ করেছিল, বল্? বাহুবলই আমার সম্পদ, সেই সম্পদে সমৃদ্ধ আমাকে জয় না করেই এত অহঙ্কার? ৩০॥

ভীম—(ক্রোধের অভিনয় করলেন)

অর্জুন -আর্য! এখানে ক্রোধের কী প্রয়োজন? এ তো অপ্রিয় করছে মুখের কথায়,

কাজে কিছু করার শক্তি নেই। শত ভাইকে হারিয়ে দুঃখী এর প্রলাপে ব্যথা পাবার কিছু নেই। ৩১ ॥

ভীম—ওরে ভরতকুলকলঙ্ক! নিরর্থক কটূক্তিপরায়ণ! তোর শরীরে আমার গদার ঘায়ে মটমট শব্দে হাড় ভাঙার শব্দ তুলতে যদি পূজ্য ধৃতরাষ্ট্র বাধা না দিতেন তবে এখানেই তোকে দুঃশাসনের কাছে পাঠিয়ে দিতাম। মূর্খ আরও শোন্, তোর ভ্রাতা দুঃশাসনের বক্ষ বিদারণের সময় তোকে সাক্ষী করলে স্ত্রীলোকের মতো অশ্রুমোচন করে শোকের শান্তি করতিস্। রে কুৎসিত নরপতি! কুরুকুলকমলবনে হস্তিসম এই ভীমের ক্রোধে তোর বেঁচে থাকার এটাই কারণ। ৩২ ॥

দুর্যোধন—রে দুরাত্মা! ভরতকুলাধম! দূতদাস! পাণ্ডবপশু! আমি তোর মতো আত্মপ্রশংসায় বাচাল নই—কিন্তু আমার গদাঘাতে তোর বক্ষবিদীর্ণ রক্তস্রোতভূষিত বীভৎস রূপে তোকে রণাঙ্গনে শুয়ে থাকতে পাণ্ডবরা অচিরেই দেখতে পাবে। ৩৩ ॥

ভীম—(হেসে) যদি তাই হয়, তবে তো তুমি আমার অশ্রুধার পাত্র নও, তবুও তোমার আসন্ন অবস্থাটা বলছি—

কাল প্রভাতে রণাঙ্গনে জনসাধারণের চোখের সামনে আমার বাহুবলে ঘূর্ণিত গদার আঘাতে তোমার উরুদ্বয় চূর্ণ করব, আর দুর্বুদ্ধিসম্পন্ন মস্তকে পদাঘাত ক'রে যে ভ্রাতাদের মধ্যে তুমি শ্রেষ্ঠ সেই ভ্রাতাদের গাঢ় ও আর্দ্র রক্তে চন্দনের মতো আনখাগ্র গায়ে মেখে আমি নিজেকেই তোমার ভীষণ-ভূষণ বলে অনুভব করব। ৩৪ ॥

(নেপথ্যে) হে ভীমার্জুন! শত্রুসমূহের ধ্বংসকারী পরশুরামসদৃশ যশস্বী, এবং বিজিত দেশসমূহে স্বজনগণের সংস্থাপক শ্রীমান্ ও অজাতশত্রু মহারাজ যুধিষ্ঠির আদেশ করেছেন—

উভয়ে—আর্য কী আদেশ করেছেন? ৩৫ ॥

(নেপথ্যে) রণক্ষেত্রে যাঁরা নিহত হয়েছেন তাঁদের আত্মীয়গণ মৃতদেহের বহ্নি-সৎকার করুন। এবং মৃতবান্ধবদের উদ্দেশে বান্ধবেরা সজল নয়নে উদকাঞ্জলি (তর্পণ) দান করুন। হত মানুষের স্তূপের আড়ালে গৃধ্র ও কঙ্ক প্রভৃতি পক্ষিগণ কর্তৃক খণ্ডবিখণ্ডিত জ্ঞাতিদের দেহ আত্মীয়গণ খুঁজে বার করুন। শত্রুর সঙ্গে সূর্যদেবও অস্তমিত। সুতরাং সৈন্যগণকে সংযত করুন। ৩৬ ॥

উভয়ে—আর্যের যেমন আদেশ। (উভয়ের প্রস্থান)

(নেপথ্যে) ওহে গাণ্ডীব-আকর্ষণে সিদ্ধহস্ত অর্জুন কোথায় যাচ্ছ? যে-ধনুক দিয়ে তোমাদের জয় করব, কর্ণের উপর রাগ ক'রে এতদিন সেই ধনুক ত্যাগ করেছিলাম, তাই বীরশূন্য বনের মতো রণক্ষেত্রে খুব শক্তি প্রকাশ করেছ, পিতৃদেব অপরাজিত অবস্থায় অস্ত্র ত্যাগ করলে, তাঁর মস্তক স্পর্শ করা হয়েছিল সেই কথা স্মরণ করে (পিতৃবধের প্রতিকারের ইচ্ছায়) পাণ্ডবদের কালাগ্নিস্বরূপ দ্রুপদনন্দনের সেনানাশক দ্রোণপুত্র-অশ্বত্থামা আমি উপস্থিত হয়েছি। ৩৭ ॥

ধৃতরাষ্ট্র—(শুনে আনন্দে) বৎস দুর্যোধন ! পিতার বধজনিত পরাভবে অশ্বত্থামার ক্রোধবহ্নি আজ জ্বলে উঠেছে। এই অশ্বত্থামা পিতা অপেক্ষাও অধিক শক্তিমান, শিক্ষিত ও দেবতুল্য, তিনি আজ উপস্থিত, সুতরাং এই বীরকে সসম্মানে নিয়ে এসো।

গান্ধারী—বৎস ! এই মহানুভবকে সসম্মানে নিয়ে এসো।

দুর্যোধন—মাতঃ ! পিতৃদেব ! যার মনে অঙ্গরাজের মৃত্যুকামনা, যার অস্ত্রসকল নিষ্ফল, সেই বৃথাযৌবনদর্পী অশ্বত্থামায় আমার কোনো প্রয়োজন নেই।

ধৃতরাষ্ট্র—বৎস ! এই সময় একজন পরাক্রমশালী বীরকে কটুকথা বলে বিরক্ত করা উচিত হবে না।

(অশ্বত্থামার প্রবেশ)

অশ্বত্থামা—কৌরবাধিপতির জয় হোক।

দুর্যোধন—(উঠে) আসুন গুরুপুত্র ! এখানে বসুন। (বসালেন)

অশ্বত্থামা—হে রাজন্ দুর্যোধন ॥ কর্ণ শ্রুতিসুখকর যে সব কথা বলেছিলেন যুদ্ধক্ষেত্রে কার্যত যা করলেন তা তো সবই আপনার জানা আছে। এখন আমি অশ্বত্থামার শত্রুব বিরুদ্ধে অধিজ্যধনু হয়ে (যুদ্ধ করবার জন্য) এসেছি, অতএব হে মহারাজ ! যার প্রতিকার হয় নি সে দুঃখ ত্যাগ করুন। ৩৮ ॥

দুর্যোধন—(বিরক্তিসহ) আচার্যপুত্র ! কর্ণের মৃত্যুর পরে আপনি যুদ্ধ করবেন তবে আমার মৃত্যু পর্যন্ত অপেক্ষা করুন। কারণ—কর্ণ-দুর্যোধনে কোনো ভেদ নেই। ৩৯ ॥

অশ্বত্থামা (স্বগত) কী ! এখনও সেই কর্ণের প্রতি পক্ষপাত, আর আমাকে অপমান (প্রকাশ্যে) মহারাজ, কৌরবেশ্বর ! তবে তাই হোক। (প্রস্থান)

ধৃতরাষ্ট্র বৎস ! তোমার এ কী বুদ্ধিভ্রম ! এই দুঃসময়ে এইরকম মহাভাগ অশ্বত্থামাকে কটুকথায় রাগিয়ে দেওয়া সঙ্গত হলো ?

দুর্যোধন—আমি কি তাঁর অপ্রিয় মিথ্যা বলেছি, কিংবা এটা কী ক্রোধের ক্ষেত্র নয় ? দেখুন—

ধনুর্ধর ক্ষত্রিয়েরা যার ক্ষমতার সীমা বুঝতে পারত না, আপনাদের ভাগ্যদোষে সে যুদ্ধে নিহত হয়েছে, আমার সামনে সেই অঙ্গরাজের যে নিন্দা করে—অর্জুন ও তাঁর মধ্যে কোনো প্রভেদ আছে কী, বলুন ? ৪০ ॥

ধৃতরাষ্ট্র—বৎস, তোমারই বা দোষ কী ? ভরতবংশের এখন শেষ সময় উপস্থিত, সঞ্জয়, হতভাগ্য আমি কী করি এখন। (চিন্তা ক'রে) আচ্ছা, সঞ্জয়, আমার কথামতো ভরদ্বাজ অশ্বত্থামাকে বলো—শৈশবে আপনি দুর্যোধনের সঙ্গে ভাগ ক'রে একই সঙ্গে স্তন্য পান করেছেন, আর বাল্যে আপনার গাত্র পরিবর্তনের দ্বারা আমার ক্ষৌমবসন দলিত হত—এসব কথা মনে ক'রে অনুজশোক ও কর্ণের প্রতি ভালবাসাবশত দুর্যোধন বিসদৃশ যেসব কথা বলেছে তার জন্য যেন ক্রোধ করে থাকবেন না। ৪১ ॥

সঞ্জয়—তাত, যা আদেশ করেন। (উঠলেন)

ধৃতরাষ্ট্র—আরও কথা বোলো—মিথ্যা কথা বলে আপনার পিতাকে যে অস্ত্র ত্যাগ করানো হয়েছিল এবং তাঁর মস্তক স্পর্শ করে যে অপমান করা হয়েছিল সেসব

কথা মনে ক'রে এবং দুর্যোধনের কথা ভুলে গিয়ে আপনার শক্তি-সামর্থ্য প্রদর্শন করুন। ৪২ ॥

সঞ্জয়—তাত, যেমন আদেশ করেন। (প্রস্থান)

দুর্যোধন—সূত! আমার যুদ্ধের রথ নিয়ে এসো।

সূত—যে আজ্ঞা আয়ুষ্মন্‌। (প্রস্থান)

ধৃতরাষ্ট্র—গান্ধারী—আমরা এখান থেকে মদ্ররাজ শল্যের শিবিরে যাই; বৎস! তুমিও তাই করো।

॥ পঞ্চমাঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × ষষ্ঠ অংক × × × × × × × × × × × × ×

(আসনস্থ যুধিষ্ঠির; দ্রৌপদী, চেটী ও পুরুষের প্রবেশ)

যুধিষ্ঠির—(চিন্তা ক'রে) ভীষ্ম যেন মহাসমুদ্র, তা পার হয়েছি, দ্রোণ-জ্বলন্ত অগ্নি,[১] কোনোরকমে নেভানো হয়েছে। বিষধর সর্প ছিলেন কর্ণ, তিনিও বিগত, শল্যও গেছেন স্বর্গে, জয়লাভের আর অল্পমাত্র বাকি, এই অবস্থায় দুঃসাহসী ভীম যা বলেন তাতে আমাদের সকলেরই জীবনেসংশয় উপস্থিত। ১ ॥

দ্রৌপদী—(সজল নেত্রে) মহারাজ? 'পাঞ্চালীর জন্যই' একথা বললেন না কেন?

যুধিষ্ঠির—কৃষ্ণা! তুমি কেন, আমিই কারণ। (পুরুষের দিকে তাকিয়ে) বুধক!

পুরুষ—দেব! আদেশ করুন।

যুধিষ্ঠির—সহদেবকে বলো, ভীম ক্রোধের বশে যে ভীষণ প্রতিজ্ঞা করেছেন, তা শুনে অভিমানী কৌরবরাজ পালিয়েছেন, তাঁর অনুসন্ধানের জন্য সুচতুর এবং স্থান সম্বন্ধে বিশেষ অভিজ্ঞ গুপ্তচরদের নিয়োগ করা হোক! আর তাদের সঙ্গীরা যেন শ্রদ্ধাসহ বাদ্যসহযোগে ঘোষণা করে যে 'যারা দুর্যোধনের গতিবিধি আমাদের জানাবে তাদের ধনরত্ন পুরস্কার দেওয়া হবে, এই প্রতিশ্রুতি আমরা দিচ্ছি'—তারা চারদিকে সমস্ত পঞ্চক অনুসন্ধান করুক।

সূক্ষ্মপদ পদ্ধতিতে অনুসন্ধানে অভিজ্ঞ জেলেরা পঙ্কিল জল ও সৈকত-ভূমিতে অন্বেষণ করুক! ছিন্নলতা প্রভৃতিতে অভিজ্ঞ গোপগণ লতাগুল্মোচ্ছন্ন স্থানে, পায়ের চিহ্নে সন্ধানে অভিজ্ঞ ব্যাধেরা ব্যাঘ্রসংকুল অরণ্যে, গহ্বর বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিরা গুহাতে এবং চরগণ সিদ্ধ পুরুষের ছদ্মবেশে মুনিদের আশ্রম অন্বেষণ করুক। ২ ॥

পুরুষ—যে আজ্ঞা দেব।

যুধিষ্ঠির—দাঁড়াও, সহদেবকে এইভাবে বলবে—যারা গোপনে শঙ্কিতভাবে আলাপ করে, যারা বনের মধ্যে ঘুমিয়ে আছে বা যারা রুগ্ন, যাদেকে মদ খাইয়ে বশ করা যায় তাদের সম্বন্ধে খোঁজ নেবে! যেখানে পশুরা সন্ত্রস্ত, পাখির শব্দ অথবা নৃপচিহ্নযুক্ত পদচিহ্ন দেখা যাবে সেসব জায়গায় বিশেষ অনুসন্ধান করতে হবে। ৩ ॥

পুরুষ—প্রভুর যেমন আদেশ! (প্রস্থান ও পুনঃপ্রবেশ। সহর্ষে) দেব! পাঞ্চালক উপস্থিত।

যুধিষ্ঠির—শীঘ্র নিয়ে এসো।

পুরুষ—(প্রস্থান ও পাঞ্চালক সহ পুনঃ প্রবেশ) ঐ যে মহারাজ—সামনে যান।

পাঞ্চালক—মহারাজের জয় হোক, মহারাজ ও মহারানীর এক প্রিয় সংবাদ দেব।

যুধিষ্ঠির—ভদ্র! পেয়েছ কি সেই দুরাত্মা কৌরবাধমের সন্ধান?

পাঞ্চালক—মহারাজ! কেবল সন্ধানই নয়, দেবীর কেশপাশস্পর্শে পাপের প্রধান-হেতু সেই দুরাত্মাকেই পাওয়া গেছে।

যুধিষ্ঠির—(আনন্দে পাঞ্চালককে জড়িয়ে ধরে) সাধু, ভদ্র সাধু, আনন্দের সংবাদই বলেছ, দেখতে পেয়েছ তাকে?

পাঞ্চালক—(দেখা কী মহারাজ) যুদ্ধ হচ্চে কিনা জিজ্ঞাসা করুন।

দ্রৌপদী—(সভয়ে) স্বামী কি যুদ্ধ আরম্ভ করেছে নাকি?

যুধিষ্ঠির—বৎস কি সত্যই যুদ্ধ আরম্ভ করেছে?

পাঞ্চালক—সত্যই, আমি কি মহারাজের কাছে অন্যরকম বলছি?

যুধিষ্ঠির—ভয়ের কারণ না থাকলেও বীরের চিত্ত ত্রস্ত থাকলে বুঝতে বিলম্ব করে। প্রবল পরাক্রমী বৃকোদরের হাতে গদা থাকলে তার গুরুত্বও জানি, তবুও মনে আশঙ্কা হয়। ৪ ॥ (দ্রৌপদীর দিকে তাকিয়ে) অয়ি সুক্ষত্রিয়ে!

—গুরুজন, বন্ধুবর্গ এবং সহস্র নরপতিদের সামনে রাজসভায় আমাদের যে অপমান করা হয়েছিল সেই অপমানের সমাধান দুভাবে হতে পারে, এক আমাদের মৃত্যু, অথবা পশু কৌরবাধীশের মৃত্যু। ৫ ॥ অথবা সন্দেহেই বা ফল কী? আজ নিশ্চয়ই প্রতিজ্ঞা-ভঙ্গভীরু সেই ভীমসেন তোমার কেশাকর্ষণের প্রভু দুর্যোধনকে বধ ক'রে তোমার কেশ বন্ধন করবে। ৬ ॥

পাঞ্চালক! বলো, বলো, সেই দুরাত্মাকে কীভাবে এবং কোথায় পাওয়া গেল? এখনই বা কী হচ্ছে?

দ্রৌপদী—ভদ্র! বলো, বলো।

পাঞ্চালক—মহারাজ এবং দেবি! শুনুন,—মহারাজ যখন মদ্রাধিপতি শল্যরাজকে নিহত করলেন এবং সহদেবের সমরানলে পতঙ্গের মতো গান্ধাররাজবংশ পুড়ে মারা গেল, আর সেনাপতি মদ্ররাজ নিহত হওয়ায় জনগণের ক্রন্দনে যা কিছু অল্প সেনা ছিল তারাও গেল পালিয়ে, সেই সময় সেনাপতি ধৃষ্টদ্যুম্নের পরিচালনায় আপনার সেনাগণ বীরবিক্রমে পশ্চাৎপদ-শত্রু-সেনাদের আক্রমণ করল; তখন অশ্বত্থামা, কৃপাচার্য, কৃতবর্মা সকলে পালিয়ে গেল, এদিকে বৃকোদরের ভীষণ প্রতিজ্ঞার কথা শুনে, দুর্যোধন যে কোথায় পালাল তা জানা গেল না।

যুধিষ্ঠির—তারপর, তারপর?

দ্রৌপদী—তারপর কী হলো বলো।

পাঞ্চালক—মন দিয়ে শুনুন—মহারাজ, মহারানীও শুনুন, একই রথে চ'ড়ে ভীম ও অর্জুন সমস্ত পঞ্চকের চারদিক খুঁজলেন, সারথি ছিলেন ভগবান বাসুদেব, কিন্তু দুর্যোধনকে পাওয়া গেল না। তারপর আমাদের মতো ভৃত্যগণ দৈবের অনুশোচনা করছিল, ধনঞ্জয় ফেলছিলেন উষ্ণ দীর্ঘশ্বাস, বর্ষাকালীন রাত্রিতে সঞ্চরণশীল জোনাকির ঝাঁকের মতো পিঙ্গল কটাক্ষ-নিঃক্ষেপে বৃকোদর নিজ গদাকে

উদ্ভাসিত করেছিলেন আর ভগবান নারায়ণ যখন বিধাতার কর্তব্য শৈথিল্যের নিন্দা করছিলেন, সেই সময় পরিচিত এক ব্যক্তি এসে মাংসের বোঝা নিচে রাখল, তার পা-কাপড় সব হলো সদ্যনিহত মৃগের রক্তে রঞ্জিত, ব্যস্তভাবে কুমার ভীমের কাছে এসে বলল, নিঃশ্বাসের বেগে তার বচনের বর্ণগুলো অর্ধেক শোনা যাচ্ছিল যার ফলে তার কথাগুলো অনুমান ক'রে ক'রে নিতে হচ্ছিল, সে বলল—এই বৃহৎ সরোবরের তীরে অবতরণের ছাপওয়ালা দুটো পদচিহ্ন-পদ্ধতি দেখা যাচ্ছে, তাদের একটা স্থলে উঠে এসেছে, আর একটা নয়, এখন আপনারা বুঝে নিন। তখন আমরা অত্যন্ত আগ্রহের সঙ্গে সেই ব্যক্তির সঙ্গে সরোবরতীরে গিয়ে দেখলাম দুর্যোধনের পায়েরই চিহ্ন বটে। তখন ভগবান বাসুদেব বললেন, বৃকোদর! দুর্যোধন জলস্তম্ভন বিদ্যা জানে, তোমার ভয়ে নিশ্চয় জলের তলায় শুয়ে আছে। কৃষ্ণের একথা শুনে ভীমসেন জলরাশিকে এমন আলোড়ন করলেন যে উপচে-ওঠা অতিরিক্ত জল সকল দিকের নিকুঞ্জগুলো ভরিয়ে তুলল, জলচর পাখিরা উদ্ভ্রান্ত হয়ে উড়ে উঠল, আর জল-জন্তুরা উপরে ছিটকে পড়ল। ভীমসেন ভীষণ গর্জনে বললেন—রে বৃথা-আস্ফালিত-মিথ্যা-পৌরুষগর্বী, পাঞ্চালীর কেশবসনা-কর্ষণে মহাপাতকী!

তুই নিষ্কলঙ্ক চন্দ্রবংশে জন্মের গৌরব করিস, এখনো করিস্ গদাধারণ, দুঃশাসনের উষ্ণ শোণিতসুধাপানে প্রমত্ত শত্রু বলে আমাকে অভিহিত করিস্, তুই এত দর্পান্ধ যে মধুকৈটভহারি বিষ্ণুর প্রতিও উদ্ধত আচরণে বাধে নি, হায় রে নরপশু! আমার ভয়ে যুদ্ধ ত্যাগ ক'রে এখন পঙ্কে আত্মগোপন ক'রে আছিস? ৭ ॥

ওরে মানান্ধ কৌরবাধম! আরো শোন্, আমারই বাহুবলে পতিহারা কৌরব নারীর আজ মুক্ত কেশপাশ দেখে পাঞ্চালীর ক্রোধবহ্নি স্তিমিতপ্রায়, কিন্তু দুঃশাসনের গলিত বক্ষরক্ত পান নিজের চক্ষে প্রত্যক্ষ ক'রে ক্রোধে ভীমের কী করতে পেরেছিস তুই? এমন অসময়ে তোর সকল গর্ব লুপ্ত হয়ে গেল? ৮ ॥

দ্রৌপদী—স্বামিন্! আমার ক্রোধ আর থাকবে না যদি তোমার দর্শন আবার পাই।

যুধিষ্ঠির কৃষ্ণে! এ সময়ে অমঙ্গলসূচক কথা বোলো না। ভদ্র! তারপর—

পাঞ্চালক—মহারাজ! তারপর এই কথা বলেই বৃকোদর ক্রোধে এবং শরীরে শক্তি সঞ্চয় করে গদা ঘোরাতে ঘোরাতে জলে নেমে বিশাল সেই সরোবরে চারদিকে এমন আলোড়ন শুরু করলেন যে পদ্মবন শেষ হলো, জলজন্তুরা আহত-মূর্ছিত হলো, পাখিরা ভয়ে উড়তে লাগল জলরাশি ভয়ানক শব্দ করে ভ্রমিত হতে থাকল।

যুধিষ্ঠির—ভদ্র! তাতেও কি সে উঠল না?

পাঞ্চালক—কেন উঠবে না মহারাজ? তখন সে মন্দর পর্বতের মতো বাহু দিয়ে সরোবরের জলরাশি আলোড়ন করে উগ্র ক্রোধবহ্নির বিষময় স্ফুলিঙ্গ ছড়াতে ছড়াতে সরোবরের তলা থেকে উঠে এল, মনে হলো যেন মন্দরপর্বতের মন্থনে ক্ষীর-সমুদ্রে থেকে কালকূট বিষ উঠল। ৯ ॥

যুধিষ্ঠির—সাধু সুক্ষত্রিয়, সাধু।

দ্রৌপদী—তখন কি যুদ্ধ আরম্ভ হলো?

পাঞ্চালক—তারপর সেই জলাশয় থেকে দুহাতে তোরণের মতো গদা তুলে ধরে, বলল, ওহে বায়ুপুত্র ! তুমি কি মনে করেছ যে তোমার ভয়ে দুর্যোধন পালিয়েছে ? মূর্খ ! তা নয়, পাণ্ডবপুত্রদের বধ না করতে পেরে প্রকাশ্যে থাকতে লজ্জা হওয়ায় বিশ্রামের জন্য পাতালে প্রবেশ করেছিলাম। এ কথা বলার পর বাসুদেব ও অর্জুন, ভীম এবং দুর্যোধনকে জলের মধ্যে যুদ্ধ করতে নিষেধ ক'রে স্থলে উঠিয়ে আনলেন। কৌরবরাজ তখন মাটিতে বসে গদা রেখে দিলেন। তখন দুর্যোধন দেখলেন, কুরুক্ষেত্ররণাঙ্গনে সহস্র রথ ভেঙে পড়ে আছে, শত শত কুরুসৈন্য নিহত, সহস্র সহস্র হস্তী, অশ্ব ও নরদেহের স্তূপের উপরে গৃধ্র, কঙ্ক ও শৃগালের সমারোহ ; দুর্যোধনের শক্তি অন্তর্হিত ! আমাদের বীরগণের সিংহনাদ তূর্যধ্বনিতে মিশ্রিত, মিত্রহীন বান্ধবহীন কৌরবহীন যুদ্ধক্ষেত্র দেখে তিনি দীর্ঘনিঃশ্বাস ফেলতে লাগলেন। বৃকোদর তখন বললেন, ওহে কৌরবরাজ ! বন্ধুনাশদর্শনে শোক ক'রে আর কী হবে ? পাণ্ডবরা সহায়সম্পন্ন আর আমি অসহায় একথা ভেবে বৃথা বিষাদ কোরো না। শোনো—দুর্যোধন ! আমাদের পাঁচজনের মধ্যে যার সঙ্গে যুদ্ধ করা সহজ মনে কর তার সঙ্গেই বর্মধারী এবং সশস্ত্র তোমার রণোৎসব হতে পারে। ১০ ॥ একথা শুনে অসূয়াপূর্ণ দৃষ্টিতে কুমার দুজনকে দেখে ধৃতরাষ্ট্রপুত্র বললেন—

কর্ণ ও দুঃশাসনকে বধ করার জন্য দুজনেই আমার সমান শত্রু, কিন্তু (তুমি) অপ্রিয় হলেও যুদ্ধ করতে তুমিই আমার প্রিয়, কারণ তুমি সাহস-প্রিয়। ১১ ॥ এই বলে উঠে পরস্পর ক্রোধাক্ষিপ্ত বাক্‌কলহ ও কঠোরবাক্য প্রয়োগের পর ভীষণ যুদ্ধ আরম্ভ হলো ; দুজনের হাতেই বিচিত্র গতিতে ঘোরানো গদা উজ্জ্বল হয়ে শোভা পাচ্ছিল, ভীম-দুর্যোধন গোল হয়ে ঘুরতে লাগলেন। চক্রপাণি আমাকে আপনার কাছে পাঠিয়েছেন এবং বলে দিয়েছেন—

ভীম দিনের মধ্যেই দুর্যোধনকে বধ করবে, তা না হলে নিজের মৃত্যু প্রতিজ্ঞা করেছে। এদিকে কৌরবরাজ পলায়িত ছিলেন বলে আপনার বিষাদ হয়েছিল, কিন্তু এখন তাঁকে পাওয়া গেছে, আপনি এখন মনে করতে পারেন যে পৃথিবী নিষ্কণ্টক হলো। সুতরাং অভ্যুদয়ের অনুরূপ মাঙ্গলিক কার্য ও উৎসবাদি আরম্ভ করুন, তাতে সন্দেহের কোনো কারণ নেই।

আপনার রাজ্যাভিষেকের জন্য সোনার কলসীতে জল ভরা হোক, পাঞ্চালী দীর্ঘদিনের মুক্তবেণীকে বাঁধবার আয়োজন করুক, কুঠার-হাতে ক্ষত্রিয়সংহারক পরশুরাম এবং ক্রোধান্ধ ভীম যদি যুদ্ধে প্রবৃত্ত হয় তবে সংশয়ের অবকাশ কোথায় ? ১২ ॥

দ্রৌপদী—ত্রিভুবনপতি যা আদেশ করেন তার কি অন্যথা হয় ?

পাঞ্চালক—অসুরনিসূদনের কিন্তু এটি আশীর্বাদ নয়, আদেশও।

যুধিষ্ঠির—ভগবানের আদেশের অন্যথা কে করবে ? ওহে কে আছ ?

কঞ্চুকী—(প্রবেশ করে) আদেশ করুন দেব !

যুধিষ্ঠির—কঞ্চুকী ! ভগবান্ দেবকীনন্দনের সম্মানের জন্য এবং বৎস ভীমসেনের বিজয়-মঙ্গলের জন্য উৎসবের আয়োজন করো।

কঞ্চুকী—(উৎসাহের সঙ্গে) ওহে কর্মিগণের প্রধানেরা ! এবং প্রধান প্রধান

অন্তঃপুরচারী দৌবারিকেরা ! ভুজবলে যে কৌরব-সাগর পার হয়েছে, এবং দুর্জয় প্রতিজ্ঞা উত্তীর্ণপ্রায়, বায়ুসম দুর্যোধনের শত ভ্রাতাকে যে নিশ্চিহ্ন করেছে, নৃসিংহের মতো দুঃশাসনের বক্ষ বিদারণ করেছে, সেই ভীমসেনের প্রতি স্নেহপ্রবণ যুধিষ্ঠির পক্ষপাতিত্ববশত মাঙ্গলিক অনুষ্ঠানের আদেশ দিচ্ছেন। (আকাশে) কী বলছ ? সর্বতোভাবে অধিক অনুষ্ঠান করা হয়েছে, দেখছ না ? সাধু, পুত্রগণ ! সাধু ! না ব'লে হিতকাজ করা মনোগত স্বামিভক্তিই প্রকাশ করে।

যুধিষ্ঠির—আর্য জয়ন্ধর !

কঞ্চুকী - আদেশ করুন দেব !

যুধিষ্ঠির—যাও প্রিয়সংবাদদাতা পাঞ্চালককে পুরস্কার দিয়ে খুশি করো।

কঞ্চুকী—মহারাজের যেমন আদেশ। (পাঞ্চালকসহ প্রস্থান)

দ্রৌপদী—মহারাজ ! কী কারণে প্রিয়তম ভীমসেন সেই দুরাচারকে বললেন 'আমাদের পাঁচজনের মধ্যে যার সঙ্গে খুশি যুদ্ধ করতে পার' ? যদি সে নকুল বা সহদেবের সঙ্গে যুদ্ধ করতে চাইত তবে তো অত্যন্ত বিপদ হতো।

যুধিষ্ঠির— কৃষ্ণে ! জরাসন্ধের হত্যাকারী ভীম বোধ হয় মনে করেছিলেন যে 'এর তো সব বন্ধু-বান্ধব, বীর ভাইয়েরা এবং বীর ক্ষত্রিয়রা নিহত হয়েছে, এক.দশ অক্ষৌহিণী সেনার মধ্যে অবশিষ্ট আছে মাত্র কৃপাচার্য, কৃতবর্মা ও অশ্বত্থামা, আর তো কোনো বন্ধু নেই। নিজের দেহ যা সহায় ; এই অবস্থায় হয় দুর্যোধন অভিমান ভুলে অস্ত্র ত্যাগ করতে পারে, যেতে তপোবনে পারে অথবা পিতার দ্বারা সন্ধির প্রস্তাব করতে পারে। তাই যদি হয়, তবে ভীমের সমস্ত শত্রু জয় করার প্রতিজ্ঞা সুদূরপরাহত হবে। আর পঞ্চপাণ্ডবের একজনের সঙ্গেও যুদ্ধে পেরে উঠবে না দুর্যোধন। আমার মনে হচ্ছে বৃকোদরের সঙ্গেই বোধ হয় গদা যুদ্ধ আরম্ভ হবে। অয়ি সুক্ষত্রিয়ে ! দেখো—সত্যই, পবনতনয় যখন যুদ্ধে ক্রোধে গদা ঘোরাতে আরম্ভ করে তখন এর সমকক্ষ আর কেউ থাকে না, গদাযুদ্ধে যেমন বলরাম সিদ্ধহস্ত, দুর্যোধনও সেই রকম। উদ্ধত কুরুকুল[৩]-নলিনীর হস্তিস্বরূপ বৎস ভীমের মঙ্গল হোক। মনে হয় ভীমের সঙ্গেই দুর্যোধনের গদাযুদ্ধ হবে, অন্যের সঙ্গে নয়। ১৩॥

নেপথ্যে—ওহে ! পিপাসার্ত আমি, জল ও ছায়ার ব্যবস্থা ক'রে আমাকে তৃপ্ত করো।

যুধিষ্ঠির—(শুনে) ওহে কে আছ এখানে ?

কঞ্চুকী—(প্রবেশ করে) আদেশ করুন দেব।

যুধিষ্ঠির দেখো তো কে ?

কঞ্চুকী— যে আদেশ মহারাজ। (প্রস্থান ও পুনঃপ্রবেশ)

দেব ! ক্ষুধার্ত এক অতিথি উপস্থিত।

যুধিষ্ঠির—শীগ্‌গির পাঠিয়ে দাও।

কঞ্চুকী—যথা আদেশ মহারাজ। (প্রস্থান)

(মুনির ছদ্মবেশে চার্বাক নামে রাক্ষসের প্রবেশ)

রাক্ষস –(স্বগত) চার্বাক নামে রাক্ষস আমি দুর্যোধনের মিত্র ঘুরে বেড়াচ্ছি পাণ্ডবদের বঞ্চনা করার জন্য। (প্রকাশ্যে) পিপাসার্ত আমি জল ও ছায়া দিয়ে আমাকে

তৃপ্ত করুন। (এই বলে রাজার কাছে গেল। সকলে উঠে দাঁড়াল)

যুধিষ্ঠির—মুনি! অভিবাদন করছি।

রাক্ষস—শিষ্টাচারের সময় এ নয়, জল দিয়ে আমাকে তৃপ্ত করুন।

যুধিষ্ঠির—মুনি! আসনে বসুন।

রাক্ষস—(আসনে বসে) আপনিও আসনে বসুন।

যুধিষ্ঠির—এখানে কে আছ? (উপবেশন)

কঞ্চুকী—(কমণ্ডলু নিয়ে প্রবেশ; রাজার কাছে গিয়ে) মহারাজ! এই যে সুগন্ধ শীতলজলপূর্ণ ভৃঙ্গার এবং এই যে পানপাত্র।

যুধিষ্ঠির—মুনি! পিপাসা নিবারণ করুন।

রাক্ষস—(পা ও মুখ ধুয়ে) ওহে! তুমি ক্ষত্রিয় ব'লে মনে হচ্ছে।

যুধিষ্ঠির—আপনি ঠিকই বলেছেন, আমি ক্ষত্রিয়।

রাক্ষস—প্রতিদিনই যুদ্ধে স্বজন নিহত হচ্ছে, সুতরাং তোমার জল গ্রহণ করা যায় না। যাই হোক্, এই ছায়া আর সরস্বতীনদীর জলস্পর্শে ঠাণ্ডা-হাওয়াতেই বিশ্রাম করি।

দ্রৌপদী—বুদ্ধিমতিকে! তালপাখা দিয়ে মহর্ষিকে হাওয়া করো।

(চেটী তাই করল)

রাক্ষস—আমার প্রতি আপনার এই শিষ্টাচার অনুচিত।

যুধিষ্ঠির—মুনি! আপনি এত পরিশ্রান্ত হলেন কীভাবে?

রাক্ষস—মুনিজন-সুলভ কৌতূহলে শ্রেষ্ঠ ক্ষত্রিয়দের দ্বন্দ্বযুদ্ধ দেখার জন্য সমস্ত পঞ্চক ঘুরে বেড়াচ্ছি, আজ এই শরতের প্রখর রৌদ্রে অর্জুন-দুর্যোধনের গদাযুদ্ধ অসম্পূর্ণই দেখে আসছি।

কঞ্চুকী—মুনি! এ নয়, ভীমদুর্যোধনের যুদ্ধ বলুন।

রাক্ষস - আঃ! সংবাদ না জেনে কেন আমার কথায় দোষ ধর।

যুধিষ্ঠির—মুনি! বসুন।

রাক্ষস—একটু বিশ্রাম করে তোমাকে সবই বলব, কিন্তু এ বৃদ্ধকে নয়।

যুধিষ্ঠির—বলুন, অর্জুন—দুর্যোধনের কী?

রাক্ষস—আগেই তো বলেছি অর্জুন এবং দুর্যোধনের গদাযুদ্ধ হচ্ছিল।

যুধিষ্ঠির—তা হলে ভীম-দুর্যোধনের নয়?

রাক্ষস—তা হয়েছিল।

(দ্রৌপদী ও যুধিষ্ঠির মূর্ছা গেলেন)

কঞ্চুকী—(জল ছিটিয়ে) মহারানী আশ্বস্ত হোন। মহারাজ আশ্বস্ত হোন।

চেটী—দেবী আশ্বস্ত হোন। (উভয়ের জ্ঞানলাভ)

যুধিষ্ঠির—কী বললেন মুনি! ভীম দুর্যোধনের গদাযুদ্ধ হয়ে গেছে?

দ্রৌপদী—ভগবান্! বলুন আপনি, কী হয়েছিল।

রাক্ষস—কঞ্চুকী! এঁরা দুজন কে?

কঞ্চুকী—ইনি মহারাজ যুধিষ্ঠির, আর ইনি পঞ্চাল রাজতনয়া।

রাক্ষস—আঃ! আমি অত্যন্ত নৃশংস, দারুণ কাজ করে ফেলেছি!

দ্রৌপদী—হা নাথ ভীমসেন! (মূর্ছিতা হলেন)

কণ্ডুকী—কী বললেন ?

চেটী—রানীমা শান্ত হন।

যুধিষ্ঠির—(সজল নয়নে) ব্রহ্মন্ ! যুধিষ্ঠির এই জয়-পরাজয়ের সন্দিগ্ধ অবস্থায় অতি কষ্টে কাল কাটাচ্ছি, বৎস ভীমের প্রকৃত সংবাদ জানতে পারলে আত্মহত্যা করে সুখী হতাম। ১৪ ॥

রাক্ষস—(আনন্দে স্বগত) এরই জন্য আমার চেষ্টা। (প্রকাশ্যে) যদি বলতেই হয় তবে সংক্ষেপে বলি, বন্ধুর বিপদ বিস্তারিতভাবে বলা উচিত নয়।

যুধিষ্ঠির—(চোখ মুছে) ব্রহ্মন্ ! সংক্ষেপেই হোক বা বিস্তৃতভাবেই হোক আপনি সবটাই বলুন, ভীমের সম্বন্ধে যা কিছু শোনবার জন্য আমি সময় দিচ্ছি। ১৫ ॥

রাক্ষস—শুনুন, ভীম ও দুর্যোধনের পরস্পর গদাঘাতের শব্দে ঘোরতর যুদ্ধ আরম্ভ হলে—

দ্রৌপদী—(হঠাৎ উঠে), তারপর, তারপর ?

রাক্ষস—(স্বগত) কীভাবে এদের আবার অজ্ঞান করা যায় ? (প্রকাশ্যে) শীঘ্রই বলরাম এসে উপস্থিত হলেন, তাঁর সামনেই অনেকক্ষণ যুদ্ধ হলো, কিন্তু প্রিয়শিষ্যের পক্ষপাতী বলরাম গোপনে কী-এক সঙ্কেত করলেন যাতে দুর্যোধন ভীমের প্রতি দুঃশাসনহত্যার প্রতিশোধ নিল। ১৬ ॥

যুধিষ্ঠির—হায় বৎস বৃকোদর ! (অজ্ঞান হলেন)

দ্রৌপদী—হায় নাথ ভীমসেন, হায় আমার অপমানের প্রতিশোধ নিতে গিয়ে জীবন বিসর্জন দিলেন ? হায় জটাসুর, বক, হিড়িম্ব, কির্মীর, কীচক ও জরাসন্ধের হত্যাকারী ! আমার প্রীতির জন্য সুগন্ধকমল আপনিই এনে দিতেন, আমার কথার উত্তর দিন। (মূর্ছিতা হলেন)

কণ্ডুকী—(সজল নয়নে) হা কুমার ভীমসেন ! ধৃতরাষ্ট্রকুল-কমলিনীর প্রলয় বর্ষণ স্বরূপ ! মহারাজ ! শান্ত হোন (চেটীর প্রতি) ভদ্রে ! মহারানীকে শান্ত করুন মহর্ষি ! আপনিও মহারাজকে শান্ত করুন।

রাক্ষস—(স্বগত) প্রাণবিয়োগ করবার জন্য আশ্বস্ত করছি। (প্রকাশ্যে) ওহে ভীমের অগ্রজ ! একটু শান্ত হও, কথা শেষ হয় নি।

যুধিষ্ঠির—(শান্ত হয়ে) মহর্ষি এখনও কী কথা বাকি আছে ?

দ্রৌপদী—(চেতনা ফিরে পেয়ে) ভগবন্, বলুন, কী সেই শেষ কথা।

কণ্ডুকী—বলুন, বলুন।

রাক্ষস—তারপর সেই সুক্ষত্রিয় নিহত হয়ে বীরোচিত গতি লাভ করলে ভ্রাতৃবধশোকে অশ্রুজল ত্যাগ করে অর্জুন গাণ্ডীব রেখে দিয়ে নবশোণিত-চিহ্নিত-গদা ভাইয়ের হাত থেকে সযত্নে নিলেন, সন্ধি করার ইচ্ছায় বাসুদেব নিষেধ করেছিলেন, কিন্তু কৌরবরাজ উপহাসের সঙ্গে 'এসো এসো' বলে গদা ঘুরিয়ে তোমার তৃতীয় ভাইয়ের সঙ্গে যুদ্ধ শুরু করে দিল। তখন গদাযুদ্ধে অপটু অর্জুনের মৃত্যু আশঙ্কা করে বলরাম অর্জুনপক্ষপাতী বাসুদেবকে বিশেষ চেষ্টায় রথে তুলে দ্বারকার দিকে চলে গেলেন।

যুধিষ্ঠির—সাধু অর্জুন ! তখনই গাণ্ডীব ত্যাগ ক'রে যে বৃকোদরের পথ অনুসরণ

করেছ তা ভালই, কী উপায়ে আমি এখন প্রাণত্যাগের মহোৎসবে উৎসাহী হই ?

দ্রৌপদী—হায় ভ্রাতৃবৎসল স্বামী ! গদাযুদ্ধে অনভ্যস্ত ভাইকে শত্রুর মুখে ছেড়ে দেওয়া উচিত হয় নি। (মূর্ছা)

রাক্ষস—তারপর আমি—

যুধিষ্ঠির—মুনি ! থাক্ আর শুনে কী হবে ? হায় বৎস ভীমসেন ! জতুগৃহ-সমুদ্রের তরণি, হায় কির্মীর, হিড়িম্ব, জরাসন্ধ প্রভৃতি বিজয়ী, হায় কীচক-দুর্যোধনানুজ-কমলিনী-কুঞ্জর ; দ্যূত-পণের প্রণয়ি ! আমার দেহরক্ষার খেদনাশক ! হায় আমার আদেশপালক কৌরববনের দাবানল ! বৎস ! আমি নির্লজ্জভাবে দ্যূত-ক্রীড়ায় আসক্ত হলেও, শরীরে মত্তহস্তীর সদৃশ শক্তি সত্ত্বেও আমার প্রতি ভক্তিবশতঃ দাসত্বের কষ্ট স্বীকার করেছিল, এখন আমি তোমার কী-এমন অপকার করলাম যে বন্ধুহীন নাথহীন আমাকে নির্দয়ভাবে ছেড়ে চলে গেলে ? ১৭ ॥

দ্রৌপদী—(চেতনা ফিরে পেয়ে উঠে) মহারাজ এটা কী ?

যুধিষ্ঠির—কৃষ্ণে ! কী আর, 'বজ্র, এই বজ্র দিয়েই কীচক, বক, হিড়িম্ব, কির্মীর প্রভৃতিকে বধ করা হয়েছিল, এবং মদমত্ত মগধ-রাজহস্তী জরাসন্ধের সন্ধিভেদ হয়েছিল। বজ্র, গদা, পরিঘ (অস্ত্রবিশেষ)-শোভিত সেই বাহুদ্বয়ের সঙ্গে তোমার প্রিয়তম-স্বামী, আমার কনিষ্ঠ, অর্জুনের জ্যেষ্ঠ ভীম আজ অস্তমিত। ১৮ ॥

দ্রৌপদী (আকাশের দিকে তাকিয়ে) প্রিয়তম ভীমসেন, তুমি আমার কেশ বন্ধন করবে, ক্ষত্রিয়-বীরের প্রতিজ্ঞারক্ষায় শৈথিল্য দেখানো উচিত নয়, তুমি একটু অপেক্ষা করো, আমি যাচ্ছি। (পুনরায় মূর্ছা)

যুধিষ্ঠির—(আকাশে দেখে) মা পৃথা দেবি ! দেখলে তো তোমার পুত্রের আচরণ, আমি একাকী অনাথ হয়ে কাঁদছি আর আমাকে ত্যাগ করে সে কোথায় গেল !

বৎস জরাসন্ধশত্রু, এই অল্প কালের মধ্যেই অল্পায়ু বিপরীতগতি জনসাধারণ দেখল নাকি ? থাক সে কথা আমি নিজেও বহুতর দেখলাম। দিগ্বিজয় ক'রে রাজাদের কাছে কর আদায় ক'রে পৃথিবী আমায় দান ক'রেও লজ্জিত হয়েছ (মনে করেছ অতি সামান্যই দিলাম) দ্যূত-ক্রীড়ায় তোমাকে পণ রাখার জন্যও রাগ কর নি, বরং খুশিই হয়েছ, আমার জন্য মৎস্যরাজ-গৃহে পাচকের বৃত্তি স্বীকার করেছ, হঠাৎ তুমি চলে গেলে আর তোমার সমস্ত চিহ্নই আমার কাছে পড়ে রইল। ১৯ ॥

কী বলছিলেন মুনিবর : 'সেই কৌরব ও ভীমের' (ইত্যাদি আবার বললেন)।

রাক্ষস—হ্যাঁ, এই রকমই !

যুধিষ্ঠির—ধিক্ আমার ভাগ্যকে (আকাশ দেখে) ভগবান্ বলরাম কৃষ্ণাগ্রজ সুভদ্রা-ভ্রাতা !—জ্ঞাতি-প্রীতি আপনার মনে হলো না ক্ষত্রিয়ের ধর্ম ? আপনার অনুজের সঙ্গে অগ্রজের সেই দৃঢ়নিবন্ধ বন্ধুত্ব ? তাও ভাবলেন না ? ভীম দুর্যোধন দুজনেই আপনার শিষ্য, উভয়ের প্রতি সমান স্নেহ থাকা উচিত ছিল ! দুর্ভাগ্য আমার, তাই আজ আপনি বিমুখ, এটা কোন্ পথ ? ২০ ॥

(দ্রৌপদীর কাছে গিয়ে) পাঞ্চালি ! ওঠো, ওঠো তোমার ও আমার দুঃখ সমান, তবে কেন মূর্ছিত হয়ে আমাকে কষ্ট দিচ্ছ ?

দ্রৌপদী—(জ্ঞান হয়ে) স্বামিন্ ! দুঃশাসন আমার যে-বেণী খুলে দিয়েছিল সেই-বেণী দুর্যোধনের রুধিরসিক্ত হাত দিয়ে বেঁধে দিন। (সখীর প্রতি) ওহে বুদ্ধিমতিকে ! তোমার সামনেই তো স্বামী প্রতিজ্ঞা করেছিলেন। (কঞ্চুকীর কাছে গিয়ে) দেবকীনন্দন আদেশ করেছেন 'কেশরচনা আরম্ভ করো' তাহলে পুষ্পস্তবক প্রভৃতি নিয়ে এসে বেণী বেঁধে দাও, ভগবানের আদেশ পালন করো, তাঁর আদেশ তো মিথ্যা হতে পারে না। অতিশোকে এসব আমি কী বলছি। আর্যপুত্র এখনও বেশিদূরে যান নি, আমি তাঁর অনুগমন করব। মহারাজ ! আমার চিতা জ্বালুন, আর আপনিও ক্ষাত্রধর্ম অনুসারে প্রিয়তমের নাশকের দিকে অগ্রসর হোন ! অথবা আপনার যা অভিরুচি।

যুধিষ্ঠির—পাঞ্চালি, ঠিকই বলেছ, ওহে কঞ্চুকী, তুমি এই দুঃখিনীর চিতার ব্যবস্থা করো, তাতে দুঃখের উপশম হবে, আমার জ্যা-যুক্ত ধনু নিয়ে এসো। অথবা ধনুতেই বা কী প্রয়োজন ? যুদ্ধে অর্জুন গাণ্ডীব ত্যাগ ক'রে ভীমের রুধির-লিপ্ত গদা গ্রহণ ক'রে প্রিয় ভ্রাতার জন্য যা করেছে, আমারও তাই করা উচিত, জয়েই বা আমার লাভ কী ? ২১ ॥

রাক্ষস—রাজন্, শত্রু জয় যদি আপনার ইচ্ছা না হয়, তবে যেখানে ইচ্ছা প্রাণত্যাগ করতে পারেন, বৃথা রণক্ষেত্রে গিয়ে লাভ কি ?

কঞ্চুকী—(ক্রুদ্ধভাবে) ধিক্ ! আপনার কথা মুনিজন-বিরুদ্ধ রাক্ষসের মতো।

রাক্ষস—(সভয়ে স্বগত) আমাকে এ ব্যক্তি চিনে ফেললো না কী ?

(প্রকাশ্যে) ওহে কঞ্চুকী, আমি বলছিলাম যে অর্জুন ও দুর্যোধনের গদাযুদ্ধ আরম্ভ হয়েছে ! গদাযুদ্ধে তাদের বাহুবল আমি জানি, রাজা শোকাচ্ছন্ন, আবার যদি কিছু অশুভ শোনেন, এ জন্যই ওই কথা বলেছি।

যুধিষ্ঠির—(সাশ্রুনয়নে) সাধু মহর্ষি সাধু, আপনি ভালই বলেছেন।

কঞ্চুকী—মহারাজ ! দেবকল্প আপনি, সাধারণ মানুষের মতো শোকান্ধ হয়ে ক্ষাত্রধর্ম ত্যাগ করছেন ?

যুধিষ্ঠির—আর্য জয়ন্ধর ! কুবের, ইন্দ্র এবং বরুণ অপেক্ষা শক্তিমান, অসাধারণ বাহুবল যার সেই ভীম ও অর্জুন ভূমিতে লুণ্ঠিত হচ্ছে, আর শত্রুরা নিজেদের কৃতার্থ মনে করছে এ আমি দেখতে পারছি না। ২২ ॥

হে পাঞ্চালরাজনন্দিনি ! আমার দুর্নীতির জন্যই তোমার এই দুর্দশা, অগ্নি প্রজ্বলিত হলেই আমরা দুজনেই বন্ধুজনের সম্বর্ধনার জন্য প্রস্তুত হব।

দ্রৌপদী–আর্য ! কাঠ সংগ্রহ করে চিতা প্রজ্বলিত করুন, প্রিয় ভীমসেনকে দেখার জন্য আমার মন অত্যন্ত চঞ্চল হয়েছে। (চারিদিকে দেখে) কী ? নাথ (ভীম)-বিনা মহারাজের কথা কেউ শুনছে না হায় ভীমসেন, আপনার অভাবে এই রাজবংশ সম্প্রতি পরিজনও পরিহার করছে।

রাক্ষস—ভরতবংশের কুলবধূদের পতির সহমরণ গৌরবজনকই বটে।

যুধিষ্ঠির—মহর্ষি ! আমাদের কথা কেউ শুনছে না, সুতরাং পোড়াবার কাঠ দিয়ে অনুগ্রহ করুন।

রাক্ষস—মুনিজন-বিরুদ্ধ এই কাজ। (স্বগত) আমার অভিপ্রায় সিদ্ধ হয়েছে, এঁদের অলক্ষ্যেই আগুন জ্বালি। (প্রকাশ্যে) রাজন্‌ আমি আর এখানে থাকতে পারছি না। (প্রস্থান)

যুধিষ্ঠির—কৃষ্ণে! কেউ আমাদের কথামতো কাজ করছে না, যাই হোক, আমি নিজেই কাঠ সংগ্রহ ক'রে চিতা জ্বালাই।

দ্রৌপদী—মহারাজ! তাড়াতাড়ি করুন। (নেপথ্যে কলরব, ভয়ের সঙ্গে, শুনে) মহারাজ! বলদর্পিত কোনো তেজস্বী ব্যক্তির বিষম শঙ্খ-নির্ঘোষ শোনা যাচ্ছে, আরো-কিছু অমঙ্গল সংবাদ শুনতে হবে, তাই অপেক্ষা করা যাক।

যুধিষ্ঠির—না আর দেরি নয় উঠে পড়ো। (সকলে চলতে লাগলেন) পাঞ্চালী! মা এবং তোমার সপত্নীদের কিছু উপদেশ দিয়ে পরিজনকে নিবৃত্ত করো।

দ্রৌপদী—মহারাজ! মাকে এই কথা বলি—যিনি বক-হিড়িম্ব-কির্মীর-জরাসন্ধ প্রভৃতিকে জয় করেছিলেন সেই আপনার মধ্যম পুত্র এই হতভাগিনীর অভিলাষ পূর্ণ করতে গিয়ে পরলোকে প্রস্থান করেছেন।

যুধিষ্ঠির—বুদ্ধিমতিকে! মাকে এই কথা বলো—সেই জতুগৃহে আগুন লেগেছিল, তখন যার বাহুবলে পুত্রসহ তুমি বেরিয়ে এসেছিলে, মা তোমার সেই বলবান প্রিয় পুত্রের মৃত্যু-সংবাদ আমিই বলছি, আর কে তোমায় এ সংবাদ দেবে? ২৩॥

আর্য জয়ন্ধর! তুমি সহদেবের কাছে যাও এবং আমার ছোট ভাই মাদ্রীপুত্রকে বলো—আজ কুরুকুলসরোবরের বাড়বানল যুধিষ্ঠির পরলোকগমনে প্রস্তুত হয়ে তাঁর প্রতি অনুকূল, সর্বদা প্রশংসনীয়, সম্পদে বিপদে স্থিরচিত্ত প্রিয় অনুজ তোমাকে আলিঙ্গন এবং মস্তক আঘ্রাণ করে প্রার্থনা করছি—

বয়সে তুমি আমার ছোট হলেও শাস্ত্রজ্ঞানে আমার সমান, সহজাত বুদ্ধিতে জ্যেষ্ঠ, মনীষায় তুমি গুরু, সুতরাং যুক্তকর মাথায় রেখে প্রার্থনা করছি যে আমার প্রতি স্নেহ কমাও এবং পিতার তর্পণ করো। ২৪॥

আরও শোনো—আমার আজ্ঞায় নকুলের কথা (সব সময়) শুনবে। সে ছেলে-মানুষ এবং নিয়ত অভিমানী হলেও আমাদেরই মতো স্নেহকোমল। আমাদের পথ যেন অনুসরণ না করা হয়। বৎস! তোমার শাস্ত্রজ্ঞানবিশুদ্ধ বুদ্ধিতে আমাকে এবং তোমার অগ্রজ ভীম ও অর্জুনকে ভুলে গিয়ে ক্ষীণপ্রায় পাণ্ডুকে অশ্রুজল-মিশ্রিত উদকাঞ্জলি দেবার জন্য তোমাকে বেঁচে থাকতেই হবে, জ্ঞাতি কিংবা বন্ধুবান্ধবদের গৃহে অথবা যাদবদের নিকট, নয় তো বনে বাস করবে। যাও জয়ন্ধর, আমার দেহ স্পর্শ করে শপথ করেছ তুমি, কালবিলম্ব না করে এ সংবাদ অবশ্য বলবে। ২৫॥

দ্রৌপদী—বুদ্ধিমতিকে! তুমি প্রিয়সখী সুভদ্রাকে আমার কথা বলো যে স্নেহের উত্তরা চারমাস গর্ভবতী, সুতরাং এই বংশের প্রতিষ্ঠাপককে সাবধানে রক্ষা করো। হয়তো সে-ই একদিন পরলোকগত শ্বশুরকুল এবং আমাদের উদ্দেশে জলবিন্দু দান করবে।

যুধিষ্ঠির—(সজল নয়নে) ওঃ কতই কষ্ট! যে-তরু শাখা-প্রশাখা বিস্তার ক'রে ভূমণ্ডলে আচ্ছাদিত এবং দিক সকলকে করেছে অলংকৃত, যার কাণ্ডশীর্ষ স্ফীত, মহামূল পর্যন্ত যার বাঁধুনি সুবৃহৎ তরু যদি সহসা দগ্ধ হয় তখন আমার মতো

লোকে প্রার্থী হয়ে তারই একটু ক্ষুদ্রতম অংকুরের ছায়ায় কোনো রকমে আশার বাসা বাঁধে। ২৬ ॥

দ্রৌপদী, যা স্থির নিশ্চয় করেছি তাই করছি চলো। (কঞ্চুকীকে দেখে) জয়ন্ধর! আমার দেহ স্পর্শ করে শপথ করেও যাচ্ছ না যে।

কঞ্চুকী—(রোদন ক'রে) হায় মহারাজ পাণ্ডু! তোমার অজাতশত্রু, ভীম, অর্জুন, নকুল, সহদেব প্রভৃতি সন্তানদের এই দারুণ পরিণাম। হায় দেবী কুন্তি! ভোজরাজ-ভবনের বৈজয়ন্তি! আপনার ভ্রাতা বসুদেবের পুত্র, কৃষ্ণের দাদা অর্জুনের শ্যালক, ধৃতরাষ্ট্রকুল-কমল উৎসাদনে দন্তী (গজ)-স্বরূপ বৃকোদরের আচার্য, হলধর বলরাম প্রমত্ত অথবা মত্ত হয়ে তোমার তনয় বন দগ্ধ করল, যার আশ্রয়ে পৃথিবী ছিল শীতল। ২৭ ॥ (কাঁদতে কাঁদতে প্রস্থান)

যুধিষ্ঠির—জয়ন্ধর! জয়ন্ধর!

কঞ্চুকী—(প্রবেশ ক'রে) আদেশ করুন।

যুধিষ্ঠির—বলা উচিত তাই বলছি, কিন্তু সেই সৌভাগ্য কি তোমাদের হবে? যদি বৎস অর্জুন কখনও বিজয়ী হয় তবে আমার এই কথা তাকে বলবে—আমার বৎস ভীমের মৃত্যুর কারণ সত্যই যদি বলরাম হয় তবুও সে তোমার অকৃত্রিম বন্ধু শ্রীকৃষ্ণের ভ্রাতা, সুতরাং তুমি তার প্রতি ক্রোধ কোরো না। আর যদি বেঁচে থাক তবে তুমি বনে চলে যেয়ো, কিন্তু নিষ্করুণ ক্ষত্রিয়-পন্থা অবলম্বন কোরো না। ২৮ ॥

কঞ্চুকী—যথা আদেশ মহারাজ। (প্রস্থান)

যুধিষ্ঠির—(আগুন দেখে সানন্দে) দ্রৌপদি, ভগবান্ অগ্নিদেব শিখারূপ হস্ত উত্তোলন করে আমাদের মতো বিপন্নকে আহ্বান করছে, আমি ঐ অগ্নিতে নিজেকে ইন্ধনে পরিণত করব।

দ্রৌপদী—দয়া করুন মহারাজ! আমার এই অপরিণত প্রণয়ের জন্য আমিই প্রথমে যাব।

যুধিষ্ঠির—তাই যদি হয়, ভালই দু'জনে একসঙ্গেই প্রিয়জন-মিলন আনন্দ অনুভব করব।

চেটী—হায়, ভগবান্ লোকপালগণ! সোমবংশের রাজর্ষিকে রক্ষা করুন, এই রাজা রাজসূয় যজ্ঞ ক'রে অগ্নির তৃপ্তিসাধন করেছিলেন এবং যিনি খাণ্ডবদাহে অগ্নির তৃপ্তিবিধান করেছিলেন সেই কিরীটীর জ্যেষ্ঠভ্রাতা, সুগৃহীতনামা যুধিষ্ঠির, এই দেবীও পাঞ্চালরাজকুলের দেবতা যজ্ঞবেদীসম্ভূতা যাজ্ঞসেনী, দুই জনেই নিষ্করুণ কালানলে সশরীরে প্রবেশ করছেন। রক্ষা করুন, রক্ষা করুন। (উভয়ের সামনে শুয়ে পড়ে) মহারাজ? মহারানী আপনারা এ কী করছেন?

যুধিষ্ঠির—অয়ি বুদ্ধিমতিকে! স্নেহশীল প্রিয় অনুজ না থাকলে যা করা উচিত তাই। ওঠো ওঠো ভদ্রে. জল নিয়ে এসো। (চেটী তাই করে)

যুধিষ্ঠির—(পা ধুয়ে আচমন ক'রে) এই উদকাঞ্জলি পূজনীয় গঙ্গাপুত্র ভীষ্মকে, এইটি প্রপিতামহ শান্তনুকে, এইটি পিতামহ বিচিত্রবীর্যকে। (সজল নেত্রে) পিতৃদেবের এখন পালা। এই অঞ্জলি স্বর্গস্থিত পূজনীয় সুগৃহীতনামা

পিতৃদেব পাণ্ডুরাজকে। পিতৃদেব! আজ থেকে আমাদের প্রদত্ত উদকাঞ্জলি আপনাদের পক্ষে দুর্লভ হলো, সুতরাং আমার প্রদত্ত উদকাঞ্জলি মাতা মাদ্রীর সঙ্গে পান করুন। ২৯ ॥

আর এই উদকাঞ্জলি নীলকমলসদৃশ নেত্রবিশিষ্ট ভীমকে দিলাম। বৎস! এই অঞ্জলি তোমার এবং আমার অভিন্ন হোক। যদি তুমি পিপাসু হয়ে থাক তবে একটু অপেক্ষা করো, তোমার সঙ্গে পান করবার জন্য আমি এখনই সবেগে যাচ্ছি। অথবা সুক্ষত্রিয়ের গতি পেয়েছ তুমি; অকৃতী আমি আত্মহত্যা করেও তোমাকে দেখার অযোগ্য। ৩০ ॥

বৎস ভীম! মাতৃস্তন্য প্রথমে আমি পান করেছি তুমি করেছ পরে, স্নেহবশতঃ আমার ভুক্তাবশিষ্ট দুগ্ধাদি রস পান ক'রে জীবনধারণ করেছ। যজ্ঞে ও সোমপানে এই ব্যবস্থাই ছিল, আজ তোয়াঞ্জলি কীভাবে আগেই পান করবে? ৩১ ॥

কৃষ্ণে! তুমিও ভীমকে উদকাঞ্জলি দাও।

দ্রৌপদী—ওলো বুদ্ধিমতিকে! আমাকে জল দাও। (চেটী তাই করল)

(নিকটে এসে অঞ্জলি পূর্ণ ক'রে জল নিলেন) মহারাজ, কাকে জল দেব?

যুধিষ্ঠির—যে এইমাত্র স্বর্গে গেছে তাকেই আগে জল দাও, যে আমাদের মাকে গান্ধারীর সঙ্গে একইভাবে কাঁদিয়েছে। ৩২ ॥

দ্রৌপদী—হে নাথ! ভীমসেনসেবিকা প্রদত্ত এই জল তোমার পাদ-প্রক্ষালনের যোগ্য হোক।

যুধিষ্ঠির—ওহে অর্জুনের জ্যেষ্ঠ! প্রতিজ্ঞা অসম্পূর্ণ রেখেই তুমি চলে গেলে, সুতরাং মুক্তবেণী প্রিয়া তোমাকে উদকাঞ্জলি দিচ্ছে। ৩৩ ॥

দ্রৌপদী—উঠুন মহারাজ! আপনার ভ্রাতা অনেক দূরে চলে গেলেন।

যুধিষ্ঠির—(ডান চোখের স্পন্দন সূচনা ক'রে) পাঞ্চালি! নিমিত্ত সকল সূচনা করছে যে বৃকোদরের সম্বর্ধনা তুমি করতে পারবে।

দ্রৌপদী মহারাজ, এই নিমিত্ত মঙ্গলজনক হোক।

(নেপথ্যে কলরব)

কঞ্চুকী—(সন্ত্রস্তভাবে প্রবেশ ক'রে) রক্ষা করুন, রক্ষা করুন মহারাজ, কৌরবাধম দুর্যোধন রক্তাক্ত বস্ত্রে আর শরীরে ভীষণ রক্তাক্ত গদা নিয়ে উদ্ধত দণ্ডে যমের মতো মাননীয়া পাঞ্চালীকে অন্বেষণ করতে করতে এ দিকেই আসছে।

যুধিষ্ঠির হায় ভগবান্! এতেই তো বোঝা গেল। হায়! গাণ্ডীবী অর্জুন।

(মূর্ছা)

দ্রৌপদী—হায় আর্যপুত্র! স্বয়ম্বরে তুমিই আমাকে গ্রহণ করে ভরণ-পোষণ করেছ, প্রিয় ভ্রাতাকে সম্বর্ধনার জন্য চলে গেলে, কিন্তু মহারাজ বা এই দাসীকে মনে পড়ল না? (মূর্ছা)

যুধিষ্ঠির—(সংজ্ঞা লাভ ক'রে) হায়! বৎস সব্যসাচী, তুমি ত্রিলোচন শিবের অঙ্গমর্দনকারী মল্ল! নিবাত কবচকে হত্যা করে তুমিই করেছিলে স্বর্গরাজ্যকে নিষ্কণ্টক, বদ্রিকাশ্রমে তপস্যা করেছিলেন যে দুজন মুনি তুমি তাঁদের একজন, হায় দ্রোণাচার্যের প্রিয়শিষ্য! তুমিই অস্ত্রশিক্ষাগুণে সন্তুষ্ট করেছিলে

ভীষ্মকে, হায়, রাধেয়কুল-কমলিনীর তুষারবর্ষ, তুমিই করেছিলে দুর্যোধনকে গন্ধর্ব-কবল মুক্ত, হায় পাণ্ডবকুল কমল-বনের রাজহংস !

স্নেহময়ী জননীকে বিনীতভাবে বন্দনা করলে না, আমাকে করলে না গাঢ় আলিঙ্গন, নিলে না আদেশ, স্বয়ম্বরে লব্ধ পত্নীকেও কিছু না ব'লে কেন চলে গেলে দীর্ঘ প্রবাসে ? ৩৪ ॥ (মূর্ছা)

কঞ্চুকী—(চেটীর প্রতি) উঃ বড়ই কষ্ট। এই দুরাত্মা দুর্যোধন ইচ্ছামতো এদিকেই আসছে, সুতরাং এখনই (অগ্নি)-প্রবেশের উপযুক্ত সময়। পাঞ্চালরাজনন্দিনীকে চিতার নিকটে নিয়ে যাই।

আমিও এইভাবেই অনুগমন করব। ভদ্রে, তুমিও দেবীর ভ্রাতা ধৃষ্টদ্যুম্নকে অথবা নকুল-সহদেবকে বলো মহারাজের এই অবস্থা, ভীম-অর্জুন অস্তমিত, সুতরাং রক্ষার উপায় কী ?

চেটী—বাঁচান, বাঁচান আর্যেরা।

(নেপথ্যে কলরবের পর) ওহে সমস্ত-পঞ্চক-সঞ্চারী যোদ্ধৃগণ ! রক্তের আস্বাদে প্রমত্ত যক্ষ, রাক্ষস, পিশাচ, ভুত, বেতাল, কঙ্ক, গৃধ্র, শৃগাল, পেচক এবং কাকই যুদ্ধক্ষেত্রে অধিক, তোমরা আছ অল্প, আমাকে দেখে ভয় পেয়ো না, যাজ্ঞসেনী কোথায় বলো, এখানে আছে কি ? তার লক্ষণ বলছি—বসাবার ছলে উরুতে হাত রেখে উরুতে বসবার জন্য ইঙ্গিত করেছিলে দুর্যোধন, তখন তাঁর সম্মুখে যার বস্ত্র অপহরণ করেছিল দুঃশাসন এবং কেশ আকর্ষণ করে কবরী-বন্ধন খুলে দিয়েছিল সেই দ্রৌপদী কোথায় বলো। ৩৫ ॥

কঞ্চুকী—হায় দেবী যাজ্ঞসেনী ! বর্তমানে আপনি অনাথা, কুরুকুলকলঙ্ক দুর্যোধন আবার তোমাকে অপমান করতে এসেছে।

যুধিষ্ঠির—(হঠাৎ উঠে) ভয় নেই, ভয় নেই পাঞ্চালী ! ওহে কে আছ এখানে, আমার সজ্জিত ধনুক নিয়ে এসো। দুরাত্মা পাপিষ্ঠ দুর্যোধন ! আয় আজ তোর গদাকৌশলেভরা বাহুবল চূর্ণ করব। শোন্ রে কুলাঙ্গার !—

জরাসন্ধের শত্রু, প্রিয় ভ্রাতা ভীম এবং কিরাত-বেশী শঙ্কর-বিজয়ী অর্জুনকে না দেখে, কঠিনহৃদয় তোর মতো বাঁচতে পারব না, কিন্তু বাণবর্ষণে তোর প্রাণ নিতে পারব। ৩৬ ॥

(গদাহস্তে রক্তাক্ত দেহে ভীমের প্রবেশ)

ভীম—(উদ্ধতভাবে চলাফেরা ক'রে) ওহে ওহে ! সমস্ত পঞ্চকে বিচরণশীল সেনাগণ ! ভয় কিসের ? আমি রাক্ষস নই, ভুতও নই, শত্রুর রক্তে দেহসিক্ত মাত্র, কঠিন প্রতিজ্ঞা-সাগর পার হয়েছি, ক্রুদ্ধ ক্ষত্রিয় আমি। ওহে সমরানলদগ্ধাবশিষ্ট ক্ষত্রিয় বীরগণ, তোমাদের এই ত্রাস থামাও তো—ঐ যে তোমরা নিহত হাতি-ঘোড়াকে পিছনে লুকিয়ে বসে আছ। ৩৭ ॥ তোমরা বলো পাঞ্চালী কোথায় আছে ?

দ্রৌপদী—(সংজ্ঞা লাভ ক'রে) রক্ষা করুন, রক্ষা করুন মহারাজ।

কঞ্চুকী—দেবী পাণ্ডু-পুত্রবধূ ! ওঠো ওঠো, এখন চিতাপ্রবেশই শ্রেয়।

দ্রৌপদী—(সহসা উঠে) এখনও কি চিতার নিকটে যাই নি ?

যুধিষ্ঠির—কে আছ এখানে ? তুণসহ ধনুক নিয়ে এসো। কী, কেউ নেই ? যাক্,

বাহুযুদ্ধেই দুরাত্মাকে গাঢ় আলিঙ্গন ক'রে আগুনে ফেলে দেব।

(প্রস্তুত হলেন)

কঞ্চুকী—দেবি! দুঃশাসন কর্তৃক আকৃষ্ট আপনার কেশরাশি আপনার নয়ন ঢেকে ফেলেছে, পথ দেখতে দিচ্ছে না, বেঁধে নিন এখন প্রতীকারের কোনো আশা নেই, শীঘ্র চিতার নিকটে চলুন।

যুধিষ্ঠির—কৃষ্ণা, ঐ দুরাত্মা দুর্যোধন নিহত না হলে কেশ বাঁধা উচিত হবে না।

ভীম—পাঞ্চালি! ভীম বেঁচে থাকতে দুঃশাসন-কৃত মুক্তবেণী নিজে বেঁধো না, অপেক্ষা করো, আমি নিজ হাতে বেণী বেঁধে দিচ্ছি।

দ্রৌপদী—(স'রে গেলেন)

ভীম - দাঁড়াও দাঁড়াও, ভীরু। কোথায় যাও। (কেশ ধরতে গেলেন)

যুধিষ্ঠির—(সবলে আলিঙ্গন ক'রে) দুরাত্মা! ভীমার্জুনের শত্রু। পাপিষ্ঠ দুর্যোধন। এখন কোথায় যাবে? পাপিষ্ঠ! তুই রাজপুত্র দুজনকে হত্যা করেছিস, আশৈশব প্রতিদিন অপরাধ করেছিস্, বাহুবলে উন্মত্ত তুই, আজ আমার বাহু-পাশের ভিতরে ঢুকে আর প্রাণ নিয়ে এক পাও যেতে পারবি না। ৩৮ ॥

ভীম—অহো! আর্য, দুর্যোধন-আশঙ্কায় আমাকে আলিঙ্গন করছেন। দেব অজাতশত্রু, ভীমার্জুনগুরু, আপনি যেমন বলছেন এটা (আপনার কর্ম তো তেমন হচ্ছে না।

কঞ্চুকী—(ভালভাবে দেখে সহর্ষে) মহারাজ ভাগ্য আপনার সুপ্রসন্ন; ইনি আয়ুষ্মান্ ভীমসেন, দুর্যোধনের রক্তে রঞ্জিত দেহ, সে জন্যই চেনা যায় নি, এখন আর কোনো সন্দেহ নেই।

চেটী—ভর্ট্রিনি! থামুন, থামুন, ইনি আপনার স্বামী, প্রতিজ্ঞা পূর্ণ ক'রে বেণী-বন্ধনের জন্য আপনাকে অন্বেষণ করছেন।

দ্রৌপদী—সখি! কেন আমায় মিথ্যা আশ্বাস দাও।

যুধিষ্ঠির—জয়ন্ধর! কী বলছ, এ আমার ভ্রাতৃ-শত্রু পাপিষ্ঠ দুর্যোধন নয়?

ভীম—মহারাজ! অজাতশত্রু, পাপিষ্ঠ দুর্যোধন আজ কোথায়? আমি সেই পাণ্ডুকুলের চিরবৈরী দুর্যোধনের শরীর ভূমিতে নিক্ষেপ করেছি, আমার দেহে চন্দনের মতো মেখেছি তার রক্ত, সমুদ্রমেখলা পৃথিবীসহ রাজলক্ষ্মী মহারাজের অনুকূল ভৃত্য, মিত্র ও বীরগণসহ সমগ্র কুরুবংশ আজ সমরানলে দগ্ধ হয়েছে। মহারাজ! যে-ধৃতরাষ্ট্রপুত্রের নাম উচ্চারণ করলেন, তার নামমাত্রই অবশিষ্ট। ৩৯ ॥

(যুধিষ্ঠির ধীরে ধীরে ছেড়ে দিয়ে ভীমের দিকে তাকিয়ে চোখ মুছতে লাগলেন)

ভীম—(যুধিষ্ঠিরের পায়ে প'ড়ে) আর্যের জয় হোক।

যুধিষ্ঠির—(সানন্দে আলিঙ্গন ক'রে সজল চোখে) বৎস ভীমসেন, বৃকোদর, পৃথানন্দন, ফাল্গুনির! পাণ্ডুকুলপ্রদীপ অগ্রজ,

ভীম—আজ্ঞা করুন।

যুধিষ্ঠির—বৎস! অশ্রুপূর্ণ চোখে তোমার চাঁদমুখ দেখতে পাচ্ছি না? বলো, অর্জুনসহ তুমি বেঁচে আছ তো?

ভীম—শত্রুকুল সমস্ত নিহত এবং আপনি নরাধিপ, এ অবস্থায় ভীম ও অর্জুন জীবিতই আছে।

যুধিষ্ঠির— সস্নেহে গাঢ় আলিঙ্গন ক'রে) বৎস ভীম, থাক্ শত্রুসংহার শতবার বলো; বকাসুরনিহন্তা আমার প্রিয় ভ্রাতা তুমি ভীম –

ভীম—আর্য ! আমিই সেই।

যুধিষ্ঠির—শোণিতধারা-সলিলে জরাসন্ধের বক্ষসরোবরের মধ্যে যুদ্ধসময়ে তটাঘাত-ক্রীড়ায় নিপুণ মকরের মতো তুমিই সেই ভীম ? ৪০ ॥

ভীম—হ্যাঁ সেই আমি, হ্যাঁ আর্য, অল্প সময়ের জন্য আমাকে মুক্ত করুন।

যুধিষ্ঠির –আর কিছু অবশিষ্ট আছে, দুর্যোধনের রক্তরাঙা এই হাত দিয়ে পাঞ্চালীর বেণীবন্ধন করতে হবে, যে বেণী দুঃশাসন খুলে দিয়েছিল।

যুধিষ্ঠির শীঘ্র যাও, দুঃখিনী বেণীবন্ধন উৎসব অনুভব করুক।

ভীম –(দ্রৌপদীর নিকট উপস্থিত হয়ে) পাঞ্চালরাজনন্দিনি। তোমার ভাগ্যবলে আজ বিপুলবংশ ধ্বংস হয়েছে।

রাজপুত্রি ! আমাকে এ রকম দেখে ভয় পেয়ো না। যে নরপশু দুঃশাসন রাজসভার মধ্যে তোমাকে নিয়ে এসেছিল তার সেই গাঢ় রক্ত পান করার পর আমাব হাতে মাথা রয়েছে, স্পর্শ ক'রে দেখো, দুর্যোধনের উরু ভগ্ন হয়েছে, সেই রক্ত আমার দেহে লিপ্ত রয়েছে, সেই রক্ত তোমার শত্রুজনিত অপমান-বহ্নি প্রশমিত করতে সমর্থ হবে। ৪১ ॥

বুদ্ধিমতিকে ! যে পান্ডব কুলবধূকে উপহাস করেছিল সেই ভানুমতী এখন কোথায় ? যজ্ঞবেদি-সম্ভবে যাজ্ঞসেনি !

দ্রৌপদী—আদেশ করুন প্রভু।

ভীম–মনে পড়ে কি তোমার ? আমি যা বলেছিলাম ? চঞ্চল ভুজম্বয় (ইত্যাদি বললেন)

দ্রৌপদী –নাথ ! মনে আছে, কেবল তা নয় নাথের কৃপায় অনুভবও করছি।

ভীম—(বেণী নাড়া দিয়ে) দেবি ! ধৃতরাষ্ট্র-বংশের কালরাত্রি-স্বরূপিণী দুঃশাসন-মুক্ত এই বেণী এখন তবে বন্ধন করো।

দ্রৌপদী—হে প্রিয়তম ! বেণীবন্ধন করতে ভুলেই গিয়েছি, আপনার কাছে নতুন ক'রে শিখতে হবে। (ভীমসেন-কর্তৃক বেণীবন্ধন)

(নেপথ্যে) মহাসমরাগ্নিদগ্ধ শেষ রাজন্যকুলের স্বস্তি হোক। কৌরবেশ্বরের আদেশে যে বেণী মুক্ত হওয়ায় পান্ডুপুত্রগণ ক্রোধান্ধ হয়ে অতুলনীয় বাহুবলে নরপতিগণকে নিহত ক'রে দিকে দিকে রাজ-অন্তঃপুরচারিণীদের বেণীমুক্ত করিয়েছিলেন, কুরুবংশের ধূমকেতু ক্রুদ্ধ ভীম পাঞ্চালনন্দিনীর সেই বেণী আজ বন্ধন করলেন। সুতরাং প্রজানিধন বন্ধ হোক, রাজকুলের মঙ্গল হোক। ৪২ ॥

যুধিষ্ঠির–দেবি ! আকাশগামী সিদ্ধজনেরা তোমার বেণীবন্ধনকে অভিনন্দিত করছেন।

(বাসুদেব ও অর্জুনের প্রবেশ)

বাসুদেব—(নিকটে এসে) অরাতিসমূহ নিহত ; সুতরাং অনুজগণসহ পান্ডুকুল-চন্দ্রমা মহারাজ যুধিষ্ঠিরের জয় হোক !

অর্জুন—আচার্যের জয় হোক।

যুধিষ্ঠির—(দেখে) আরে ! ভগবান বাসুদেব আর বৎস অর্জুন ! ভগবন্, আমার

অভিবাদন গ্রহণ করুন। (অর্জুনের প্রতি) এসো, এসো বৎস। (অর্জুনের প্রণাম)

বাসুদেবের প্রতি) দেব! ভগবান্ পুণ্ডরীকাক্ষ স্বয়ং যাকে মঙ্গল-আশীর্বাদ করেন তার বিজয় ছাড়া অন্য-কিছু সম্ভব কি? যার অংশে মৎস্যাদি দশাবতারগণের উৎপত্তি, যিনি সর্বগুণাধার যিনি প্রজাগণের সৃষ্টি, স্থিতি ও লয়ের কারণ, যিনি জন্ম ও মৃত্যুরহিত, যিনি অচিন্ত্য, যাঁর স্মরণে জগৎ দুঃখকে অতিক্রম করে তার দর্শনে দুঃখের অবকাশ কোথায়? ৪৩॥

(অর্জুনকে আলিঙ্গন ক'রে) বৎস! আমায় আলিঙ্গন করো।

বাসুদেব—মহারাজ যুধিষ্ঠির, এই যে ভগবান্ ব্যাস, আর ঐ বাল্মীকি-জামদগ্ন্য-জাবালি প্রভৃতি মহর্ষিগণ, নকুল-সহদেব-অধিষ্ঠিত ধৃষ্টদ্যুম্নপ্রমুখ সেনাপতিগণ এবং যাদব মৎস্য ও মাগধবংশীয় আপনার আজ্ঞাধীন রাজকুমারগণ আপনার অভিষেকের জন্য স্কন্ধে তীর্থজল-পূর্ণ কলস নিয়ে উপস্থিত। ৪৪॥ রাক্ষস চার্বাক আপনাকে প্রতারণা করেছে জেনে অর্জুনকে নিয়ে আমি দ্রুত চলে এসেছি।

যুধিষ্ঠির—বটে, চার্বাক রাক্ষস আমাকে এইরকম প্রতারিত করেছে!

ভীম—(সরোষে) দুর্যোধনের বন্ধু তপস্বিজনের অধম সেই রাক্ষস গেল কোথায়? সেই তো আর্যের চিত্তবিভ্রম সৃষ্টি করেছিল।

বাসুদেব—সেই দুরাত্মাকে নকুল ধরেছে! বলুন মহারাজ, এরপর আপনার আর কী অভিলাষ সম্পাদন করব।

যুধিষ্ঠির—ভগবান্ পুণ্ডরীকাক্ষ! আপনি অনুগ্রহ করে কী-না দিয়েছেন, এর পরেও কি অভিলাষ থাকে? সাধারণ বুদ্ধিতে আমি এতেই সন্তুষ্ট। আর অমার প্রার্থনার কিছু নেই। দেখুন—

ক্রোধবশত সমস্ত শত্রু ধ্বংস করেছি, আমরা পঞ্চপাণ্ডব জীবিতই আছি, আমার দুর্নীতির জন্য পাঞ্চালী যে অপমান-সমুদ্রে পড়েছিল তাও পার হয়েছে, আমি এত পুণ্যবান যে পুরুষোত্তম আপনি আমাকে সদর সম্ভাষণ করছেন, এর পরেও আর কী অভিলষিত বস্তু থাকতে পারে যা আপনার কাছে প্রার্থনা করব? ৪৫॥ তবুও যদি ভগবান্ সুপ্রসন্ন হয়ে থাকেন তবে এই হোক—লোক সকল উদার-চিত্ত হয়ে পূর্ণ আয়ু ভোগ ক'রে বেঁচে থাকুক, রোগশান্তি হোক এবং হে ভগবন্, পুরুষোত্তম, আপনার প্রতি দ্বিধাহীন ভক্তি হোক। রাজা গুণজ্ঞ, পণ্ডিত-জনের বন্ধু, সদাপুণ্যশীল হোক, পৃথিবী তার প্রিয় হোক—রাজমণ্ডল তার অনুকূল হয়ে যাক। ৪৬॥

বাসুদেব—তাই হোক।

(সকলের প্রস্থান)

ষষ্ঠ অঙ্ক সমাপ্ত

॥ মহাকবি ভট্টনারায়ণ বিরচিত বেণীসংহার নাটকের বঙ্গানুবাদ সমাপ্ত ॥

প্রসঙ্গ কথা

প্রথম অংক

১. তুম্বুরু—ঋষির নাম। দৌত্যকার্যের সময় শ্রীকৃষ্ণের সঙ্গী ছিলেন পরাশর-পুত্র ব্যাস; নারদ, তুম্বুরু, পরশুরাম প্রভৃতি ঋষিগণ।

২ মারিষ—সংস্কৃত নাটকে সূত্রধার পারিপার্শ্বককে 'মারিষ' শব্দে সম্বোধন করেন। অবশ্য নাটক ভিন্ন অন্যত্রও শব্দটির প্রয়োগ আছে।

৩. জরাসন্ধের পিতার নাম বৃহদ্রথ—মাতা কাশীরাজের দুই কন্যা। ইনি দুই জননীর গর্ভে দ্বিখণ্ডিত হয়ে জন্মগ্রহণ করেন। ভূমিষ্ঠ হবার পর পরিত্যক্ত হলে জরা নামে এক রাক্ষসী দ্বিখণ্ডিত দেহ যুক্ত করে বৃহদ্রথকে দান করে। তাই সেই শিশুর নাম হয় জরাসন্ধ। জরা কর্তৃক সন্ধা (দেহ সংযোজন)। যার অঙ্গ কেটে ফেললে আবার তা পুনঃযোজিত হবে—এই বর জরাসন্ধ লাভ করেছিল। ভীম এঁর বক্ষ বিদীর্ণ করে রক্ত পান করেছিলেন, দেহ দ্বিখণ্ডিত করেন নি! ভীমের উক্তির তাৎপর্য এই, কৌরবদের সঙ্গে যত বার সন্ধি করা হোক না কেন সন্ধির কথাই উঠবে! একমাত্র কৌরব-নিধনই প্রকৃত পথ। তা না হলে সন্ধির প্রসঙ্গ বার বার আসবে।

৪. ভীমসেনের উক্তি। অজ্ঞাতবাসকালে পাণ্ডবগণ বিরাটরাজার গৃহে আত্মগোপনের জন্য যে হীনতা স্বীকার করেছিলেন তারই প্রসঙ্গ এখানে উল্লেখ করা হয়েছে। 'অনুচিতারম্ভ' অর্থ হীনকর্ম। যুধিষ্ঠিরের দ্যূতক্রীড়াবৃত্তি, ভীমের পাচকবৃত্তি, অর্জুনের ক্লীবরূপ, নকুলের ভৃত্যরূপ, সহদেবের গোপালকবৃত্তি, দ্রৌপদী প্রসাধিকা রমণী।

৫ ইন্দ্রপ্রস্থ—জ্যেষ্ঠ পাণ্ডব যুধিষ্ঠির এখানে রাজধানী নির্মাণ করেছিলেন। ঐ স্থান হস্তিনা থেকে মথুরা পর্যন্ত দক্ষিণ দিকে বিস্তৃত। পূর্বে এখানে যে বন ছিল তাকে বলা হত খাণ্ডব বন। অগ্নিদেব কোনো এক সময় মন্দাগ্নিতে আক্রান্ত হলে এই বনকে দগ্ধ ক'রে ক'রে তিনি রোগমুক্ত হন। এই বনের যে অংশের আগুন ইন্দ্র নিভিয়েছিলেন সেই জায়গার নাম ইন্দ্রপ্রস্থ।

৬. বৃকপ্রস্থ—এই স্থানে পাণ্ডবগণ দ্যূতক্রীড়ায় পরাজিত হয়ে রাজ্য হারান এবং কেশ ও বস্ত্র আকর্ষণে দ্রৌপদী হন লাঞ্ছিতা।

৭. জয়ন্ত—এখানে পাশাখেলা অনুষ্ঠিত হয়েছিল।

৮. বারণাবত—এখানে জতুগৃহ দাহ হয়।

৯ ভানুমতী তাচ্ছিল্যের সঙ্গে দ্রৌপদীকে 'অয়ি' সম্বোধন করলেন। দ্রৌপদীর দাসীও অবজ্ঞাসূচক 'অয়ি' সম্বোধন করল ভানুমতীকে।

১০. ভীমসেনের প্রতিজ্ঞা পূর্ণ হলে তোমাদের স্বামীরা ধরাধামে থাকবে না, তোমাদের কেশচর্যাও হবে না, কারণ বিধবার কেশচর্যা নিষিদ্ধ; তখন আমাদের দেবী কেশবন্ধন করবেন।

১১. সন্ধি করা হলে প্রতিজ্ঞা পালন হবে না, এটাই ভয়।

১২. যে দ্রৌপদী যুদ্ধের উৎসাহ দিতেন তিনিই এখন অমঙ্গল আশঙ্কায় বলছেন 'হরির মতো তোমার মঙ্গল হোক', কারণ অসুর সহ যুদ্ধে বিষ্ণু কখনও পরাভূত হয় নি।

১৩. চতুরঙ্গ—হস্তী, অশ্ব, রথ, পদাতি—এই চার অঙ্গ-বিশিষ্ট সৈন্যবাহিনী।

দ্বিতীয় অংক

১. নিজ অন্যায় আচরণে মনোগত দুর্বলতা ঢাকবার জন্যই এই উক্তি।

২. কাকের আগমন এবং সেই সময়ে বৃক্ষচ্যুত তালের পতন সম্পূর্ণ আকস্মিক ব্যাপার। দুই ঘটনার মধ্যে কোনো কার্যকারণ সম্পর্ক নেই। সুতরাং পতনের ফলে যদি কাকের মৃত্যু ঘটে তার জন্য তালকে দায়ী করা অনুচিত। দুর্যোধনের বক্তব্য—গ্রহের গতি, স্বপ্ন, অপ্রাকৃত ঘটনা কাক তালের মতোই—বুদ্ধিমান ব্যক্তি তাতে ভীত হন না।

৩. দুর্যোধনের প্রিয়ামিলন-অভিলাষ বুঝতে পেরে ভানুমতী ব্রতভঙ্গ-ভয়ে 'তোমার বিজয় অভিলাষকেই অভিনন্দিত করতে চাই' বলে প্রকারান্তরে দুর্যোধনকে প্রিয়াবিহারে নিবৃত্ত করতে চাইলেন।

তৃতীয় অংক

১. সেনাপতি না হয়েও প্রতিকারে আমি সক্ষম।

২. আশ্রমে পরশুরামের অনুপস্থিতির সুযোগে কার্তবীর্যার্জুনের পুত্ররা পিতৃহত্যার প্রতিশোধ নেয় পরশুরামের পিতা জমদগ্নিকে হত্যা ক'রে। পরশুরাম এসে দেখেন পিতা নিহত, তখন প্রতিজ্ঞা করেন একুশবার পৃথিবীকে ক্ষত্রিয়শূন্য করবেন।' কুরুক্ষেত্রের অন্তর্গত সমন্তপঞ্চক নামক স্থানে পাঁচটি হ্রদ ক্ষত্রিয়রক্তে পূর্ণ করে ঐ রক্তে পরশুরাম পিতৃপুরুষের তর্পণ করেছিলেন। এই কাহিনী মহাভারতের বনপর্বে ৯৮ অধ্যায়ে আছে।

৩. কৃপাচার্য অশ্বত্থামাকে সেনাপতি করার জন্য দুর্যোধনকে অনুরোধ করতে কর্ণ ক্রুদ্ধ হন। এবং পরক্ষণেই অশ্বত্থামার বীরত্বব্যঞ্জক আস্ফালন কিছুতেই সহ্য করতে না পেয়ে অশ্বত্থামাকে "মূঢ়" বলে সম্বোধন করলেন।

৪. কিরীটী = অর্জুন। অর্জুন এক সময় কর্ণকে বধ করার প্রতিজ্ঞা করেছিলেন, আজ আমি তোমাকে বধ ক'রে অর্জুনের প্রতিজ্ঞাকে মিথ্যা প্রমাণ করব।

চতুর্থ অংক

১ সূতের বক্তব্য—মানুষ উন্নতির সময়ে নিজের পৌরুষের প্রতি অতিবিশ্বাসে দৈবের প্রতি উপেক্ষাই প্রকাশ করে আর পতনকালে নিজের ত্রুটি-বিচ্যুতি ভুলে গিয়ে দৈবের প্রতি দোষারোপ করে। দুর্যোধনেরও সেই অবস্থা।

২. আলবাল—গাছের গোড়ায় জল ধরে রাখার জন্য মাটির বেষ্টনী।

বেণীসংহারম্

প্রথমোঽঙ্কঃ

নিষিদ্ধৈরপ্যেভি লুলিত মকরন্দো মধুকরৈঃ
করৈরিন্দোরন্তশ্ছুরিত ইব সংভিন্নমুকুলঃ।
বিধত্তাং সিদ্ধিং নো নয়নসুভগামস্য সদসঃ
প্রকীর্ণঃ পুষ্পাণাং হরিচরণয়োরঞ্জলিরয়ম্ ॥ ১ ॥

অপিচ

কালিন্দ্যাঃ পুলিনেষু কেলি-কুপিতামুৎসৃজ্য রাসে রসং
গচ্ছন্তীমনুগচ্ছতোঽশ্রুকলুষাং কংসদ্বিষো রাধিকাম্।
তৎপাদপ্রতিমানিবেশিত-পদস্যোদ্ভূতরোমোদ্গতে
রক্ষুণ্ণোঽনুনয়ঃ প্রসন্নদয়িতাদৃষ্টস্য পুষ্ণাতু বঃ। ২ ॥

অপিচ

দৃষ্টঃ সপ্রেম দেব্যা কিমিদমিতিভয়াৎ সংভ্রমাচ্চাসুরীভিঃ
শান্তান্তস্তত্ত্বসারৈঃ সকরুণমৃষিভি র্বিষ্ণুনা সস্মিতেন।
আকৃষ্যাস্ত্রং সগর্বৈরুপশমিত বধূসংভ্রমৈর্দৈত্যবীরৈঃ
সানন্দং দেবতাভিমর্য়পুরদহনে ধূর্জটিঃ পাতু যুষ্মান্ ॥ ৩ ॥

(নান্দ্যন্তে)

সূত্রধারঃ—অলমতিপ্রসঙ্গেন।

শ্রবণাঞ্জলিপুটপেয়ং বিরচিতবান্ ভারতাখ্যমমৃতং যঃ।
তমহমরাগমকৃষ্ণং কৃষ্ণদ্বৈপায়নং বন্দে ॥ ৪ ॥

(সমন্তাদবলোক্য)

তত্রভবতঃ পরিষদগ্রেসরান্ বিজ্ঞাপ্যং নঃ কিঞ্চিদস্তি।
কুসুমাঞ্জলিরপর ইব প্রকীর্যতে কাব্যবন্ধ এষোঽত্র।
মধুলিহ ইব মধুবিন্দূন্ বিরলানপি ভজত গুণলেশান্ ॥ ৫ ॥

তদিদং কবেমৃগরাজলক্ষ্মণো ভট্টনারায়ণস্য কৃতিং বেণীসংহারং নাম নাটকং প্রয়োক্তুমুদ্যতা বয়ম্। তদত্রকবিপরিশ্রমানুরোধাদ্বা উদাত্তকথাবস্তুগৌরবাদ্বা নবনাটকদর্শন কুতূহলাদ্বা ভবদ্ভিরবধানং দীয়মানমভ্যর্থয়ে।

(নেপথ্যে)

ভাব! ত্বর্যতাম্ ত্বর্যতাম্, এতে খল্বার্যবিদুরাজ্ঞয়া পুরুষাঃ সকলমেব শৈলূষজনং ব্যাহরন্তি—'প্রবর্ত্যন্তামপরিহীয়মাণমাতোদ্যবিন্যাসাদিকা বিধয়ঃ। প্রবেশকালঃ কিল তত্রভবতঃ পারাশর্যনারদতুম্বুরু-জামদগ্ন্যপ্রভৃতিভির্মুনি-বৃন্দারকৈরনুগম্যমানস্য ভরতকুলহিতকাময়া স্বয়ং প্রতিপন্নদৌত্যস্য দেবকীসূনো শ্চক্রপাণের্মহারাজদুর্যোধনশিবিরসংনিবেশং প্রতি প্রস্থাতুকামস্য ইতি।

সূত্রধারঃ—(আকর্ণ্য সানন্দং) অহো নু খলু ভোঃ! ভগবতা সকলজগৎপ্রভবস্থিতি

নিরোধপ্রভবিষ্ণুনা বিষ্ণুনাদ্যানুগৃহীতমিদং ভরতকুলং সকলং চ রাজচক্রমনয়োঃ কুরুপাণ্ডবরাজপুত্রয়োরাহবকল্পান্তানলপ্রশমহেতুনা স্বয়ং সন্ধিকারিণা কংসারিণা দূতেন।

(নেপথ্যে)

তৎ কিমিতি নারভয়সি কুশীলবৈঃ সহ সঙ্গীতকম্।

সূত্রধারঃ—ভবতু। আরভয়ামি। কতমং সময়মাশ্রিত্য গীয়তাম্।

(নেপথ্যে)

নম্বমুমেব তাবচ্ছন্দ্রাতপনক্ষত্রগ্রহক্রৌঞ্চহংসসপ্তচ্ছদকুমুদকোকনদকাশকুসুমপরাগ-ধবলিতদিঙ্মণ্ডলং স্বাদুজলজলাশয়ং শরৎসময়মাশ্রিত্য প্রবর্ত্যতাং সংগীতকম্। তথা হি অস্যাং শরদি—

সৎপক্ষা মধুরগিরঃ প্রসাধিতাশা মদোদ্ধতারম্ভাঃ।
নিপতন্তি ধার্তরাষ্ট্রাঃ কালবশান্মেদিনী পৃষ্ঠে ॥ ৬ ॥

পারিপার্শ্বিকঃ—(প্রবিশ্য) ভাব! শান্তং পাপম্। প্রতিহতমমঙ্গলম্।

সূত্রধারঃ—(সবৈলক্ষ্যস্মিতম্) মারিষ, শরৎসময়বর্ণনাশংসয়া হংসা ধার্তরাষ্ট্রা ইতি ব্যপদিশ্যন্তে।

পারিপার্শ্বিকঃ—ন খলু ন জানে। কিন্ত্বমঙ্গলশংসয়া অস্য বো বচনস্য যৎ সত্যং কম্পিতমিব মে হৃদয়ম্।

সূত্রধারঃ—মারিষ, ননু সর্বমেবেদানীং প্রতিহতমমঙ্গলং স্বয়ং প্রতিপন্নদৌত্যেন সন্ধিকারিণা কংসারিণা। তথাহি—

নির্বাণবৈরদহনাঃ প্রশমাদরীণাং নন্দন্তু পাণ্ডুতনয়াঃ সহ মাধবেন।
রক্তপ্রসাধিতভুবঃ ক্ষতবিগ্রহাশ্চ স্বস্থা ভবন্তু কুরুরাজসুতাঃ সভৃত্যাঃ ॥ ৭ ॥

(নেপথ্যে সাধিক্ষেপম্)

আঃ! দুরাত্মন্ বৃথামঙ্গলপাঠক শৈলূষাপশদ,

লাক্ষাগৃহানলবিষান্নসভাপ্রবেশৈঃ
প্রাণেষু বিত্তনিচয়েষু চ নঃ প্রহৃত্য।
আকৃষ্য পাণ্ডববধূপরিধানকেশান্
স্বস্থা ভবন্তু ময়ি জীবতি ধার্তরাষ্ট্রাঃ ॥ ৮ ॥

(সূত্রধারপারিপার্শ্বিকাবাকর্ণয়তঃ)

পারিপার্শ্বিকঃ—ভাব, কুত এতৎ।

সূত্রধারঃ—(পৃষ্ঠতো বিলোক্য) অয়ে, কথময়ং বাসুদেবগমনাৎ কুরুসন্ধানমমৃষ্যমাণঃ পৃথুললাটতটঘটিত-বিকটভ্রূকুটিনা দৃষ্টিপাতেনাপিবন্নিব নঃ সর্বান্ সহদেবেনানুগম্যমানঃ ক্রুদ্ধো ভীমসেন ইত এবাভিবর্ততে। তন্ন যুক্তমস্য পুরতঃ স্থাতুম্। তদিত আবাম্ অন্যত্র গচ্ছাবঃ। (ইতি নিষ্ক্রান্তৌ)

ইতি প্রস্তাবনা।

(ততঃ প্রবিশতি সহদেবেনানুগম্যমানঃ ক্রুদ্ধো ভীমসেনঃ।)

ভীমসেনঃ—আঃ! দুরাত্মন্ বৃথামঙ্গলপাঠক শৈলূষাপশদ। (লাক্ষাগৃহানল—১/৮) ইত্যাদি পুনঃ পঠতি)

সহদেবঃ—(সানুনয়ং) আর্য, মর্ষয় মর্ষয়। অনুমতমেব নো ভরতপুত্রস্যাস্য বচনম্।
পশ্য—(নির্বাণ বৈরদহনাঃ - (১/৭) ইতি পাঠস্থানাথাভিনয়তি)

ভীমসেনঃ—(সোপালম্ভং) ন খলু ন খল্বমঙ্গলানি চিন্তয়িতুমর্হন্তি ভবন্তঃ কৌরবাণাম্। সন্ধেয়াস্তে ভ্রাতরো যুষ্মাকম্।

সহদেবঃ -(সরোষং) আর্য,

